

ডিক্রিয়ার...ব্য. (ফা° দার)। যে ব্যক্তির পক্ষে আদেশ হইয়াছে। ডিক্রিয়ারি করা—আদালতের আদেশ পালন করা। ডিক্রি-ডিসমিস...বিচারকের অহুকুল কিংবা প্রতিকূল আদেশ (আদাঃ)।

ডিক্কা...ব্য. (কুমড়া দেখ)। ডিক্কা—জাহাজে বিদেশ হইতে আগত কুমড়া, গুড়কুমড়া।

ডিক্কা...ব্য. (স° দ্বোণ)। নৌকা, প্রাঃ—গোজে বান্ধি রাখে ডিক্কা লোহার শিকলে (কবিকঃ—এখানে ডিক্কা বৃহৎ ছিল)। ডিক্কা...ব্য. (ডিক্কা+ঈ)। ছোট নৌকা। দৃষ্টান্তে, শূখনা ডাক্কার ডিক্কা ডুবায়—যেখানে শঙ্কা ছিল না, সেখানে বিপদ উপস্থিত।

ডিক্কা...ব্যতু (স° ডীন হইতে। ও° ডে বাতু। হিংতে কুদনা, কীদনা; স°তে উড্ধে কুদনে—বা° ডিক্কা। হিং স°তে লাক বাতুও নাই)। ডিক্কাই—উধর দিকে লাক্কাইয়া উত্তীর্ণ হই, প্রাঃ—প্রাচীর বেড়া ডিক্কা। (গর্ত ডিক্কা। বলা বায়, এখানে লাক্কা বলাও বায়। লাক্কা—সমভূমিতে অন্ন উঠে; ডিক্কা—উল্লঙ্ঘনে, ঝাঁপানা—উচ্চ হইতে নিরে)।

ডিক্কা।

ডিপজিট...ব্য. (ই° deposit)। অস্ত্রের নিকট রাখা, প্রাঃ—টাকা ডিপজিট করা, আমানত। ডিপজিটর...ব্য. (ই° depositor)। আমানতকারী, জাসকারী।

ডিপো...ব্য. (করাসী)। যেখানে মাল সঞ্চিত হয়; প্রাঃ—করলাডিপো। কুলীডিপো... যেখানে প্রেরণ পূর্বে কুলী একত্র করা হয়।

ডিপুটী...ব্য. (ই° deputy)। প্রতিনিধি, প্রাঃ—ডিপুটী মাজিষ্টর, ডিপুটী ইন্সপেক্টর। ডিপুটী বাবু...নিয়তন মাজিষ্টর। ডিপুটী গিরি...ডিপুটীর কাল। ঘটীরাম ডিপুটী... এক ডিপুটী মাজিষ্টরের নাম মুচিরাম ছিল। তিনি বিচারকার্য ভাল বুঝিতেন না। লোকে উপহাসে তাহাকে ঘটীরাম ডিপুটী বলিত। ইহা হইতে অকর্মণ্য ডিপুটী।

ডিবা...ব্য. (ডাবা দেখ)। সাজা পান প্রভৃতি রাখিবার বাতু নির্মিত কটুয়া।

ডিম...ব্য. (স° ডিম্ব)। ডিম্ব। কথায়, ঘোড়ার ডিম—অশ্বাণ্ড যেমন মিথ্যা, তেমন। ঘুঘু-ডিম...ঘুঘু পাখীর ডিম্ব, তৎতুলা ক্ষুদ্র অণ্ড। বায়া-ডিম... (স° বায়—প্রতিকূল হইতে? তু° বায় হইতে বায়া—বাদ্য)। পক্ষীর যে অণ্ড হইতে ছানা জন্মে না।

ডিমকা...ব্যতু (স° ডিম্বিকা—মাংস-বুৎবুৎ)। ডিমকাই—মাংসের ক্ষুদ্র ক্ষুদ্র ডিম্ব হই, মাংসের বুৎবুৎ জন্ম, প্রাঃ—যা ডিমকাইয়াছে, শীঘ্র পরিয়া উঠিবে। ডিমকানা। ডিমকি...ব্য. (স° ডিম্বিকা)। বুৎবুৎ, প্রাঃ—গচা জলে ডিমকি উঠে, ফোড়া পরিবার সময় ডিমকি উঠে।

ডিম-ডিম...ব্য. (স°)। বাদ্যবিশেষে, ডমরুর বাদ্যে। ডিম্-ডিমী...ব্য. ডমরু। ডেম-ডেম...ব্য. ডেমডেম বাদ্যে।

ডিমা...ব্য. (স° ডিম্বক হইতে। স° নাম পিণ্ডি)। পায়ের পশ্চাত্ভাগের ডিম্বাকার পেশী।

ডিস্ট্রিক্ট...ব্য. (ই° district)। যে জেলায় জন্ম-আদালত আছে।

ডিসমিস...যা. (ইং dismiss)। বর্জন, পরিত্যাগ, প্রঃ—মকদ্দমা ডিসমিস—অগ্রাহ্য (আদাঃ)।

ডিহি...যা. (ফাংদেহ্। তুং সৎ দেশ)। কয়েকখানি গ্রাম লইয়া জমিদারের প্রধান কর্মচারীর বাস (কবিকঃ)। ডিহি-ধরচ ...ডিহিতে ধরচ। ডিহিদার ...ডিহির কর্তা।

ডুকর...ধাতু. (সং ডো-শব্দে। ডো-করা হইতে)। ডুকরি—উচ্চস্বরে কাঁদি। ডুকরা। (অপ্রচলঃ)।

ডুগ-ডুগী...যা. (ডুগ-ডুগ করে বলিয়া)। সাপ-খেলাড়া মালের ডুমরু বাদ্য; বালক-দের খেলা করিবার ছোট ঢোলক (ও হুলকী—ঢোলকী)।

ডুগী...যা. (ডুগ-ডুগ শব্দ হইতে)। বায়া-তবলার বায়া।

ডুব...ধাতু. (সং বুড ধাতু ভাগ আচ্ছাদনে, বাংতে কোন কোন স্থানে বুড ধাতু। এই-রূপ ওং হিৎ মতে বুড ডুব ধাতু)। ডুবি—নিমজ্জিত হই। ডুবন, ডোবা। ডোবা...যা. যে গর্ত বা ছোট গুহুরে ডুবিতে পারা যায়, গড়িয়া। ডুবন-জল...জলের যে গভীরতা থাকিলে মাছ ডুবিয়া পড়ে। ডোবা...ধাতু. (ডুব ধাতু আস্তে)। ডোবানা।

ডুর-ডুবি...যা. (সং ডুমরু)। সাপ-খেলাইবার মাল-দের ডুমরু নামক আনন্দ বাদ্যযন্ত্র।

ডুবরী...যা. (ডুব+আরী)। যে জলে ডুবিয়া থাকিতে দক্ষ। (কবিকঃ—তে ডুবরু)। (২) প্রবরণের ২২ আঙুল দীর্ঘ পক্ষী বিশেষ (The Dabchick, Podiceps albipeunia)। মাথা কাল, পেট

শাদা, বুক খয়রা। চক্কু সোজা, অগ্র ধারালো, পক্ষ ছোট, পুচ্ছ প্রায় নাই। জলে ডুবিয়া পাখা ও পা দিয়া সাঁতার দেয়।

ডুমুর...যা. (সং উডুম্বর। ওং ডিমিরি)। প্রসিদ্ধ নাতিদীর্ঘ বৃক্ষ-বিশেষ। গাছের প্রকাণ্ডে ফল ধরে বলিয়া এক সং নাম জ্বনেকলা (তুং উডুম্বর বৃক্ষ বৈছে ফলে সর্ব অজে—চৈঃ চঃ)। গাছ হইতে প্রচুর জল নিঃসৃত হয় বলিয়া আর এক সং নাম ফনু। ডুমুরের ছইজাতি প্রসিদ্ধ। (২) ছোট ডুমুর (সং কাকো-ডুমুরিকা—কাক ডুমুর) ...ফল ছোট আমরা রাঁধিয়া খাই (Ficus hispida)। (২) বড় ডুমুর বা বঙ্গ-ডুমুর (সং উডুম্বর) ফল বড়, ঔষধে লাগে (Ficus glomerata)। দৃষ্টান্তে, ডুমুর-ফুল হওয়া—ডুমুর ফুল যেমন অদৃশ্য থাকে, তেমনি দেখা না দেওয়া। (বাহাকে লোকে ডুমুরের কাঁচা ফল বলে, তাহার ভিতরে বস্তুতঃ অসংখ্য ফুল থাকে)। কাবুলী ডুমুর (কাবুলী নাম আঞ্জীর) বড় বড়, পাকিলে মিষ্টাস্বাদ ও ভক্ষ্য (Figs)।

ডুরী...ডোরী দেখ।

ডুলি...যা. (সং)। কচ্ছপ বিশেষ।

ডুলী...দোলা দেখ।

ডেং-ডেং...যা. (অহকার শব্দ)। ডাকার বা চাকের বাদ্যে। ডে-ডেং—ডেং...যা চাকের বাদ্যে।

ডেক...যা. (ফাং দেগ)। তামার হাঁড়ী।

ডেকচি...যা. (হুস্বার্থে—ফাং চি)। ছোট ডেক।

ডেক...যা. (ইং deck)। জাহাজের পাটাতল।

ডেকরা...যা. (সং দিকর—যুবা; ডিঞ্জর—

ধৃত—মেঃ। প্রগলভ যুব, প্রঃ—কি বলে ডেকরা বড় যে চেগরা, ঐ কথা ফিরা ফিরা (ভাঃ। চেগরা—চাঞ্জড়া); প্রগলভ ধৃত, প্রঃ—কোথা হৈতে বৃদ্ধা এক ডোকরা বামণ (ভাঃ)—(ডেকরা স্থানে ভুলে ডোকরা)।

ডেঞ্জর...ব্য. (সং ডিঞ্জর—খল ধৃত—শব্দ-কল্পঃ। ওং ডাগরা)। মাথর বড় উকুণ, প্রঃ—ডেঞ্জর উকুণ নীকী করে ইলিবিলা (ভাঃ)।

ডেঞ্জা...ডাঞ্জা দেখ।

ডেঞ্জো...প. (ডাঞ্জা+উয়া)। নীরস উচ্চ ভূমিজাত, প্রঃ—ডেঞ্জো খাড়া—লাল নটিয়া শাগ (Amarantus gangeticus); বিপত্তীক, প্রঃ—ডেঞ্জো মালুয; নারীহীন, প্রঃ—ডেঞ্জো বাড়ী। (সং রঙ হইতে ৭ আনা ডঞ্জুরা; গ্রাং ওং আঙলা—বিপত্তীক)।

ডেঞ্জো অর...অর দেখ।

ডেড়...প. (সং সার্ধেক। দেড় দেখ)। এক এবং আধ। ডেড়া, ডেড়িয়া...প. (ডেড় +আ,+ইয়া)। এক এবং আধ বিশিষ্ট, প্রঃ—ডেড়া দাম।

ডেড়ি...প. (দেড় হইতে)। একের অধিক, অতিরিক্ত, প্রঃ—কবিকঃ; এক পাশে ভার বিশিষ্ট, যেমন কাঁধে ভার বহিবার সময় এক দিকে ভার না থাকিলে।

ডেড়ি (গ্রাং)...দেড়ি দেখ। প্রঃ—কুজানী এই বৃদ্ধী কার্য্য কৈল ডেড়ি—বিলাস; কপালের ডেড়ি (মাঃ)—অনুষ্ঠের ফের।

ডেঁপো...প. (বোঁপ হয় ডাঁপ+উয়া—ডাঁপুয়া হইতে। সং দস্ত হইতে ডাঁপ। তুং হিং

টিপোর—দপ, ওং চম-পণা—দস্তীর ব্যবহার)। দস্তী। ডেঁপো-পনা...ব্য. ডেঁপোর ব্যবহার।

ডে-ফল, ডেঁ-ফল...ব্য. (সং ডহু। ওং ছেউট)। উদ্যান-জাত অন্ন ফল-বিশেষ, অল্প নাম মাদার (দেখ)।

ডেম, ডাম...ব্য. (ইং damn)। নরকে যাও, (গালিবিশেষ)।

ডেমি...ব্য. (ইং demy)। বিশেষ প্রমাণের কাগজ বিশেষ, আদালতে দরখাস্ত লিখিবার কাগজ বিশেষ। (এই কাগজ মিডিয়াম কাগজের প্রমাণ অপেক্ষা ছোট)।

ডেমেক...ব্য. (ইং damage)। ক্ষতি। ডেমেক মাল...সে দ্রব্য প্রায় নষ্ট হইয়া গিয়াছে।

ডেরা...ব্য. (হিং। ডার খাতু দেখ)। অন্ন কালের নিমিত্ত ঘর বা আশ্রয়, তাঁবু। ডেরা ডাঙা ফেলা—তাঁবু ও গৌজ ইত্যাদি সন্নিবেশ করা, অন্নকালের নিমিত্ত বাস করা।

ডেলা...ব্য. (সং দলি)। পিঙ, প্রঃ—ময়দা ডেলা-বাঁধা হইয়া গিয়াছে, দলা (দলক—জ্ঞানদাস); ঢেলা।

ডেশ, ডাশ...ব্য. (ইং dash)। বাক্যের পদ-সমূহের মধ্যে রেখা।

ডেস্ক...ব্য. (ইং desk)। লিখিবার নিমিত্ত আধার।

ডোকরা, ডোকলা...ডেকরা দেখ।

ডোজ...ব্য. (ইং dose)। ঔষধের মাত্রা।

ডোব...ব্য. (তুল খাতু দেখ)। গর্ত। ডোবা...ব্য. গড়িয়া, যে গর্তে বর্ষাকালে ভূবন জল থাকে। পচা ডোবা...সে ডোবার গাছ

পচিয়া গিয়াছে। ডোবা...ধাতু. ( ডুব  
ধাতু আস্তে )। ডোবানা।

ডোঁড়া...য্য. ( ডোর হইতে )। দোঁড়ীর বোনা  
লম্বা মাছ-ধরা জাল। জাল দেখ।

ডোঁড়া...য্য. ( স° দ্রোণী। হি° ডোঁড়া )।  
তালগাছের কাঁড়ীর লম্বা দ্রোণ বা নৌকা ;  
কলা খোলের নির্মিত দ্রোণ ( শ্রাদ্ধাদিতে  
লাগে )। ডোঁড়া-কল...য্য. জলসেচনের  
দ্রোণ বা তালগাছের ডোঁড়া।

ডোম, ডম...য্য. ( স° )। হিন্দুজাতি বিশেষ। স্ত্রী°  
ডোমনী। ডোমের বাসন...ডোম জাতি  
বিশেষের পাত্র গড়ে, (এবং কোথাও কোথাও  
বাদ্য বাজায়)। ইহা হইতে বংশ-নির্মিত  
পাত্রাদি। ডোম-চিল...চিল দেখ।  
দুটীতে, বাঁশবনে ডোম কানা—ছই দশটার  
মধ্যে ভালটা বাছা সহজ, বহুর মধ্যে সহজ  
নহে।

ডোম...য্য. ( ই° dome )। দীপাদির গোলা-  
কার আবরণ।

ডোমনী...য্য. ( প° )। কপাট খুলাইতে যে  
লৌহ চৌকালের বাহুতে বন্ধ থাকে।

ডোর...য্য. ( স° দোর, ডোর )। পাট ( পট্র ),  
কাপাস প্রভৃতির মনু মফণ দোড়ী, প্রাঃ—  
ছেদন করিয়া দেও পিরীতের ডোরি ( চণ্ডীঃ )।  
মাছ-ধরা ডোর...মফণ ও দূচ হুজ। ডোর-  
কাটা...মাছ-ধরা ডোর ও বড়িশ। ডোরী,  
ডুরী...য্য. সবু ডোর, হাতে কবচ ধারণের  
সূতা, প্রাঃ—পাটের ডুরি ( শৃং পুঃ )।  
ডোরিয়া, ডুরো...প. ( ডোর + ইয়া )। ডোর  
সূত্রের শ্রেণিযুক্ত, প্রাঃ—ডোরিয়া শাড়ী।  
ডোর...য্য. ( ডোর + আ )। রেখা। ডোর-  
ডোর...প. রেখা-বিশিষ্ট।

ডোল...য্য. ( স° কঙোল—অঃ )। খাত্তাদি  
রক্ষার বাঁশের বেতীর গোল গভীর পাত্র,  
প্রাঃ—স্রোতে ভেসে গেল মোর কাপাসের  
ডোল ( কবিকঃ )—কাপাসপূর্ণ ডোল।  
ডোল...য্য. ( স° ডঘর—আকৃতি, বিলাস  
হইতে ? বা° দেউল হইতে ? তু° স্তূঠাম।  
হি° ম° ডোল—প্রকার )। সৌঠিব। ডোল-  
শুদ্ধ...সৌঠিবসম্পন্ন, সূদর্শন। সূ ডোল...  
স্তূঠাম।

ড্রয়িং...য্য. ( ই° drawing )। রেখা-চিত্র।  
ড্রাম...ওজন দেখ।

ড্রিল...য্য. ( ই° drill )। অঙ্কচালনারি কর্ম-  
অভ্যাস।

ড্রেন...য্য. ( ই° drain )। পর:নোলা, নর্দানা।

ট।

ট...য্য. ( স° )। ব্যঞ্জন বর্ণ, অক্ষর বিশেষ।

টং-টং...য্য. ( অক্ষর শব্দ )। তু° স° ধ্বন  
ধাতু শব্দে )। কাংজবাদো, প্রাঃ—টং-টং  
করিয়া ঘড়ীতে ৪টা বাজে। টং-টংগানি।

টক, টক্-টক...য্য. ( স° টোক ধাতু পতিতে )।  
পানীয় গলাধঃকরণে, প্রাঃ—টক করিয়া  
ওষুধ ঝাইয়া ফেল। টক, টক্-টক...য্য.  
অল্পে অল্পে পানীয় গলাধঃকরণে।

টঙ্ক...য্য. ( স° দন্ত )। দন্তজু, কৈতরে—  
মেঃ। হি° টব, বা° টব, ও° ধম্ এক বোণ  
হয়। স° ভঞ্জি হইতেও টঙ্ক আসিতে  
পারে )। ছল, প্রাঃ—পরম পবিত্র মোরে  
কৈল এই টঙ্ক ( টেঃ টেঃ ) ; দস্তী, দস্তা,  
প্রাঃ—সামু মহ টঙ্ক বেটা ( কবিকঃ )।

চন্-চন্নাতি ( চন্-চন্নাতি-চন্নাতি )। ভূত,  
প্রাঃ—চন্-চন্নাতি নহি ( কবিকঃ )।

চন্-চন্...বা. (সং ধ্বন, ধ্বন ধাতু শব্দে।  
তু° ঝনঝন)। শূক কাঠাদির শব্দে,  
শূক শীর্ণতায়, প্রাঃ—শীর্ণ গোরু মাছুষও  
চন্-চন্ করে। চন্-চন্নাতি ॥ চন্ চন্না,  
চন্-চন্নিয়া...৭. এমন শূক ও জর্জর যে  
নড়িলে চন্-চন্ শব্দ হয়। চন্না...৭. চন্-চন্  
ঝন ঝন শব্দ করে এমন শূক, প্রাঃ—চন্না  
কাঠ।

চপ...বা. (সং ভাব হইতে। হি° চব)। ভাব,  
ভঞ্জিঃ কীর্তন গানবিশেষ, যেমন মধু-  
কানের চপ। চপ-সঞ্জীত...এক প্রকার  
পীচালী।

চপ, চপ-চপ...বা. (সং স্তূপ ধাতু উচ্ছ্বাসে।  
চিপী দেখ)। বৃহৎ শিথিল বস্তুতে  
আঘাত শব্দে, প্রাঃ—চাকের চর্ম—শিথিল  
হইলে চপ-চপ করে। চপ চপানি ॥ চিপ,  
চিপ-চিপ...বা. ক্ষুদ্র স্তূপে আঘাত শব্দে,  
প্রাঃ—চিপ চিপ করিয়া বালিশে ঠেঙ্গানি।  
চিপ-চিপানি। চপ-চপা, চপ-চপিয়া...৭.  
বৃহৎ স্তূপাকার, অসংহত।

চব-চব...বা. (চল ধাতুর বৃপান্তর)। চল-  
চল দেখ। প্রাঃ—রসে তন্ন চব-চব  
(জ্ঞানদাস)। চব-চব...বা. (সং ধ্বন ধাতু  
বয়োহানিতে)। জীর্ণতায়, জর্জরীভাবে,  
প্রাঃ—বাঁশটা চব-চব করিতেছে। চব-চবা,  
চব-চবিয়া...৭ জীর্ণ, জর্জর।

চল...ধাতু. (সং চল-ধাতু চলনে। হি° চল,  
৩° ম° চল ধাতু)। চলি—অবনত হই,  
বিহ্বল হই, প্রাঃ—নির্ভয় চলি, হাসিতে  
হাসিতে চলিয়া পড়ে। চলা, চলান ॥ চল...

বা. কুমনিয়তা, প্রাঃ—পুকুর পাড়ের চল ;  
উচ্চভূমি হইতে যে বৃষ্টিজল নীচে গড়ায়,  
প্রাঃ—চল নামে। চলা...ধাতু. (চল ধাতু  
আস্তে)। চলানি ॥ প্রাঃ—কি চলান  
চলাগি,—কানকোথাগি ঘারা বিহ্বল হইয়া।  
চলানী...৭. যে নারী ভাব চলায়। চল-চল  
...বা. তারল্যে, বিহ্বলতায়, প্রাঃ—চল-  
চল কথিত কাঞ্চনতরু গোরী (জ্ঞানদাস) ;  
আ মরি আ মরি সঙ্গিনী সকল, ভাবে চল চল  
হাসে খল-খল, টল-টল ধরণী (রামপ্রসাদ)।  
চল-চলা, চল-চলিয়া...৭. তরল, যেন  
দ্রবীভূত, প্রাঃ—চল-চলিয়া চোখ। চল-চল...  
বা. ক্ষুদ্র বস্তুর অবনমনে, প্রাঃ—জীর্ণ  
চল-চল। চল-চলা, চল-চলিয়া...৭. বাহা  
চল-চল করে।

চাক...ধাতু. (সং চৌক ধাতু গতি, আবরণে,  
প্রাঃ—বদনং চৌকতে। বা° চাকা, হি°  
চাঁকনা, ম° চাঁকণে, বাঁকণে। চৌকা  
চাকা এক ধাতু হইতে)। চাকি—আবৃত  
করি। চাকা ॥ নিঃ—আ-চাকা। চাকল  
...বা. আচ্ছাদন, পিধান। চাকনা...বা.  
আচ্ছাদন, বস্তুর আবৃত করিতে পারা যায়।  
চাকনী...বা. ছোট চাকনা (৩° চাকুপি)  
চাকা-চৌকা দেওয়া—(চৌকা উপচর  
শব্দ ?)। কোন ক্রমে সংবৃত করা। চাকা  
...ধাতু. (চাক ধাতু আস্তে)। চাকানি ॥

চাক...বা. (সং চক্কা)। প্রসিদ্ধ আনন্দ  
বাদ্যবিশেষ। জয়-চাক...বৃহৎ চাক,  
তাহাতে বকের পালথ (গজরা) বাঁধা  
থাকে। চাকী...বা. (চাক+ঈ)। চাক-  
বাদ্যকর। চাক-চোল...বা. (সহচর শব্দ)  
চাক ও চোল, প্রাঃ—চাকচোল বাদ্য বাজে

শিবের মন্দিরে (কবিকঃ)। চাক পেটা, চাক বাজানা—প্রচার করা। ধর্মের চাকে কাঠি পড়ে—অধর্ম আচরণ লুকানা থাকে না। চাকের বাদ্য খামিলেই মিষ্ট—বহু-কালব্যাপী চাকের বাদ্য শ্রুতিস্বথকর নহে। দৃষ্টান্তে, চাকের কড়ীতে মনসা বিকার—মনসা ঠাকুরপূজার সময় চাক বাজানা হয়। চাকীকে যে বেতন দিতে হয়, তার তুলনার পূজার ব্যয় অল্প; ইহা হইতে লক্ষণার, আনুযজীকে ব্যয়বাহুল্য।

চামালি...বা (সং দন্ত—চাম+আলি। আসাং ধেমালি। ওং চগ চমালি। তুং বাং দামাল)। অহঙ্কার, দর্প (প্রাচীন বাং)।

চাল...বা. (সং)। দুশ্ছদ্য চর্ম নির্মিত দেহ-রক্ষক, ফলা (মানিকে চাল শব্দ স্থানে ফলা)। চালী...বা. (চাল+ঈ)। চাল-ধারী।

চালকী...বা. (তুং ধালুকী)। যে চাল ধরিয়৷ যুকে (কবিকঃ)।

চাল...ধাতু. (সং স্থালি ধাতু চালনে। সং দ্রাহ ধাতু নিক্ষেপে ? তুং হিং ভার ধাতু)। চালি—নির্গলিত প্রবাহিত করি, প্রাঃ—খালাতে জল চাল, আজ মেঘ চালিবে—প্রচুর বর্ষণ করিবে। চালাং টাকা চালা—প্রচুর অর্থ ব্যয় করা। চালন-দার...বা. (ফাং দার)। যে চালে, যে পিত্তলাদি আওটাইয়া ছাঁচে চালে। চাল-সুমার করা—নিক্ষেপ পূর্বক গণা; ইহা উহাতে উহা ইহাতে দেওয়া। চালা...ধাতু. (চাল ধাতু আঙে)। চালানা। চালাই...বা. (চালা+ই)। চালা-কর্ম। চাল, চল...

বা. প্রবণতা, কুমনিয়তা। চালু...বা. (চাল+উ)। কুমনিয়। চালাঙ্গ, চালাও...বা. (হিং হইতে)। এত যে গণিতে না পারিয়া চালিয়া দিতে হইয়াছে, প্রচুর, প্রাঃ—চালাঙ্গ লুচিনদেশ; বিস্তীর্ণ, প্রাঃ—চালাঙ্গ বিছানা।

চিক...ধাতু. (সং দিক্, ধুক্ ধাতু ক্রেশনে)। চিকি—ক্রিষ্ট হই, প্রাঃ—চিকিতে চিকিতে পথ চলা। ঢেকা। (চিক ধাতু হইতে চিকিতে, অপভ্রংশে চিকুতে হয়। অর্থাৎ পদ অপ্ৰচলঃ)।

চিক-ফাজিল...বা. (সং অধিক হইতে চিক। ঢের দেখা। বর্ধমান জেলায় ঢের স্থানে ঢেক, চিক হয়। ফাজিল—কমজমা)। ছুই অসমান রাশির মধ্যে অধিক রাশির কিয়দংশ লইয়া নূন রাশির সমতা। যেমন ছুই খণ্ড জমি পরিমাণে সমান না হইলে বৃহৎ খণ্ডের কিয়দংশ লইয়া ছুই খণ্ড সমান করা—চিক-ফাজিল ভাজা। তেমনই, দাঁড়ী পাল্লায় ছুই দ্রব্যের ওজন সমান না হইলে চিক-ফাজিল ভাজিতে হয়, অর্থাৎ ছুই দিকের ভারের মধ্য লইতে হয়।

চি-চি...বা. (ধিক্-ধিক্)। ধিক্-ধিক্ রব, অপযশ, প্রাঃ—এ কাজ কি ছাপা থাকে, চারিদিকে চি-চি শড়িয়া গিয়াছে। চি-চিকার...বা. (সং ধিক্-ধিক্কার)। ধিক্কার রব। (তুং টটকারি)।

চিপ, চিপ্-চিপ...বা. (সং স্তূপ হইতে)। স্তূপে প্রহার শব্দে। চিপ করিয়া গড় করা—ইহাং মাথা ঘারা ভূমিতে আঘাত করা।

চিপা...ধাতু. চিপাই—স্বলদ্রব্যে প্রহার করি। চিপানা, চিপানি।

চিপী...বা. (সং দ্বীপ)। উচ্চ ভূমি খণ্ড, প্রাঃ  
—উই-চিপী; স্তূপ।

চিবরী...বা. (চিপ—দ্বীপ হইতে?)। বোলট  
ইকরূপ আঁটির মাদী ধাতু-খণ্ড (nut)।  
(২) (দীপ হইতে)। কেরোসীন দীপ  
(দোয়াতের আকারে)।

চিমা...বা. (সং মন্দর। মাঠ দেখ)। মন্দর,  
মন্দ মন্দ গতি, প্রাঃ—চিমা লোক, চিমা-  
তেতালা।

চিল...বা. (সং দলি. দলনী। ওং ঢেলা, টেঙ্কা,  
হিং ডেলা ঢেলা; সং ঢোলা)। লোষ্ট্র।  
দৃষ্টান্তে, অন্ধকারে চিল মারা, হোঁড়া—  
সংধান না করিয়া কাজ করা। চিলটি  
মারিলে পাটিকালটি খেতে হয়—চিল প্রায়ই  
মুৎখণ্ড, পাটিকাণ ভাঙা ইট,—ছই  
বিপক্ষের মধ্যে যে আক্ৰমণকারী হয়, তাহা-  
কেই অধিক ক্ষতি সহ্য করিতে হয়। চিলা  
...ধাতু. চিলাই—চিল নিক্ষেপ দ্বারা আঘাত  
করি। চিলানা। (ঢেলা দেখ)।

চিলা...বা. (সং শিখিল; সংপ্রাং সচিল। ওং  
ঢিলা)। শিখিল, প্রাঃ—চিলা বাধন;  
অবাবস্থিত, প্রাঃ—চিলা মালুয।...বা.  
শৈথিল্য, আলস্য, প্রাঃ—কাজে চিলা  
দেওয়া, করা। চিলামি...বা. (চিলা+  
আমি)। চিলার ভাব, শৈথিল্য।

চীট...বা. (সং ধুট)। ধুট, নিলজ্জ।

চুক...ধাতু. (সং চোক ধাতু গতি)। চুকি—  
প্রবেশ করি। চোকা। (চাকা দেখ)।  
চোকা...ধাতু. (চুক ধাতু আন্তে)। চোকানা।

চুঁড়...ধাতু. (সং চুড় ধাতু অবেষণে)। চুঁড়ি  
—অবেষণ করি। চোঁড়া।

চুঙ...ধাতু. (সং চুঙ ধাতু অবেষণে)। চুঙি

—অবেষণ করি, অবেষণ নিমিত্ত ভ্রমণ  
করি, প্রাঃ—নিকুঞ্জ ভাঙ্গিয়া দণ্ডে, আহল  
বিহল চুঙে খিঁটা খাউ বরণা গহন  
(কবিকঃ)। অধুনা চুঁড় ধাতু।

চুপ, চুপ-চাপ...চপ, চিপ দেখ।

চুলা...ধাতু. (চল ধাতু দেখ)। সং ফল ধাতু  
হইতে। সং ছল ধাতু হইতে? জুং সং ছল  
ধাতু হইতে চোলক বাদ্যযন্ত্র)। চুলি—  
পতিত হই; ছলি, নিদ্রাতুর হইয়া ছলি।  
চোলা। চুলা...বা. নিজালস্য, নিজালস্তে  
দোলন। চুলা, চোলা...ধাতু. (ধাতু  
আন্তে)। চুলাই—ছলাই, প্রাঃ—চামর  
চুলায় (কুন্তিঃ); পাতিত করি, প্রাঃ—মহল  
চুলাব তার না রাখিব মাটি (মাঃ)। চোলানা।  
চোলাই...বা. পাতিত করা কাজ, যে  
কাজের বেতন।

চুলী...বা. (চোল দেখ)। চোল-বাদ্যকর,  
চোলী। (২) শণ-ফল, বীজ বাহির করিয়া  
লইলে যে শুষ্ক ফল থাকে।

চুবা...ধাতু. (সং ধ্বংস হইতে)। সং ধ্বংস ধাতু  
ধ্বংসে, হিংসায়। জুং ওং ভুস হিং সং চুল  
ধাতু)। চুবাই—মাথা কিংবা স্কুল ভ্রব  
দ্বারা প্রহার করি, প্রাঃ—মাতার মাতার  
চুবাইয়া মাতা করিল চুর (কুন্তিঃ লং; মাতা  
—মাথা)। চুবানা। (চু দেখ)। (শুঞ্জাধারা  
আঘাত—গুর্ভানা)।

চু...বা. (সং ধ্বংস ধাতু হিংসায়)। পশু-যুলে  
মাথায় মাথায় আঘাত, প্রাঃ—মোচা লড়াই  
করিবার সময় চু মারে।

চুচু...বা. (সং ধ্বংস ধাতু কম্পনে)। ধ্বংস দেখ)।  
কিছু নয়, তৃণহীন বালুকামাঝ।

চেঙ্গা...ধাতু. (চেউ দেখ)। চেঙ্গাই—

তরঞ্জিত করি, প্রঃ—চেআইয়া জল ভর  
—তরঞ্জা জাত করিয়া উপরের ভূগাদি  
সরাইয়া। চেআনা।

চেউ...যা. ( হিংতে চেউ আছে বটে, কিন্তু  
লহর অধিক চলিত। ওংতে লহড়ি, মংতে  
বাট লহর, আসাং চৌ। বাংতে চেউ  
কোথা হইতে আসিল? সং ঙ্গু—কুজ—  
হইতে? ঙ্গু—চাউ—চেউ? )। লহরি।  
চেউ—খেলানা...প. তরঞ্জিত।

চেউ...যা. ( ? হিং চক, দাঈ। সং দক্ষিণ  
হইতে? )। অস্তুর সম পরিমঃ, প্রঃ—  
কলশীর চেউ পিতলা গও,—কলশীর সমান  
ওজনের।

চেকলী...যা. ( চেকি হইতে )। কুপাদি হইতে  
জল তুলিবার চেকি বল, লাঠা।

চেকা...যা. ( সং দিক্ ধাতু ক্রেশনে হইতে।  
ধাক্কা দেখ )। ধাক্কা, প্রঃ—চেকা মারি  
পুরী বাহির রাখিলেন লৈয়া ( চৈঃ চঃ ) ;  
চেকা মারে একেবারে শত শত জন  
( কবিকঃ ) ; চেকা দিয়া কোটালের ভাই লয়ে  
যায় ( ভাঃ )। ( অধুনা প্রায় অপ্রচলঃ )।

চেকি, চেকী...যা. ( ওং চেজিক্ ; হিং চেকা  
চেকী। হিংতে ধান-কুটী নামও আছে।  
ধান-কুটি—যাহা দ্বারা ধান কোটা যায়—  
সংক্ষেপে ধান্কে—ধাঁকি—চেকি হইতে  
পারে। মারিকৈ, 'চক চক করে চেকি'—  
অর্থাৎ চক-চক শব্দ হইতে চেকি? লোকে  
বলে চেকি চেকশ-চেকুশ শব্দ করে। তুং  
চেকা—সং দিক্ ধাতু ক্রেশনে হইতে। দিক্  
ধাতু হইতেও চেকি শব্দ আসিতে পারে।  
যাহা দ্বারা চেকা মারা যায়, তাহা  
চেকি—চেকি। বোধ হয় ধান-কুটি শব্দের

সংক্ষেপে চেকি )। যাহাদি কুট্টিবার পাদ-  
চালিত ঙ্গু ল কাঠ। ( উদুখল মুঘল—ধান  
রাখিবার কাঠের গড় ( গর্ত ) ও মুঘল—বহু  
প্রাচীন বহু। এই বহু অদ্যাপি ভারতের  
দক্ষিণে ও পশ্চিমে চলিতেছে। বঙ্গ ও  
ওড়িশায় চেকি প্রাচীন উদুখল মুঘলের স্থান  
নইয়াছে। উদুখল ( হিং ওখলী, মং উখলী )  
—কাঠ নিমিত্ত ধাতু পাত্র ; ইহাতে ধাতু  
রাখিয়া ছই হাতে মুঘল উত্তোলন করিয়া  
বেগে ধাতু আঘাত করিতে হয়। চেকিতে  
হাতের কাজ পা দিয়া হয় )। চেকির অঞ্জা,  
—(১) চেকি...প্রায় চারি হাত দীর্ঘ ঙ্গু ল  
কাঠ। (২) পোয়া, পোআ... ( সং পাদ )।  
যুপ-কাঠের আকারের কাঠবয়। (৩)  
আকশলী, আকশলী... ( সং অক্ষশলা )।  
যে শলা পোয়াতে থাকিয়া চেকির উঠিবার  
পড়িবার সাহায্য করে। (৪) মুঘলী...যা.  
( কোথাও কোথাও যোনা বলে। বোধ হয়  
মণি হইতে। তুং যোনা কাটা )। মুঘল। (৫)  
শামা... ( সং শাম্ব। যথা, শব্দঃ স্যান্ মুঘলা-  
গ্রন্থ লোহমণ্ডলকে—মেঃ )। মুঘলের অগ্র-  
ভাগের লোহবলর। গড়... ( সং গর্ত, গড় )।  
প্রাচীন উদুখল স্থানীয় গর্ত। গড়-কাঠ  
...গড়ের তলের কাঠ। ( তলে কাঠ না  
দিলে মাটিতে মুঘল পড়ে )। সতা...  
( সং সগতী হইতে )। এক দিকের  
আকশলী ফর পাইয়া নীচা হইলে যে  
পাতলা কাঠ পোয়াতে রাখিয়া চেকিকে  
সেবিকে উচ্চ করা হয়। চেকি-শাল  
( প্রাং চেশকাল )... চেকিশালা। চেকির  
লেজ—যাহাতে পাদ-দেওয়া হয়। এক কি  
ছই জন লোকে পাদ দিয়া চেকি দ্বারা ধান

ভানে (ভাঞ্জে), চিড়া খই প্রভৃতি কোটে। অপর একজন গড়ের কাছে বসিয়া গড়ের ধান হাতে করিয়া নাড়িয়া দেয়—গ্রা° সেকুত (দেখ) দেয়। প্রবাদে, (১) ঘরের ঢেঁকি কুমীর—ঢেঁকি কতকটা কুমীরের মতন দীর্ঘ। কুমীরে যেমন মাছুষ খায়, আঘাত করে, সেকুত-দি-অনী অসাধন হইলে তাহার হাতে কখন-কখন মাথায় মূষল পড়িয়া তাহাকে আহত করে। ইহা হইতে, যে ঘরের ছিন্ন বলিয়া দিয়া অনিষ্ট করে। (২) এক গাঁয়ে ঢেঁকি পড়ে অল্প গাঁয়ে মাথা বাধা—ঢেঁকির অবিরাম ঢুক-ঢুক শব্দে নিকটস্থ ব্যক্তির কর্ণপিড়া জন্মে। কিন্তু দূরস্থ ব্যক্তির কর্ণপিড়া জন্মিতে পারে না। ইহা হইতে, এক ঘরের কলহ বা কষ্ট দেখিয়া অল্প লোকের সমবেদনার মূলে স্বার্থ থাকিবার সম্ভাবন। (৩) ঢেঁকিশালে যদি মানিক পাই তবে কেন পর্বতে বাই—বাড়ীতে ঢেঁকিশাল থাকে, এত নিকটে যদি কাম্যবস্তুর লাভ হয়, তবে কে দূরে পর্বতে তাহা অন্বেষণ করিতে যায়? (৪) ছিল ঢেঁকি স্থল তুল কাটিতে কাটিতে নিমূল—এক ছুতার ঢেঁকি গড়িত্তেছিল। সে এমন দক্ষ যে ঢেঁকি টাচিয়া টাচিয়া তুলে (তুলায়ছে) দাঁড় করাইল, শেষে তুলও হইল না। লক্ষণায়, স্তম্ভ করিতে গিয়া স্তম্ভ নষ্ট করা। (৫) ঢেঁকিশাল দিয়া কটক যাওয়া—ঢেঁকিশাল বাড়ীর পশ্চাৎ-ভাগে, দক্ষিণ বাতীত অল্প ভাগে থাকে, বজ্রের দক্ষিণে কটক। বাড়ীর দক্ষিণ দ্বার দিয়া কটক বাইবার সোজা পথ।

সে পথে বাহির না হইয়া অল্প পথে বাহির হওয়া। লক্ষণায়, সোজা পথ ছাড়িয়া ঘোর পথে যাওয়া। তু° ইল্লী দিয়া দিল্লী যাওয়া। (বোধ হয় আরও কথা আছে। পূর্বকালে বাড়ীর জীলোক লুকাইয়া শ্রীক্ষেত্র দর্শনে যাইত। কটক দিয়া শ্রীক্ষেত্র যাইতে হইত। দক্ষিণে সম্মুখ-দ্বার দিয়া বাহির না হইয়া অল্প দ্বার খিড়কি-দ্বার দিয়া বাহির হইত। ইহা হইতে, সোজা পথে না গিয়া ঘোর পথে যাওয়া।) ঢেঁকির কচ-কচি... (ঢেঁকি ঢেঁকচ-ঢেঁকচ (অর্থাৎ ঢেঁক-ঢেঁক-শব্দ) করে। ঢেঁকচ হইতে কচ)। ঢেঁকির উঠা-পড়ার বুধা শব্দ; লক্ষণায় বুধা তর্কবিতর্ক। ঢেঁকি-শাগ... অপুণ্ডক শাক বিশেষ (Fern)। চাটিগা ও পূর্ববজ্রের অস্ত্রাঙ্গ স্থানে ছায়ারত রসা ভূমিতে জন্মে। পাতা দীর্ঘ, অগ্রভাগ ঈষৎ বকু। নবোল্পত পর হাতীর শূঁড়ের মতন বাঁকিয়া থাকে। ইহা হইতে ঢেঁকি নাম।

ঢেকুর - যা. (স° উদ্গার। ও° এউড়ি, হেউড়ি; হি° ডেকার, চকার; ম° ঢেকর। ঢাকায় ঢেকা। স° উদ্গার শব্দের অপভ্রংশে যে ঢেকুর, তাহা ও° এউড়ি শব্দ না থাকিলে হঠাৎ বিখ্যাস হইত না। উদ্গারে এউ—হেউ শব্দ হয় বলিয়া ও° এউড়ি, হেউড়ি মনে হইতে পারে। কিন্তু অহুকারও আকস্মিক বোধ হয়)। উদ্গার। খই-ঢেকুর খই-চু° ইগে যেমন গাধ হয় যে ঢেকুরের তেমন গাধ থাকে। চোআ ঢেকুর—খই-চোআ ঢেকুর।

ঢেঞ্জা...প. (স° দীর্ঘাঙ্ক ? তু° হি° দীঞ্জা—

পুই। ও° ডেঙা। ঠেঙা হইতে † ঠেঙা  
—দীর্ঘ যতি)। দীর্ঘ, প্রঃ—চেঙা  
নাম্ব। জী°—চেঙী।

চেঁটা...চেঁটা দেখ।

চেঁড়া...যা. (সং চিহ্নিত—বৈদ্যকঃ। চিহ্নিত  
শব্দ অর্থাৎ। ও° ভেঙি, বাংতেও কোন  
কোন ঝানে ভেঁড়ি। বোধ হয় ভেঁড়া-  
শৃঙ্গী নাম প্রথমে ছিল (মেষ-শৃঙ্গের তুল্য  
বকু ফল বলিয়া), পরে চেঁড়া এবং এই  
নামের সংস্কৃত রূপ পরে চিহ্নিত হইয়াছে)।  
জবাদি-বর্গের কুবিজাত ফলশাক-বিশেষ  
(Lady's fingers, Hibiscus escu-  
lentus)। ফল লম্বা, কৃষ্ণঃ সব্ব, মেঘ-  
শৃঙ্গ-তুল্য বীকা, পিচ্ছিলরস। পাকিলে  
ফল কাটির্য বায়।

চেঁড়া, চেঁটরা...যা. (সং ভেরি—পটহ-  
বিশেষ?)। মাটির এক-মুখা আনন্দ  
বাদ্য-বিশেষ। ছই হাতে ছই কাঠী দিয়া  
বাজানা হয়; প্রঃ—স্বাহাদীর চেঁড়া দিলা  
সকল সহরে (ভাঃ)—চেঁড়া দেওয়া—  
চেঁড়া বাদ্য বাজাইয়া রাজাজ্ঞা ঘোষণা  
করা। চেঁড়া, চেঁটরা পিটানা—বাদ্য দ্বারা  
ঘোষণা করা, ঘোষণা করা।

চেঁড়ী...যা. (ভেঁড়া শৃঙ্গের তুল্য বীকা বলিয়া  
ভেঁড়া হইতে?)। নারীর কানের স্বর্ণ  
অলঙ্কার-বিশেষ। (আজ-কাল গহনাট  
অপ্রচলঃ)। পোস্ত-চেঁড়ী...পোস্ত-কল  
(হি° টীঙ্গরা)।

চেঁড়ো (প্রা°)...যা. (তু° হি° চোড়া—বৃথা  
বৃদ্ধ। সং তুঙ্গুত সর্প নাম হইতে? চোঁড়া  
সাপ—সাপ বটে, কিন্তু, বিষহীন, তেমন  
চেঁড়ো কাজ—নামে কাজ, ফলে বৃথা)।

বৃথা কর্ম, প্রঃ—চেঁড়োতে পড়া—মিছা  
কাজে; কিছুই না, প্রঃ—চেঁড়ো হবে—  
কিছুই হবে না, যেমন নোড়ার ডিম।  
(বোধ হয় এই বহু প্রচলিত প্রা° শব্দটির  
মূল রূপ চোঁড়ো)। ডেড়ি দেখ।

চেপ্-চেপ...চপ্-চপ দেখ।

চেপসা...প. (চিপি-সদৃশ—চিপসা—চেপসা)।  
স্তু প-সদৃশ, কদাকার।

চেমন...প. (চেমনী দেখ)। কুচরিজ, প্রঃ—  
চেমন চোসরগুলা জানে ডের চুঙা (মাঃ),  
কি বলে চেমন মাগী মালাকারের মেয়ে  
(মাঃ); জারজ, প্রঃ—জারজ। চেমন  
(কবিকঃ)। চেমনা...প. (চেমন+আ)।  
জারজ (গালিতে)। চেমনা-বেধো...  
(বিদবা হইতে বেধো। অতএব সহচর  
শব্দ)। জারজ (গালিতে)।

চেমনা...যা. (সং ধামন—গৃহ হইতে? চেমন  
হইতে? লোকের বিশ্বাস, এই সাপ গোখুরা  
সাপের সঙ্গে জোড় লাগে। ও° চমণা)।  
নির্বিষ দস্তাকার সর্পবিশেষ (Zamenis  
mucosus)। দস্তাকার বলিয়া কোথাও  
কোথাও নাম দস্তাস আছে। চারি পাঁচ  
হাত দীর্ঘ হয়। লেজ এক হাত। দেহের  
উর্ধ্বভাগ ইটবর্ণ, নিম্নভাগ আপীত, পশ্চাৎ  
দিকে অঙ্গুরী চিহ্ন আছে। তুঙ ঈষৎ  
বহির্গত, চক্ষু বৃহৎ। গোয়াল-ঘরে প্রায়ই  
দেখা যায়, ইহঁর গাধী খায়। চেমনা  
কেঁচো...কেঁচো দেখ।

চেমনী...যা. (সং ধমনী—হট্টবিলাসিনী—  
অঃ)। উপ-পত্নী।

চের...প. (সং অধিক? ভূরি? ও° চের;  
হি° চের চের; ম° চেল। বাংতে

কোথাও কোথাও ঢেক আছে)। অধিক, প্রচুর।

ঢেরা...য্য. (সং হীরক—হীরা হইতে। হীরা—টীরা—ঢের। হিং ঢের। তেলুগুতে তিরুকড়—বা তাকুড়। ওতে শব্দ কিংবা স্রব্যাট প্রচলিত নাই)। (১) পাট ও শপের ঘোড়ী কাটিবার কাঠের চতুর্ভুজ যন্ত্র-বিশেষ, ইহার ভূজ—পাখী (সং পক্ষ), মাঝে মাকী (সং নাসিকা) কিংবা আঁকুশী (সং অঙ্কুশ) থাকে। (২) +— এই চিহ্ন। এই চিহ্নের সং নাম বজ্রচিহ্ন, বজ্র অর্থে—হীরক। হীরার স্বাভাবিক সংস্থান এই রূপ। যে লিখিতে জানে না, সে মলীলে এই ঢেরা-চিহ্ন করিয়া দেয় (সস্তক দেখ)। পুৰী লিখিবার সময় যেখানে ফাঁক পড়ে, সেখানে (সং) কাকপদ-চিহ্ন দেওয়া হয়। মুগল কাকপদ=ঢেরা-সহি। ঢেরা-সহি, ঢেরা-সই...য্য. (সহি, সই দেখ)। ঢেরা-চিহ্ন লেখা।

ঢেলা...য্য. (সং দলি। দলি—দিল—ডিল—ঢিল। সং সোষ্ট, লেট্ট, শব্দের বর্ণবিপর্কয়েও ঢেলা আসিতে পারে। হিং ডলা, ঢেলা; ওং ঢেলা, ডেলা)। লোষ্ট্র (ঢিল দেখ)। ঢিল ছোট, ঢেলা বড়। অতএব বোধ হয় ঢিলী শব্দ ছিল। এখন ঢেলী শব্দ কাহারদের আবার আছে, অর্থ, ছোট ঢেলা, ভাঙা ইট-পাথর)। ঢেলা-মারা...য্য. লোষ্ট্র-নিষ্কেপ দ্বারা প্রহার; বিবাহের দিন বরষাদীকে ঢেলা দ্বারা প্রহার। (প্রাচীন আঙ্গুর বিবাহের শেব চিহ্ন)। ঢেলা-ভাঙানি...য্য. ঢেলা-মারা হইতে রক্ষা পাইতে নিষ্ঠান কিংবা অর্থদান। ঢেলা...য্য. ঢেলাই

—ঢেলা নিষ্কেপ দ্বারা প্রহার করি। ঢেলানা।

ঢেশকাল (গ্রাং)...ঢেকিশাল দেখ।

ঢোক...য্য. (ঢুক ধাতু হইতে; ডুং ঘোট। কিংবা সং স্তোক। ওং ঢোক)। যে পরিমাণ পানীয় একবারে গলায় ঢোকাইতে পারা যায়, প্রাঃ—এক ঢোক জল।

ঢোকা...ঢুক ধাতু দেখ।

ঢোঁড়া...ঢুঁড়ু ধাতু দেখ। ঢোঁড়া জাল... জাল দেখ।

ঢোঁড়া...য্য. (সং ডুঙুত, বোঙ। ওং বেঙ, অ)। নির্বিষ, তীব্র সর্প-বিশেষ (Hypsirhinus?)। শূলমেহ, গোল, ধয়রা, চিরহীন। ২৫০ হাত দীর্ঘ হয়। জলে কাদায় থাকে, মাছ খায়।

ঢোল...য্য. (সং)। কাঠের ছ-মুখা আনক বাদ্যবিশেষ। এক মুখে কাটি, অল্প মুখে হাত দিয়া বাজানো হয়। ঢোলী, ঢুলী...য্য. (ঢোল+ঈ)। ঢোলবাদ্যকর। ঢোলক...য্য. (ঢোল+ক)। ছোট ঢোল, কিন্তু ছুই মুখে হাত দিয়া বাজানো হয়। ঢোলকী...য্য. (ঢোলক+ঈ)। ছোট ঢোলক; ঢোলক-বাদ্যকর। ঢোল...প. ঢোলতুল্য, ঢোল-তুলা স্কীত, প্রাঃ—মড়াটা মুলিয়া ঢোল হইয়াছে। ঢোল-কাণ...য্য. (সং শিথিল—ঢিলা শব্দের রূপান্তরে ঢোল?)। দীর্ঘকর্ণ শশক? (কবিকঃ)। ঢোল-সমুদ্র...য্য. (সং ঢোলসমুদ্রিকা)। ছোট (প্রায় দেড় হাত) বহু শাকবিশেষ (Leea macrophylla)। কিন্তু পাতা বৃহৎ (একত ৩০ নাম হাতীকানী—হস্তিকর্ণ তুলা বৃহৎ পত্র বার)। বর্ষাকালে জন্মে, অল্প সময় দেখা

|   |  |
|---|--|
| <p>যায় না। পুষ্প গোয়ালী-সতার পুষ্প-<br/>সদৃশ।<br/>ঢোলা...ন. (সং ঢোল+আ। সং শিখিল—</p>  | <p>শিখিয়া তো লেখা ভাল। ব্যাকরণ দেখ)।<br/>হয় ত...বদি হয় তবে,—মূলার্থ এই, প্রঃ<br/>—হয় ত আজি বৃষ্টি হইবে—যদি বৃষ্টি হয়,</p>   |
| <p>পাতা...কাণ্ডড়া দেখ)। (রাঢ়ে নাম)।<br/>ঢোসর...ন. (সং দুসর—গর্ভ হইতে ? হি°<br/>দুসর—বৈষ্ণব জাতিবিশেষ; ইহারা আপনা-<br/>দিগকে বাহুন বলে)। শঠ, প্রঃ—ঢেমন<br/>ঢোসর (মাঃ)।</p>   | <p>প্রয়োগে সন্দেহ, সম্ভাবনা বুঝায়। তো<br/>দেখ।<br/>তঃ, ত - প্রত্যয় (সং তন্)। হইতে, প্রঃ—<br/>প্রসঙ্গতঃ—প্রসঙ্গ হইতে। (তঃ স্থানে ত<br/>বানান ঠিক নহে)।</p>   |
| <p>ঢোসা...দুস ধাতু দেখ।<br/>—<br/>ণ।</p>  | <p>ত...ন. (তত দেখ)। তত, প্রঃ—তদিন।<br/>তক...প্রত্যয়. (হি°। সং ততঃ ?)। পর্যন্ত<br/>প্রঃ—এ তক—এ পর্যন্ত, কাহী তক—কি<br/>পর্যন্ত।</p>  |
| <p>ধ...ব্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ।<br/>টবর্গের অন্বনাসিক বর্ণ। বাঁতে ন-ভুল্য<br/>উচ্চারণ।<br/>—<br/>ত।</p>   | <p>ওক্-তক...ব্য. (সং তক ধাতু হইলে; সং<br/>তক ধাতু দীপ্তিতে)। দীপ্তিতে, প্রঃ—<br/>দালান ধুইবার পর তক্-তক করে—বেন<br/>হাসিতে থাকে, দালান হাসিতেছে—এরূপ<br/>প্রয়োগও আছে। (জলের দীপ্তি তক্-তক;<br/>তেলের দীপ্তি চক্-চক, কুচ্-কুচ্; শাতুর<br/>দীপ্তি রক্-রক—এই দীপ্তি তরল না হইলে<br/>জক্-জক)। তক্-তকা, তক্-তকিয়া...ন.<br/>তক্-তক দীপ্তি-শালী। তিক্-তিক...কুত্র<br/>বস্তুর জগীয় দীপ্তিতে; অন্ন দৃষ্টিতে,<br/>প্রঃ—পানা পুত্রে সে ডুবিয়া পড়িয়াছিল,<br/>কেবল মাথাটি তিক্-তিক করিতেছিল।<br/>তুক্-তুক...অতি কুত্র বস্তুর মুহু দীপ্তিতে।<br/>(চক্-চক=তক্-তক, চিক্-চিক=তিক্-<br/>তিক, চুক্-চুক=তুক্-তুক)।</p> |
| <p>ত...ব্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ।<br/>ত...ব্য. (সং ত্ত)। পাদপূরণে, প্রঃ—শুংপুঃ,<br/>চৈঃচঃ। যথা, নীরে ত নিরমিল কাআ নাম<br/>নিরঞ্জন (শুংপুঃ)—নীরে অধিকরণ কারক,<br/>ত পাদপূরণে। পরে এই ত অধিকরণ<br/>কারকের বিভক্তি হইয়াছিল। অর্যাপি<br/>আসামে, রঞ্জপূরে ত (২) বিভক্তি আছে।<br/>অস্ত্র তে হইয়াছে। (২) অবধারণে, প্রঃ—<br/>আমি ত বলিয়াছি। (৩) পক্ষান্তরে, প্রঃ—<br/>তোমার ত যাওয়া ঠিক আছে। (৪)<br/>সমুচ্চয়ে, বাক্য উপন্যাসে, প্রঃ—তাই ত,<br/>কি করা বাবে, সব ভাল ত। (৫) (সং ততঃ,<br/>ভদা)। তবে, প্রঃ—তুমি যাও তো আমি<br/>যাব; তবে তো বিপদ (এই অর্থে ত না</p> | <p>তক্-তক...ব্য. (সং তিক ধাতু গতি)। তু°<br/>টক্-টক; হি° টচ-টচ, টিক-টিক। ওতেও<br/>এই রূপ)। গোহু চলাইবার অব্যক্ত<br/>শব্দে।</p>  |

তক্ত...বা. (আ° তক্ত)। রাজসিংহাসন।  
তক্তপোষ...বা. (আ° তক্তপোষ—বনিবার  
আচ্ছন্ন)। এমন খাটি যাহার শয়ন স্থান  
কাঠের পাটার।

তক্তা...বা. (আ° তক্তা। জু° স° তক্ত)।  
পাটা, কাঠের পাটা; কাগজের এক ফর্দ।  
তক্তী...বা. ছোট পাটা; শট্টাকার স্বর্ণ  
অলঙ্কার বিশেষ। তক্তা-নামা...বা. (ফা°  
তক্তেরোজী—যে রাজাসন বাহিত হয়)  
বিবাহের বরের উনুজ্ঞান-বিশেষ।

তক্ত-বক, টক্ত-বক, টগ্-বগ...বা. (স° তক্ত  
ধাতু উন্মোচনে, বক্ ধাতু সংঘাতে। তক্ত-  
বক—একবার উন্মুক্ত, পরবার সংঘাত  
অর্থাৎ ফুলিয়া উঠা ও সজ্জুচিত হওয়া)।  
—তাপে জলক্ষেটনশব্দে।

তক্তমা...বা. (জুর্কী তমগা, অগ্জংশে তক্তমা)।  
শাসনপট।

তক্তার...বা. (আ°)। তক্ত, আপত্তি। তক্ত-  
রাত্রী...বা. তক্তযোগ্য।

তক্তলিক...বা. (আ° তক্তলীক)। কষ্ট।

তক্তলব...তগলব দেখ।

তক্ত...বা. (স° তক্ত)। জাল বুনিবার দোড়ী  
রাখার মাতু। অক্ত নাম তকীল। জাল  
দেখ।

তক্ত...বা. (স°)। নাগরাজবিশেষ; সূত্র-  
ধার, বিশ্বকর্মা; নক্ষকর্মা।

তক্তন...বা. (স° তক্তন)। সে সময়।

তক্তনি...বা. (তক্তন+ই)। সে সময়ই।

তক্তনি...বা. (তক্তন+ই)। তক্তন্যৎ।

তক্ত...বা. (আ°)। রাজসিংহাসন।

তক্ত...বা. (স°)। টগর দেখ।

তক্ত...বা. (প্রা° তক্তলব)...বা. (আ°)।

বক্তনা। ভগলবী...বা. বক্তনাপূর্ণ, প্রা°—  
তঃ কথা।

তক্তা...বা. (স°)। টাকা, প্রা°—ভক্তা প্রতি  
অষ্ট গজা সের প্রতি ধর (শুভঙ্করী), শত  
ভক্তা মিল সাধু পিঞ্জরের বাণি (কবিকঃ)।

তক্ত-নচ...বা. (হি° তহস-নহস। স° তস ধাতু  
উপক্ষয়ে, নশ্ ধাতু বিনাশে)। নট, প্রা°—  
ফুলের বাগান ভেঙ্গে তক্ত-নচ করে; গ্রাম  
তক্ত-নচ হবে না কি (টেকচাঁদ)।

তক্তরূপ...তসরূপ দেখ।

তক্ত...সর্বনাম. (স° তক্ত)। তাহার (প্রাচীন  
পদে)।

তক্তদিক...তসদিক দেখ।

তক্তবিক্ত...বা. (আ° তক্তবীজ)। বিচার,  
বিবেচনা।

তক্ত...বা. (স° বক্তন হইতে? কিন্তু ব শ্বানে  
ত দেখা যায় না। স° তক্ত ধাতু সজ্জুচিত  
হইতে?)। বক্তনা, প্রা°—হৃৎবুদ্ধি  
কোতোয়াল তক্ত করে নানা (রানপ্রসাদের  
বিদ্যালয়নর)। তক্তক...বা. প্রবক্তনা, প্রা°—  
আমার সঙ্গে তক্তক করিবে না।

তক্ত...বা. (স°—তটে স্থিত; ইহা হইতে  
উদাসীন)। বা°-তে তক্তকাতর, বোধ হয়  
ভয়ে তক্ত—ভয়ে উদাসীন—কিংকর্তব্য-  
বিমুচ।

তক্তকা...বা. (স° তাড়কা-রাফসী নাম  
হইতে? স° তক্ত ধাতু তাড়না হইতে?  
টাটকা লাগা দেখ)। আক্ষেপ-রোগ, মৃগী-  
রোগের জ্বর লক্ষণবিশিষ্ট রোগবিশেষ  
(convulsion)। (প্রায়ই, রস-তক্তকা)।

তক্ত-তক্ত...বা. (স° তট, তক্ত ধাতু আঘাতে।  
জু° স° তট-তট)। স্তম্ভপতন শব্দে, প্রা°—

তড়-তড় করিয়া বৃষ্টি আসিল; ঘুট ঘুট  
অন্ধকার শিলার তড়তড়ী (ভাঃ), বৃষ্টি  
শিলা তড়তড়-তড়ে (মেঘনাদবধে)।  
তড়-তড়া...ব্য. তড়-তড় শব্দে হঠাৎ বৃষ্টি,  
জলপ্রক্ষেপ, প্রাঃ—এক তড়-তড়া বৃষ্টি,  
পৃথক্ জলের তড়-তড়া দেও। তড়-তড়ানি।  
তড়-তড়িয়া...প. (তড়-তড়+ইয়া)। তড়-  
তড় শব্দবিশিষ্ট।

তড়-বড়...ব্য. (সং তট ধাতু উন্নতি, বড়  
ধাতু আরোহণ; কিংবা বল ধাতু প্রাণন—  
বল করা)। বেগে লাফাইয়া উঠায়, উত্থান ও  
বলপ্রয়োগে। (নড়-বড় দেখ)। তড়-  
বড়ানি। তিড়-বিড়...ব্য. এমিক্ ওদিকে  
বীকায়, লক্ষ-চেষ্টায়। তিড়-বিড়া...প.  
চঞ্চল, যে অল্পেই চমকিয়া লাফাইয়া  
উঠে।

তড়াক...ব্য. (সং তড়া+ক্)। অতি বেগে।  
তড়ি-ঘড়ি (গ্রাঃ)...ব্য. (তড়া করি—অপ-  
ক্রমণে)। অতি শীঘ্র।

তত...প. (সং তাতং। তু° গ্রা° উ° তত; ও°  
তেতে, হি° তেতা। সং ততি—শেষের  
ই নুণ্ড, তু° রীতি—রীত)। আবৎ, তৎ-  
পরিমিত। (তু° যত—সা° যাতং)। (সংক্ষেপে  
তত সমাসে ত হয়)।

ততক...প. (সং ততি+ক স্বার্থে। ও°  
তেতিকি)। তাৎপর্যপরিমিত। (তু° যতক)।  
ততোধিক...প. (সং ততঃ+অধিক)। তদ-  
পেক্ষা অধিক, প্রাঃ—ভেতোধিক পাপী।

তৎকাল...ব্য. (সং)। সে সময়; শীঘ্র, প্রাঃ  
—আসিব তৎকাল আজ্ঞা দেও না মোরে  
বেতে (মাঃ)। তৎপর...প. (সং)। তার  
পর; তাহাতেই নিযুক্ত।

তৎতরিয়া...প. (সং তরস্+তরস্+ইয়া)।  
স্বরাকারী, ব্যগ্র।

তত্ব...ব্য. (সং)। সং-তে—স্বার্থার্থ, বার্তা;  
ইহা হইতে বা°-তে বার্তা পাইবার অভি-  
প্রায়ে দূত বা বাহকের সহিত প্রেরিত  
মিষ্টকাদি। অস্ত্র-নাম ব্যভার (সং ব্যভার।  
ও°তেও ব্যভার)। তত্ব-তত্বাস...ব্য.  
(তত্বাস দেখ)। সহচর শব্দ)। সংবাদ-গ্রহণ।  
তত্রত্য...প. (সং)। তৎস্থানভব, প্রাঃ—তত্রত্য  
বৃক্ষ।

তত্রাচ...ব্য. (সং তত্রাচ—অপক্রমণে)। তত্রাচ।

তথ্য...ব্য. (সং)। এই প্রকার, এবং, প্রাঃ—  
রাম তথ্য শ্রাম পীড়িত; (বথ্য পরে তথ্য),  
প্রাঃ—বথ্য রাম তথ্য শ্রাম—ছই-ই অল্পত্ব।  
তথ্যপি...ব্য. (সং)। তবু। (যদিও সদ্যপি  
পরে তথ্যপি আসে)। তথৈবচ...ব্য. (সং)।  
ঠিক এই প্রকার। তথৈবচ...ব্য. (সং)।  
এই প্রকার। তথ্যচ...ব্য. (সং)। সং-তে  
এবং, এবং এই; বা°তে তথ্যপি, প্রাঃ—  
এত বলা গেল, তথ্যচ গেল না। (তু°  
অথচ)। তথ্যত্ব...ব্য. (সং)। তাই হউক।  
তথ্যয়...ব্য. (সং তত্র। ও° সেঠা, হি° তহী,  
ম° তেথ্যে)। সেখানে। (বথ্য পরে তথ্যয়,  
প্রাঃ—বথ্যয় রাম তথ্যয় শ্রাম—বেখানে  
রাম সেখানে শ্রাম)।

তথি...সর্বনাম. (সং তৎহি)। তাহা, প্রাঃ—  
নাভি-সরোবর তথির উপর তত্বরহাজ্জুরদাম  
(কবিকঃ), প্রাঃ—নানায় দোলনে মতি হীরার  
জড়িত তথি (কবিকঃ)।...ব্য. তথ্য, এবং,  
প্রাঃ—জুশীল ভগবান তথি বনমালী (কৃষ্ণিঃ  
আত্মপরিচয়)।

তদনন্তর...ব্য. (সং তৎ+অনন্তর)। তার পর।

তদন্ত...বা. (সং তৎ+অন্ত)। সেখানে শেষ ;  
ইহা হইতে শেষ, অনুসন্ধান। তদবধি...বা.  
(সং তৎ+অবধি)। সে পর্যন্ত, তখন  
হইতে। তদন্ত...বা. (সং তৎ+মন্ত)।  
সে মন্ত—সময়, প্রঃ—তদন্তে গময়ন।  
তদ্বৎ...বা. (সং তৎ+বৎ)। সে প্রকার  
(তদ্বৎ বানান ঠিক নহে)।  
তদারক...বা. (আং—বারণ)। অনুসন্ধান,  
নির্বাহ।  
তদবির...বা. (আং তদবীর)। অল্পাধীন,  
নির্বাহ, উপায়। তদবিরী...বা. যে তদবীর  
করে।  
তদকা, তদখা...বা. (ফাং তদখা; সং টঙ্ক  
—টাকা; প্রাচীন বাং তঙ্কা)। বেতন,  
মাসিক প্রাপ্য টাকা।  
তদ্ব-খারক...বা. (সং)। শক্তিপূজার যে  
ব্রাহ্মণ তদ্ব দেখিয়া বিধি বলিতে থাকেন।  
লক্ষণায়, উপদেষ্টা। তদ্বমন্ত্র...বা. (সং)।  
তদ্বের মন্ত্র, তদ্ব (ঔষধ) ও মন্ত্র (সহচর  
শব্দ)। প্রঃ—তদ্ব-মন্ত্র করা—ঔষধ ও  
মন্ত্র প্রয়োগ করা।  
তদ্ব...বা. (ফাং তদ্ব হইতে উদ্ তদ্ব। পত্নী  
Tenden—to mould bread)।  
পাণ্ডুরী সেকিবার উনান।  
তদ্ব-তর...বা. (সং তৎ+ন)। তালি নহে  
তাহা নহে, ইহা হইতে নিরীক্ষণ, প্রঃ—  
তদ্ব-তর করিয়া দেখা।  
তদ্ব...বা. (সং তপঃ)। ত্রাত, তপস্চরণ।  
(তপ-তপ; তপ-রূপ নহে)।  
তদ্বাসী...বা. (সং তপস্বী)। কটকপত্রী  
সমুদ্রমৎস্যবিশেষ (mangoe fish. Poly-  
nemus paradiseus)। কই মাছের

মতন, ১০।১২ আজুল। দেহ চেপটা,  
সোনারঞ্জ। সমুদ্র হইতে গঞ্জায় আসে।  
(ভাঃ—তপসিয়া)।  
তদ্বাসিল...তদ্বাসিল দেখ।  
তদ্বাস...বা. (সং তপস্ব ধাতু হইতে ?  
তপস্বা—তপস্চরণ, কুজু সাধন)। তদ্বাসি  
—তপস্ক্রেশ করি, আয়েষণ করি, প্রঃ—  
বিকল হইয়া, নারী তদ্বাসিয়া ফিরেন সকল  
স্থানে (ভাঃ)। (কবিকঙ্কণ, মাণিক্যেও  
আছে)। তদ্বাসা। (অপ্রচলঃ)।  
তদ্বান (গ্রাং) ...বা. (সং তদ্বান)। জলদান  
পূর্বক পিতৃযজ্ঞবিশেষ, প্রঃ—জানতদ্বান  
(শৃং পুঃ)।  
তদ্বরা...বা. (আং ? হইতে ?)। বড়ো জাত  
বৃহৎ তরঙ্গ। তদ্বরাথানা... (তদ্বরা-থঙ ?)  
বিনষ্ট।  
তদ্বসিল...বা. (আং তদ্বসীল)। বিবরণ,  
বাবতীয় পদ।  
তদ্বৎ...বা. (আং তদ্বৎ)। অস্তর।  
তদ্বিল...বা. তদ্বিল দেখ। নাছ-ধরা জাল  
বুনিবার মাকু।  
তদ্ব...সর্বনাম. (সং তদ্ব)। তোমার (পদ্যে)।  
প্রাচীন তুরা।  
তদ্ব (গ্রাং) ...বা. (সং তদ্ব)। তদ্ব। তদ্ব-  
তুতি (গ্রাং) ...তদ্ব-তুতি (সহচর শব্দ)।  
তদ্ব...বা. (হিং)। তখন, তদ্ব। তদ্বে  
দেখ। তদ্ব...বা. (হিং)। তখনও।  
(প্রাচীন পদ্যে)।  
তদ্বক...বা. (আং)। সোনারূপা ধাতুর  
স্থান পত্র; পাত।  
তদ্বক...বা. (তুর্কী তুপক)। আগুন দিয়া  
গুলী ছুড়িবার প্রাচীন বস্তুক। (কবিকঃ)।

তবকী...য্য. (ফা° তুপাকচী, তপাকী)। যে  
তবকে গুলী ছোড়ে।

তবলা...য্য. (আ° তবল—ঢাক, তবলা—  
এক জোড়া ঢোল)। আনন্দ বাধ্যবিশেষ।  
বাঁয়া-তবলা...বাম হাতে বাজাইবার বাঁয়া,  
ডাইন হাতে বাজাইবার তবলা। এই হেতু  
তরলার এক নাম ডাইনিয়া। তবলী...  
য্য. সোতারের তুষের মুখের পাতলা কাঠি-  
পট্ট।

তবিল...য্য. (আ° তবীআৎ)। মেজাজ,  
শরীর-স্বাস্থ্য।

তবিল (প্রা°) ...তহবিল দেখ। তবিলদার  
...কোষাধ্যক্ষ। তবিলদারি ...কোষাধ্যক্ষের  
কাজ, প্রঃ—আমার দেও মা তবিলদারি  
(দানপ্রসাদ)।

তবু...য্য. (তবে দেখ। তবেও শব্দের  
রূপান্তরে। ও° তবে, হি° তৌতী, ম°  
তরী)। তথাপি। (তবুও—অশুদ্ধ;  
কারণ তবু শব্দই ও আছে)।

তবে...য্য. (স° তহি, তদা। স° কদা, যদা,  
তদা শব্দের দ স্থানে ব হইয়া কবে, যবে,  
তবে। তবে, ও° তেবে, হি° তথী (স°  
তহি), ম° তেবহী)। তাহা হইলে;  
বাকা-উপস্থাসে। তবে-সে তবে, (তু°  
সে-না), প্রঃ—ইথে পার তবে-সে পাইব  
(ভাঃ)।

তমস্ক...য্য. (আ° তমনস্ক)। গুণস্বীকার-  
পত্র। তমস্কী...ণ, তমস্ককস্বপীয়।

তমাদি...য্য. (আ°—ঐতিকালনিয়ম)।  
নির্দিষ্ট কাল গত (আদাঃ)।

তমাল...য্য. (স°)। কালক্ৰমশস্যে ছাৎ  
তিন্দুক জীৱকজুম—মেঃ; কালক্ৰ

তমালঃ ছাৎ তাপিচ্ছঃ—অঃ। তমালের  
অস্ত্র স° নাম কালক্ৰম, তিন্দুক, জীৱক-  
জুম, তাপিচ্ছ। কৃষ্ণবর্ণ স্বপ্ন—কাণ্ড  
বলিয়া কালক্ৰমঃ; গাছ শ্যামল বলিয়া  
তমাল; সহজে মরে না বলিয়া জীৱকজুম;  
তাপ নাশ করে বলিয়া তাপিচ্ছ। কিন্তু  
অমরে, তিন্দুকঃ ক্ষুর্জকঃ কালক্ৰমঃ শিতি-  
সারকে—এখানে তিন্দুক—তৈদ গাছের  
নামও কালক্ৰমঃ। অর্থাৎ অমরে তিন্দুক  
ও তমাল ভিন্ন ভিন্ন বৃক্ষ, মেদিনীতে এক।  
ফোটে বলিয়া ক্ষুর্জক, কৃষ্ণবর্ণ সার বলিয়া  
শিতিসারক। হি°তে তৈদ, বা°তেও তৈদ  
গাছ আছে। আবলুস, কেন্দু, গাব  
দেখ। তমাল গাছকে বা°তে তমাল  
বলে। ও°তে কেন্দু, হি°তে তমাল তেন্দু।  
গাব গাছের তুল্য তবু-বিশেষ (Diospyros  
tomentosa)। গাবগাছ চিরঞ্জামল  
মধ্যমাকৃতি; পাতা ছই সারি, রোমহীন  
উজ্জল, প্রায় অয়ত। তমাল গাছের  
পাতা ঝরে। বহুল কৃষ্ণবর্ণ, কাটিয়া যায়।  
পুড়িবার সময় চড়্-চড়্ শব্দ করে (স°  
ক্ষুর্জক)। পাতা অশ্কাকার (তিল-  
পাতার মতন কিন্তু বড়)। কোমল পাতা  
ছই পিঠেই রোমশ, পাকা পাতা কেবল  
নীচের পিঠে রোমশ। তমাল গাছ কাটিয়া  
দিলে আবার গজায় এবং অরণ্যে যেখানে  
একটা জন্মে, সেখানে শিঃ হইতে অনেক  
গাছের উৎপত্তি হয়। (স° জীৱকজুম)।  
পাকা কাঠের সার কৃষ্ণবর্ণ, আবলুসতুল্য,  
কিন্তু প্রায়ই বৃদ্ধিবর্ণ রেখায়ুক্ত থাকে।  
(প্রকৃত আবলুস-গাছ দক্ষিণ-ভারতে  
বিশেষতঃ সিংহলে জন্মে; কেন্দুর কৃষ্ণবর্ণ

সারও আবলুন নামে প্রসিদ্ধ আছে। বিহার  
মধ্যভাগ হইতে বোম্বাই প্রদেশ গাঁব ও  
কেন্দুর দেশ বলা যাইতে পারে। পশ্চিম-  
বঙ্গের গ্রামেও দুই একটা গাঁব ও তমাল  
গাছ দেখিতে পাওয়া যায়। ওড়িশার  
অরণ্যে তমাল-গাছ কেন্দু নামে পরিচিত।  
বৃন্দাবনের তমাল=বা° তমাল, ও° কেন্দু।  
বা° গাঁব=ও° মাকড়া কেন্দু। অমর-  
কোষে তিন গাছের নাম পাওয়া যায়, যথা,  
তিন্দুক, কাকেন্দু বা কাকতিন্দুক, আর  
তমাল। তিন্দুক হইতে হি° তৈদ, কাকেন্দু  
হইতে ও° বা° কেন্দু। কিন্তু দেশীয়  
প্রচলিত নাম য° কোষের নাম হইতে ভিন্ন  
হইয়াছে। মেদিনী-কোষের তমাল নাম  
অমর-কোষের তিন্দুক ও তমাল বোধ হয়।  
অমরের কাকেন্দু, যে নাম হইতে বা° হি°  
ও° কেন্দু—বনগাঁব (Diospyros mon-  
tana) বোধ হয়। তিন্দুক ও তমাল-ফল  
মান্নবে খায়। কাকেন্দু-ফল তিক্ত, বোধ হয়  
কাকে খায়। বন-গাঁব গাছ বড় হয় না,  
ফলও ছোট। হি°তে ইহাকে বিষভেঙ্গু  
বলে। ইহার এক জাতের গায়ে কাঁটা  
থাকে। কালিদাসের তমালতালীবনরাজি-  
নীলা—তমাল কৃষ্ণবর্ণ, বোধ হয় দক্ষিণ-  
ভারতের গাঁব গাছ। দাম্পল দেখ।  
তদি...য. (আ° তদীহ্। তু° স° তুধ ধাতু  
পীড়নে, তধ ধাতু হিংসায়)। তর্জন,  
তর্কসর্গ।  
তর, তহ...য. (আ° ফা°। তু° স° তায়—  
বিভারে)। তাঁজ, প্রা°—কাপড় তর  
করা—তাঁজ বা পাট করা।  
তরনাতি...য. (আ° তায়নাতি)। বিশেষ

কাজের নিমিত্ত নিযুক্ত গ্রহণী। অমিনারের  
তরনাতি প্রজার নিকট খাজনা আদায় করে।  
তরফা...তায়ফা দেখ।  
তয়ার...য. (ফা° তইয়ার)। নির্মিত,  
প্রস্তুত। তয়ারী...য. নির্মিত, রচিত;  
শিক্ষিত। (তৈয়ার দেখ)।  
তর...ধাতু. (স° ত—তরণে)। তরি—উত্তীর্ণ  
হই, অতিক্রম করি, প্রা°—তরিলা সে দায়  
(ভাঃ)—সে দায় হইতে তরিলা। তরা।  
তরা...ধাতু. (তর ধাতু আন্তে)। তরানা।  
তর...প্রত্যয়. (স° তর। ফা°তেও তর প্রত্যয়  
আছে, যেমন তর-ব-তর)। (বা°তে)  
অতি অর্থে, প্রা°—থরতর থরা (কবিকঃ),  
দুইই প্রেম অতিতর (ভাঃ), নিকটে হরির  
ধর নহে অতি দুরতর (ভাঃ)। এইরূপ,  
গুয়তর, ক্ষীণতর, ঘোরতর, বহুতর। প্রা°—  
গাড়ী করে এনেছিল নৌকা বহুতর (ভাঃ)।  
তর...য. (আ° তরহ—মূর্তি, বৃত্তান্ত)। প্রকার,  
প্রা°—কেমন তর কথা—কেমন তর  
একার্থ, স্তুরতাং তর অনাবশ্যক গ্রা°। তু°  
কেমন ধারা কথা। বে-তর...য. বে-আড়া।  
তর-বে-তর...য. নানাবিধ।  
তরকারি...য. (ফা° তরকারী—কাঁচা শাগ-  
পাত। উর্দুতে প্রায়ই, মাংস। তু° স°  
তাপহরী—তহরী—ভাবপ্রকাশে—হলুদ ও  
বি দিয়া ভাজা মাষকগাহের বড়ী ও চাল  
জলে সিদ্ধ করিয়া পরে সৈশব আদা ও  
ছিঙ্গা মিশ্রিত করিলে যাহা হয়। তু° আ°  
তাহরী—হলুদ দিয়া রীধা ভাত)। রীধা  
বান্নন। তরি-তরকারি...য. (ফা° তর—  
কাঁচা, রসযুক্ত)। আ-রীধা শাগ-পাত।  
তর-তর...য. (স° তু° হইতে তারা—যাহা

আকাশে দীপ্তি বিকিরণ করে)। চিকণ  
 দীপ্তিতে, প্রঃ—তর তর তর চাঁদ-মণ্ডল(ভাঃ)।  
 তর-তরা, তর-তরিয়া...প. দীপ্তিশালী।  
 তর-তর...বা. (সং স্বর বাতু বেগে)। বেগে,  
 তুং তগমনে, প্রঃ—চারি দিকে তরঙ্গ জলোঃ  
 তরতরী (ভাঃ)—বেগে ধাবন; তর-তর,  
 তর-তর কাজ করা। তর-তরা, তর-তরিয়া,  
 তর-তরিয়া...প. (তর-তর+আ, ইয়া)  
 বেগে কার্যকারী, ক্ষিপ্ৰহস্ত, বাগ্র।  
 তরফ...যা. (আঃ)। দিকে, পক্ষে। তরফদার  
 ...যা. (পূর্বকালে) তালুকদারের নিকট  
 হইতে রাজস্ব-আদায়কারী; চিরস্থায়ী বন্দ  
 বস্তের পর তালুকদার। ইহা হইতে, উপাধি  
 বিশেষ। এক-তরফা...প. এক পক্ষীয়  
 (আদাঃ)। বর-তরফ...প. বহিষ্কৃত।  
 তরমুজ...যা. (সং তরমুজ। ফাং তরমুজ। ওং  
 তরমুজ)। কুম্ভাঙ্গাদি-বর্গের প্রসিদ্ধ  
 জলময় স্ফুট ফলবিশেষ (water melon.  
 Citrullus vulgaris)। ফল মাছের  
 মাথার মতন প্রায় গোলা, চিকণ, পাকিলে  
 হরিতবর্ণ থাকে।  
 তরশু...যা. (সং তৃতীয় স্বঃ)। তৃতীয় দিবসে।  
 তরস্ত (গ্রাঃ)...প. (সং তরস্ত—ভীত। সং  
 তরসী—সূতগামী)। ত্রুস্ত।  
 তরা...তর বাতু দেখ।  
 তরাই...যা. (হিঃ। সং তলদেশ)। পর্বতের  
 তলদেশ।  
 তরাঙ্ক...যা. (ফাং। তুং সং নারীচী, যথা,  
 নারীচৌষণিকার্যাং—নেঃ। ওং তরাঙ্ক,  
 তেবুগু ত্রাস্ত—ফাং হইতে?)। দাঁড়ী-পালা,  
 তুলা, প্রঃ—দরিককে ধন দেন তরাঙ্ক  
 ধরিয়া (শুং পুঃ)—শুং-পুরাণে কয়েকটি

যাবনিক শব্দ আছে। তরাঙ্ক—কবি-  
 কঙ্কণেও আছে। (অপ্রচলঃ)।  
 তরাল (গ্রাঃ)...যা. (সং তররারি—তরআলি  
 —তরআল—তরাল। তুং দারদার—দর  
 আন—দরান গ্রাঃ)। তরবারি।  
 তরাস...যা. (সং ত্রাস। তুং ফাং তরস)। ত্রাস,  
 প্রঃ—প্রভু থাকেন তরাসে (তৈঃ চঃ),  
 মরিলে পূর্কের কথা, মরি মা, তরাসে  
 (মেঘনাদবধে)। তরাসিয়া...প. (তরাস+  
 ইয়া)। যে আছে ত্রাস পায়। ভয়-তরাসিয়া  
 ...প. ভয়ে ত্রস্ত। (বিপরীত, ডাং-পিটা,  
 ডাকা-বুকা)।  
 তরি-তরকারি...তরকারি দেখ।  
 তরিবৎ...যা. (আঃ তরীবৎ)। শিকা,  
 আচরণ।  
 তরুই...যা. (হিঃ। তরুতে চড়ে বলিয়া?)।  
 গরোল দেখ। এক নাম ধুলুল আছে।  
 তরুলতা...যা. (সং নাম কামলতা)। কলসী-  
 আদি বর্গের উদ্যানজাত বর্ষায়ুঃ রোহিণী-  
 বিশেষ (Quamoclit pinnata)। পাতা  
 বিচ্ছিন্ন, ফুল রক্তবর্ণ। তরুতে আরোহণ করে  
 বলিয়া বাং নাম তরুলতা। এই লতা দিরা  
 কুঞ্জ রচিত হইতে পারে বলিয়া ওং নাম  
 কুঞ্জলতা। বড় তরুলতা...যা. বহু পল-  
 বিশেষ (Quamoclit phoenicea)।  
 পাতা পানের মতন ও বড় বড়। ফুল তরু-  
 লতার মতন।  
 তরে...বা. (সং ত বাতু তরণ, অতিক্রমণ  
 হইতে। তুং ওং পাই—পাইবার নিমিত্ত;  
 হিং লিয়ে—লইবার নিমিত্ত; মং করিতাং  
 —করিবার নিমিত্ত। চারি ভাষার চারি  
 শব্দ)। নিমিত্তে, জন্তে, প্রঃ—শিশু কানে

গুণনের তরে (কবিকঃ); গিয়াছিলে যোর  
তরে কত ধন লয়ে (ভাঃ)।

তরোয়াল...যা. (সং তরবারি, তরহাল)।  
তরবারি, ঋতুগ।

তর্ক...যা. (সং)। বাদাম্ববাদ। তর্কবিতর্ক...  
যা. (সং। সহচর শব্দ)। তর্ক, সন্দেহ-  
প্রকাশ।

তর্জন...যা. (সং)। ভয়-প্রদর্শন। তর্জন-গর্জন  
...যা. (সং। সহচর শব্দ)। ভয়-প্রদর্শন।

তর্জমা...যা. (আং)। অহুবাদ, ভাবান্তর।

তর্জা...যা. (আং কাং তরজীবন্দ—যে শ্লোকের  
একটা চরণ পরে পরে আসে—হইতে?)।  
শ্লোকবিশেষ, প্রাঃ—আচার্য্য তর্জা পড়ে  
কেহ বুঝিতে না পারে (চৈঃ চঃ);  
কবিগানবিশেষ। নিয়ন্ত্রণী লোকের প্রিয়।  
তর্জায় চোল বাজে।

তর্জিব...যা. (আং)। কুম, একোত্তর-সংখ্যা।  
তর্জিব-ওয়ারি, তর্জিব-আরি...ণ (কাং  
হারি)। সংখ্যাগত। তর্জিবী নম্বর... (ইং  
number)। সংখ্যাগত।

তর্জিম...যা. (আং তর্জীন)। সংশোধন।  
(আদাঃ)।

তল...যা. (সং)। পৃষ্ঠ, নিম্নতল, নিম্নদেশ।  
(তলা দেখ)।

তলহার...যা. (সং তলহার)। ঋতুগ।

তলতল...যা. (সং তল তল গতিতে)।  
টিপিলে তলে—নিরে গতিতে; প্রাঃ—পাক।  
কাম তলতল করে, পাতলা পিতল বাটীতে  
তল—টোল—পড়ে। তলতলা, তলতলিয়া  
...ণ. তলতল করে বাহা। তুলতুল...যা.  
কোমল ক্ষুদ্র বস্তুর তলতল ভাবে। তুল-  
তুলা, তুলতুলিয়া...ণ. তুলতুল করে বাহা।

তলব...যা. (আং)। আছান, বেগ; বেতন,  
প্রাঃ—কাছারীতে তলব; মাসে দশটাকা  
করিয়া তলব পায়। তলবানা...যা. প্রতি  
আছানে দেয় অর্থ (ক্ৰমিঃ); তলব কবিবার  
বায়।

তলা...যা. (সং তল)। পৃষ্ঠ, প্রাঃ—হাতের  
তলা; নিয়ন্ত্রণেশ, প্রাঃ—পায়ের তলা,  
জুতার তলা; প্রতিষ্ঠা, প্রাঃ—এক-তলা,  
দু-তলা, তে-তলা বাড়ী; বীজবপন-ক্ষেত্র,  
প্রাঃ—ধানের তলা করা, (তন্ত্রার্থে তলা);  
অট্টালিকা, বৃক্ষাদির আধারস্থান, প্রাঃ—  
শিব-তলা, গাজন-তলা, বট-তলা।...ধাতু  
তলাই—তলে গিয়া পড়ি, প্রাঃ—ঘটা আর  
পাবে না, তলাইয়া গিয়াছে। তলানা।  
তলানি...যা. (তল+পানি)। তলের জল,  
আবিল জল। তলা-চৌআ...হাঁড়ীতে রস  
না থাকিলে ব্যন্ন বেমন চুইয়া যায়,  
গৃহস্থের অর্থরূপ রস না থাকিলে সে  
তেমন তলা-চৌআ—নির্ধন। তলা-রসা...  
ণ. তলা-চৌআর বিপরীত, সধন।

তলাঅ...যা. (হিং। সং তলাক)। পুষ্করিণী।

তলাই...তলাই দেখ।

তলাক...তলাক দেখ।

তলাশ...তলাশ দেখ।

তলী...যা. (সং তল+ঈ)। তল, তলা দেখ।  
আধোদেশ, সংলগ্ন দেশ, প্রাঃ—সহর-তলী।  
তৌলা দেখ।

তল্লী...যা. (সং তল্ল—শব্দ)। শব্দাদি,  
বহাদির বস্তা। তল্লীদার...যা. (দার কাং)।  
তল্লী-বাহক। তল্লী-তল্লা... (তল্লা—উপচয়  
শব্দ)। তল্লী বোচকা প্রকৃতি।

তল্লাট...যা. (তল+লাট=তল্লাট)। সে

প্রদেশ, প্রাঃ—সে তলাটে দেখা যায় না—  
সে প্রদেশে।

তলাশ, তলাস...ব্য. (তুর্কী তলাশ)। অন্ন-  
সংধান। ...ব্য. তলাশি—অন্নসংধান করি,  
প্রাঃ—তলাশিয়া দেখিব, তলাসি (ভাঃ)।  
তলাশা, তলাসা ॥

তষ্টি-রাম...ব্য. (সং তুষ্টি হইতে ? যে অল্পেই  
তুষ্ট হয়, বস্তুর তঃ হয় না)। শীল্যাদিতে  
আচার্য ব্রাহ্মণাদি বাহারা যোগ্য দানের  
নিমিত্ত বসিয়া থাকে, সময়ে সময়ে  
ঘটা বাজাইয়া দান প্রার্থনা করে। (রাম  
দেখ)। উপহার, তষ্টিরামের মত বসিয়া  
থাকা—বতর্গণ না পায়, ভতর্গণ না উঠা।  
তষ্টিয়া...ব্য. তষ্টিরামের তুল্য নির্বংশীল, না-  
চোড়।

তন্দিক...ব্য. (আ° তন্দীক)। সত্য প্রমাণ,  
মিলান (আদ্যঃ)।

তন্দী...ব্য. (আ°)। জগমালা (ভাঃ)।

তন্দীর...ব্য. (আ°)। চিত্রপট।

তন্দর...ব্য. (সং তন্দর। সং তন্দরঃ—স্বজ-  
বেঠনম্—অঃ। কোশেয়ং পটাশ্বরং তন্দর-  
বরুণ—অবপ্রকাশে)। আরণ্য কোষ-  
কীটের গুটির হৃদয়।

তন্দরূপ...ব্য. (আ° তন্দরূপ)। ক্ষতি।

তন্দলা...ব্য. ( ? তু° উর্দু তন্দলা—যে পিতল  
খালির মরদা খাসা হয়, খাসা-খাসা ? আ°  
তন্দলমূল—মূল হইতে ?)। নালী, ফুকর,  
প্রাঃ—জল-তন্দলা ; হুড়কা বা খীল, প্রাঃ—

লোহার কপাটে তার তাম্বের তন্দলা (মাঃ)।

তন্দুলিম...ব্য. (আ° তন্দুলীম)। বন্দনা,  
সস্তায়ণ।

তন্দ্র...সর্বনাম. (সং তন্দ্র শব্দের সম্বন্ধ পদ)।

তাহার, প্রাঃ—শ্রীনাথ-দাস তন্ত্র পত্নী রাম  
মণি (প্রায়ই দলিলপত্রে। তু° কন্ত্র)।

তহ-ধরত...ব্য. (ফা°)। রাজে ধরত (?)

তহথানা...ব্য. (ফা°) মাতীর নৌচের ঘর।

তহবিল (আ° তহবিল, তহবিল)...ব্য. (আ°  
তহবীল)। কোষ, মজুত টাকা। তহবিল-  
দার...ব্য. কোষরক্ষক। তহবিলদারি—  
ব্য. কোষরক্ষকের কর্ম।

তহরির...ব্য. (আ° তহরীর)। লেখন, অল্পের  
নিমিত্ত লেখন-বেতন (আদ্যঃ)।

তহসিল (গ্রা° তহসীল)...ব্য. (আ° তহসীল)।

আদায়। তহসিলদার...ব্য. যে খাজনা  
আদায় করে। তহসিলদারি...ব্য. তহসিল-  
দারের কর্ম। খাস তহসিল...সরকারের  
রাজস্ব আদায়।

তহি...ব্য. (সং তহি হি)। সেখানে, প্রাঃ—  
কাহু তহি উপনীত (জ্ঞানদাস)।

তহ্ন...সর্বনাম. (সং তহ্ন)। তাহাতে (প্রাচীন  
পদে)।

তা...সর্বনাম. (সং তহ্)। তাহা, সে, প্রাঃ  
—তাকে বলিবে; তা কি করিব।...ব্য.  
(সং তহঃ)। বাক্য-উপস্থানে, প্রাঃ—তা,  
কি করিবে, যা হবার হয়েছে। তা-ই...সং  
তহ হি)। সে-ই, তাহা। তা ছাড়া...তহ-  
বাতীত। সকল তা...সকল কাজ, প্রাঃ—  
সকল তাতেই বাধা। তাই ত...সেই তবে,  
সেই বটে, (বাক্যউপস্থানে)।

তা...ব্য. (সং তার)। তার, তার-মোড়া, প্রাঃ—  
গৌফে তা দেওয়া—গৌফের প্রান্ত মুড়িয়া  
তারের মতন করা; প্রাঃ—গৌফে দেয় তার  
(কবিকঃ), অচ্ছত্র, গৌফে তোলা, চাড়া ;  
গৌরবে গঞ্জিরা কয় গৌফে দেয় তার (মাঃ)।

তা...যা. (সং তাপ)। তাপ। জিমে তা দেওয়া—পাখা ঘারা আবরণ করিয়া আবশ্যক তাপে রাখা (তুং ওং ডিম উয়েইবা—উন্ন করা)।

তা...যা. (আং তথতা, তা)। পট্টাকার ধন্ত, প্রাঃ—এক তা কাগজ।

তা...সর্বনাম. (তা দেখ)। মাত্র ব্যক্তি সম্বন্ধে বসে। তাঁর, তাহার, তাঁহার... সম্বন্ধপদ; তাঁকে, তাহাকে তাঁহাকে... কর্মপদ।

তাং...যা. (তারীখ শব্দের সংক্ষেপে)। তারিখ, প্রাঃ—সন ১৩২০ সাল, জাং ৭ বৈশাখ।

তা-ই...তা দেখ।...যা. (প্রাচীন বাং তেঞ্জি, টেই)। সেই হেতু।

তাই...যা. (সং তাপ হইতে। তুং সং তাপ—হিং তাই)। চেপটা কটাহসদৃশ ছোট হাঁড়ী।

তাই-তাই...যা. (সং তালি, করতালি হইতে তাই)। শিশুর করতালি-শব্দে।

তাইং...যা. (আং তাইন—সাহাবা)। সাহাবা, সেবা, প্রাঃ—শরীরের তাইং করা।

তাইন...যা. (আং)। প্রমাণপত্র। তাইন-নবিস...যা. (নবিস দেখ)। তাইন-লেখক।

তাইন-নবিস...যা. তাইন-লেখকের কাজ।

তাইন (গ্রাং)...যা. (ইং time)। সময়।

তাইস...যা. (আং তাসীর)। প্রভাব, ফল, শান্তি (টেকটাদ)। (অপ্রচলঃ)।

তাউই, তাউই...যা. (সং তাউগু—সুজ্জ তাউ)। তুং হিং তাউ—জোঁঠা, সং তাত)। তাই কিংবা বইনের শব্দ (প্রবোধচক্রিকা)।

তাউস...যা. (আং)। ময়ূর, প্রাঃ—তথত-তাউস—ময়ূর সিংহাসন; ময়ূরনুশা এযতাত

(সং নাম মায়ূরী)।

তাওয়া...যা. (সং তথুক—ভাবপ্রকাশে)। তাপ দিবার লোহার চটকা পাত্র, ভাজন। ...ধাতু. তাওয়াই—তাপ করি, তপ্ত করি, প্রাঃ—তায় জাঁতা (মাঃ)—কামারের ভ্রাতা ঘারা আদুন করে। তাওয়ানা।

তাক...যা. (সং তর্ক ধাতু দীপ্তিতে জানে)।

সং তিক তিগ, তিঘ ধাতু বাতে; তুং মরণ তেকে—টেকে বসিয়া আছে। বাং তিক,

তিগ, তাক করা—শর নিক্ষেপকালে বধোর প্রতি স্মিরদৃষ্টি হওয়া—তাকানা। তুং ওং

তিখ, লাথ (সং লক্ষ্য); হিং তাক, টক—দৃষ্টি; মং টুক—তীক্ষ্ণ দৃষ্টি, কৌশল (বাং

তুং)। অতএব বোধ হয়, সং তর্ক ধাতুর সহিত সং অল্প ধাতুর অর্থ মিশিয়াছে)।

আবন্দদৃষ্টি, লক্ষ্য, প্রাঃ—গাছের ডালে বসিয়া ডালে, তাক করে একদিকে (চঙীঃ)

—ডালে ভাল বসিয়া একদিকে লক্ষ্য করে; স্থবোগ, প্রাঃ—তাক বহিতে দেওয়া।

তাকা...ধাতু. (সং তর্ক শব্দ হইতে)। আধুনিক। হিং হইতে)। তাকাই—

বিতর্ক করি, আবন্দদৃষ্টি হই, মনোবোগ করিয়া দেখি। তাকানা। তাক-বাগ...

যা. (প্রায় সহচর শব্দ)। তাক বা তিক—

একদৃষ্টিতে অবলোকন বা সংধান, বাগ—

সং বলগা—আয়ত্তি। তাক মাকিক... (মাকিক দেখ)। লক্ষ্য অল্পসারে, তিক সময়ে।

তাক...যা. (উদুং তুং বাং বাক)।

তাক...যা. (আং)। অধিতীয়, আশ্চর্য, প্রাঃ—দেখিয়া তাক লাগা।

তাকং...যা. (আং)। শারীরিক শক্তি।

- তাক তহি...যা. (তাকৎ হইতে তাকৎ কিন্তু তহিৎ)। পার্যীয় স্বাস্থ্যবিষয়ে মনোবোগ।
- তাকাবি...যা. (আ° তকাবী)। কুম্বিয়াদি-কুর নিমিত্ত কুবককে টাকা দান।
- তাকিদ...যা. (আ°)। স্মারক, আদেশ, বলপ্রয়োগ।
- তাকিরা...যা. (কা° তকিরা। ও° তকিরা, হি° তকিরা, ম° তকা)। ঠেস দিবার মোটা বালিশ। (চণ্ডীদাসে ঠেসনা বালিশ)।
- তাকুড়...যা. (স° তর্কু, তকুটী)। সূতা কাটিবার লৌহ কিংবা বংশশলা। এই শলার নিম্ন প্রান্তে ভারী চাকতি (তর্কু-পীঠ), কিংবা বাটুল (তর্কু-পিণ্ড) থাকে, উপর প্রান্তে নাকী (নাসিকা) থাকে। চাকায় সূত্ম সূত্র তাকুড় দিয়া কাটা হইত। তাকুড়ের পর চরকা উদ্ভাবিত হইয়াছিল। চরকার টাকুয়া ফলে তাকুড় মাত্র।
- তাকুৎ (প্রা°)...যা. (আ° তাকৎ হইতে)। নিয়ম-পালন, স্বাস্থ্যরক্ষার নিয়ম-পালন।
- তাগা...যা. (স° তগুৎ। চাকার টাগা—বুন্সি। ধাকা দেখ। হি° তগা, ধাগা)। ডোর, ঠাকুরের নামে বাহুতে সূত্র (তাগা বাঁধা, পরা, ধারণ। অভিপ্রায়, আপনাকে সে ঠাকুরের কাছে ডোর দিয়া বাঁধিয়া লঁখা)। স্বর্গাদি ধাতুর বাহুবলয়, অনন্ত। প্রা°—কোথা বাঁধবিরে তাগা শিরে সর্পাঘাত (রামপ্রসাদের বিদ্যাসুন্দর)। দৃষ্টান্তে, শিরে বখন সর্পাঘাত, তাগা দিবে কোথা—পায়ে সর্পাঘাত হইলে পায়ের উপরে তাগা বাঁধা হয়, নতুবা কৃৎপিণ্ডে বিষ চলিয়া যায়। শিরে সর্পাঘাত হইলে তাগা বাঁধিবার স্থান পাওয়া যায় না, বিদ্যুৎ সহজে মস্তিষ্কে সংকলিত হয়। ইহা হইতে বিষম বিপদ।
- তাগাড়...যা. (তুকী তগার)। বে গর্তে চুন-শুরকি মিশানা হয়।
- তাগাদা...যা. (আ° তকাঙ্গা, —জ্ঞ স্থানে দ)। পুনঃ পুনঃ প্রার্থনা। (তাকিদ দেখ)।
- তাগী...যা. (স° তগুৎ হইতে)। তাগা—সূতার মতন সরু বলিয়া?। সরু বাটালী। (২) মাছ ধরিবার সূতা (নদীয়ায় তগী)।
- তাগিদ...তাকিদ দেখ।
- তাগুড়া, তাগড়া...ধাতু. (স° তাজ্জাটং শিকাজেদে—মেঃ। ম° তাগুড় ধাতু পায়ে বাঁধা। আমা° তাগুড় ধাতু উৎকর্ষ করা)। তাগুড়াই—শিকাতে বাঁধি, গুণে পুরি; প্রা°—এত চাল এই গুণে তাগুড়াইবে না—ধরিবে না। তাগুড়ানি।
- তাচ্ছা, তাচ্ছিয়া...যা. (স° তুচ্ছ হইতে)। তু° তুচ্ছ-তাচ্ছা, যেমন তুর্ক-তাক। কিন্তু এই রূপে তুচ্ছ-তাচ্ছ হয়। বোধ হইতেছে, তুচ্ছ তাচ্ছ শব্দ প্রায়ে প্রচলিত)। অরজা। (তাচ্ছা—প্রবোধিকার)।
- তাজ...যা. (আ°)। উচ্চ মুকুট।
- তাজা...গ. (ফা°)। সজীব, নূতন, টাটকা।
- তাজিয়া...যা. (আ°)। করবালা নামক স্থানে হাসন-কোসেনের যে কবর আছে, তাহার প্রতিমা। মহরমের সময় শিরা মুসলমান তাজিয়া করিয়া থাকে।
- তাজী...যা. (ফা°)। আরবদেশীয় অধবিশেষ।
- তাজব...যা. (আ° তাজব)। আশ্চর্য-জনক, বিস্ময়কর, প্রা°—তাজব ব্যাপার।

তাঞ্জাম...যা. (উদ্‌ তাম খাম)। ছই বাহকের  
যানবিশেষ, বরের সোলাবিশেষ।

তাড়, তাড়-দালা...যা. (সং তাটজক)। হাতের  
অলঙ্কারবিশেষ (অধুনা অপ্ৰচলিত),  
প্রাঃ—সোনার নূপুর তাড়বালা (জান-  
দাস)।

তাড়...ধাতু. (সং তড় ধাতু তাড়ন, আঘাতে)।  
তাড়ি—তাড়ন করি, বিদারণ করি, প্রাঃ—  
গলা তাড়া, মাটি তাড়া। তাড়া। তাড়া...  
ধাতু. (তাড় ধাতু আন্তে)। তাড়ানা।  
তাড়ানিয়া, তাড়ান্তে...ৎ. (তাড়ানা+ইয়া)।  
যাঘাতে তাড়িত করে, অপ্ৰিয়, প্রাঃ—তাঃ  
কথা। তাড়া-হুড়া...যা. (হুড় ধাতু দেখ)।  
সহচর শব্দ)। তাড়ন। তাড়া-কোড়া...যা.  
বিদারণ ও উদ্ভেদন (সহচর শব্দ)। তাড়া-  
তুড়ি...যা. (তুড় ধাতু দেখ)। সহচর শব্দ)।  
তাড়না।

তাড়া-তাড়ি...যা. (সং দ্বরা-দ্বরি। হি° তুরস্ব।  
ন° তাড়াহুড়ী, তাড়া-তোড়ী)। সত্বর।  
তাড়া...যা. (সং তাল হইতে। অজুর্গ হইতে  
মধ্যমাজুলি পরিমাণ—এক তাল)। গোছা,  
(হালি দেখ)। তাড়ী...যা. (তাড়া+ঈ)।  
ছোট তাড়া; তালপাতা কাগজ প্রভৃতির  
বলয়।

তাড়ী...যা. (সং তালকী, তালী—তালী)  
তালগাছের মাদকরস, বৃক্ষাদির মাদকরস,  
প্রাঃ—খেজুর-তাড়ী।

তাড়ু...যা. (সং তড়ু—দ্যাহুহুতক—হেমঃ)।  
কাঠের হাত।

তাত...যা. (সং তপ্ত)। তাপ। তাতা...ৎ.  
(তাত+আ)। তপ্ত। তাতা আখুন...এত  
তপ্ত যেন অগ্নি বোধ হয়। তাত-বাত...যা.

(প্রতিচর শব্দ)। গ্রীষ্ম ও শীত। তাত-দসা  
...ৎ. তাপ ও রসযুক্ত, একবারে শুষ্ক নহে।  
তাত সর ত বাত সর না—গ্রীষ্ম সহে, শীত  
সহে না। তাত...ধাতু. তাতি—তপ্ত হই  
তাত। তাতা-পোড়া...তপ্ত ও দগ্ধ  
তাতা...ধাতু. (তাত ধাতু আন্তে)। তাতানা।

তীত...যা. (সং তন্ন)। বস্ত্রবাসন-বস্ত্র। দেশী  
তীত...দেশীয় তীত ঘাহাতে হাত দিয়া  
মাকু ঠেলিতে হয়। ঠক্-ঠকি তীত...ঠক্-  
ঠকি নাম অরদিনের (এই কোবকারের  
রচিত)। গ্রামে বলে, কলের তীত। কাপড়  
বুনিবার সময় ঠক্-ঠক শব্দ হয় বলিয়া;  
কিংবা মাকুকে মোচা ঠুকিতে থাকে বলিয়া।  
এই তীত বঙ্গদেশের হুগলী জেলায়,  
বিশেষতঃ শ্রীরামপুরে প্রায় ছই শত বৎসর  
হইতে প্রচলিত আছে। মাকু ঠেলিবার  
উপায়টি বিলাতে আবিষ্কৃত। মেলা তীত...  
যে তীতে লম্বা থান বোনা যাইতে পারে।  
এ নিমিত্ত শ্রীমতের বাহির নরাজ কাঠির হয়।  
কাঠি দোড়ী দিয়া টানা থাকে। তীত-বর...  
—তন্তু-শালি, যে ঘরে তীত বোনা হয়।  
তীত বোনা—তীতে কাপড় বোনা। তাতী  
...যা. (সং তাতী)। যে তীতে কাপড়  
বোনে; জাতিবিশেষ। জী° তাতিনী।  
তীতের অঞ্জলি—(১) নরাজ—যে মোটা  
বেলনে বুনিবার সূতা গুড়ানা থাকে; (ক)  
বাহির-নরাজ—যে নরাজে টানার সূতা,  
(খ) কোল নরাজ—যে নরাজে বোনা  
কাপড় গুড়ানা হয়। (২) শানা—যে সরু  
শলার—'বাকের' ভিতর দিয়া টানার সূতা  
(জোড়া জোড়া) পরানা থাকে। ইহা  
ধারা থাই জোড়া ঠিক থাকে। শানা গাথা

—শানার ভিতর দিয়া সূতা পরান। (৩) ব—বে সূত্রময় কাশের ভিতর টানার সূতা একটা একটা করিয়া খুলিতে থাকে। ব তোলা—ব-এব ভিতর দিয়া সূতা পরান। (৪) নাচনী পাখী—বার ছই প্রান্ত হইতে ব খুলানা থাকে। তাঁত বুনবার সময় উপর নীচে উঠিতে নামিতে থাকে বলিয়া নাচনী, পক্ষীর আকার বলিয়া পাখী। (৫) টিপন-দাঁড়া—ব উঠা-নামা করহিতে নীচের যে দস্ত পা দিয়া টিপিতে হয়। (৬) দক্তি—যে কাঠের উপর দিয়া মাকু বাগায়ত করে। (৭) মাকু—যাহার ভিতরে নলীতে পড়িয়ানের সূতা গুড়ানা থাকে। (৮) মেচা—ঠক-ঠকি তাঁতের মাকুকে আঘাত করিয়া এ পাশ হইতে ও পাশে চলাইয়া দেয়। (৯) মতি কাটা—যে পাতলা বাথারি দ্বারা তাঁতে বোনা কাপড় বিস্তৃত করিয়া রাখা হয়। তাঁত, তাঁত...যা. (সং তন্ত্র, তন্ত্র)। ছাগাদির অল্প-তন্ত্র। তান...যা. (সং তান—বিস্তার, গীতাঙ্গ-বিশেষ)। গীতের স্বরবিস্তার। গ্রাম্য জন 'তান ধর'কে 'রাগিণী টানা'ও বলে। গ্রাম্য যাত্রার তারস্বরে রাগিণীর রূপ-প্রদর্শন বা আলাপ করা—তান ধরা। ইহাকে কণ্ঠস্বর-যন্ত্রের পরং বা কর্তব্য বলা যাইতে পারে, এমন গীতের গাঙীর্ষ-রুক্ষি হয়। কিন্তু প্রায়ই বিফল যাত্রার বার্ষ প্রয়াস মনে হয়। তান না-কি উনপাশি কোটি আছে। তান-মান...যা. তান ও মান (মান দেখ)। গীতের স্বরবিস্তার ও স্বরপরিমাণ। তানা-না-না...গীতারস্বরে স্বর-বিস্তার। তানা-না-না করিয়া পরে গীত আরম্ভ হয়। এই ছেতু

তানা-না-না করিয়া কাজ সারা—প্রকৃত কাজে হাত না দেওয়া, অশক্তির কাজ করিয়া প্রকৃত কাজ অসম্পূর্ণ রাখ। তান-পুরা...যা. তান পূর্ণ করে রাখে বলিয়া নাম তানপুরা প—তন্ত্রী বস্ত্র-বিশেষ। অল্প নাম তমুরা, তাধুরা—তুধ—লাউ আছে বলিয়া তমুরা, তাধুরা; কিংবা তুধুর গম্বুর্ষ ঘাগা আবিষ্কৃত বলিয়া তমুরা, তাধুরা (তাধুরা দেখ)। তাধুরা হইতে অপভ্রংশে তানপুরা। তানিক (গ্রা°)...যা. (হি°। হি° তলাক, তক। সং স্বান-তক)। তু° হি° খানক—স্বান)। তক, পর্যন্ত। তাকতা...যা. (ফা°)। এক প্রকার পটবস্ত্র (বাফতা দেখ)। তাবৎ...যা. (সং)। তত, তত সময়, অবধি। যাবৎ-তাবৎ...যেমন-তেমন, প্রাঃ—যাবৎ তাবৎ করিয়া কাজ সারা। তাঁবা...যা. (সং তাম্র। সং গ্রা° তাধ। ও° তধা)। তাম্র বাতু; তাম্রনির্মিত বাহুবলয় (ধর্মপঞ্জিতের)। তাম্র দেখ। তাবিজ...যা. (আ° তরীজ)। বাহুবলয়-বিশেষ, কবচ। তাবী...যা. (সং তাম্র হইতে তাঁবা+ঈ)। তাম্রনির্মিত কুন্ড, তাম্রনির্মিত দস্তাধি-কালমাপক ঘট। তাবু...যা. (আ° তাধু)। পটবাস। (ই° tent)। তাবে, তাঁবে (গ্রা°)...যা. (আ° তাবে—ভূতা)। অধীনতা। তাবেদার...যা. অধীন ব্যক্তি। তাবেদারি...যা. আনুগত্য। তামড়ি...যা. (সং তাম্র)। তামবর্ণ উপ-রত্নবিশেষ (garnet)।

তামলী ..যা. (সং তাম্বলী, তাম্বলিক)। পান-  
বিক্রেতা জাতিবিশেষ। জ্বী\* তামলিনী।  
তামা, তাঁবা ..যা. (সং তাম্বা)। তাম, খাতু-  
বিশেষ. প্রঃ—রাজা তামা বারি করি  
(ভাঃ)। তামা তুলনী হাতে করা—(বোধ  
হয়) তাম্বকুন্ডের জল ও তুলসী হাতে করা।  
তাম্বকুন্ডে বিষ্ণুপূজার জল থাকে। হয় ত  
ধর্মঠাকুরের পূজক 'পঞ্জিতে'র তাম্ববলয়  
হইতে তামা-তুলনীর তামা। এই দুই  
হাতে নইরা দিবা গাণা—শপথ করা।  
তামাটয়া, তামাটা ..ণ. (তামা+টা—  
তামাটা—তাম্বা+ইয়া)। তাম্ববর্ণযুক্ত,  
ঈষৎ তাম্ববর্ণ।

তামাক ..তামুক দেখে।  
তামাম ..ণ. (আং তামাম)। সমুদায়, সম্পূর্ণ।  
তামাশা ..যা. (আং তামাশা—দৃশ্য, যাত্রা)।  
পরিহাস, আনন্দোৎসব। রঞ্জ-তামাশা,  
হাসি-তামাশা ..(সহচর শব্দ)। পরিহাস।  
(তামাশা অর্থে আনন্দোৎসব, বা যাত্রা—  
বাস্তব প্রচলিত নাই, উদ্ভূতে আছে)।  
তামিল ..যা. (আং তামিল)। অন্তর্ধান  
নিষ্পাদন, প্রঃ—হুকুম তামিল করা—  
আজ্ঞা পালন করা।

তামিল ..যা. (তামিল শব্দ)। মাজাজ ও  
দক্ষিণ-ভারতের লোকবিশেষ, সে লোকের  
ভাষা।

তামুক, তামাক ..যা. (পতু গীজেরা নাম আনে  
tabaco)। ইহা হইতে ওং হি\* মং উদ্ভূ  
তামুক। বাং তামুক। কৃতিঃ কবিকঃ  
প্রভৃতি হইতে এ পর্যন্ত তামুক শব্দ বঙ্গের  
সর্বত্র প্রচলিত আছে। শহরে ইদানী  
তামাক। আরও বিকৃত হইয়া তবাক।

অর্বাচীন সং তাম্বকুট। প্রায় পাঁচ শত  
বৎসর হইল, আমেরিকা হইতে ইয়ুরোপে  
তামুক আসিয়াছে। প্রায় চারি শত বৎসর  
হইল, এ দেশে পতু গীজেরা লোককে তামুক-  
খাওয়া শিখাইয়াছে। বিলাত হইতে  
তামুকের বীজ আনা হইয়া এ দেশে তামুকের  
চাষ করাইয়াছে। এ দেশে তামুক-গাছ  
বহু আকারে ছিল, কিন্তু কেহ তামুক-  
খাওয়া জানিত না। চরকাদি আয়ুর্বেদে  
ধূমপানের উল্লেখ আছে, কিন্তু তাহাতে  
তামুক নাই। ওংতে চলিত নাম ধুর্জা-  
পত্র। সং ধূমন্তিকি—ওং পিকা)।  
বজ্রনাড়ি বর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ (Ni-  
cotiana)। ইহার কয়েকটি জাতি  
আছে। কিন্তু কোন জাতি হইতে কোন  
জাতের উৎপত্তি হইয়াছে, তাহা অদ্যাপি  
অজ্ঞাত আছে। ভূরহুট, ভেলসা, মতিহারী,  
হিজলী প্রভৃতি জাতের নাম। ভূরহুট—  
হুগলী জেলার দামোদর নদের পাশে ভূরহুট  
(সং ভূরহুটে) পরগণা। এই স্থানে জাত  
তামুক—ভূরহুট তামুক দক্ষিণ রাঢ়ে  
প্রসিদ্ধ। ইহা নিকট। ভেলসা—নরম  
তামুক, হয়-ত বিলাতী হইতে নাম ভেল।  
হিজলী—উৎকৃষ্ট তামুক, হয়-ত হিজলিশ  
হইতে নাম। হিজলীর পর গুণে পুলা  
তামুক। বিবপাত—মতিহারীর নাম, অতি  
উৎকৃষ্ট তামুক। ভূরহুট—তামুক গাছের ডগের  
গাথা। ইহা বড় নয়, মিঠা নয়। গুড়  
মাখাইয়া পচাইয়া—ওড়ুক তামুক। অঘর  
—সুগন্ধ হইতে অঘরী তামুক (অঘরী  
দেখ)। তামুকপত্র—দোক্তা। দোক্তা  
চুণের সহিত পানে চর্বণ করা—দোক্তা

খাওয়া। গুড়ুক, অদ্রী তামুক—কলিকাতে আগুন-সাহায্যে ধূমে পরিবর্তিত করিয়া খাওয়া—তামুক খাওয়া। ধনিয়া মউরী প্রভৃতির সহিত শুক তামুক-পাতা চূর্ণ করিয়া—গুণ্ডী। পানের মশলা করিয়া গুণ্ডী চর্বিত হয়। তামুকখোর... (খোর দেখ)। তামুকে আসক্ত।

তাম্ব...য্য. (আ°)। তাঁবু, পটবাস, প্রাঃ—তাম্ব-বর (কবিকঃ)।

তাম্বুরা...য্য. (আ°)। তাম্বুরা নামক তরী-বহন।

তাম্বুলী...য্য. (স°)। পান-গুআ-বিকরী জাতি বিশেষ, তামলী।

তাম্বদাদ...য্য. (আ° তাম্বদাদ)। সন্ধ্যা, নির্দিষ্ট টাকার (জমিদারীঃ)। তাম্বদাদ জমা...নির্দিষ্ট জমার পরিমাণ। তাম্বদাদ-ভুক্ত...ৎ. (ভুক্ত—স°)। নির্দিষ্ট সন্ধ্যার অন্তর্গত (জমিদারীঃ)।

তাম্বদা...য্য. (আ°—দল)। নাচনীর দল, নাচনীর গীতবিশেষ।

তার...য্য. (স° তার)। ধাতুস্বত্র; সূত্রবৎ আকার, প্রাঃ—গুড় পাক করিলে ঘন হইয়া তার কাটে—আঙুল করিয়া তুলিলে স্বত্র কাটে; গোঁপে দেয় তার (কবিকঃ)—তা দেখ। তারের খবর...টেলিগ্রাফ। তার-কব...য্য. (ছি°)। যে টানিয়া সোনারূপার তার করে। তারকবি...য্য. কবিয়া—টানিয়া—বে সুর তার হয় তাহাতে নির্দিষ্ট অলঙ্কার। তার...য্য. (স°)। আশ্রয়, প্রাঃ—বায়নের তার। সূ-তার...ৎ. সূত্রার্থ।

তারপলিন...য্য. (ই° tarpaulin)। আল-ফাতরা-মাধান মোটা সূতার পাল।

তারপিন...য্য. (ই° turpentine)। সরল নামক গাছের তরল নির্যাস, বানিশে লাগে। তার...ধাতু. (স° তারি ধাতু)। তারি—পার করি, নিস্তার করি, প্রাঃ—অরিতে হবে মা তারা। তারা।

তারা...য্য. (স°)। আকাশের দীপ্তিশালী জ্যোতিষ্ক, প্রাঃ—ধ্রুব-তারা...ধ্রুব নামক তারা, যে তারা আকাশে নিশ্চল দেখায়; নক্ষত্রের এক এক জ্যোতিষ্ক, প্রাঃ—তিনটি তারার শ্রবণা নক্ষত্র; উকা, প্রাঃ—তারা ধসিয়া পড়ে; চক্ষুর কৃষ্ণবর্ণ মধ্যভাগ (pupil)। পুরাণে বৃহস্পতির ভাষা, রানায়ণে বাণির ভাষা, তন্ত্রে দ্বিতীয়া শক্তি। একতারা দেখা—রাত্রি আগমে নভো-মণ্ডলে একটা তারা দেখা। একতারা দেখিলে মঞ্জুল হয় না, বতকণ আত্ম তারা দেখা না যায়, ততক্ষণ আকাশ হইতে চক্ষু ফিরাইতে নাই (শব্দভরঃ দেখ)। তারা-হার...য্য. (স° তারা-হার)। বোধ হয় স° তার-হার শব্দের সহিত মিশিয়াছে। স° তার-হার—মুক্তাহার)। সোনার তারার মালা। তারা-চিহ্ন...য্য. শিখিবার সময় টীকা করিবার \* চিহ্ন।

তারা...ৎ. (স° তার)। উচ্চ স্বর। সুর দেখ।

তারিখ...য্য. (আ° তারিখ)। মাসের দিন। সন তারিখ...বৎসর ও মাসের দিন। (তারিখ গণিবার শব্দ—পহেলা, দোশরা, তেসরা, চৌঠা, পাঁচই (বা পাঁচই) ইত্যাদি, উনিশে ইত্যাদি)। কলানা তারিখ...অমুক দিন।

তারিক...য্য. (আ° তারীফ)। প্রশংসা।

তাল...য্য. (স°)। তালদিবর্গের দীর্ঘ তবু-

বিশেষ (The palmyra palm. Borassus flabellifer)। এক একটা গাছ ৬০-৭০ হাত উচ্চ হয়, কিন্তু ব্যাসে ১১ হাত থাকে। চৈত্রমাসে ফুল ধরে। ফলের ব্যাস অর্জুঁ হইতে মধ্যমাঞ্জুলি পর্যন্ত হয়। ভারতের সর্বত্র গাছ জন্মে, দক্ষিণভারতে অধিক। তাল-শাস...যা. (সং তাল-শস্ত)। অপক তালফলের কোমল শস্ত। তালাঙ্কুর, তাল-কুর...যা. (সং তালাঙ্কুর)। পাকা ফলের অঙ্কুরোদ্গমে লঘু শস্ত। তাল-কাঁড়ী...যা. তালগাছের কাণ্ডের সার (স্বক)। তালগাছের আঁতী... (সং অন্ন)। তালগাছের মধ্যস্থ অসার অংশ। তাল-বাথড়া...যা. (বাথড়া দেখ। ওং বাজা)। তালগাছের শূক পত্রের দীর্ঘ বোটা; অন্ন নাম উঁটা। তাল-বাঁড়া...যা. (সং বন্ধ—বন্ধ হইতে? ভুং ওং বন্ধ—গজা)। কোমল তালপাতার বোটার গোড়া বাহ্য গাছকে বেঁধন করিয়া থাকে। ইহার রস গোরুর রোগটিকিৎসায় লাগে। তালগাছের ডুঁড়া...তালগাছের পুং-পুষ্পমঞ্জী। চুল-চুলিয়া...যা. (চুল+ইয়া)। যে চামর দ্বারা তাল খেজুর প্রভৃতির মঞ্জরী আবৃত থাকে। তেঁআঁঠিয়া তাল...যে তালফলে তিনটা আঁঠি থাকে। তাল-পুকুর...যা. যে পুকুরিণীর পাড়ে তালগাছ আছে। সপ্ততাল বেধ...পর দ্বারা সাতটা তালগাছ ভেদ। সাত-তাল বহা—সাগরের লহরি উপরি উপরি সাতটা তালগাছের মতন উচ্চ হওয়া। তাল-কাছাড়া হওয়া—তালগাছ কাটিলে তাহা যেমন লম্বা হইয়া পড়িয়া যায়, কাছাড়া ধায়—তেমন

হওয়া। তাল পাকানা, তাল করা—তালফলের তুল্য পিঙ করা। তালকে তাল করা—তালবীজকে তালফল তুল্য বৃহৎ মনে করা, নগণ্যকে গণ্য করা। তাল...যা. (সং)। অর্জুঁ ও মধ্যমাঞ্জুলি পর্যন্ত পরিমাণ, (তাড়া, হালা দেখ)। করতল দ্বারা আঘাত। তাল ঠোকা—করতল দ্বারা বাহুর আঘাট। তাল...যা. (সং)। সঞ্জীতের কালকিয়ামান। সং-তে আছে, হর গৌরীর নৃত্য হইতে তালের উৎপত্তি। হর-নৃত্য—তান্ডব, গৌরী-নৃত্য—দান্য। তান্ডব ও লাসোর আদ্যবর্ণ হইতে তাল শব্দ। ছন্দ ব্যতীত নৃত্য হয় না; তাল দ্বারা কাল পরিমিত হইয়া ছন্দ প্রকাশিত হয়। গীত বাদ্য-নৃত্য—এই তিনের নাম সঞ্জীত (গীত অর্থে সঞ্জীত বলা ভুল)। সঞ্জীতের ছন্দ প্রকাশ করিতে কালপরিমাণের প্রয়োজন, কাল পরিমাণ করিতে তালের প্রয়োজন। কর-তালি কিংবা অন্ন আঘাত দ্বারা কাল জ্ঞাপিত হয়। ইহার নাম তাল দেওয়া বা তাল রাখা। তালের সমাপ্তি—সম। সমে আসিবার পূর্ববর্তী তিনবার আঘাত—তেহাই (সং ত্রিঘাত)। তালের মাত্রাহুসারে করতালি দ্বারা বিভাগ জানাইয়া শেষ বিভাগস্থানে কর-তালি না দেওয়া—ফাঁক (সং ফক—সদ্বীতদামোদরে)। আড়... (সং অরাল)। কুটিল। আড়া... (সং অর্ধ)। আদ। জলদ... (দেখ। সং দ্রুত)। দ্রুত। ঠা... (সং ঠিত, ধীর)। ধীরে ধীরে। টিনা... (সং মধ্য)। বিলম্বিত। ছুন... (সং দ্বিগুণ)। দ্বিগুণ দ্রুত। ফের... (সং প্রত্যাবর্তন)। তালের পুনরাবর্তন। পরং... (সং

প্রবন্ধ)। তালের অলঙ্কারবিশেষ। তাল-কানা...৭. বাদ্যের তাল বুঝিতে পারে না যে; তালের সমের ঘর বুঝিতে পারে না যে, লক্ষণায়, ঠিক সময়ে যে কথা কহিতে বা কাজ করিতে জানে না। তালমানজ্ঞান...তালের মাত্রাজ্ঞান। বে-তাল...তাল-হীন, তালের বহির্ভূত। [এখানে ৬রূপধন বন্দ্যোপাধ্যায়ের গ্রন্থ হইতে প্রচলিত তালের অবয়ব প্রদর্শিত হইতেছে। গানে পদ থাকে। কালপরিমাণ ব্যতীত পদ হয় না। বত কাণকে একক-স্বরূপ ধরা হয়, তাহা মাত্রা। মাত্রা-সমষ্টিতে পদ। অথবা, পদের গুরু লঘু উচ্চারণ কালের নাম মাত্রা। পুনঃ পুনঃ এক নিয়মে গুরু লঘু উচ্চারণবিশিষ্ট পদের নাম ছন্দ। গানের ছন্দের যে পদে প্রশ্বন বা বলতাস করিতে হয়, আঘাত দ্বারা তাহা প্রদর্শন করা তাল দেওয়ার উদ্দেশ্য। অধিক বলের সহিত উচ্চারণ স্থান—সম। তালের শেষ বা অবকাশ-স্থান—কীক। ছন্দের একবার পূর্ণ আবৃত্তি—ছন্দের এক ফের বা আওড়া (সং আবৃত্তি)। প্রচলিত তালে চারি পদ আছে। তিন পদে তালি বা আঘাত, একটাতে অনাঘাত বা ফাঁক দিতে হয়। দ্বিতীয় তালি—সম। তালের যে স্থানে আঘাত দিবার নিয়ম, ছন্দের সে স্থানে প্রশ্বন না থাকিলে—আড় (সং অরাল)। যে তালের প্রত্যেক পদকে চারি সমান অংশে ভাগ করিতে পারা যায়, তাহা চতুর্মাত্রিক তাল, যেমন কাওয়ালী। এরূপ তালে চারি চারি মাত্রা অন্তরে প্রশ্বন পড়ে। যে তালের প্রত্যেক পদকে তিন সমান অংশে ভাগ করিতে পারা যায়, তাহা

ত্রিমাত্রিক তাল, যেমন একতালা। এরূপ তালে তিন তিন মাত্রা অন্তরে প্রশ্বন পড়ে। যে তালের পদে মাত্রাসঙ্খ্যা অসমান, তাহা বিষমমাত্রিক, যেমন বং। এরূপ তালে অসমান মাত্রা অন্তরে প্রশ্বন পড়ে। বাঁয়া ও মৃদঙ্গ বাদ্যে তালের ছন্দ প্রকাশের নাম ঠেকা। ঠেকার এক ফেরের মধ্যে কণ্ঠে কিংবা যন্ত্রে দুই ফের হইলে দুই ঠেকা, চারি ফের হইলে চৌত্রন ঠেকা বলে। [তালের অবয়ব, সঙ্কেত—মাত্রা—১, গম—#, ফাঁক—°, পদ বিভাগ—।]

চতুর্মাত্রিক তাল—৪ পদ, ১৬ মাত্রা।

- (১) কাওয়ালী ১১১১\*১১১১১১১।
- (২) চিমা কাওয়ালী বা চিমা তেতলা  
১১১১১\*১১১১১১১১\*১১১১।  
(কাওয়ালীর দ্বিগুণ বিদ্যমিত।)
- (৩) তুংরী ১\*১১১১। (কাওয়ালীর অর্ধ।)
- (৪) ছেপকা ১\*১১১১\*১১১১।  
(কাহার্বী এইরূপ।)
- (৫) আড়া-ঠেকা ১১১১১১১১\*১১১১১১১১১\*১১।  
(এক পদ অর্ধ ভাগে বিভক্ত বলিয়া আড়া।)
- (৬) মধ্যমান ১১১১১১১১১১১১১১১১।  
১\*১১১১১১১১১১১১১১১১\*১১।  
(আড়াঠেকার দ্বিগুণ।)

ত্রিমাত্রিক তাল—৪ পদ, ১২ মাত্রা।

- (১) খেমটা ১\*১১১১১১১১\*১১১১১১১।
- (২) আড়া-খেমটা ১১১১১১১\*১১১১১১১১।
- (৩) একতালা ১\*১১১১১১১\*১১১১১১১।  
(খেমটাও এইরূপ।)



তালাক ..য্য. ( আ° তলাক )। (মুসলমানী ভাষায়) পতিপত্নীত্যাগ ( তালাক দেওয়া ) ; শপথ, তাল্লাক।

তালি ..য্য. ( স° করতালি )। করতালের আঘাত ; ছিন্ন বস্ত্রে বোজিত বস্ত্রখণ্ড ; কর্ণের বধিরতা। দৃষ্টান্তে,—এক হাতে তালি বাজে না—ছই পক্ষ নইলে কগহ হয় না।

তালিকা ..য্য. ( স° । আ° )। দ্রব্যনামপত্র, ফর্দ। ( স°তে তালিকা, তারিক শব্দের এই অর্থ )।

তালিম ..য্য. ( আ° তালীম )। শিক্ষা, প্রাঃ—যাত্রাদলের ছেলে তালিম করা।

তালী ..য্য. ( স° )। তালগাছের সদৃশ তরু-বিশেষ (The talipot palm, *Corypha umbraculifera*)। এই গাছ হঠাৎ দেখিলে তালগাছ বলিয়া মনে হয়। কিন্তু তালগাছ অপেক্ষা কিছু মোটা, পাতা বৃহৎ। ইহার ফুল একবার হয়, প্রায় চল্লিশ বৎসর বয়স হইলে। তার পর ফল পাকিলে গাছ মরিয়া যায়। ( এই কারণে, অমরকোষে, তৃণরাজ্যস্বয়ম্বালী,— তালী তৃণরাজ )। দক্ষিণভারতে অরণ্যে ইহার জন্মস্থান। বঙ্গদেশে ছুই একটা রোপিত হইয়া থাকে। ( কালিদাসের তমাগতালী-বনরাজিনীলা— দক্ষিণ দেশের বর্ণনা )।

তালীশপত্র ..য্য. ( স° )। হিমালয়ের দেবদারু-আদি বর্গের তরুবিশেষ ( The silver fir, *Abies webbiana* )। ( হিন্দুতে তালীশ-পত্র বে গাছ, বাংতে সে গাছ পানিয়াল, তেজপাত )।

তালুক ..য্য. ( আ° তআলুক )। ভূসম্পত্তি,—জমিদারের অধীনে গ্রামাদি অল্প ভূসম্পত্তি।

তালুকদার ..য্য. তালুকের স্বামী। তালুক-দারি ..য্য. তালুকদারের বৃত্তি। তালুক-মুলুক ..( প্রায় সহচর শব্দ )। গ্রামাদি ভূসম্পত্তি। তালুক করা—তালুক সম্পত্তি উপার্জন করা, তালুকদারি করা। পত্তনী তালুক ..( স° পত্তন )। বর্দ্ধমানের মহা-রাজার অধীনস্থ সম্পত্তি। ইহার স্বামী—পত্তনীদার। দর-পত্তনী তালুক ..পত্তনীদারের অধীনস্থ সম্পত্তি। সে-পত্তনী তালুক ..দর-পত্তনীদারের অধীনস্থ তালুক। মুকররী তালুক ..যে মহলের খাজনা নির্দিষ্ট বৎসরের নিমিত্ত নির্দিষ্ট থাকে। ইন্তেমদারী তালুক ..যে মহলের খাজনা বাড়ে না। চাকরান তালুক ..যে মহল পূর্বকালে সরকারী চাকরির বেতনস্বরূপ প্রদত্ত হইত।

তাল্লাক ..তালাক দেখ।

তাস ..য্য. ( আ° )। জরী ; মক্ষণ সূত্র। তাসের সূত্র—তাস কাগজে ( ৭ ) জড়ানা মক্ষণ সূত্র।

তাস ..য্য. ( আ° ৭ )। খেলিবার চিত্রিত কাগজখণ্ড। চিত্র চারিপ্রকার,—ইনুকাপন ( বোটা সহিত রক্তবর্ণ পান ), হরতন ( বোটাহীন রক্তবর্ণ পান ), চিড়িতন ( বিষ-পত্রের ছায়, ত্রিপর্ণ পাতা ), ব্লুইতন বা ব্লুহিতন ( রক্তবর্ণ তির্ক আয়ত )। এইরূপ চিত্রের নাম রঞ্জ। প্রত্যেক রঞ্জের ১০খানা করিয়া কাগজ বা তাস, বথা,—টেকা ( একা ১ ), ছুরী ( ২ ), তিরী ( ৩ ), চৌকা ( ৪ ), পঞ্জা ( ৫ ), ছকা ( ৬ ), সাতা ( ৭ ) আটা ( ৮ ), দহলা ( ৯ ), দহলা ( ১০ ), গোলাম ( গোলামের চিত্র, ১ ), বিবী ( বিবীর চিত্র, ২ ), সাহেব ( সাহেবের চিত্র, ৩ )। এক এক চিত্রের

সখ্যার নাম ফৌটা। অতএব চারি রঞ্জের কাগজ সখ্যায় ৫২ খানা, ফৌটার ৪×১৬। কিন্তু খেলিবার সময় ফৌটার সখ্যা অধিক ধরা হয়। দুই জনে খেলার নাম বিস্তী, দুই দুই জনে এক পক্ষ হইয়া চারি জনে খেলার নাম গ্রাবু (এই নাম তত চলিত নহে)। শেষোক্ত খেলা প্রসিদ্ধ। ইহাতে দুই তিরী চৌকা পঞ্জা ছক্কা বাদ দিয়া অবশিষ্ট ৪×৮=৩২ খান তাস লাগে। তাস...ধাতু। তালি—চারি রঞ্জের তাস মিশাই। তাসা। (ধাতু তাসা না হইয়া তাস। প্রয়োগবাহু্যে ৭ না, স° তন্ ধাতু উৎক্ষেপণে হইতে ৭ তু° ই° toss)। তাস কাটা—৩২ খানা তাস দুই ভাগ করিয়া খেলার একটা রঞ্জ প্রধান নির্বাচন করা। এই প্রধান রঞ্জের নাম তুরূপ (পতু° trunfo, ই° trump)। তখন অল্প রঞ্জ—বদ-রঞ্জ। তাস দেওয়া, বাঁটা—চারিজন খেলুআড়কে ৮ খানা করিয়া দেওয়া। ভেস্তা...প্রত্যেকের হাতে ৮ খানা করিয়া না আসা (ভুলে)। গ্রাবু খেলায় টেকার ১১, মহলার ১০, গোলামের ১, বিবীর ২, সাহেবের ০ ফৌটা ধরা হয়। কিন্তু, প্রধান রঞ্জ অর্থাৎ তুরূপের মহলার ফৌটা ১৪, গোলামের ফৌটা ২০ ধরা হয়। এই রূপে ৩×২৭+১×৬০=১৪১ ফৌটা। ইহা ছাড়া, খেলিতে খেলিতে যে পক্ষের শেষ পিট হয়, সে পক্ষ “হাতের পাচ” অতিরিক্ত ৫ ফৌটা পায়। সুতরাং মোট ফৌটা ১৪৬=৭ কুড়ি ৬ ফৌটা। তাস পেটা—তাস দ্বারা ভূমিতে আঘাত করা। ইহা হইতে চারি জনের প্রদত্ত বা পেটা

তাস একত্রে এক ‘পিট’ হয়। যে পক্ষের ফৌটা দুই কুড়ি সাতের কম হয়, সে পক্ষ হারে। হারিলে বিপক্ষ একখান তাস ধরে (অ-খেলা তাস উপড় করিয়া হারি গণে)। এক পক্ষের তাসে তুরূপের সাহেব বিবী আসিলে “ইস্তক” হয়। ইস্তক আসিলে অল্প পক্ষকে অন্ততঃ তিন কুড়ি ফৌটা সংগ্রহ করিতে হয়। করিতে না পারিলে সে পক্ষের হারি হয়। এক পক্ষের হাতে এক রঞ্জের তিনখানো তাস পরে পরে আসিলে “বিস্তী” হয়। বিস্তী হইলে অল্প পক্ষকে অন্ততঃ (২ কুড়ি ৭)+১ কুড়ি=৩ কুড়ি ৭ ফৌটা দেখাইতে হয়। কুড়ি অধিক বলিয়া বিস্তী নাম (পতু° vinte। স° বিংশতি)। এক রঞ্জের চারিখানা তাস পরে পরে আসিলে “পঞ্চাশ”। যে পক্ষ পঞ্চাশ পায়, সে পক্ষ পঞ্চাশ ফৌটা সংগ্রহ করিতে পারিলে জয়ী হয়। সে খেলায় অল্প পক্ষ ইস্তক পাইলে পঞ্চাশ ফৌটার পরিবর্তে বাঁটা ফৌটা রাখিলে জয় হয়। ইস্তক লইয়া পঞ্চাশ হইলে না খেলিয়াই জয় হয়। চারি রঞ্জের গোলাম, কিংবা বিবী, কিংবা সাহেব, কিংবা টেকা এক হাতে আসিলে; অথবা একই রঞ্জের পাঁচখানা তাস পরে পরে আসিলে “শ” হয়। শ পাইলেও না খেলিয়া জয় হয়। এক পক্ষ ক্রমে ক্রমে পাঁচবার জয়ী হইলে সে পক্ষ অল্প পক্ষের বিরুদ্ধে “পঞ্জা” তাল ধরে। এক পক্ষ একটাও পিট না পাইলে অল্প পক্ষ জয়ী হইয়া “ছক্কা” তাল ধরে। পঞ্জা হইবার সময় ছক্কা হইলে দুইএ মিলিয়া “বম” হয়। তুরূপ করা—তুরূপ রঞ্জের তাস দেওয়া। ফেরাই

(ইং free ?) ...বে-রাজের এমন তাস  
মাহার উচ্চ তাস আর না থাকে। টেকা  
সকলের উচ্চ, মাতা নীচ।

তাসন...ব্য. (সং ত্রসর; যথা, ত্রসর: সূত্র-  
রেষ্ঠনম্—হেমঃ। তসর পাট বৃন্বিবার  
পূর্বে মাঁড় মাথানা, প্রঃ—তাসন করিয়া  
নাম বলাইল জোলা (কবিকঃ); সূতা  
প্রসারিত-কুর, মাঁড় মাথানা, ফেরানা  
প্রভৃতি পাটি।

তাসা...ব্য. (আ°)। আনন্দ বাদ্যবিশেষ।  
...তাস শব্দ দেখ।

তাহা...সর্বনাম. (সং তৎ)। সে (মানুষ, জীব,  
গুণ, কর্ম)। তা দেখ।

তাহাঁ, তাঁহা...সর্বনাম. (সং তৎ)। সে  
(মাছ দেবতা মানুষ)। ...ব্য. (হিং  
তহাঁ)। সেখানে, প্রঃ—ঠারি রহল তাহাঁ  
যাই (জ্ঞানদাস)। তাহাঁতক...ব্য. সে  
পর্জন। তু° কাহাঁতক, বাহাঁতক।

তিউড়ী...ব্য. (সং ত্রিপুটা, ত্রিবৃতা, ত্রিবৃৎ—  
অঃ)। কলহী-আদি বর্ণের বৃহৎ রোহিণী-  
বিশেষ (Operculina turpethum.  
Ipomcea turpethum)। লতার গারে  
ডেনা বা পুট আছে। পাতা বড় বড়,  
ফুল বড় বড় শাদা পঙ্কদল। ফল চারি  
কোণা, পাকিলে উপর দিকে পেড়ার  
ডালার মতন খসিয়া যায়। বীজ কাল।  
মূল রোচক বলিয়া খাত আছে। (২) (সং  
ত্রিপুটা)। বেঁসারি কলাই। (৩) মিশ্রিত  
তিন জাতীয় দাইল।

তিক...ব্য. (তাক দেখ)। মক্ষ্য।

তিকিচ্ছা (গ্রা°) ...ব্য. (সং চিকিৎসা)।

চিকিৎসা (গ্রা° চিকিচ্ছা—তিকিচ্ছা)।

তিকুড়...ব্য. (সং .তরফীর—শব্দকল্পঃ)।  
দেশী পালোবিশেষ। আরারুট দেখ।

তিকুরাজ...ব্য. (বা° নাম। স° নাম রোহিতক।  
ও° বা° রোহাণ)। নিম্বাদি বর্ণের তরু  
বিশেষ (Amoora rohituka)। গাছের  
মাথার দিকে বহু শাখা। কাঠ নিম-কাঠ  
অপেক্ষা অল্প লোহিত। পাতার ধার  
কাটা নহে। কোমল পাতা রোমশ।  
পর্ণ ৫:৭ জোড়া। ফুল ছোট, শাদা, ত্রিদল।  
ফল পাকিলে তিন ঝেঙে কাটয়া যায়।  
(অমরে, রোহিতকঃ স্নীহশত্ৰু দাঁড়িম-  
পুষ্পকঃ—রোহিতকের ফল দাঁড়িমপুষ্প  
তুল্য)।

তিকুশাক...ব্য. (সং—অঃ)। বরুণ গাছ দেখ।

তিফ (গ্রা°) ...প. (সং তিফ্)। তিফ্,  
প্রঃ—তিফ মেজাজের লোক।

তিখড়া...যাতু. (তিফ্+ড়া)। তিখড়াই—  
হঠাৎ বেগে লাফাইয়া উঠি, প্রঃ—জরে  
ছেলে তিখড়াইয়া উঠে। তিখড়ানা।

তিজারৎ, তেজারৎ...ব্য. (আ° তিজারৎ)।  
বাণিজ্য ব্যবসায়। তিজারতী...প. ব্যবসায়-  
স্বন্দরী।

তিজেল...ব্য. (সং তিতিগ—নাঁদা—শব্দ-  
কল্পঃ। পতু° Tigela—a small  
shallow metallic vessel হইতে ?)।  
তাই অপেক্ষা উচ্চ হাঁড়ী। ইহা চেপটা,  
কিন্তু বড়মুখা।

তিড়িং-বিড়িং...ব্য. (তড়-বড় দেখ)।  
এদিকে ওদিকে বকুতায়, নর্তনে, প্রঃ—  
ছোট ও শীর্ণ ছেলে তিড়িং-বিড়িং করিয়া  
নাচে, লাফায়; চিড়ি মাছ তিড়িং-বিড়িং  
করিয়া লাফায়। (তিড়িং-বিড়িং—

অনিয়ত ভাবে ক্রশ দেহের নতন বা লক্ষন; খপ্-খপ—স্বল দেহের)।

তিত...ধাতু. (সং তিপ ধাতু ক্ষরণ হইতে তিষ্ট; তিষ্ট হইতে। তু সং ওপ হইতে বা তাত ধাতু)। তিতি—সিক্ত হই, প্রাঃ—রাত্রের হিমে কাপড়খানা তিতির গিরাছে; তিতার তিতিম দেহ (চঙীঃ)— তিক্তরমে তিতিম; কান্দিয়া তিতার মাটি মাধু হয়ে বেণে হয় চোর (ভ্রাঃ)। তেতা। তিতা...ধাতু. (তিত ধাতু আন্তে)। তিতানা। তিতই...ঘ. (সং টি টিভ ?)। কুলেচর-বর্গের পক্ষীবিশেষ (The lapwing. *Sarcogrammus indicus*)। ১৩১৭ আজুল দীর্ঘ। চকু নাতিদীর্ঘ, পক্ষ দীর্ঘ, পদ দীর্ঘ, মাথা কৃষ্ণবর্ণ, পুচ্ছ শ্বেত; চক্ষুর সম্মুখে লাল চর্ম-খলী ও চক্ষুর পশ্চাৎ হইতে এক শাদা ডোর পিঠ পর্বন্ত বিস্তৃত থাকে। মাঠে জলের ধারে জোড়া জোড়া বসে, ও টিট-টুটিট ডাকে।

তিতা (গ্রাং তি তা)...গ. (সং তিক্ত)। তিক্ত। আ-তিতা...গ. ঈযৎ তিক্ত, অ-তিক্ত।... তিত ধাতু দেখ।

তি-তি...ব্য. (তু চি-চি, তু-তু)। পোষা পায়রা ইহা প্রভৃতি ডাকিতে।

তিতি-বিরক্ত (গ্রাং)...গ. (সং তান্ত-বিরক্ত)। তান্ত-বিরক্ত।

তিতির...ব্য. (সং)। বিষ্টিরবর্গের ১৩১৭ অজুল দীর্ঘ পক্ষীবিশেষ (Partridge)। এক জাতি—গৌর-তিতির (Grey partridge. *Francolinus pondicerianus*) পাংশুবর্ণ, তাহাতে গৌরবর্ণ তিলচিহ্ন থাকে। লোকে পোষে, ধায়। গ্রামের

ধারের পাঁহাড়ে বনে থাকে। কাল তিতির (Black partridge. *Francolinus vulgaris*) পক্ষীর মাথার পার্শ্ব গলা বুক পেট কৃষ্ণবর্ণ। এই তিতির উত্তর-ভারতে দেখা যায়। গুং-তিতিরের পায়ে কাটা থাকে। আর এক জাতি (*Arboricola torqueola*) ছিমাণয়ে দেখা যায়। ইহার মাথা ধরলা, বুক পাংশুবর্ণ। তিতির পক্ষী তি-তি করিয়া ডাকে।

তিথি...ঘ. (সং)। চান্দ্র মাসের এক দিন। জন্ম-তিথি...য়ে তিথিতে জন্ম হইয়াছে। তিথি মানা—স্বতি শাস্ত্রানুসারে তিথিকৃত্য করা। তিথির গ্রাং নাম—পতিপদ (সং প্রতিপৎ), দ্বিতীয়া, (সং দ্বিতীয়া), ত্রিতীয়া (সং তৃতীয়া), চতুর্থী (সং চতুর্থী), দোয়াদশী (সং দ্বাদশী), তিরোদশী (সং ত্রয়োদশী), পূর্ণমী (সং পূর্ণিমা। ওং তেও পূর্ণমী, কিন্তু গ্রাং নহে)।

তিন (গ্রাং)...ঘ. (সং তৃণ)। তৃণ, প্রাঃ— মাঠে তিন পর্বন্ত নাই।

তিন...গ. (সং ত্রিণি। ওং তিনি; আসাং তিনি, তিন; হিং তীন; মং তীন। সং ত্রিণি হইতে তিনি, শেবের ই লোপে তিন। বাং উংতে প্রায়ই তীন)। ও সন্ধ্যা, সন্ধ্যাক। তিন-কড়ী...তিনটা কড়ি দিয়া কেনা সস্তান, মাল্লবের নামবিশেষ। তিন কথা...অশুভ কথা, গালি (তিন সন্ধ্যা বিঘোড়; বোধ হয় ইহা হইতে তিন সন্ধ্যা অশুভ)। তিন কাল...বাল্য, বৌবন, প্রৌঢ়ত্ব। তিন কাল পিয়া এক কালে ঠেকা—বাধকা অবশিষ্ট। তিন কুল...পিতা, মাতা, ও স্বশুরের কুল। তিন কুলে কালি দেওয়া—

তিন কুলে ছর্নাম কলঙ্ক করা। তিন করা—অশুভ করা, প্রঃ—ছেলের তিন করি—অশুভ, মৃত্যু কামনা করি (ভর্বস-নায়)। তিন দস্তী—(সং ত্রিদস্তী—সম্যাসবিশেষ)। বাংতে ব্রাহ্মণের তিন-গুণ তিন পইতা।

তিনি—নবনাম। (সং তৎ। প্রাচীন বাং তিই, তেই—সং তৎ শব্দের বহুবচনে তে। বাংতে গৌরবে বহুবচন ও অমুনাসিক)। মাজ পুরুষ ও স্ত্রীনির্দেশে কর্তাক্ষরকে। অল্প কারকের বিভক্তি বসিলে তাঁ, তাঁহা হয়। যেমন, তাঁ-কে তাহাঁকে, তাঁর তাহার ইত্যাদি।

তিনিশ—বা. (সং। অল্প সং নাম স্যন্দন। ইহা হইতে ওং বন্ধন, হিং সন্দন)। শিষ্যদি-বর্গের আশ্রয় তরুবিশেষ (Ougenia dalbergioides)। কাঠ শক্ত, স্বয়ং ইটবর্ণ, প্রায়ই বাকা। এই কাঠ দ্বারা রথের চাকা হয়। (এই হেতু সং নাম স্যন্দনো নোমী রথশ্রুঃ—অঃ)। বসন্তকালে পাতা ঝরিয়া পড়ে। বনে একত্রে অনেক জমে (এই হেতু সং নাম তিনিশ?)। বিহার, গুড়িশায়, মধ্যভারতে পাওয়া যায়। তিপাস্তর (গ্রাং)...বা. (সং ত্রিপাস্তর)। বৃক্ষশূভ তিনটা মাঠ যেখানে, তঃ—বৃহৎ তিপাস্তর মাঠ।

তিপান্ন, তেপান্ন...বা. (সং ত্রিপাশ্যৎ)। তিন অধিক পঞ্চাশ সঙ্খ্যা, সঙ্খ্যাক; ৫৩। তিমি...বা. (সং)। (সংতে) মহাকার মৎস্য বিশেষ (whale)।

তিয়র...বা. (সং তীরর)। মৎস্যজীবী জাতি-বিশেষ; স্ত্রী তিয়রনী। (২) (পুরীর স্থলিয়া

জাতির দেওয়া তেগুগু নাম)। সমুদ্রের বিজুলী মাছ (Narcine timiei)। গোলাকার দেহ, প্রায় এক হাত, পুচ্ছ দীর্ঘ। কাঁধের পাখনার কাছে বৈদ্যুতিক অঙ্গ আছে। এই হেতু এই মাছ ধরিতে গেলে হাতে বিদ্যেভ হয়, এবং সহজে কেহ ধরিতে চান না।

তিরাস্তর...বা. (সং ত্রিসপ্ততি)। তিন অধিক সত্তরি সঙ্খ্যা, সঙ্খ্যাক; ৭৩।

তিরারী...বা. (সং ত্রিপাঠী, তিরেদী)। হিং তিরারী। (সং তিআড়ী, ত্রিপাঠী—তুইই আছে)। তিন বেদ পড়িতে বোধ্য বে ব্রাহ্মণ। অধুনা, পশ্চিমা ব্রাহ্মণের উপাধি-বিশেষ। (তেওয়ারী দেখ)।

তিরাম...বা. (সং তুবা, স্বরবিপ্রকর্ষে তুভাব—তিআম—তিয়াম)। তুবা (পদ্যে)। (তিরী দেখ)।

তিরানকই, তিরানই...বা. (সং ত্রিনবতি)। তিন অধিক নবই সঙ্খ্যা, সঙ্খ্যাক; ৯৩।

তিরামি...বা. (সং ত্র্যমীতি)। তিন অধিক আশি সঙ্খ্যা, সঙ্খ্যাক; ৮৩।

তিরামি (গ্রাং)...বা. (সং ত্র্যমীতি)।

তিরী (গ্রাং)...বা. (সং ত্রী)। তুং আশা-তিরী, তিরোত; ওং তিরী)। স্ত্রী, নারী (প্রাচীন পদে)।

তিরী...বা. তিন ফোঁটায়ুক্ত ভাস। (ভাস দেখ)।

তিরোদনী (গ্রাং)...বা. (সং ত্রয়োদশী)। ত্রয়োদশী তিথি।

তিপাল...বা. (ইং tarpaulin)। আলকাতরা-মাখানা পাল।

তিরী...বা. (সং তুবা। হিং তিরী)। তুবা।

তিল...বা. (সং। ওং নাম বসা—সং বসু বস

—পোস্ত : হি° তিল, ম° তীক্ষ্ণ ; উদ্ভূ  
 (বিঞ্জালি)। কৃষিজাত তৈলপ্রদ প্রসিদ্ধ  
 বীজ। খেত ও কৃষ্ণভেদে তিল দুই  
 প্রকার। কৃষ্ণতিল-তৈল প্রসিদ্ধ। তিলের  
 চাব দুই সময়ে হয়, ভাদ্রমাসে—ভাদ্রই,  
 মাঘমাসে—মাঘী। মাঘী তিল কৃষ্ণতিল।  
 খেত কৃষ্ণ ব্যতীত আর এক তিল—কাট  
 তিল আছে। বোধ হয় কটা রঞ্জের  
 বলিয়া কটা—কাট। কিংবা গ্রীষ্মকালে  
 পাকে বলিয়া কাট-(কাট) তিল। পাছ  
 বর্ষায়ঃ শাকবিশেষ (Sesamum in-  
 dicum)। আয়ুর্বেদে তিলতৈলের  
 (Gingelly or Sesame oil) প্রশংসা  
 আছে এবং বহুকাল হইতে এ দেশে তিল  
 ভোজ্য হইয়া আছে। তপন প্রাণাদিতে  
 যব তিল লাগে। তিলকৈচকা...তিলের  
 শূঁটা বাড়িয়া গাইলে যে শুকনা গাছ  
 থাকে। (এইরূপ, সরিষার কৈচকা)। (২)  
 তিলাকার চিহ্ন (স° তিল, তিলকালক),  
 আচিল, প্রঃ—বাম নাসার উপরে আছিল।  
 হৃদয়ে আছে যে বাত তিল (কবিকঃ) ; (৩)  
 অত্যন্ন সময় (ভামীর ছিদ্রপথে ৩২ তোলা  
 জল প্রবেশ করিলে এক পল সময় হয়।  
 অসংখ্য তিলে এক তোলা হয় ; হুতরাং  
 এক তিল সময় অত্যন্ন সময়, প্রঃ—তিল  
 তিল বা চি বায় (চন্দীঃ) ; (৪) তিলপ্রমাণ  
 ষান, অত্যন্ন অংশ ; (৫) এক কড়ার ষাশি  
 ভাগের এক ভাগ। তিলা, তিলিয়া...প.  
 (তিল+আ, তিল+ইয়া)। তিলযুক্ত,  
 প্রঃ—তিলিয়া লাড়ু—(প্রায়ই খেত)  
 তিলযুক্ত লাড়ু ; তিল-চিহ্নযুক্ত, প্রঃ—  
 তিলিয়া কোকিল...তিল-কাঞ্চন করা—

কিঞ্চিৎ তিল ও স্বর্ণ দিয়া পিত্তমাতৃপ্রাণ  
 করা। তিল তুলসী জল—লইয়া দান করিতে  
 হয়, প্রঃ—এ তনু ম'পেছি তিল তুলসী-  
 দল দিয়া (জ্ঞানদাস)। তিলকে ভাল করা  
 —নগণ্যকে গণ্য করা। তিলার্ধ...প. (তিল  
 +অর্ধ)। তিলের আধ ; হুজ্ব কাল, ষান,  
 অংশ। তিলেক...য়া. (তিল+এক)। এক  
 তিল সময়, প্রঃ—তিলেক বিলম্ব নাহি চল  
 মোরে লয়ে (ভাঃ)। তিলা-ফুটকিয়া...প.  
 (তিলা ও ফুটকিয়া ; সহচর শব্দ)। তিলচিহ্ন  
 ও ফুটকী-চিহ্নবিশিষ্ট। তিল-কুটা...য. (স°  
 নাম তিলপিষ্টক)। কোটা তিল দিয়া  
 রচিত তিলিয়া লাড়ু।

তিলক...য. (স°)। ললাটাদিতে চন্দ্রনাদির  
 তিলাকার চিহ্ন (অল্প স° নাম তমালক,  
 চিহ্নক—ও° চিতা)। প্রঃ—হরিতাল তিলকে  
 শোভিত হৈল ভাল (কবিকঃ)—বোধ হয়  
 হরিতাল নহে, হরিতাল বর্ণের ; কারণ  
 গোরোচনার তিলক প্রসিদ্ধ। ষানের পর  
 মুক্তিকার, হোমের পর দুতাক্ত ভ্রমের, তিলক-  
 ধারণ বিষয়। ষানের পর পূজার পূর্বে  
 দেহের দ্বাদশ স্থানে তিলক করিতে হয় ;  
 বথা,—ললাটে, কর্ণে, বাহুঘরে, বক্ষে,  
 নাভিতে, পার্শ্বঘরে, কর্ণঘরে, মস্তকে, পূর্বে।  
 ষানের পর ব্রাহ্মণ ও বৈষ্ণবের ললাটে উর্ধ্ব-  
 পুঙ্খ—দুই উর্ধ্বরেখা ; ক্ষত্রিয়, শাক্ত ও  
 শৈবের ত্রিপুঙ্খ—তিন উর্ধ্বরেখা ; বৈশ্যের  
 অর্ধচন্দ্র ; শূদ্রের বতুল তিলক, করা বিধি।  
 তিলকম্মাটি...তিলক করিবার মুক্তিকা, গঞ্জা-  
 মুক্তিকা, বন্দাবনের মুক্তিকা, কিংবা অল্প  
 চিহ্ন মুক্তিকা। এই মুক্তিকা মূদবর্ণ কিংবা  
 পীতবর্ণ। কদাচিৎ গৈরিকমুক্তিকা। তিলকা

...তিলক (অলকা দেখ)। তিলক-কামোদ  
...রাগরাগিণী দেখ।

তিলী... ব্য. (সং তিলিন্ ৭)। তিলবিক্রেতা ;  
হিন্দু জাতিবিশেষ। স্ত্রী—তিলিনী। (তেলী  
দেখ)।

তিষ্ঠ... ব্য. (মূলে নামধাতু, সং তিষ্ঠ ক্রিয়াপদ  
হইতে)। তিষ্ঠি—থাকি, প্রঃ—তিষ্ঠিতে  
পারিলাম না। তিষ্ঠীনা ॥ (এখানে নামধাতুর  
লক্ষণ)।

তিসী... ব্য. (সং অতসী। ওং নাম ফেসি; হি°  
তীসী, অলসী; ম° অতসী)। কৃষিজাত  
তৈলপ্রদ বীজবিশেষ (Linseed)। অল্প  
নাম মসীনা। শীতকালের ফসল। ফুল পঙ্ক-  
দল, আকাশনীলবর্ণ। তিসী গাছের  
(*Linum usitatissimum*) বহুল  
হইতে পূর্বকালে ফোঁমবস্ত্র—খুঁঞা  
(linen) প্রস্তুত হইত। কিন্তু আশ্চর্য  
এই, অধুনা বীজের নিমিত্ত তিসীর চাষ  
হইতেছে, তিসী গাছের ছাল হইতে যে সূত্র  
(flax) হইতে পারে, তুহা কুবকেরা জানে  
না। আরও আশ্চর্য, যে গাছে ভাল বীজ  
হয়, সে গাছের ছালে সূত্র ভাল হয় না।  
অতসীকুসুম-শ্যাম—অতসীপুষ্প নীলবর্ণ;  
কেহ কেহ শণ বৃক্ষ মনে করিয়া পীত-  
বর্ণ অর্থে অতসীপুষ্পবর্ণ লিখিয়াছেন।  
(অমর-টীকায় জালসুত্রোপযোগি শণ ইতি  
পাঠে)।

তিহ... সর্বনাম. (সংতে বহুবচন)। তিনি  
(প্রাচীন বা°)।

তিহাই... ব্য. (সং তৃতীয়। হি°)। তৃতীয়  
অংশ; তৃতীয় ব্যক্তি বা মধ্যম। (তাল  
শব্দে তেহাই দেখ)।

তীথড়, তোথড়... ব্য. (সং তীথ—থ স্থানে থ,  
থ স্থানে ড)। তীক্ষ, তীক্ষবৃষ্টি।

তীত... ব্য. (সং তিত্ত)। তিতা (চণ্ডীঃ)।

তীয়র... তীয়র দেখ।

তীর... ব্য. (সং)। নদ্যাতির তট। তীরস্থ  
করা। মৃত্যু নিমিত্ত গজগাণ্ডীরস্থ করা।

তীর... ব্য. (ফা°)। বাণ, শর। তীর ছোড়া,  
চালা, মারা—তীর নিক্ষেপ। তীরন্দাজ... ব্য.  
(ফা°)। শরনিক্ষেপক। তীর... শাঙা  
হইতে চাল তুলিয়া ধরিয়া রাখিবার লক্ষ্যভাবে  
স্থাপিত কাঠ। তীরের উপরে পাড়ি স্থাপিত  
হয়। শাঙার উপরে যে কাঠের আধারে  
তীর দাঁড়ায়, তাহাকে বইঠনা (বা, বৈঠনা)  
বলে।

তীর্থ... ব্য. (সং)। পুণ্যক্ষেত্র। তীর্থ করা—  
তীর্থ দর্শন করা, তীর্থে কৃত্য করা।

তু... তু তু দেখ।

তুই... সর্বনাম. (সং তুং। ওং হি° তু, ম° তু)।  
নীচ ব্যক্তির প্রতি; আমরে মাৎসল্যে  
দেবতা ও মহুয়া প্রতি। বিভক্তি যোগ  
হইলে তুই স্থানে তো হয়। যথা,—তোকে,  
তোর। তুই-তো-কারি... ব্য. তুই, তোঁর শব্দ  
প্রয়োগ (অসম্মানে)।

তুক... ব্য. (সং তাল্লিক ৭)। কুক, উপায়,  
প্রঃ—তুক করা। তুক-তাক... (তাক  
উপচর শব্দ)। কৌশল, উপায়।

তুক-তুক... ব্য. ধুক-ধুক দেখ, প্রঃ—প্রাণ  
তুক-তুক করে—হৃৎপিণ্ড ধুক-ধুক করে।  
তক-তক দেখ।

তুচ্ছ... ব্য. (সং)। অসার, হীন। তুচ্ছ-তাচ্ছল্য  
... (তুচ্ছ হইতে তাচ্ছল্য)। হের জান।  
(তাচ্ছল্য, তাচ্ছল্য দেখ)।

তুড়...ধাতু (সং তুট ধাতু বলাহ করণে, তুড ধাতু ভেদে, তুদ ধাতু পীড়নে)। তুড়ি— পীড়ন করি, হিংসা করি, ভাঙি। তোড়, তোড়া, তুড়ন, তুড়ি। তোড়া ধাতু (তুড় ধাতু আন্তে)। তোড়ানা। নদীর তোড়... প্রবলবেগ; মুখের তোড়...শব্দবহির্গমন-বেগ, বাগ্মিতা (তোড় দেখ)।

তুড়-তুড়ি...যা. (অনুকার শব্দ। তুং ধ্বংকার)।  
ঠোটে ঠোটে লাগাইয়া তুড়তুড় ধ্বনি।  
তুড়-তুড়ি খেলা...ছেলেদের তুড়-তুড়ি শব্দ করি। ছেলের মা বলেন, তুড়-তুড়ি পেলিলে জ্বর হয়। কারণ ছেলের গায়ে থুতু পড়ে।  
তুড়ি...যা. (তুড় ধাতু ভেদ হইতে)। অঞ্জুলি-ফোট, জই অঞ্জুলির পরস্পর ঘর্ষণে শব্দ। (তুড়ি দেওয়া)। তুড়ি মারিয়া চলিয়া গেল—অবজায় অঞ্জুলিফোট করিয়া।

তুড়ি-লাফ (প্রাং থুড়ি লাফ)...যা. (সং তুরা হইতে তুড়ি)। তুরিতে লাফ, প্রাং—ছেলে তুড়ি-লাফ ধাইয়া উঠিতেছে—অকস্মাৎ লাফাইয়া উঠিতেছে।

তুড়ী...তোড়ী দেখ। রাগরাগিণী দেখ।

তুড়িয়া, তুড়িয়া...যা. (সং তুথ, তুথক—তুতা, +ইয়া—স্বার্থে তুড়িয়া, তুড়িয়া প্রাং)।  
তুং ও তুত্টিয়া, হিং তুথ, মং মোর-চুত (সং ময়ূরতুথ)। তাম্রঘটিত নীলবর্ণ উপরস-বিশেষ (Blue stone. Copper sulphate)।

তুড়ী...যা. (কাং। হিং)। শাখাশয়ী বর্গের পক্ষীবিশেষ (The rose finch. Carpodacus erythrinus)। ছোট, ৭৮ আঞ্জুল। মাথা গলা বুক গোলাপী, পিঠ ধরুরা, বসন্তকালে রক্তবর্ণ হয়। শীতকালে

এ দেশে আসে। লোকে গোম্বে। তুং-ফল খায় বলিয়া নাম তুড়ী।

তুং-বলাঞ্জা...যা. (?)। বৃক্ষবিশেষের বৌক-মারিয় মতন বীজ। এই বীজ সরু, লম্বা, কৃষ্ণবর্ণ; জলে ফেলিলে ফুলিয়া উঠে। (তোকবলাঞ্জা?)।

তুং...তুং দেখ।

তুঁদ, তুঁদ...তুঁদ, তুঁদ দেখ।

তুন্দুর...তুন্দুর দেখ।

তুফান...যা. (আং) আং-তে প্রবল ঝড়-রাষ্ট। (এই অর্থে ওং হিং-তে)। আং-তে ঝড়ে জাত জলের প্রবল তরঙ্গ। (ময়ূরের তুফান, নদীর চেউ)।

তুবড়া ধাতু. (সং তুরর—কব্যর—অঃ।  
কব্যর রসে চর্ম সঙ্কেচ করে। ইহা হইতে তুবরানা—তুবড়ানা)। তুবড়াই—চর্মা দি কুঞ্চিত হই, প্রাং—বুড়া হইলে গাল তুবড়াইয়া যায়। তুবড়ানা। (কখন কখন তুবড় ধাতু পদও শোনা যায়, যথা,—আম খুঁধাইয়া তুবড়িয়া গিয়াছে। এই তুবড় ধাতু হইতে তোবড়া)।

তুবড়ী...যা. (সং তুথ—লাউ হইতে তুথরী।  
হিং তৌবী, মং তুতরী। তুং তুথুরা, তাম্বুরা)। বাজিকরদিগের বাশীরিশেষ। এই বাশীর গোড়ায় লাউ-খোলার বায়ু-কোষ থাকে (বিশেষতঃ দক্ষিণ-ভারতের বাজিকরদিগের)।

তুবড়ী...যা. (সং তুথ—লাউ হইতে ? তুং হিং তোমড়ী। তুড়-বড় করিয়া কোটে বলিয়া তুড়-বড়ি—তুবড়ী ?)। অধিবাস-বিশেষ। তুথ—লাউ আকারের মাটির জাঁড়ে বায়ু ও লোহার চূর থাকে। মুখে অধি-

সংযোগে লোহার চূর ক্ষু লিঞ্জ আকারে উৎক্ষিপ্ত হয়। (চাঁপা ফুলের মাদুঞ্জো ও° নাম চম্পা)।

তুম-তানা-নানা...যা. (অল্পকার শব্দ)। গীত গাইবার সময় স্মরণিত্যাস।

তুমর...যা. (আ° তুমার)। দীর্ঘ হিসাব, মোট হিসাব (জমিঃ)।

তুমি...সর্বনাম. (স° ত্বং। প্রাচীন বা° তুম্বি। ও° তুম্ভে)। মাত্র ব্যক্তির প্রতি কর্তা-কারকে। বিভক্তিযোগে তুমি স্থানে তোমা হয়; যথা,—তোমাকে, তোমার, তোমা দ্বারা।

তুমুল...যা. প. (স° তুমুল—রণসঙ্কুলে)। ব্যাকুল রব, বিশৃঙ্খল, বিঘন, প্রাঃ—তুমুল কাণ্ড, বাণীর।

তুম্ব...যা. (স°)। অলাবু; সেতারদি যন্ত্রের লাউ।

তুম্বুর...যা. (স°—ভাবপ্রকাশে। হি° নাম তেজবল)। নারাজাদি বর্ণের ছোট কণ্টকী তরুবিশেষ (Zanthoxylum alatum)। কাঠ শাদা, ঘন। পাতা অভি-ম্বী; পাতার বোটার পাখা আছে। ফুল ছোট ছোট পীতবর্ণ। পুং-স্ত্রী বৃক্ষ পৃথক্। ফল পাকিলে ফাটিয়া যায়। বীজ উজ্জল কৃষ্ণবর্ণ। ইহা নেপালী ধনিয়া নামে বাজারে বিক্রয় হয়। শুল্ক বলিয়া ঔষধে লাগে। হিমালয়, দার্জিলিঞ্জ, খাসিয়া পাহাড়ের গাছ।

তুমা, তুমা...সর্বনাম. (স° তত্র—সম্বন্ধপদ হইতে)। তোমার, প্রাঃ—তোমাতে ছাড়িয়া যে স্থানে আছি, নিবেদি যে তুমা পায় (চন্ডীঃ)।

তুরক, তুরুক...যা. (স° তুরুক হইতে)। তুরুক দেশের লোক, তুর্কী। তুরুক-শওয়ার, তুরুক-শওয়ার...তুর্কী অধারোহী সৈন্য। (চৈঃ চঃতে তুড়ুক)। তুরকী...প. তুরুক-দেশজাত (লোক ভাষা)।

তুরপন...যা. (ফা° তুরফান; তু° করানী turbine)। স্তম্ভের ভ্রমর যন্ত্র।

তুরিতে (গ্রা°) বা. (স° তুরিত)। শীত। তুরী যা. (স° তূর্ষ। হি° তুরুই)। তু-তু কিংবা পে-পে ধনিকারী শিঞ্জাবিশেষ (bugle)। পিতলের দীর্ঘ নলের এক মুখে ধুতুরা থাকে, অল্প মুখে ফুঁকিতে হয়।

তুরপা...যা. (তুরপন হইতে?)। তুরপাই—সোজা সেলাই করি। তুরপানা। (বোধ হয় ধাতুটি তুরপ। তু° হি° তুরপনা)।

তুরুক, তুরুক...যা. (স° তুরুক)। তুর্কী দেশ; আনোলহরিত মণিবিশেষ (করানী turquois—turkish)।

তুরুক...যা. (তুর্ক)। তুর্কী সেনা। (চৈঃ চঃতে তুড়ুক)। তুরুক-শওয়ার...অধারোহী সেনা।

তুরপ...যা. (পতু° tranfo। ই° trump)। তাঁস খেলা দেখ।

তুরম...যা. (?)। কাঠের আধার বাহার ছিদ্রে দোষী পা কিংবা পা-হাত প্রবেশ করাইয়া রাখিয়া শাস্তি দেওয়া হইত (ই° stocks)।

তুর্কী...যা. (তুর্কী)। তুরুকদেশজাত, পে দেশের লোক, ভাষা, বোড়া।

তুর্মলী, তুর্মলীন...যা. (ই° tourmaline)। সিংহলী নাম। স° জিবরী আয়ুর্নিক নাম)। সিংহলের মণিবিশেষ।

তুল-ধাতু. (সং উৎ-তুল ধাতু উত্তোলনে)।

তুলি—উত্তোলন, উদ্গীরণ, উৎপাদন, নিষ্পাদন, সংগ্রহ, রক্ষণ করি, প্রাঃ—মুখ তুলিয়া চায়ন, ছব তুলিয়া ফেলিয়াছে—বমন, ধান হইতে দশ টাকা তুলিয়াছে—উৎপাদন, জমি তুলিয়া দেওয়া—অস্ত্রের জমিতে কৃষি নিষ্পাদন, কাপড় তুলিয়া রাখা—রক্ষণ। তোলা। তোলা কাপড়...যে কাপড় বন্ধে তুলিয়া রাখা হয়, কদাচিত্ত পরা হয়। হাটের তোলা...পণ্য জব্বা বাহা তুলিয়া লইতে পারা যায়। গা তোল-তোল করা—বমি বমি করা। তোলা-পাড়া, তোলা-পাড়া...যা. উত্তোলন ও পাতন, ব্যাকুলতা, বিহ্বলতা। তোলা-ধাতু. (তুল ধাতু আন্তে)। তোলানা। তোলানা...বমন। তোলানি... (তোলা+পানি)। বমিত পানি ও অজ্ঞাত জব্বা। (তুল ধাতুর বমন অর্থ অধিক প্রচলিত নাই, সে অর্থে তোলা ধাতু (সং উৎ-তোলিত) অধিক শুনিতে পাওয়া যায়; প্রাঃ—ছব তোলাইতেছে)।

তুল (প্রাঃ)...যা. (সং তুমুল)। তুমুল, বিবালসঙ্কুল, প্রাঃ—তুল বাধিয়াছে—তুমুল ব্যাপার ঘটয়াছে।

তুল...তুল দেখ।

তুল-কালাম যা. (আঃ তুলকলাম—দীর্ঘ বাকাবিহীন)। দীর্ঘ সমালোচনা, বিবাদ।

তুল-তুলান...যা. তুমুল তুলান, তুলকালাম।

তুল-তুল...যা. (সং তুল ধাতু বহির্গমনে, নিঃসারণে)। বাহ্য অন্তর্গত, তাহার বহির্গমনে, প্রাঃ—ভয়ে প্রাণ তুল-তুল করে—বাই-বাই করে। (২) (সং তুল হইতে)।

তুলাসাদুশ্রে, তুলাতুলা কোমলতায়, প্রাঃ—ছেলের গা এত নরম যে, তুল-তুল করিতেছে। তুল-তুলা, তুলতুলিয়া...গ. বাহা তুল-তুল করে। তুল-তুল দেখ।

তুলসী...যা. (সং)। প্রসিদ্ধ কুপ; পত্র দিয়া বিষ্ণুপূজা হয়। এ কারণ প্রায়ই বিষ্ণুমন্দিরের নিকটে গাছ (Ocimum sanctum) রোপিত হইয়া থাকে। এই গাছের গোড়া মোটা হয়, এবং কুদিয়া তুলসীর মাসা করা হয়। ফুলের বোটা বহু লম্বা, ছদ (বাহিরের আহরিত আবরণ) তত লম্বা। (৩° নাম লম্বা বগুলি)। কৃষ্ণ-তুলসী...যা. (সং)। তুলসীর জাতি-বিশেষ। ফুল আরক্ত, ডাঁটা কৃষ্ণরক্ত, পাতা সূক্ষ্ম। বাবই তুলসী...যা. (সং)। স্বর র, বাবয়। অল্প সং নাম অজগন্ধিকা। ৩° নাম দুর্লভা—বোধ হয় ফুলে সং দুর্লভতা হইতে)। ফুল শাদা, ডাঁটা সবুজ, গাছ সূক্ষ্ম (Ocimum basilicum)। কোথাও কোথাও গুলাল তুলসী বলে। রামতুলসী...যা. তুলসীসদৃশ কুপ-বিশেষ (Ocimum gratissimum)। উদ্যানে রোপিত হয়, কারণ গাছ অতি সূক্ষ্ম। ফুল শাদা আপীত। ঠাকুরকে তুলসী দেওয়া—মঞ্জলকামনায় শ্রীহরির চরণে অর্পণ। তুলসী মারা—গোল লালু, বেগুন প্রভৃতি কৃষিজাত গাছের রোগ-বিশেষ। গাছের পাতা বিরক্ত হইয়া তুলসী-পাতার মতন ছোট হয়। রোগের কারণ এক জাতি সূক্ষ্ম উদ্ভিদ।

তুলা...যা. (সং)। তুল বা উদ্যানদণ্ড; শতপল পরিমাণ (সংতে প্রয়োগ); তুলা-

রাশি; স্তম্ভোপরিষ্কৃত কাঠ বা তোড়া।  
 তুলা দান .. দানকর্তার দেহের ভারের সমান  
 স্বর্ণ-রৌপ্য-মাছাদি দান। তুলা করা—  
 তুলাদান করা। তুলা-কোটি .. য্য. (সং)।  
 নুপুর, প্রাঃ—কবিকঃ।  
 তুলা .. য্য. (সং তুল)। কার্পাসাদি। কার্পাস  
 তুলা .. কার্পাস। শিমুল তুলা .. শিমুল  
 ফলের অন্তর্গত তুলা। এইরূপ, আকন্দ-  
 তুলা। (সং তুল শব্দের বিকারে তুলা।  
 তুল শব্দও চলিত আছে)। তুলা-ধোনা  
 করা—কার্পাস তুলাকে যেমন ধুয়ে দিয়া  
 ধুনিয়া বিপর্কিত করা হয়, তেমন করা।  
 তুলা-ছড়কী .. য্য. (সং নাম তুলসায়)।  
 পক্ষীবিশেষ। গাছের পাতা ছড়িয়া সেলাই  
 করে বলিয়া নাম। টুন্টুনী দেখ।  
 তুলাবু .. য্য. (বাং নাম, কিন্তু, অধুনা  
 অপ্ৰচলঃ)। বস্ত্র চতুর্দশবিশেষ (শশক ?  
 কান তোলা থাকে বলিয়া ?), প্রাঃ—বায়ু  
 ভর করি ধায় তুলাক দোড়াক (কবিকঃ)।  
 তুলি .. য্য. তুলি দেখ।  
 তুলামূল্য .. য্য. (সং)। সমান মূল্যবান, প্রাঃ—  
 স্তম্ভিনন্দা স্তম্ভিকা মাণিক্য তুলামূল্য (ভাঃ)।  
 তুষ .. য্য. (সং তুষ ষাত্ত)। তুষি—তুষ্ট  
 করি, প্রাঃ—এই তুষিয়াও মন পাইলাম না।  
 তোষা। তোষা .. য্য. (তুষ ষাত্ত আন্তে)।  
 তোষানা।  
 তুষ, তুষ .. য্য. (সং তুষ)। ধানের স্বক্।  
 তুষাটি .. য্য. (তুষ+মাটি)। তুষমিশ্রিত  
 মৃত্তিকা লেপকর্ম। ষড়টির পরে ও পাটটির  
 পূর্বে প্রতিমার তুষাটি কর্ম করা হয়।  
 তুষানল .. য্য. (সং)। তুষের অগ্নি, যাহা  
 অগ্নে অগ্নে পুড়িতে থাকে। তুষ-তুষলি .. য্য.

বালিকাদের ব্রতবিশেষ। গৌর মাসে রুতা।  
 নৃতনধানের তুষ ও গোবর দুর্বা দিয়া ডেলা  
 করা হয়। পরে সরিষা ফুল দিয়া পূজা হয়।  
 স্বামীর ধনধান্য-কামনার ব্রত।  
 তুসুকা (উ° তুসুকা) .. য্য. ( ? সং তুসু  
 হইতে ? হিং তুসু—তুসু হইতে ? তেমরা  
 হইতে ? )। ইহা নয় উহা নয়, এমন কাজ,  
 প্রাঃ—এত তুসুকা করিতে পারি না ;  
 তুসুকা হবে—কিছুই হবে না ( কারণ ইহা  
 উহা না হইলে আর কি হবে )।  
 তুসু .. সর্বনাম. (সং স্বং হি)। তুমি-ই (প্রাচীন  
 পদে)।  
 তুম্বি .. সর্বনাম. তুমি দেখ। (প্রাচীন বা°)।  
 তু, তু-তু .. য্য. কুকুরকে ডাকিবার শব্দে।  
 (কুকুর ছানা ডাকিতে কু-কু। বা° তু,  
 তু-তু ; ও° ছুঃ ছিঃ ; হিং তো তো ; ম°  
 ছু-ছু—কুকুর তাড়াইবার শব্দ। হিং তো, ম°  
 ছু—কুকুর লেলাইবার শব্দেও)।  
 তুৎ, তুৎ .. য্য. (সং তুৎ, নুৎ। নুৎ—  
 অশ্বথাকারে ব্রহ্মনারুণি—অঃ-টা। কিন্তু তুৎ  
 গাছ অশ্বথাকার ? তুৎ গাছের পাতা অশ্বথ-  
 পত্রাকার। তুৎ—ভাবপ্রকাশে। আ° তুৎ)।  
 কুবিজাত ক্ষীরী মূগ বা ক্ষুত্র তরুবিশেষ  
 (Morus indica)। পাতা একোড়র। ইহার  
 পাতা তুৎ পোকা বা রেশম পোকের খাদ্য।  
 পোকা ফল (mulberry) অন্নমধুর, মাল্লবের  
 খাদ্য। শীতকালে ফল পাকে। তুৎ-  
 পোকা .. যে পতঙ্গ তুৎপাতা খাইয়া বীজ,  
 পাট-পোকা।  
 তুন, তুৎ .. য্য. (সং তুন। হিং তুন ; ও°  
 নাম মহালিঙ্গু—মহানিধ। অল্প সং নাম  
 নন্দীবৃক্ষ—নন্দি আনন্দকর বলিয়া। কিন্তু

অন্ত সৎ নাম কুস্কেরক—কুৎসিতদেহস্বয়ং  
—সঃ টঃ। এক বৃক্ষের এমন দুই বিপরীত  
নাম হইয়াছে ? তুন গাছ দেখিতে কুৎসিত  
নহে। নিষাদিবর্গের উচ্চ তরুবিশেষ  
(*Cedrela toona*)। কাঠ (Indian  
mahogany) লবু কোমল হাল, পাকা  
মেহগনি কাঠের মতন, কিঙ্কু, আঁশ মোটা।  
ফুল শাদা শাদা, ছোট। বীজ চেপটা,  
বীজের দুই দিকে ডেনা আছে।

তুল...বা. (সৎ তুলা)। তৌল করিবাব এক-  
পালা বস্ত্র, প্রঃ—পর্যায়রতন পিরীতি পরশ,  
কুকিহু হদন-তুলে (চন্ডীঃ)। তুল-উঁটা ...  
তুলের দণ্ড, প্রঃ—তুলউঁটা পারা ছটা হস্ত  
মেখ মোর (রামেশ্বরের শিবায়ন)।

তুল, তুলা...বা. (সৎ তুল, তুলক)। কাপাস  
শিমুল প্রভৃতি ফলের রোঙ্গা (সৎ রোম।  
তুং হিং বৃষ্ণ—বাৎ কাপাস)। তুলট...বা.  
(তুল+ট নির্মিত অর্থে)। তুল দ্বারা নির্মিত  
কাগজ। পূর্বকালে তুলর কাগজ করিয়া  
হরিতাগ ও তেতুল বীজের কাঁই মেলিয়া  
পরে গিলা দ্বারা চিক্ণ করা হইত। তুলি...  
বা. (সৎ)। চিত্রসাধনী। হয় ত প্রথমে  
তুলর বর্তিকা ছিল, এখন ছাগাদি পশু-  
মোমে তুলি নির্মিত হইয়া থাকে। তুলী...  
বা. (সৎ)। তুলময়ী শব্দা, তোষক, প্রঃ—  
কবিকঃ, চৈঃ চঃ। তুলি, তুলি বা. (সৎ  
তুলি—আকাশ হইতে)। টাঙ্গোয়া, প্রঃ—  
সেতপাট সিংহাসন উপরেতে তুলি (কুন্তিঃ) ;  
হুগলিয়া তুলি (কুন্তিঃ লং)—হোগার  
কাঁপ।

তে...বা. (সৎ তৎ)। সে, প্রঃ—তে কারণে  
—সে কারণে।

তে...বা. (সৎ ত্রি)। তিন,—এই অর্থে অন্ত  
শব্দের পূর্বে বসে, যথা, তে-কোণা ...  
ত্রিকোণ, তে-ঘর ...তিন ঘর, তেইশ ...তিন  
+ বিশ, ইত্যাদি।

তেঅড়া...বা. (সৎ ত্রিযক—ত্রির্জা—ত্রিঙ্করা  
—তেঅড়া। তেয়চা দেখ।। ত্রিযক  
বকীভূত। ...বাৎ. তেঅড়াই—বীকি, ২ঃ—  
কাঁচা কাঠের পাটা রোদে তেঅড়াইয়া যায়।  
তেঅড়ানা।

তেউড়...বা. (সৎ ত্রিপুট—শর হইতে ?)।  
কলা, বাঁশ, আঁথ প্রভৃতি গাছের পাশের  
শাখা হইতে জাত চারা, অন্ত নাম পুঁকী  
(ওৎ ওধি, উধি)।

তেউড়ি...তিউড়ী দেখ।

তেই, তেজি...বা. (সৎ তৎশব্দের তৃতীয়া তেন  
সংপ্রাঃ তেজি)। তে কারণে, সে হেতু,  
প্রঃ—আছি তেই তকতলে বসে (রান-  
প্রসাদ)। (অপ্রচলঃ। অধুনা, তাই)।

তেইশ...বা. ৭ (সৎ ত্রয়োদ্বিংশতি)। তিন  
অধিক বিশ সন্ধ্যা, সন্ধ্যাক ; ২৩। তেইশা,  
তেইশে...বা. (তেইশ+আ, +ইয়া)।  
তেইশ দিনে কৃত্য, তেইশ দিনের দিন।

তেওয়ারী...বা. (সৎ ত্রিবেদী। হিং তিস্তারী)।  
ব্রাহ্মণের উপাধিবিশেষ।

তে-কাটা মনসা, তে-শিরা মনসা...বা. (সৎ  
ত্রিকন্ট। অন্ত সৎ নাম বস্ত্রী, বস্ত্রদ্রুম।  
মনসাতে কোথাও কোথাও সিঁচ বলে,  
বস্ত্রদ্রুমকে বাজবারণ বলে। বাস্তবিক,  
বস্ত্রবৎ দৃঢ় কাটা আছে বলিয়া বস্ত্রদ্রুম।  
সামান্য লোকে মনে করে, এই গাছের গুণে  
বাজ পড়ে না। গাছের অঙ্গপ্রত্যঙ্গাদিতে  
বিশেষ দেখিলে সামান্য লোকে সে গাছের

বিশেষ গুণ অনুমান করে। তু° বাধ-নথা  
গাছের বীজ বাধের নখের মতন, অতএব তাহা  
সাপে কাটার ঔষধ। ঈষুর, ঈশের মূলের  
গাছের ফুল বিচিত্র, অতএব তাহা সাপে  
কাটার ঔষধ, ইত্যাদি। স্মৃতি-আদি বর্ণের  
ক্ষীরী বৃকবিশেষ (Euphorbia antiquo-  
rum)। প্রায়ই বেড়াতে লগ্নে, ১২।১৩  
হাত উঁচু হয়। তিন সারি কাটা, তিনটা  
শিরা আছে বলিয়া বা° নাম। পাতা ছোট  
ছোট, অত্যন্ত; তাহাও খসিয়া পড়ে।  
স্বতরাং পাতাহীন দেখায়।

তে-কাঠা...য্য. (স° ত্রিকার্কক)। তিনটা  
কাঠে নিমিত আধার; তে-পারা।

তে-কোণা...গ. (স° ত্রিকোণ)। তিনকোণ-  
বিশিষ্ট।

তেখন (গ্রা°)...য্য. (স° তৎক্ষণ)। তৎক্ষণ,  
তখন।

তে-চল্লিশ...য্য. গ. (স° ত্রয়শ্চত্বারিংশৎ,  
ত্রিচত্বারিংশৎ)। তিন অধিক চল্লিশ সখ্যা,  
-সখ্যাক; ৪৩। (অন্তরূপ, তেতাল্লিশ)।

তে-চোখো...য্য. (তে+চোখ+উয়া)। ক্ষুদ্র  
মৎস্তবিশেষ, তিন চারি আঙুল। যেন  
ক্ষুদ্র খরশুলা। পিঠে পাখনা নাই, গুহের  
নিকট উপরে নীচে পাখনা। মুখ বিস্তৃত।  
লেজ লোজা, ফিঞ্জার মতন নয়। কপালে  
একটা শাদা মুক্তা-চিহ্ন থাকতে লোকে  
চোক বলিয়া ভুল করে।

তেজ...য্য. (স° তেজঃ; ষা° তেজ—তীক্ষ্ণ)।  
তাপ, প্রতাপ, দীপ্তি, তীক্ষ্ণতা। বাজার  
তেজ হুসু গ্যাতা। তেজী...গ. (বা°  
তেজ+ঈ)। তেজস্বী। তেজাল...গ.  
তেজ+আল)। তেজস্বর। তেজি-মন্দি...য্য.

দামের হাসবৃদ্ধি। তেজিয়ান...গ. (তেজ-  
বান)। তেজস্বী, প্রঃ—তেজিয়ান পক্ষের  
ত্রিগুণ প্রকাশ (মাঃ)।

তেজ-ধাতু. (স° তাজ ধাতু)। তেজি—  
ত্যাগ করি। তেজা। (পদ্যে)।

তেজ...গ. (স° তৃতীয়। হি° তীয়া, তীজা)।  
তৃতীয়, প্রঃ—তেজবর—যে বর তৃতীয় বার  
বিবাহ করিতেছে, তেজপক্ষে বিবাহ—তৃতীয়  
বারে। (দোলক দেখ)।

তেজপাতা, তেজপাত...য্য. (স° তেজপত্র,  
হৃকপত্র। স° স্বক্ হইতে তেজ আসিয়া  
থাকিবে। কিন্তু স° স্বকপত্র, স্বচ—দারুচিনী  
গাছের নাম। এই ছই গাছ পৃথক, কিন্তু  
দারুচিনী গাছের পাতাও তেজপাতা হয়)।  
পূর্বহিমালয় ও খাসিয়া জিপ্সু প্রভৃতি পূর্ব-  
ভারতের নাতিদীর্ঘ চিরস্থায়ী তত্ব-বিশেষ  
(Cinnamomum tamala. The  
cassia cinnamon)। পাতা স্তম্ভ-  
বলিয়া রুধনে লাগে।

তেজারং...তিজারং দেখ।

তে-ঠেঞ্জিয়া, তে-ঠেঞ্জো...গ. তিন ঠেং—  
পা—বিশিষ্ট।

তেড়া...গ. (স° তির্ষক্)। বাকা। তেড়া-  
বাকা...গ. (সহচর শব্দ)। বাকা।

তেড়ী...টেরি দেখ।

তে-তলা...গ. (স° ত্রিতল)। তিন তলবিশিষ্ট,  
প্রঃ—তে-তলা বাড়ী। য্য. তৃতীয় তল।

তেতা (গ্রা°)...য্য. (স° ত্রেতা)। ত্রেতাযুগ।

তেতাল্লিশ...য্য. গ. (স° ত্রিচত্বারিংশৎ)।  
তিন অধিক চল্লিশ সখ্যা, -সখ্যাক; ৪৩।  
তে-চল্লিশ (চ স্থানে ত হইয়া তেতাল্লিশ;  
তু° চল্লিশ—চারিশ)।

তে-তাস...বা. তিন তাস লইয়া খেলা বিশেষ।  
 তেঁতুল...বা. (সং তিস্তিড়ী; ওং তেস্তুক্তি;  
 উ হইতে লকারে আসিয়াছে। অল্প সং  
 নাম চিহ্ন হইতে তেঁতুল চিহ্ন—চ স্থানে  
 ত। হিং ইম্‌লি—সং অম্লিকা। সং তিম  
 ধাতু ক্রেনে। পাকা তেঁতুলে ক্রেন্দ থাকে  
 বলিয়া নাম)। প্রসিদ্ধ অন্নফল। ভারত-  
 বর্ষের সর্বত্র তেঁতুল গাছ (Tamarindus  
 indica) আছে। বসন্তকালে নূতন  
 পাতা হয়, কিন্তু গাছ হইতে পুরাতন পাতা  
 একবারে ঝরিয়া পড়ে না। কৃষ্ণচূড়াদি-  
 বর্গের গাছ। কিন্তু, গুল্মদল তিনটা,  
 পুং-কেশর তিনটা। লোকে তেঁতুলগাছের  
 তলে শোঁর না, কারণ তেঁতুল-পাতা হইতে  
 অন্নবাপ উদ্‌গীর্ণ হয়। তেঁতুল-কাঠ কঠিন  
 বলিয়া আধমারা গুঁড়ী করিতে, ঘনা-গাছ  
 করিতে লাগে। জালানি করিতে তেঁতুল-  
 কাঠ শ্রেষ্ঠ। (বাঁবালা, পলাশ প্রভৃতি  
 এইরূপ)। বাঘা তেঁতুল...এত টক যে,  
 গণ্ডে বাঘা পলায়। দৃষ্টান্তে, যেমন বুনা  
 ওল তেমন বাঘা তেঁতুল—বস্ত ওল স্ফুসিৎ  
 হইলেও ঝাইবার সময় গলা কুট-কুট করে।  
 তখন অতি-অল্প তেঁতুল ঝাইলে কুট-  
 কুটানির কিছু নিয়ত্তি হয়; লক্ষণার, শঠের  
 সহিত পাঠ্য।

তেত্রিশ...বা. ৭. (সং ত্রয়স্বিংশং)। তিন  
 দশিক ত্রিশ সঙ্খ্যা, -সঙ্খ্যাক; ৩৩।

তেঁদ...বা. (সং তিন্দুক)। কেন্দু দেখ।

তেঁদড়...বা. (উং তেঁদড়—তান-দড় ১ টান  
 দড় ১)। যে উপদেশ মানে না, ছত্রক।

তেমন...বা. (তেমন)। তেমন, প্রাঃ—যেন  
 যু রাজা তেন পালে প্রজা (কবিকঃ);

৭. প্রাঃ—যেন রূপ তেন গুণ উত্তম কেভার  
 (কবিকঃ)। যেন-তেন করিয়া কাজ  
 করা—যেমন তেমন। (যেন দেখ)।

তেনা...টেনা দেখ।

তে-পারা...বা. (সং ত্রিশদী, ত্রিশদ। ত্রি  
 স্থানে তে—ফাংতে সে হইয়া সে-পারা)।

তিন পরবিশিষ্ট আবার।

তেপ্লায়...তিপ্লায় দেখ।

তে-বাচক...বা. (সং ত্রি-বাচক)। তিন বার  
 'মতা' শব্দ বলিয়াছে যে। তু তে-সত্য  
 করা।

তেমত...বা. (তেমন দেখ)। সে মতন,  
 তেমন।

তেমন...বা. (সং তৎ+বাং বস্তু—মন্ত  
 তুল্যার্থে সং হৎ। অর্থাৎ সং তদ্বৎ।  
 তৎ স্থানে তে হইয়া ওং ও প্রাচীন বাং  
 তেমন্ত, তে স্থানে সে হইয়া ওং সেমন্ত।  
 হিং সং তৈসা—সং তৎসদৃশ। সং তথা,  
 সং প্রাং তিম, কিন্তু তিম হইতে তেমন্ত,  
 তেনত আসিতে পারে না। তেমন্ত—ম  
 লোপে তেমন্ত, ত লোপে তেমন)। তদ্বৎ,  
 সেই মতন। তেমনই...সে মতনই।  
 তেমনি...কোন কাজের নহে, অকর্মণ্য,  
 প্রাঃ—তেমনি তেমনি গান। তেমন...বা.  
 (সং তস্মিন্ কালে)। সে সময়ে, প্রাঃ—  
 যেমন শুনিলাম, তেমন আসিলাম। (প্রায়ই,  
 তেমনি)।

তে-মাথা...বা. (সং ত্রিমস্তক)। তিন পথ  
 একত্র মিলিয়াছে যেখানে, তেরাস্তা।

তে-মুহানি, তে-মুহানি...বা. (ত্রি+মুখ+  
 পানি)। যেখানে নদীর তিন মুখ মিলি-  
 য়াছে। তে-মোহানা...তিন নদীর সঙ্গমস্থল।

তেয়াই...যা. ( ১ স° তীব্ হইতে ? ) নদীতে  
মাছ ধরিবার নিমিত্ত তাহাতে পোতা উচা  
কাঠ। এই কাঠে বসিয়া জলিয়ারা মাছ  
ধরে।

তেয়াগ...যা. ( স° ত্যাগ )। ত্যাগ।...যা. ( স°  
তেয়াগি—ত্যাগ করি, প্রাঃ—ব্যাসের হইল  
ক্রোধ, ভেয়াগিয়া উপরোধ, গন্ধারে কহেন  
কটুভাবে—(ভাঃ)। ( পদ্যে )।

তেয়াৎ...যা. ( আ° এহ্ তেয়াৎ )। সতর্কতা,  
প্রাঃ—তেয়াৎ করে না—পশ্চাৎ দেখে না।

তেবু...যা. ৭. ( স° ত্রয়োদশ। বাস্তবিক শব্দটি  
তেবুহ। শেষে হ ছিল বলিয়া উ° তেবু না  
ইয়া তের )। তিন অধিক দশ সজ্জা,  
-সজ্জাক ; ১৩। তেরই, তেরই...যা. মাসের  
ত্রয়োদশ দিবস।

তেবচা, তেড়চা...৭. ( স° তিরস্চীন, তিব্চ।  
ও° তেরছা )। বক্র, বক্রগামী, প্রাঃ—  
তেবছে পড়িল আলি মাথা কাটি গেল  
( টেঃ চঃ )।

তেবর্শ...যা. ( গ্রা° )...যা. ( স° ত্রাহর্শ )।  
এক দিনে তিন তিথির বোগ।

তেবস্ত...যা. ( গ্রা° )...যা. ( স° ত্রিবস্ত )। তিন  
অহোরাত্র উপবাস, প্রাঃ—তেবস্ত করা।

তেবজ...যা. ( ১ )। বিবরণপত্র ; গণিতে  
বোগ করণ। ( বেবিজ—বিয়োগ করণ )।

তেবমেরি...যা. ( হি° তেরা—তেরী, মেরা—  
মেরী )। তের-মের বলা, ক্রোধে হিন্দী বাৎ  
বলা।

তেবিয়া...৭. ( হি° তেরি-মেরি + ইয়া—তেরি-  
মেরিয়া—তেবিয়া )। উগ্রস্বভাব।

তেবেরা...যা. ( পত্ৰ° trinta )। প্রমরা  
খেলান শব্দবিশেষ।

তেল...যা. ( স° তৈল। স° প্রা° তের, ও°  
তেল, হি° স° তৈল। গ্রা° ও° নাম মালপা।  
মালপোয়া দেখ )। তৈল। ফুলেল তেল...  
( ফুল + তৈল = ফুলেল )। পুষ্প-স্বাসিত  
তৈল। তেল মাথা—স° তৈলক্ষণ ( মাথ  
ধাতু দেখ )। আভাং করিয়া মাথা—স°  
অভাজ্ঞ—তৈল মর্দন করিয়া। তেলা...৭.  
( তেল + আ )। তৈলবিশিষ্ট, তৈললিপ্ত।  
তেল-তেলা, তেল-তেলিয়া...৭. তৈললিপ্ত,  
চিকণ। তেলা-তেলা...৭. যেন তৈললিপ্ত।  
তেল-চক্-চকিয়া...৭. তৈলেপে হেতু  
চিকণ ( চক্-চক দেখ )। তেল-চিকটা...  
চিকটা দেখ। তেলে জলে মিশ খায় না—  
মেশে না। তেলা মাথায় তেল দেওয়া—  
ধনীকে ধনদান, বুক মাথায় দিলে হিত  
হইতে পারে। তেল-তামাক করা—তেল  
মাথিয়া তামুক ধাওয়া, প্রাঃ—তেল-তামাকে  
শিস্তনাশ, যদি হয় বার মাস। তেলে বেগুনে  
জলিয়া উঠা—ভক্ত তৈলে বেগুন ভাজিবার  
সময় বেগুনের যে অবস্থা হয়, সেই রূপ  
অবস্থা হওয়া, ক্রোধে দগ্ধ হওয়া। পায়ে  
তেল দেওয়া—তৈল দিয়া পদসংবাহন  
করা, অতিশয় আচ্ছন্নতা করা। নাকে তৈল  
দিয়া ঘুমানা—স্বচ্ছন্দে নিজা যাওয়া, নিশ্চিত  
থাকা। ( নাকে তৈল দিলে নিঃস্বাসের  
ব্যঘাত হয় না, নিজা ভাজে না )।

তেলা-কুঁচা...যা. ( স° নাম তুঙীকেরী, বিদ্বী।  
ও° পুং-গাছের নাম গোরুধিমা—গোরু  
খার বাহা ; জ্বীং গাছের নাম কাইঞ্চি  
কাঁকুড়ি—কাইঞ্চি বা কুঁচ-বীজের তুল্য—  
পাকা ফল লাল বলিয়া, কাঁকুড়ি কাঁকুড় বা  
শসার মতন ফল বলিয়া। বা° তেলা—

চিকণ, কুঁচা—কুঁচবর্ণ; তেলাকুঁচা—চিকণ  
গুঁজাবর্ণ ফল বার। স° বিষ—শোভা—  
আছে বলিয়া বিদ্যা। স° তুণ্ডকেরী-শব্দের  
তুণ্ড হইতে তেলা মনে আগিয়া থাকিবে।  
তুণ্ড—মুখ—ওষ্ঠের সহিত উপমা দেওয়া  
হয় বার—অঃ টীঃ)। কুম্বাভাদি বর্গের  
বহু প্রতানীবিশেষ (Cephalandra  
indica)। পুং স্ত্রী গাছ পৃথক্ পৃথক্। ফুল  
শাদা; ফল ছাল পটোলের মতন, পাকিলে  
কুঁচবর্ণ হয়। এই হেতু ওষ্ঠের উপমা।

তেলানা...ব্য. (তে-রে-না)। তে-রে-না  
ইত্যাদি কতকগুলি নিরর্থক শব্দ। রাগ ও  
ভালযোগে এই শব্দ গাওয়া হয় (গীত-  
হৃদসারে)।

তেলানিয়া, তেলানো...প. (তল+পানি+  
ইয়া ? তলে মাজ পানি যাতে—তলপানিয়া  
—তলানিয়া—তেলানিয়া)। চোটকা,  
অগভীর, প্রাঃ—তেঃ পুকুর, তেঃ বাটা;  
কুমনিষ পাড় যে পুকুরের।

তেলা-পকা, তেলা-পোকা...ব্য. (স° তৈল-  
পক। অপভ্রংশে পোকা)। তৈলপায়িকা।  
(আরসগা দেখ)।

তেলিনী-পোকা...ব্য. দক্ষিণ-ভারতের উগ্রগণ্ড  
উগ্রবীৰ্য পতঙ্গবিশেষ (Mylabis coleop-  
tera)। কাজে বিদেশীয় canthadari  
তুল্য।

তেলী...ব্য. (স° তৈলিক)। হিন্দু জাতি-  
বিশেষ। স্ত্রী° তেলিনী। তেলীমালী, তেলী-  
ভামনী... (সহচর শব্দ)। হিন্দুজাতিবিশেষ  
(প্রায় সমান শ্রেণী বলিয়া সহচর শব্দ)।  
(তেলী—তৈলকার, তিলী—তিলকার)।

তেলেজা...ব্য. (স° জৈলিজা, জৈলজা।

জিলিজা—জিকলিজা হইতে)। ওড়িশার  
দক্ষিণাঞ্চিত প্রদেশবিশেষের ভাষা, লোক।  
বর্তমান শুল্ক নাম তেলুগু।

তেলো...ব্য. (স° তাল+বা° উয়া—স্বার্থে  
=তালুয়া—তেলো। তু° আধুয়া—এধো)।  
করতল। (২) (স° তালু+উয়া স্বার্থে)।  
তালু।

তেলো...ব্য. (তেল+উয়া)। মাছের তালুতে  
জাত মেহপদার্থ বা তেল।

তেষটি...ব্য. প. (স° ত্রিষটি)। তিন অধিক  
ষাটি সখ্যা, সখ্যক; ৬৩।

তেষ্টা (গ্রা°)...ব্য. (স° তৃষ্ণা)। তৃষ্ণা, প্রাঃ  
—খিদ্দা তেষ্টা। (তেষ্টা শব্দ যেমন গ্রা°,  
খিদ্দা শব্দও তেমন)।

তে-সনী...প. (তে+সন+ঈ)। তিন  
বৎসরের নিমিত্ত।

তেসরা...ব্য. প. (স° ত্রিশর রী ? ব্যাকরণ  
দেখ। ও° হি° ম° তিসরা)। তৃতীয় দিবস;  
তৃতীয়, প্রাঃ—তেসরা লোককে জিজ্ঞাসিবো।

তেহ...সর্বনাম. (স° তৎ শব্দের বহুবচনে  
তে+হ। তু° সেহ)। সে (প্রাচীন বা°)।  
তেহ...সর্বনাম. (তেহ দেখ)। মাছে তিনি  
(প্রাচীন বা°)।

তেহাই...তিহাই দেখ। তাল শব্দ দেখ।

তে হরা...প. (হরা দেখ। তিন গুণ।

তৈছনে...ব্য. (তে-ক্ষণে। তু° বৈছনে)।  
তেক্ষণে, তখন (প্রাচীন পদে)।

তৈছে...ব্য. (হি° তৈসা—স° তৎসদৃশ)।  
তাদৃশ, প্রাঃ—চৈঃ চৈঃ, প্রাচীন বা°।

তৈজসপাত, তৈজসপত্র...ব্য. (স° তৈজস-  
পাত)। খাতুপাতাদি। (পত্র দেখ)।

তৈয়ার...প. (ফা° তইআর)। নির্মিত, সম্পূর্ণ,

উপস্থাপিত। (গ্রা° তোয়ের)। তৈয়ারি...  
য. নির্মাণ। (গ্রা° তোয়েরি)। তয়ার দেখ।  
তৈলজ্ঞ...তৈলেজ্ঞা দেখ।

তৈসা...য. (হি°। সং তাদৃশ)। তাদৃশ  
(প্রাচীন বা°)।

তো, ত ব্য. (সং তদা, সং প্রা° তো। হি°  
তো, ত° ত)। তদা, তবে, প্রাঃ—যদি  
বল, জ্ঞে করি। (২) (সং তু°)। পাদ-  
পূরণে, বাক্য-উপস্থানে, প্রাঃ—তাই তো,  
তাই ত, কি হবে ?

তো (গ্রা°) ...তয় দেখ।

তোক...য. (আ°)। শৃঙ্খল, প্রাঃ—শুং পুং,  
চৈঃ চঃ, কবিকঃ; লুট্ঠি নিল নারী গাড়ী  
দিল বেড়ী তোক (ভাঃ)—পারে. বেড়ী  
শিকল। (অপ্রচলঃ)। (২) পরিবর্তন  
দ্বারা বিভাগ, একের পরিবর্তে অন্য,  
প্রাঃ—বিষয়-সম্পত্তি তোক ভাগ করিয়া  
দেওয়া।

তোকমারি...য. (হি° নাম)। তুলস্তাদি  
বর্গের ক্ষুদ্র গুপবিশেষের (Lallemantia  
roybana) বীজ। এই বীজ গরম জলে  
ফুলিয়া উঠে।

তোটক...য. (সং ত্রোটক)। কবিতাছন্দ-  
বিশেষ।

তোটা...টোটা দেখ।

তোড়...য. (সং তুর্ধি—বেগ ? সং তুড় ধাতু  
তোড়ন হইতে ?)। বেগ, প্রাঃ—তোড়ে  
বৃষ্টি হইল; তোড়ের তরঙ্গে তরী তাঁরা  
ছেন ছোট্টে (মাঃ); প্রায়ই, শব্দ-সহ জল-  
তরঙ্গের বেগ।

তোড়ং...য. (ই° trunk)। দীর্ঘ পেড়া-  
বিশেষ, প্রায়ই মাতৃপত্রের।

তোড়-জোড়...য. (তুড় জুড় ধাতু দেখ)।  
যাহা দ্বারা তোড়া—ভাজা, এবং জোড়া  
যায়; আবশ্যক উপকরণ।

তোড়া...য. (সং তুলা—গৃহাণা° দাব্ধংধার—  
মেঃ। হি° টোড়া)। কাঁথ হইতে বহির্গত  
ছোট ছোট কাঠ বা বাঁশ (তোড়া খুঁটী-  
স্থানীয় হইয়া পাইড় ধরিয়া রাখে);  
ঘরের মাথার কাঠ বা বাঁশ; যে কাঠ বা  
বাঁশ দিয়া ভারী জব্য চাগাইয়া সরাইতে  
পারা যায়।

তোড়া...য. (সং তুণ। হি° তোড়া)। টাধা-  
পয়সা রাখিবার বড় থলী।

তোড়া...য. (আ° তুররাহ্)। পুষ্পগুচ্ছ।  
ভেরা দেখ।

তোড়ানি...য. (ও° তোরানি। তোলানি+  
পানি)। আমানি, প্রাঃ—কবিকঃ।

তোড়ী...রাগরাগিনী দেখ।

তোতোলা, তোতলা...য. (তো-তো+লা;  
সং রাহ=লা। ও° শব্দ—ধনা)। তো-তো  
করিয়া কথা কহে যে, অজিত-বাক্য...  
ধাতু. তোতোলাই, তোতলাই—তো-তো  
রব করিয়া কথা কহি। তোতোলানা,  
তোতলানা।

তোতা...য. (উর্দু)। শুকপক্ষী (টিয়া  
দেখ)। প্রাঃ—ময়না শালিক টিয়া তোতা  
কাকাতুয়া (ভাঃ) (—টিয়া আবার তোতা ?  
ভারতে এমন ডুল আরও আছে। মেজানু  
দেখ)।

তোপ...য. (তুর্কী)। কামান। তোপ-  
খানা...বেখানে কামান থাকে। তোপ  
দাগা—কামানের বারুদ দাহ করা, বারুদে  
আগুন দেওয়া।

তোপচিনী...বা. (তোপচিনি—ভারপ্রকাশে;  
অছ নাম স্বীপাস্তর বচ)। বিদেশীয় (পারস্ত  
দেশীয় ?) বচ-বিশেষ।

তোক...বা. (আ° হোহ ফাহ্)। অপূর্ব, উৎকৃষ্ট।  
তোবা...বা. (আ° তওবা)। হা, হা  
ঈশ্বর। (মুসলমানী ভাষা)।

তোমর...বা. (স°)। যুদ্ধে নিষ্ফেপ-যোগ্য  
শাবল।

তোয়াক...বা. (আ° তরাকো)। আশা, ভরসা।

তোয়াজ...বা. (আ° তরাজ্জো)। মন আকর্ষণ,  
উপদেশ।

তোয়ালে, তোয়ালিয়া...বা. (পত্° toalha;  
ই° towel)। হাত-মুখ মুছবার মোটা  
বুমা, গামছা।

তোরা...বা. (কা° তোরাহ্)। উষ্ণীষের  
ভ্রমণস্বরূপ পক্ষ, পুষ্ণুচ্ছ, প্রাঃ—ভাঃ।

তোল-তোল...তুল ধাতু দেখ।

তোল-পাড়...তুল ধাতু দেখ।

তোলা...বা. (তুল ধাতু দেখ)। হাটের  
বেপারীর নিকট হইতে যাহা বিনামূল্যে  
তুলিয়া লওয়া হয়, প্রাঃ—পঃম্পরা আছে  
মোর মণ্ডলিয়া তোলা (কবিকঃ)। তোলা  
তোলা—তোলা সংগ্রহ করা।

তোলা...বা. (স° তোলাক)। ওজন দেখ।

তোলো...বা. (স° তুলা—ভাঙ+উয়া=তুলুয়া  
—তোলুয়া—তোলো। হি° তোলা)।

ভাঙ-রাঁধা বড় হাঁড়ী (কলিকাতায়)।  
(বিজেল, তাই হাঁড়ী দেখ)।

তোয়ক...বা. (কা°)। কাপাস তুলার শব্দ্য,  
পাতন। (কৃষ্টিঃ, কবিকঃ—তুলি—স°  
তুলিকা, তুলারতী। সে সময়ে তোয়ক শব্দ  
চলে নাই কি?)

তোবাখানা...বা. (কা°)। বহুমুলা অর্থাতির  
ভাণ্ডার।

তোবামোদ...বা. (স° তোব—হর্ষ, আমোদ—  
হর্ষ)। মন যোগানা, খোসামোদ। (বোধ  
হয় খোসামোদ শব্দসাদৃশ্যে তোবামোদ  
শব্দের নূতন উৎপত্তি)।

তোসদান...বা. (উদ্°)। কাড় স-দান—  
তোসদান)। বন্ধকের কাড় স রাখিবার  
বাক্স।

তোঁহার...সর্বনাম. (প্রাচীন বা° তুদ্বর। ও°  
তুদ্বর)। তোঁমার (প্রাচীন পদে)।

তোঁজি...বা. (আ° তোঁজী)। রাজস্ব-  
তালিকা।

তোঁল...ধাতু. (স° তোঁল হইতে তোঁলা ধাতু  
হইত)। তোঁলি—তুলা দ্বারা উদ্ভান  
করি, প্রাঃ—মাছ তোঁলিয়া চলিয়া গেল।  
তোঁলা। তোঁলা...ধাতু. (স° তোঁলিত  
হইতে)। তোঁলাই—তুলিত করি।  
তোঁলানা।

তাক্ত-বিরক্ত...বা. (স°)। সহচর শব্দ)। বিরক্ত।  
(প্রা° তিত্তি-বিরক্ত)।

তাজ...ধাতু. (স° তাজ ধাতু)। তাজি—  
তাগ করি। তাজা। (পদ্যে)

তাহি...কিয়া. (স° তৈ ধাতু হোট হি)। তাগ  
কর, বাচাও। তাহি তাহি ডাক ছাড়া  
—রক্ষা কর রক্ষা কর রবে চাঁৎকার করা।

ত্রিকটু...বা. (স°)। শূঁঠ মরিচ পিপুল—  
এই তিন কটু।

ত্রিজগৎ...বা. (স°)। স্বর্গ মর্ত পাতাল  
এই তিন জগৎ, ভূমণ্ডল (অত্যাঙ্কিদোষে)।

ত্রিপণ্ড...বা. (স°)। তিন বেদে জ্ঞান আছে  
বার, তীক্ষ্ণ-বুদ্ধি, প্রাঃ—বালকটী অতিশয়

ত্রিগুণ্ড, মা সরস্বতীকে একেবারে জলপান  
করিয়া বসিল (টেকচাঁদ)। (অপ্রচলঃ)।

ত্রিপদী...ব্য. (সং)। তিন পদবিশিষ্ট  
কবিতা।

ত্রিপ্রান্তর...ব্য. (সং)। তিনটা বিস্তীর্ণ প্রান্তর  
আছে বার, প্রাঃ—ত্রিপ্রান্তর মাঠ।

ত্রিকলা...ব্য. (সং)। আমলকী, হরীতকী,  
বরডা (সমপরিমাণে)।

ত্রিভুবন...ব্য. (সং)। (অতীন্দ্রিতে) ভূমন্ডল,  
প্রাঃ—ত্রিভুবনে কোথাও দেখা যায় না,  
ভূমন্ডলের কোথাও।

ত্রিশ...ব্য. ৭. (সং ত্রিশং)। তিন দশ  
সঙ্খ্য, সঙ্খ্যাক ; ৩০। ত্রিশা, ত্রিশে...ব্য.  
মাসের ত্রিশ দিবসে।

ত্রিশূল...ব্য. (সং)। তিনটা লৌহ-শূল একত্র  
বন্ধ থাকে যে প্রহরণে ; ত্রিশূলাকার  
চিহ্ন (†)।

ত্রিসীমানা...ব্য. (সং ত্রি+বা° সীমানা)। তিন  
সীমা, সীদা, প্রাঃ—ত্রিসীমানা নাড়ায় না।

ত্বর...ব্য. (সং ত্বর। ৩° ত্বর—অবসর)।  
ত্বর ; (বাংতে বিপরীত অর্থ) বৈর্থ, অবসর,

প্রাঃ—একটু ত্বর নাই, এত তাড়া-তাড়ি  
কেন। ত্বর...ব্য. (সং)। বিলম্ব-অসহিষ্ণুতা,  
বেগ। ত্বরাত্তরি...ব্য. সত্বর।

### থ।

থ...ব্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষর-বিশেষ।

থ...ব্য. (সং থ—পর্বত—মেঃ। তু° থকারে  
পাথর ভূমি—ভাঃ)। অচল, নিশ্চেষ্ট, প্রাঃ—  
শুনিয়া থ হইয়া বসিল। (২) (সং স্থিতি)।

স্থিতি, বিধি, প্রাঃ—কাজের থ নাই।

থই...ব্য. (সং স্বল্প। তু° হি° থাই)। তল,  
প্রাঃ—মদীতে বাশে থই পাওয়া যায় না।

থই থই...ব্য. (সং বিস্তৃতি ৭)। জলের  
বিস্তৃতিতে, প্রাঃ—মাঠে জল থই-থই করে।

থউকা, থাউকা...ব্য. (তু° হি° থকা—রাশি ;  
সং স্তরক। থোকা দেখ)। মাপ জোখ না

করিয়া রাশি, প্রাঃ—থউকা করে নাছ  
কেনা।

থক্-থক...ব্য. (সং স্তরক। কিংবা সং স্তক  
ধাতু প্রতিঘাতে। হি° থকা—পিন্ডীকৃত)।

রাশির আকারে, পিণ্ডের আকারে, প্রাঃ—  
থক্-থকা গয়ার—যেন স্তবকে স্তবকে।

থকিত...ব্য. (সং স্বগিত)। স্থির, নিবর্তিত  
প্রাঃ—কালি নাম গুনিয়া থকিত হয় চিত

(জ্ঞানদাস)।  
থটারী...ব্য. (ঠাটারী দেখ। ৩° থটারী)।  
কাংক্রকার।

থত-মত...ব্য. (থ-মতন ৭ থ দেখ)। ভয়ে  
শোকে মুগ্ধ বা নির্বাকভাবে। (থত মত  
খাওয়া)।

থপ, থপ্-থপ...ব্য. (সং স্থাপন হইতে)।  
স্থান-ব্যাপনে, প্রাঃ—থপ করিয়া বসিয়া

পড়া, থপ্-থপ করিয়া চলা—বৃহৎ পদতল  
স্থাপন করিয়া, হাতী থপ্-থপ করিয়া চলে।

থপ্-থপা, থপ্-থপিয়া...ব্য. থপ্-থপ ভাব-  
বিশিষ্ট।

থমকা...ব্য. (সং স্তম্ভীকৃত হইতে। থাম  
ধাতু দেখ)। থমকাই—স্তম্ভিত হই, হঠাৎ

স্থির হই, প্রাঃ—বাহিতে বাইতে থমকাইলে  
যে ৭ জল থমকাইয়াছে, আর তোড় নাই।

থমকা। (ঠমক দেখ)।  
থম্-থম...ব্য. (সং স্তম্ভ ধাতু)। স্তম্ভিতভাবে,

প্রাঃ—দৌঘির জল থম্-থম্ করে। থম্-থমা।

প্রাঃ—বানের জল থম্-থমা খাইয়াছে।

থর...য্য. (সং স্তর)। স্তর, প্রাঃ—পবাল মুকুতা থরে থর (শুং পুঃ), থরে থরে সাজান। থর-কাটা...প. স্তরে স্তরে বিস্তৃত সজ্জিত। থরে থরে...থরে থরে।

থর-থর...য্য. (সং স্তর)। স্তরবিভাবে, বৃন্দের কম্পনে, প্রাঃ—হীরা থর-থর কাঁপিতে ডরে (ভাঃ), এখনও কাঁপে হিয়া মম থর-থরি (মেঘনাদবধঃ)। থর-থরানি।

থর-হর...য্য. (থর-থর দেখ। থ স্থানে হ)। থর-থর কম্পনে, প্রাঃ—ডরএ জম কাঁপএ থর-হর (শুংপুঃ)। থর-হরি...প. (থর-থর+ঈ)। থর-হরবিশিষ্ট, প্রাঃ—থর-হরি কম্প। (থর-হরী হইবার কথা)।

থল...য্য. (সং স্থল)। স্থল, প্রাঃ—ভলে পরিপূর্ণ, থল মাত্র নাই। থলপয়া...স্থলপয়া দেখ।

থল্-থল...য্য. (সং শিথিল ? সং স্থল হইতে)। বেন পৃথক্ পৃথক্ স্থল—অংশ—বুঝিতে পারা যায়, প্রাঃ—মেদল দেহ থল্-থল করে, শিথিল পেশীও করে। থল্-থলা, থল্-থলিয়া...প. থল্-থল ভাববিশিষ্ট (থম্ থস দেখ)।

থলিয়া, থল্যে...য্য. (থলী+ইয়া। তুং হিং থৈলা, মং থৈলা থৈলী)। বড় থলী, গুণ। থলী...য্য. (সং স্থলী, স্থালী)। টাকা কড়ী রাখিবার স্থাননির্মিত পাত্র। (সং নাম স্যত)। থলুয়া, থল্যে...প. (স্থল+উয়া)। স্থলবিশিষ্ট, প্রাঃ—থলুয়া লুকা—বে লুকাতে অধিক স্থল থরে, কিংবা বাহা রাখিতে অধিক স্থল আবশ্যক হয়।

থম্-থস...য্য. (সং স্থা বাত)। স্তবক-স্তবকে,

প্রাঃ—বালি-মেশা কাটা থম্-থস করে—খাঁট নাই। থম্-থসা, থম্-থমিয়া...প. শিথিল, অসংহত, প্রাঃ—থম্-থসা শরীর।

থাক...য্য. (সং স্থা বাত+ক। তুং হিং থা, ওং থিলা=বাং ছিল। থাক হাতু অসম্পূর্ণ। বর্তমান কাল ব্যতীত অল্প কালে হয় না)। থাকি—স্থিতি করি, বিদ্যমান হই। থাকা।

থাকা...য্য. (থাক হাতু আন্তে)। থাকানা। প্রাঃ—আমি থাকাইব—থাকাব (কদাচিৎ অল্প কালে)। থাক...য্য. স্থিতি, প্রাঃ—বহু থাক খাইয়াছে, আর বৃদ্ধি নাই। থাক-দম...য্য. স্থিতি, প্রাঃ—থাকদম থাওয়া, বৃদ্ধি না হওয়া।

থাক...য্য. (সং স্তরক)। শ্রেণী, প্রাঃ—থাকে থাকে জিনিস, থাক-ছাড়া; ব্রাহ্মণের শ্রেণী-বিশেষ, মেলী ও অমলে কুলক্রিয়া হইলে থাক ঘটে; আধার, কাঁথের ভিতরে কিংবা বাহিরে দ্রব্যাদি রাখিবার আধার। (তুং তাক)।

থাকবত্তা...য্য. (হিং থাক—সীমাসূচক পাক-থাম)। জমির সীমা-অরিপ (cadastral survey)।

থান...য্য. (সং স্থান)। স্থান, প্রাঃ—থান-ছাড়া হওয়া; দেবতার থান (স্থান)।

থান...য্য. (সং তন্ত্র—টানা হইতে)। তাঁতের এক টানার বত লম্বা বস্ত্র হয়। (থান ছোট হইতে পারে)। থান-কাড়া...প. এফটা থান হইতে কাড়া বা চেরা, প্রাঃ—থাঃ ধুঁতি থান...য্য. রত্ন ও স্বর্ণালঙ্কারের সংখ্যা, প্রাঃ—পাঁচ থান গহনা।

থান...য্য. (সং স্থান)। থুঁটা, প্রাঃ—হাজার

বাজার দেখে থানে বাক্স বাজী (ভাঃ)—  
বাজী—খোঁড়া। (অপ্রচলঃ)।

থানকুড়ি, থানকুনি...থালকুড়ি দেখ।

থানা...য. (সং স্থান)। রাজকর্মচারীর উপ-  
বেশনস্থান, প্রাঃ—জম রাজার বসিবার  
থানা (শুং পুঃ); কোটালের স্থান, অবরোধ  
নিমিত্ত সৈন্যসনাবেশ, প্রাঃ—ছয়ার জুড়িয়া  
দেয় থানা (কবিকঃ), থানা দিয়া পূর্ক্বেঘরে  
বসিয়াছে (থানা দেওয়া); ডাকাইতের  
নির্জন স্থান, প্রাঃ—থানা করা, পাতা—  
ডাকাইতির পূর্বে যে নির্জন স্থানে ডাকাইত  
একত্র হয়; গাছের বীজ বুনিবার স্থান,  
প্রাঃ—থানা করিয়া লাউ-বীজ রোজা।  
থানাদার...কীড়িদার। পুলিশ-থানা...যে  
থানায় পুলিশ থাকে।

থাপ, থাপা...য. (সং স্থাপ)। করতল, কর-  
তলচিহ্ন (থান ঝাড়িয়া রাখি করিয়া হাতের  
চিহ্ন দেওয়া হয়, উদ্দেশ্য, থান চুরি গেলে  
জানা পড়িবে (হিং থাপা)। থাপী...য.  
কুম্ভকার যে ছোট পাটা বা পিটনা দ্বারা  
কাঁচা হাঁড়ী পিটে। থাপন (গাং)...য.  
স্থাপন।

থাপড়, থাবড়...য. (সং স্থাপনা। সং স্থাপ—  
বাং থাবা; থাবা+ড়)। থাবা, বিস্তৃত  
করতল, প্রাঃ—মুখে তার থাবড় মারিল  
গোটা কুড়ি (মাঃ)।

থাপড়...য. (হিং। থাপড় দেখ)। চপেটা-  
হাত।

থাবড়...ধাতু. (সং স্থাপিত, স্থাবর হইতে  
থাবড়া ধাতু হইবার কথা। থাবড়, থাবড়া  
—হই-বুপই আছে)। থাবড়ি—স্থাপন  
করি, প্রাঃ—পাছা থাবড়িয়া বসিল। থাবড়া।

থাবড়া...ধাতু. (সং স্থাপিত হইতে)।

থাবড়াই—স্থাপিত করি, প্রাঃ—মুখ  
থাবড়াইয়া পড়িয়া গেল। থাবড়ানা।

থাবড়ি খাওয়া—বিস্তারিত হওয়া, প্রাঃ—  
থাবড়ি খেয়ে বসী।

থাবড়া...য. (সং স্থপট)। উচানীচা বিস্তৃত,  
প্রাঃ—এক থাবড়া গোবর (বাং থাবড় ধাতু  
হইতে ?)।

থাবর (গ্রাং)...য. (সং স্থাবর)। স্থাবর,  
প্রাঃ—থাবর অস্থাবর সম্পত্তি। (অস্থাবর  
—অথাবর নহে)।

থাবা...য. (সং স্থাপনা)। বিড়াল, ব্যাঘ্র  
ইত্যাদি পশুর পদতল, সম্মুখ পদতল (কর-  
তল); মানুষের বিস্তৃত করতল, প্রাঃ—এক  
থাবা ভাত।

থাম...ধাতু. (সং স্তম্ভ ধাতু। হিং ওং থাম, মং  
থাষ ধাতু)। থামি—গতিরোধ করি, রোধ করি।  
থামা। চলিতে চলিতে থামা—চলন রোধ,  
গোল করিতে করিতে থামা—শব্দ রোধ।  
থামা...ধাতু. (থাম ধাতু আন্তে)। থামানা।  
থাম...য. (ওং থাম, হিং থামা, মং থাম।  
সং স্তম্ভ—স্তম্ভ হইতে থামা, থামা)। পাকা  
গাথনির স্তম্ভ (সং স্তম্ভ ধাতু বুদ্ধিকরণ—  
যাহাতে পতন রোধ করে—তাহা থাম। এই  
অর্থে কোথাও কোথাও খুঁটা বুঝায়)।

থারী...য. (সং স্থালী)। থালী (নবদীপ-  
পরিষ্কমা)।

থাল, থালা...য. (সং স্থাল)। বিস্তৃতমুখ  
কাংজাদি-নির্মিত অগভীর পাত্র। থালার  
আকার অহুসারে নাম,—কাঞ্জন-থালা...  
কানা উচা নহে, পরস্তু অল্প উচা হইয়া  
বাহির দিকে গড়াইয়া পড়া; বগী থালা...

কামা অন্ন উচা, কিন্তু সোজা; বেলী  
খালা...কানা উচা। এইরূপ, মিহি খালা,  
মালেশ্বরী খালা, ইত্যাদি। খালী...ব্য.  
(খালা + লি)। ছোট খালা।  
খালকুড়ি, খানকুড়ি...ব্য. (সং নাম মজু ক-  
পর্নী। ওং ধলকুড়ি)। মজাদি বর্গের ছোট  
বহু শাকবিশেষ (Hydrocotyle asia-  
tica), কিন্তু শহা, মউরি প্রকৃতি গাছের  
মঞ্জ শাদৃশ্য অন্ন। ভিজা স্থানে জন্মে।  
পাতা তেফ-পুঠের তুল্য (এই হেতু সং  
নাম মজু কপর্নী), কিংবা ও-অঙ্কের তুল্য।  
ছল শাদা। (সং নাম মাঙ্ক কী হইতে  
কুড়ি; কিন্তু, ধাল প পাতা খালার আকার  
বলিয়া প উত্তর ও মধ্যবর্ত্তে আর এক  
জাতি (H. rotundifolia) আছে। ইহার  
পাতা গোল হইয়া পানের মতন। ইহা  
হইতেও ঠিক ধানের আকৃতি আসে না)।  
খাস...খাত্ত. (ঠাস খাত্ত দেখ)। খাসি—  
মর্দিত করি, প্রঃ—মরদা খাসিয়া বৃটি  
বেলা। খাসা। খাসা...খাত্ত. (খাস খাত্ত  
আস্তে)। খাসিনা।  
খিত...খ. (সং খিত)। খিত, প্রঃ—খিত  
হইয়া ধলা—বাড়ী-ধর করিয়া গুছাইয়া বাস  
করা। খিতা...খাত্ত. খিতাই—খিত হই,  
প্রঃ—জলের কাদা খিতাইয়াছে। খিতানা।  
(খিত খাত্ত হইতে খিতনা শব্দও আছে।  
এই হেতু আন্ত বেতা খাত্ত আছে। খিতা  
খাত্তর গ্রাং খিনা খাত্ত)।  
খিয়েটর...ব্য. (ইং theatre)। নাট্যশালা  
(প্রাং থেটর)। খিয়েটরী...খ. খিয়েটর-  
সম্বন্ধীয়, খিয়েটরের যোয়া।  
খির...খ. (সং খির। ওং তেও খির গ্রাং নহে)।

খির, প্রঃ—ভগ্নে বিদ্যাপতি, জনক সুবতি,  
চিত খির নাহি হোর (বিদ্যাপতি)।  
খির বাঁধা—জনক খির করা, প্রঃ—ভ্রমের  
ভঙ্গিমা দেখি কেবা খির বাঁধে (নবদ্বীপ-  
পরিভ্রম)। খির-খির...ব্য. খির ভাবে,  
প্রঃ—বেগে খির-খির (পুং পুঃ)—খিরে  
খিরে—ধীরেধীরে বসে।  
খু...খাত্ত. (সং খাপি খাত্ত। খোদ হর প্রথমে  
খা পরে খু খাত্ত আসিয়াছে)। খুই—  
খাপিত করি, রাখি, প্রঃ—খিচারিয়া কত্র  
নাম খুইল প্রকাশিত (করিকঃ)। খোয়া,  
খোওয়া। (প্রাং দেড় পত বৎসরের মধ্যে  
দক্ষিণরাঢ় হইতে বাতুটি উঠিয়া গিয়াছে।  
কিন্তু, দেওয়া-খোওয়া শব্দ এখনও খু  
খাত্ত আছে। অত্র স্থানে রাখ খাত্তর প্রয়োগ  
হয়)।  
খুং...ব্য. (সং খু খু)। নিম্নবন ভাগশব্দে,  
স্বর্ণপ্রকাশে। খুং, ছিঃ...ব্য. স্তম্ভাখ,  
অবজার। খু খু...ব্য. (সং)। নিম্নবন  
(খু-খু ফেলা, উঠা)। খু-খু করা—নিন্দা  
করা। খুখ বা. খুখুর আকারের সুন্দ  
উদ্ভিদ। (প্রাংই, খো দেখ)। খুখু-খোকা  
...ব্য. গাছের উৎকৃষ্টবিশেষের এক দশা  
খুখুর মতন শাদা ফেনিল-পদার্থের মধ্যে  
থাকে।  
খুড়...খাত্ত. (সং খুর খাত্ত হননে, পূর্ণ)।  
খুড়ি—ছোট ছোট খণ্ডে কাটি, প্রঃ—  
মাংস খুড়িয়া। খোড়া। খোড়া...খাত্ত. (খুড়  
খাত্ত আস্তে)। খোড়ানা।  
খুড়ি...ব্য. (সং খুব—বিনষ্ট হইতে প সং জুটি  
কোব হইতে প তুং হিং খুড়ী—জুটি, অপ-  
মান)। এক কথা কহিতে কহিতে অত্র

কথা জামে কহিলে, যেমন শ্রীবিষ্ণু, রাম  
ইত্যাদি বলা হয়, তেমন খুড়ি। খুড়ি—বেন  
সব গেল; কিংবা জুড়ি—লোম হইল।

খুড়ি-লাক...ব্য. (জুড়ি দেখ)। তোড়ে—  
বেগে লাফ, প্রাঃ—খুলি লাফে পেরাতাম  
খাঁড়রের খানা (সাঃ)—(খুড়ি—খুলি গ্রাঃ)  
—খাঁড়রের খানা খুড়িলাফ খাইরা পার  
হইতামঃ ছেলে খুড়ি-লাক খায়—হঠাৎ  
লাকহইরা উঠে।

খুৎকড়ি, খুৎকুড়ি...ব্য. (সং খুৎকার)। খুথু,  
প্রাঃ—এ কি খুৎকুড়ি দিয়া ছাত্তু গোলা  
(টেকচাঁদ)।

খুতনি...ব্য. (খুতি দেখ)। গবাদি পশুর  
অধরোষ্ঠ।

খুতি...ব্য. (সং জোড়ি হইতে। ওং বোড়)।  
অধরোষ্ঠ, চিবুক, প্রাঃ—জুমে ঠেকে খুতি  
হাঁটু কাণ ঢেকে যায় (তাঃ)।

খুতু...ব্য. (খুথু দেখ)। মূথের রস বা  
লালা।

খুপ্-খুপ...খপ্-খপ দেখ।

খুপ...খাত্ত. (সং খুপ খাত্ত দীক্ষিতে। খুপ  
খাত্ত হইতে খোপা। বোধ হয় সং জুপ  
মিশিয়াছে)। খুপি—কাপড় জুপ করিয়া  
কাচি। খোপা। খুপা, খোপা...খাত্ত. (খুপ  
খাত্ত আস্তে)। খোপানা।

খুপি...ব্য. (সং জুপ হইতে)। লেখার কালী  
খুকাইবার নিমিত্ত পানের বলী; জুল  
ফুলি।

খুপী...প. (খোবা+ঈ)। খোবার আকার-  
বিশিষ্ট, প্রাঃ—খুপী বেগুন—বে বেগুন  
খোবা খোবা ধরে।

খুবড়া...প. (সং জ্বর)। জ্বল-মেহ বালক।

খুবড়া...প. জ্বলমেহ অবিবাহিতা কস্তা।  
(তুং সং পৃথুকা)।

খুবড়া...খাত্ত. খাবড়া দেখ।

খুন্-খুর...খন্-খর দেখ। খুন্-খুরা, খুন্-খুরিয়া  
...প. এত জীর্ণ-জীর্ণ যে নাড়াইলে খুন্-  
খুর করিয়া কাপিতে থাকে, প্রাঃ—খুন্খুরা  
বুড়ী।

খুল...প. (সং জুল)। জুল। (ওংতেও জুল  
গ্রাঃ নহে)।

খেই-খেই...ব্য. (অল্পকার শব্দ)। ঢোল  
বাজাইবার সময় অল্পকার; ধীরে ধীরে  
মৃত্যে (সং শ্বির হইতে)।

খেকে...ব্য. (খাক খাত্ত হইতে থাকিয়া—  
সংক্ষেপে খেকে—থেকে)। স্থিতি করিয়া,  
জ্ঞান হইতে, প্রাঃ—কুখা খাকে আইলেন  
হংস কুখা তুম্বার ঘর (শুংগঃ)—থাকে—  
থেকে (প্রাচীন কালে থাকে ছিল)। কোথা  
থেকে এলে—কোন্ জ্ঞান হইতে; অপেক্ষা,  
প্রাঃ—তোমার থেকে বুঝে ভাল।

খেঁতলা...খাত্ত. (খেঁতা দেখ)। ঠুঁটা দেখ।  
খেঁতা করা—খেঁতলা—খেঁতলা)। খেঁত-  
লাই—সেযুক্ত করি, প্রাঃ—জুতা দিয়া কাদা  
খেঁতলাইবে না। খেঁতলানা।

খেতা...খাত্ত. (খিত খাত্ত আস্তে)। খেতাই  
—স্থিতি করাই, গুছাই, প্রাঃ—ঘর-ঘর  
খেতাইরা গাথি। খেতানা।

খেঁতা (গ্রাঃ)...খোঁতা দেখ।

খেবড়া...খাবড়া দেখ।

খেলো...খালুয়া দেখ।

খৈ, খৈ-খৈ...বই, খেই-খেই দেখ।

খৈকর...ব্য. (সং জপতি; বই—খই+কর)।  
জপতি, রাজ (সং জপতি—অষ্টাঙ্গিবা-

নির্মাণকারী), প্রাঃ—মূল বাহুবিরে আনিল  
বৈকর ( কবিকঃ )। ( অপ্রচলঃ )।

থো...ব্য. ( খুখুর মতন শাদা বলিরা ৭ স° খ  
—রোগবিশেষ )। পচা ফলে, পুরানা কাস-  
নিত্তে জাত শাদা জুলার মতন সূক্ষ উদ্ভিদ-  
বিশেষ ( mould )। কোথাও কোথাও  
ছাতা বলে। ( থো, খ পড়া )।

থোওয়া...খু ধাতু দেখ। দেওয়া-থোওয়া—  
দেওয়া ও অবশিষ্ট রাখা।

থোক...ব্য. ( স° স্তরক )। সমূহ, রাশি,  
প্রাঃ—এক থোকে পঁচিশ টাকা।

থোকা...ব্য. ( স° স্তরক—অন্ন। তু° ও°  
থোক—অন্ন )। জমিদারী সেরেস্তার জমা-  
বন্দির সংক্ষিপ্ত বিবরণ হিসাব। প্রত্যেক  
প্রকার জমির ও জমার হিসাব।

থোড়...ব্য. ( তু° ও° থোর—ওষ্ঠ, হস্তিশুণ্ড—  
স° অধর। ঢাকার থোর—জঞ্জা। ঢাকার  
থোড়—কলার মোচা, ভারালি—কলার  
থোড়। ভারালি—তু° আসা° ভরি—পদ,  
যে হেতু দেহের ভার পড়ে। অতএব  
ভারালি শব্দের মূলার্থ পদ। স° নাম  
কদলীদন্ত। ও° কদলী মঞ্জা—মঞ্জরী। ম°  
খোঁটা—স° স্বাপ্ন। ধানগাছ থোড় বাঁধে—  
স° তৎকরি=বাঁধ। থোড় শব্দের মূল কি ?  
স° স্বাপ্ন ৭ স° স্বূ ল ৭। কলাগাছের মোচার  
দীর্ঘ খোঁটা, প্রাঃ—প্রাভু বীর নিত্য পর  
থোড় মোচা ফল ( চৈঃ চঃ )। থোড় বড়ী  
খাড়া—( ড় দ্বারা অল্পপ্রাস হেতু প্রয়োগ )।  
একই উপকরণ। ( ২ ) ধানগাছের শীষ  
দখন পাতা হইতে বহির্গত হয় নাই ( হি°  
খোল ), প্রাঃ—ধানে থোড় বাঁধে, গজায়।  
গর্ভ-থোড়—ধানগাছের পত্রগর্ভস্থ থোড়।

থোড়া...ব্য. ( হি° । স° স্তরক )। অন্ন, একটু।  
( বাণতে চলিত নাই )।

থোড়া...খুড় ধাতু দেখ।

থোতা...ব্য. ( হি° খোতরা, খোতলা—ভোঁতা ;  
ও° খোতরা/খোবরা ; ম° খোঁটা খোঁটা—  
স° স্বাপ্ন। স° খুর্ণ—বিনষ্ট হইতে ? ভোঁতা  
দেখ )। সম্পীড়িত, জুগ, প্রাঃ—পাতনের  
মুখ খোঁতা করা, বকিয়া বকিয়া মুখ খোঁতা  
হয়। খোঁতা মুখ ভোঁতা করা—তু° মড়ার  
উপর খোঁড়ার ঘা।

থোপ, থোপা...ব্য. ( স° স্তপ )। পুচ্ছের  
অনুকরণে স্তূত্রগুচ্ছ। থোপী, থুপী...ব্য.  
( থোপ+ঈ )। ছোট গুচ্ছ। থোপনা...ব্য.  
( থোপ+না )। গোবুর পুচ্ছের লোবগুচ্ছ।

থোবা...ব্য. ( স° স্তরক )। পুশ্পাদির ত্তবক।  
থোর, থোরি...থোড়া। ( প্রাচীন পদে )।

## দ।

দ...ব্য. ( স° )। বাঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ। হাড়-  
গোড়-ভাঞ্জা দ... ( হাত গোড়=হাড়-  
গোড় )। বে দ অক্ষরে হাত-পা ভাঞ্জা  
দেখায়।

দ...ব্য. ( স° দর—গর্ত ; যথা,—দরোহিত্রী  
সাক্ষসে গর্তে কন্দরে তু দরী মতা—মেঃ।  
দর—দঅ—দহ। এ এর পরে থাকিলে  
দ স্থানে দয় হয় )। দক, নদীগর্ভে গর্ত বা  
নিয়ন্ত্রান, প্রাঃ—নদীতে দ পড়ে ; মাতঙ্গ  
পড়িলে দয়ে পতঙ্গ প্রহার করে ( ভাঃ )।  
কাজে দ পড়া—যেন গর্ত হইয়া বিদ্র পড়া।  
শিয়াল-দ...শিয়ালের গত্ত, ঝিনা-দ...শীর্ণ  
গর্ত।

দ...ধাতু: দহ ধাতু দেখ।

দং...বা. (ফা° দন্ন শব্দসংক্ষেপে)। নিমিত্তে,  
প্রাঃ—দং জলকর ২০°—জলকর নিমিত্ত  
(জমা বা খরচ) ২০°।

দই...বা. (স° দধি—দহি—দই)। দধি। দই  
বনানা, পাতা (দধি-স্বাপন)—ছধকে দইতে  
পরিণত করার উপায় করা। বনানা—  
জমানা। (তু° ও° বসা-দই, যাহা ষোল-  
দই নহে)। দইএর সাজা...সজ্জা (কলি-  
কাতার দধল)। খাঁটি ছধ এক সের হইতে  
তিন পোয়া উৎকৃষ্ট দই হয় (সাজার গুণ  
ও বসাইবার গুণ থাকা চাই)। সাজ-  
দই...সদ্য-পাতা-দই। উপমার, ভিজা ভাতে  
দই—মুখরোচক হয় না।

দইয়াল...দয়াল, দোয়েল দেখ।

দৈক...বা. (স° দকং—জল—ছেমঃ। বোধ হয়,  
স° উদকং হইতে দকং। তু° স° দমঃ  
কর্দমে—মেঃ)। গভীর তরল পদক। হাতীর  
দৈকে পড়া—হাতী পদক হইতে উঠিতে  
পারে না; লক্ষণায়, ধনাচা কিংবা প্রসিদ্ধ  
ব্যক্তির গভীর বিপদে পড়া।

দক্কা...বা. (তক্কা—তক্কা হইতে ৭ ও°  
দক্কা)। তাঁতের যে তক্কীর উপর দিয়া  
মাকু যাতায়ত করে।

দক্ষিণ...বা. (স°)। ডাইন, প্রাঃ—দঃ হাত,  
দঃ পাশ; সূর্যোদয়কালে সূর্য প্রাতি মুখ  
করিয়া দাঁড়াইলে ডাইন, প্রাঃ—দঃ দিক।  
দক্ষিণ হস্তের ব্যাপার...ভোজন। দক্ষিণা...  
বা. (স°)। পুরোহিতের প্রাপ্য বেতন,  
ভোজনের পর ব্রাহ্মণকে পুরকার বা পাথের।  
ডাকে, বায়ুন বাদল বান দক্ষিণা গেলেই  
বান—ব্রাহ্মণের কৃত কর্মের দক্ষিণা; দক্ষিণ

দিক হইতে বাতাস বহিতে থাকিলেবাদল  
ও বজ্রা শেষ বুরিতে পারা যায়। (বঙ্গদেশের  
সর্বত্র এ নিয়ম নহে)। দক্ষিণিরা, দক্ষিণ্যে  
...বা. (দক্ষিণ+ইরা)। দক্ষিণমিক্তব,  
দক্ষিণমিক্তবর্তী, প্রাঃ—দক্ষিণ্যে বাতাস।  
(বোধ হয়, দক্ষিণা শব্দের রাঢ়ীয় উচ্চারণে  
দক্ষিণে শোনায়া। তু° দান-দক্ষিণে)।

দৈখনো...বা. (দক্ষিণ+উয়া—দক্ষিণুয়া—  
দৈখনো)। দক্ষিণমিক্তব, দক্ষিণ-দেশতব,  
প্রাঃ—দঃ বাতাস, দঃ গোরু।

দখল...বা. (আ°)। অধিকার, ভোগ;  
অভ্যাস, আয়ত্তি। দখল-নামা...দে পক্ষে  
অধিকার স্বীকৃত হয়। দখলি...বা. দখল।  
দখলি-স্বত্ব...অধিকার। দখলিকার...  
অধিকারী। দখলী...বা. অধিকারভুক্ত,  
অধিকৃত, প্রাঃ—দঃ জমি। ভোগ-দখল...  
(সহচর শব্দ)। ভোগ। নিঃ—বে-দখল।

দগড়...বা. (স° দগড়। রগড় দেখ)। মাটির  
ছোট নাগরাবিশেষ। (নদীরায় ডগর)।  
দগড়ে রগড় দেওয়া—দগড় নামক বামা-  
যন্ত্রে কাঠির ঘর্ষণ (রগড়) করা। এই রূপে  
দগড় বাজানো হয়।

দগ্-দগ...বা. (স° দহ ধাতু সজ্ঞাপে)।  
সজ্ঞাপে, অলনে, প্রাঃ—হিরা দগ্-দগ—যেন  
হৃদয় পুড়িতে থাকে; এ ছুধ আঁমার চিত্তে  
দগ্-দগ জ্বলে (মাঃ)। দগ্-দগি...বা. জ্বালা,  
প্রাঃ—এই বড় দগ্-দগি অস্তরে রহিল  
(মাঃ)। দগ্-দগানি।

দগ্ধ...ধাতু... (স° দগ্ধ হইতে)। দগ্ধি—দহি,  
প্রাঃ—পরাণ দগ্ধিতেছে। দগ্ধা, দগ্ধন।  
দগ্ধা...ধাতু... (দগ্ধ ধাতু আক্ষে)। দগ্ধাই  
—পোড়াই। দগ্ধানি। (দগ্ধা ধাতু স্বানে

আরই মন্থ ধাতুর প্রয়োগ হয়, প্রাঃ—  
মন্থিয়া মন্থিয়া মারা—মন্থিয়া।

মঞ্জল...বা. (সং জঞ্জল—অরণ্য হইতে।  
হিং—মল্লকীড়ান।) অরণ্য, মল, প্রাঃ—  
সোকের মঞ্জল—সোকারণা; মন্থবানুদিগের  
মঞ্জল (পায়ীচাঁদ)।

মজ্জা...বা. (আঃ)। মিথ্যাবাদী, বঞ্চক  
(কমার্চিৎ প্রচলঃ)।

মড়...বা. (সং মৃঢ়। প্রাচীন বা° মঢ়। আশা°  
ডাট)। মঢ়, প্রাঃ—বীশের চাইতে কঙ্কি  
মড়; আটে পিঠে মড় ত ঘোড়ার পিঠে চড়  
—অষ্টোজ্জ মড় না হইলে অধারোহণে স্লথ  
নাই। (২) কঠিন, প্রাঃ—ভিতরেতে মড়  
ভাত (চৈঃ চঃ)—শক্ত ভাত (৩° মড়)।  
(৩) নিপুণ, প্রাঃ—সিক্তিতে নিপুণ মড় (ভাঃ)  
—সিল্লি সেবনে নিপুণ।

মড়কচা...বা. (মড়+স° কচ—কেশ, বা°  
কচা—তৃশ-রজ্জু)। দোড়ি-দোড়ি-ভাব,  
প্রাঃ—শুধনা বেগুন পোড়াইলে মড়কচা  
মারে। (মড়-কীচা দেখ)।

মড়কীচা...বা. (মড়-কীচা। স° মড়—অর্থ। মড়  
দেখ)। আধ-কীচা, অ-সিদ্ধ, প্রাঃ—অন্ন  
আগুনে পোড়াইলে বেগুন মড়-কীচা মারে  
—কোন্নি অংশ সিদ্ধ হয়, কোন্নি অংশ হয়  
না, কীচা থাকে।

মড়-মড়...বা. (সং মল ধাতু বিদারণে)। মলিত  
বা বিদারণভাবে, প্রাঃ—মড়-মড় করিয়া  
চলা—যেন মাটি মলিত, বিলীর্ণ হইতে  
থাকে, ত্রুত তেজে। (জীর্ণ বস্ত্র মড়-মড় করে  
—মড়-মড়, কব-কব শব্দের অপভ্রংশে)।

মড়-পাকা...বা. (সং মড়—ঈষৎ—মোঃ)। ঈষৎ-  
মড়।

মড়-বড়...বা. (সং মল ধাতু বিদারণে, মল  
ধাতু বধে। অতএব মড়-বড় সাধুচর শব্দ)।  
মলিত বিনষ্টভাবে, প্রাঃ—বেথিয়া মেলকা  
রাণী পমার মড়-বড়ি (কবিকঃ)—মাটি  
মলিত ও হত করিয়া; মড়-বড়ি চড়ি ঘোড়া  
জমনি চাবুক (ভাঃ); অশ্বের মড়বড়ি  
দাঁড়ের কড়মড়ি বায়ণ-বৃহল্লভা তায় (মঃ),  
—অশ্বের মড়বড়ি—বেগে ও বলে গমন।  
ঘোড়া মড়বড়ি (মেঘনাদবধে)—ঘোড়াকে  
মড়বড় করিয়া চলাইয়া। মড়-বড়িয়া...বা.  
যে হঠাৎ উত্তীর্ণা চলিয়া কাজ করে। মড়-  
বড়ানি।

মড়মা...বা. (মাড়র হইতে? মাড়র—ছুরমা—  
দরমা—মড়মা)। মল গাছের ডাঁটা চিরিয়া  
নির্মিত মোটা মাড়রবিশেষ।

মড়া...বা. (দোড়ী দেখ)। মোটা দোড়ী।  
মড়া-দড়া... (মড়া সয়)। মোটা ও সয়  
দোড়ী। মড়া...মাড়ু, মড়াই—দোড়ী দিয়া  
বাধি, প্রাঃ—মড়ারে পারে উঠয়ে তাহে, থাকি  
থাকি দেই বোঝো (চল্লীঃ)। মড়ানা।

মড়াম্...বা. (সং মড়+আম্—শব্দে)।  
মড়ের তুল্য সোজা পতন-শব্দে, প্রাঃ—  
দোড়িতে দোড়িতে মড়াম্ করিয়া পড়িয়া  
গেল। (তু° তাল-কাছাড়া)।

মড়ি...দোড়ী দেখ।

মঢ়...বা. (সং মৃঢ়। মড় দেখ)। মঢ়, প্রাঃ—  
জ্ঞানদীপ্তি কহে মঢ় করি থাকি বুক (জ্ঞান-  
দীপ্ত)। (কবিকঃ)। মঢ়া...মাড়ু, মড়াই  
—মৃঢ় করি (প্রাচীন পদে)। (অপ্রচলঃ)।

মড়...বা. (সং)। মাটি; মমন; চারি হাত  
পরিমাপের বটি; বাটি-পল কাগ-পরিমাপ  
(২৪ মিনিট)। মড়কলশ...বা. (সং নাম

দেখোৎপল)। ডানকুনি গাঁছ দেখ। দণ্ডবৎ হওয়া—ভূমিতে দণ্ডবৎ পতিত হওয়া, ভূমিতে দণ্ডবৎ সোজা পড়িয়া প্রণাম, প্রায়—দণ্ডবৎ হয়ে মুনি করিয়া প্রণাম (ভাঃ)। (দণ্ডবৎ করি নাহে, দণ্ডবৎ হই)। এক্ষণে, দণ্ডবৎ বলিলে সোজা দাঁড়াইয়া জোড়হাতে প্রণাম বুঝায়। গুরে দণ্ডবৎ... যাহার নিকট দণ্ডবৎ হইতেছি তাহাকে গোরু বলা; গোরু যেমন গুর দিয়া চাটি মারে, তেমন যে গোরুর সর্বদা ত্যক্তবিরক্ত করে, তাহাকে নমস্কার (গালিতে)। দুটি পায়ে দণ্ডবৎ...কাতরোক্তি, কমা-প্রার্থনা (ব্যঞ্জাচ্ছলে)। দণ্ড-বিধি...যা. (সং)। ছুঠের শাসন-বিষয়ক বিধান (আদাঃ, Penal code)। দণ্ড-যুক্ত...যা. (সং)। দণ্ড ও মস্তক। দণ্ডযুক্তের কত, বিনি দণ্ড দিতে পারেন, এমন কি, মাথাও লইতে পারেন।

দণ্ডাপ...চেমনা সাপ দেখ।

দণ্ড...যা. (সং)। দণ্ড হইতে। ব্রাহ্মণের পইতা দণ্ডপ্রমাণ লইয়া তিনছের করিয়া গ্রন্থি। একদণ্ডি পইতা—এক গ্রন্থি যে পইতায়।

দণ্ড...যা. (সং)। দণ্ড, যেমন দেবদণ্ড, বহুদণ্ড হইতে। কিছুকালের পদবীনিশেষ।

দণ্ডি...যা. (সং)। দই। দণ্ডিকালী...হাঁড়ি কিংবা হাঁড়ীর দই পরিমাণ। শুভ্রকরী আর্বা,—"গণা তলা ফাঁড় আদি যতক মাপ হমে। তত জাপের এক ভাগ অঙ্গুলী দরিবে। উক্রে হবে মঠেক অঙ্গুলী নিরূপণ। উকর অঙ্গুলী লয়ে করিবে পূরণ। একুনে অঙ্গুলী যত বতনে রাখিবে। পঞ্চ সের দর দিয়া তাহারে হরিবে।

হরিলে অঙ্গুলী যত কথিতলে বয়। এক এক অঙ্গুলে তার পাকি সের হয়।"—গণা, তলা, ফাঁড় (—পেট—) যত অঙ্গুল বেড়। এই তিনের একভাগ ষট্টিধের যত অঙ্গুল। এই পরিমাণ + ৫ = পাকি সের ৭ গণালের দর—কি ?

দনা...যা. (সং)। দমনক। ৩° দহনা, হি° দৌনা)। সোমরাক্যাদি বর্গের শাক-বিশেষ (Artemisia indica)। পাতা পঞ্চচ্ছিন্ন, নিম্নপৃষ্ঠ রোমশ। মঞ্জরী হেদিচ। পড়ে। পাতায় উন্নয় গন্ধ আছে। নাগ-দনা...যা. (সং)। নাগদমনক)। ঐ প্রকার শাক (Artemisia vulgaris, The Indian worm-wood)। কিন্তু, পাতা চেপটা, বেশী কাটা, নীচে দীর্ঘরোমশ। পাতা স্তম্ভাক। এই হেতু কি মাপ আসে না ? বোকের বিম্বান, পাতার গণে রাখে ভুতপ্রোত পলায়।

দনাই...যা. (সং)। জনার্দন—জনা—দনা—আই—আদরে)। জনার্দন নাম।

দণ্ড...যা. (সং)। ৩° কা° দন্দান)। দাঁত; ৩২ অঙ্ক। দণ্ডপাটি...যা. দণ্ডপণ্ড তিঃ দণ্ডপুট...প. যাতে দাঁত ছুটাইতে পারা যায় না, এত কঠিন; লক্ষণীয় ছবোধ্য। দণ্ডাল...প. (দণ্ড+আল)। দণ্ডবিশিষ্ট, বৃহৎ দণ্ড-বিশিষ্ট। (দাঁত দেখ)।

দণ্ডী...যা. (সং)। দ্ব্যুহী-আদিবর্গের দ্ব্যুহী-কুপ-বিশেষ (Baliospermum axillare)। পাতা অশ্চাকার, দণ্ডুর উন্নয় লোমশ, ত্রিশীর। পাতার গোড়ায় ছুটা অর্ধদ আছে। ফল তিন-অর্ধাঠিয়া। উত্তর ও পূর্ববঙ্গে গাছ আছে।

দপ, দপ্-দপ...ব্য. (সং দৃশ্য বাতু গব, পীড়ন, সন্দীপনে; দীপ বাতু জ্বলনে)। সন্দীপনে, প্রঃ—দপ্ করিয়া দীপ জ্বলিল; দপ-দপদপ দপরে মনি (ভাঃ) পীড়ায় প্রঃ—ব্যথায় মাথা দপ্-দপ করে; গর্বে, প্রঃ—দব্-দবা দেখ। দিপ্-দিপ...ব্য. পীড়ন, সন্দীপনের মুহূর্তায়। ছপ্-ছপ...ব্য. অতি-মুহূর্তায়। ছপ্-দাপ দেখ। দপ্-দপা ব্য. (সং দর্প)। দর্প, প্রতাপ।

দপ্তর...দক্-তর দেখ।

দর্প (প্রাঃ)...ব্য. (সং দর্প)। দর্প।

দফা...ব্য. (আং দফা)। বিঘ্ন, প্রকরণ, পদ।

দফা-দার ব্য অন্ন সেনার পতি; চৌকী-দারের উপরিষ্ঠ কর্মচারী, পুলিশ-রিপোর্টার।

দফাদারি...ব্য. দফাদারের কর্ম। দফা রফা,

দফা সারা—কোন বিষয় অবশিষ্ট না রাখা।

দফা-দফা...পৃথক্ পৃথক্; পুনঃ পুনঃ।

দফে...পুনশ্চ।

দফাল...বাতু. (ছই কালি হইতে। সং ফল

বাতু সঞ্চালন, তাড়নে)। দফালি—

ছু-কাল করি, আফালন দ্বারা ছই খন্ড

করি, প্রঃ—ছেলেরা জল দফালিয়া বেড়াই-

তেছে। দফালা। দফাল...ব্য. আফালন,

প্রঃ—অগ্নির দফালে যেন ঘাঁড়ের গর্জন

(কবিকঃ)। (সং দর্প হইতে)।

দক্-তর, দপ্তর...ব্য. (আং দক্-তর)। খাঁতা-

গত্র। দক্-তর-খানা...দক্-তর রাখার স্থান।

দক্-তরী...বে-খাতাপত্র রাখা, যে বাহি বাধে।

দব্-দব...দপ্-দপ দেখ।

দব্-দবা...ব্য. (দপ্-দপ দেখ। তুং আং

দবদবা)। প্রতাপ, প্রভুত্ব। দব্-দবানি

...ব্য. দব্-দবা।

দম...বাতু. (সং দম বাতু)। দমি—উপশান্ত হই, বিনত হই। দমা ॥ দমা...বাতু. (দম বাতু আন্তে)। দমানা ॥

দম...ব্য. (ফাং)। খাস, প্রঃ—দম লাওয়া।

দম-মায়া...খাসহৃদয়। নাকে-দম...প্রাণ

বহির্গত হওয়ার উপকুম। পেটবুক সমে-দম

...খাস লইলে যেমন পেটবুক ফুলিয়া

উঠে, তেমন। বে-দম হওয়া...খাসরোধ।

বে-দম মারি (মোর)...এমন প্রহার যে,

নিশ্বাস রোধ হয়। দম-কল...ব্য. (ফাং

দম+সং কলা—কল)। যে যন্ত্র দ্বারা বাতাস

টানিয়া উচাতে জল তুলিতে পারা যায়

(water-pump)। ঘড়ীতে দম দেওয়া—

ঘড়ীর ইঞ্জিন মুড়িয়া দেওয়া, যেন ঘড়ী

শ্বাসপূর্ণ করা হয়। (২) বঞ্জন, প্রঃ—দম

দিয়া জ্বলানি। দম-রাজ...ব্য. (ফাং)। বঞ্ক,

ধূর্ত। দম-বাজি...ব্য. বঞ্জন।

দমক...ব্য. (সং দম+ক স্বার্থে)। তুং সং

স্বামন—শক্তি। ফাং দম?)। দমন,

চাপ, প্রঃ—নৌকায় দমক দেওয়া। দমকা

...ব্য. (দমক+আ)। হঠাৎ বেগবান,

প্রঃ—দমকা বাতাস—মধ্যে মধ্যে হঠাৎ

প্রবল বড় (তুং সং পতাকা—হাত্যা)।

দমঘোষ...ব্য. (সং)। মহাভারতে দমঘোষ

রাজার গুজের নাম শিশুপাল। ঘোষ ও

পাল উপাধিবাচক ছিল না। কিন্তু, বাংতে

ঘোষ ও পাল উপাধিবাচক। এই হেতু

কথাটা শুনিলে লোকে আশ্চর্য বোধ

করে। লক্ষণায়, বাপ যাহা করে নাই বা

হয় নাই, বেটা জাহা করিতেছে বা

হইতেছে।

দম্-দম...ব্য. (সং দম বাতু দম্বে, প্রেরণে)।

সং জন্ম ষাভু গতিতে)। দন্তপ্রকাশক শব্দে, প্রঃ—দামামা দমদম (ভাঃ); দন্ত-প্রকাশক গমনে, প্রঃ—দমদম করিয়া চলা। ছম, ছম্-ছম ...বা. ছম শব্দে, প্রঃ—গাছ হইতে ছম করিয়া তাল পড়ে, ছম্-ছম করিয়া বম ফুটে, বন্ধুকের আওয়াজ হয়। ছম্-দাম ...বা. (দাম—উপচর শব্দ)। ছম শব্দে, প্রঃ—ছ হাতে ছরস্ক কিল ছম-দাম পিটে (মাঃ)। (ধম্-ধম দেখ)।

দম্-দমা ...বা. (আ)। মাটির উচা ডাঙা। দমনক ...বা. (সং)। দনাগাছ দেখ।

দম্বল (কলিকাতার গ্রা) ...বা. (সং দধ্যয়)।

দই পাতিবার সাজ। (রাঢ়ে শব্দটি অজ্ঞাত)। দয়মন্তী (গ্রা) ...বা. (সং দয়মন্তী)। নলরাজার মহাবীর নাম।

দয়া ...বা. (সং)। দয়া। দয়া-ময়া ...বা. (সং)। প্রায় সহচর শব্দ)। দয়া-দাক্ষিণ্য ...বা. (সং)। প্রায় সহচর শব্দ)। দয়া-ধর্ম ...বা. (সং)। প্রায় সহচর শব্দ)। প্রঃ—দয়াধর্ম তোমার শরীরে কিছু নাই (মাঃ)। দয়াল ...বা. (সং দয়ালু)। দয়ালু।

দয়াল (গ্রা) দোয়েল ...বা. (সং দক্ষিণুল ? চাকার দক্ষিণুল)। দক্ষিণরাঢ়ে দইআগ-চাকা। ভারতে, ছাতারিয়া করকটে ফিঙ্গা দহিয়াল। ওং দইআল। শব্দটি দইয়াল, সংক্ষেপে দয়াল—দোয়েল)। শাখাশ্রয়ী বর্গের পক্ষী-বিশেষ (The magpie robin. *Copsychus saularis*)। ১০।১২ আড়াল। পা লহা, পুছ পক্ষ সমান লহা, পুছ পক্ষ বাধা কুকবর্ণ, উদর খেত। (এই হেতু নাম দহিয়াল ?)। জীপক্ষী ধুমবর্ণ। বাড়ীর বাগানে ভেঁরে শীষ দেয়,

সবু হুরে শীষ দেয়। মাটিতে নামিয়া পোকা খায় এবং দোড়াইবার সময় পুছ উচ্চ করে। লোকে আঠা-কাঠি দিয়া অনারামে ধরে।

দর ...বা. (সং আ-দর হইতে ? অবা হইতে ?)। মূল্য। দর-দাম ...বা. (সহচর শব্দ)। মূল্য। দর-দস্তুর ...বা. (প্রায় সহচর শব্দ)। দাম ও বিক্রয়সম্বন্ধীয় নিয়ম বা পাওনা। দর-দস্তুরি ...বা. দর-দস্তুরের ভাব। দর-কসুরি ...বা. (কসুর দেখ)। দরে হ্রাস।

দর ...বা. (সং)। অর, লব্, প্রঃ—দর কর হিয়া (কবিকঃ)—হৃদয়ভার লঘু কর। (তু° ও° দর-দর হাস—মুছ হাস্য)। (২) (সং—অর্থ)। আধ, প্রঃ—দর-পোড়া, দর-কাঁচ।

দর ...বা. (ফা°। তু° অস্তঃ)। অধীন, নিম্ন অর্থে, প্রঃ—দর-পত্তনী, দর-দালান।

দরকার ...বা. (ফা° দর—অস্তঃ, কার—কার্য; কাজে লাগে বাহা)। প্রয়োজন। দরকারী ...বা. (দরকার+ঈ)। প্রয়োজনীয়। বে-দরকার ...বিনা প্রয়োজন। বে-দরকারী ...বা. অপ্রয়োজনীয়।

দরখাস্ত ...বা. (ফা° দরখাস্ত)। আবেদন, প্রার্থনা। দরখাস্তকারী ...বা. (সং কারী)। যে আবেদন করিতেছে, প্রার্থী।

দরজা ...দরজা দেখ।

দরদ ...বা. (ফা° দরদ। তু° সং দরৎ—ভয়)। পীড়া, ব্যথা, প্রঃ—পায়ে দরদ, দরদের লোক—বাথার বাথী। দরদী ...বা. যে অস্ত্রের ব্যথার ব্যথা বোধ করে।

দর-দর ...বা. (সং জ্, ষাভু)। জ্বীভাবে,

জন্ম করণে, প্রাঃ—জন্ম-দেহ বয়ে চুটে  
কাল-বাম (মাঃ)—এখানে দরদর হইতে  
পারিত)।

দর-দালান ..য্য. (ফা°)। দালানের ভিতরের  
দালান। (দালান দেখ)।

দরপেৰ ..য্য. (ফা°)। দায়র (আদঃ)।

দরবার ..য্য. (ফা° দর—অস্তঃ, বার—  
বাটিকা)। রাজসভা; আবেদন। দরবারী...  
ণ. (দরবার+ঈ)। দরবার-যোগা, দরবার-  
সম্বন্ধীয়।

দরবেষ ..য্য. (ফা°)। ফকীর, প্রাঃ—দরবেশ  
হইয়া আমি মকায় বাইব (চৈঃচঃ)।

দরবাহা ..য্য. (ফা°)। মাসিক বেতন,  
তনুণা।

দরমিয়ান ..য্য. (ফা° অস্তরে, ভিতরে)।  
উল্লেখ করিয়া, অস্তরে রাখিয়া, শপথ করিয়া,  
প্রাঃ—ঠাকুর দরমিয়ান কহিতেছি।

দরশন ..য্য. (স° দর্শন। হি°)। দর্শন, প্রাঃ—  
ঠাকুর দরশনে গিয়াছে।

দরাজ ..ণ. (ফা°)। বিস্তার, উন্মুক্ত, প্রাঃ—  
দরাজ জায়গা।

দরান (প্রা°) ...দরোয়ান দেখ।

দরিয়া ..য্য. (ফা°)। সাগর। দিল-দরিয়া...ণ.  
(ফা° দরিয়াদিলী)। সাগরতুল্য বিস্তার  
অস্তঃকরণ বাহার, মহাজ্জব।

দরিয়াক্ত ..য্য. (ফা°)। অহুসংধান।

দরী ..য্য. (স° দর—গর্ত+ঈ)। ছিদ্র-বিশিষ্ট  
কৌণ্ড, বার উপরে (লাল-পোড়) লোহা  
রাখিয়া বিধনী দিয়া ছিদ্র করা হয়। অত্র  
নাম মুহনী।

দরী ..য্য. (ফা° দারাদি—পাল রেশম কাপড়  
হইতে ? ডোর দিয়া বোনা—ডোরী—

দোরী ?)। ছোট পাতলা শংকর, আন্তরণ।  
দরুন ..য্য. (ফা° দরুন—ভিতরে)। কারণ,  
নিমিত্ত। (সংক্ষেপে দং)।

দরোয়ান, (প্রা° দরান) ..য্য. (ফা° দর—স°  
দার+ফা° বান—স° অর্থ পাল)। দার-  
পাল। দরোয়ানি, দরানি ...দারপালের কর্ম।

দরোজা ..য্য. (ফা° দরুবাঞ্জা)। দার।

দর্গা ..য্য. (ফা° দর্গাহ্)। মুসলমানদের  
পুণ্যস্থান।

দর্জন ..য্য. (ইং dozen)। ডজন, ১২টা।

দর্জী ..য্য. (ফা°)। সৌচিক। দর্জীগীরি...  
দর্জীর কর্ম।

দর্বেষ ..য্য. (ফা°)। ফকীর, মুসলমান ভিক্ষুক।  
(দরবেষ দেখ)।

দর্শ ..ধাতু. (স° দৃশ ধাতু)। দর্শি—প্রকাশিত  
করি, পাই, প্রাঃ—ওযুধে কল দর্শিবে।

দর্শা। দর্শা ..ধাতু. (দর্শ ধাতু আঙে)।

দর্শাই—প্রদর্শন করি। দর্শানা। দর্শন ..য্য.  
(স°)। দা° দর্শ+অন)। দেখা, দৃষ্টি। দর্শন-

ডালী ..ণ. (স° দর্শনধারী। হি° ও°  
দর্শনধারী, সুদর্শন (স° দর্শন—আকৃতি)।

কথায়, আগে দর্শনডালী পরে গুণ বিচারি  
—আগে আকার-পরীক্ষা, পরে গুণ-পরীক্ষা।

দর্শনী ..য্য. (দর্শন+ঈ)। দর্শনে—  
দেখাতে—দিত হয় যে বেতন, ভিজিট।

দল ..য্য. (স°)। (১) এক দলের, এক  
উদ্দেশ্যের নিমিত্ত সম্প্রদায়, প্রাঃ—নেড়া-

নেড়ীর দল, যাত্রার দল—বাক্য গায়ক-  
সম্প্রদায়। (২) গোষ্ঠী, প্রাঃ—আপড়ার

দল দল বাধা—গোষ্ঠী হওয়া, সম্মিলিত  
হওয়া, দল পাকানা—দল বাধিবার

ছোঁগাড় করা। স্বদল ..নিজস্বদল ;

বে-দল...অপরপক্ষীয় দল। ঘরদল...  
মিজগোষ্ঠী; পরদল...শত্রুগোষ্ঠী। দলপতি  
...গোষ্ঠীনেয়ক। দলাদলি...ব্য. (বাং। ভূ°  
কানাকানি, দুখামুখি)। দুই দলে বিভাগ-  
বশতঃ কলহ, শত্রুতা। দল-বল...ব্য.  
(দল—সৈন্যদল, বল—সৈন্য। প্রায় সহচর  
শব্দ)। পক্ষীয় লোক জন। (৩) বেধ,  
প্রঃ—কপাটের পাটার দল, দলে পুর।  
(৪) পাইনের নিমিত্ত রূপা তামার খাইদ,  
কোন কোন দলে দস্তাও থাকে। পাইন  
পত্রাকার বলিয়া নাম দল (সেকরার শব্দ)।  
(৫) জলে জাত পত্রবহুল তৃণাদি।  
(৬) ধানাদিবর্গের জলজ তৃণবিশেষ (Panicum  
crus-galli, var. stagninum)।  
শ্যামা-ঘাসের তুল্য। ধড় দুই হাত পর্যন্ত  
লম্বা হয়। পচা পুকুর ভরিয়া ফেলে। দল-  
টাটু...টাটু দেখ। দলপিপি...জলপিপি  
দেখ।  
দলই...ব্য. (সং দলপতি। ও° দল্লই)।  
দলপতি, সেনাদলপতি, প্রঃ—সিংহদারের  
দলই (চৈঃ-চঃ); জাতির পদবীবিশেষ।  
দলক...ব্য. (সং জল হইতে? সং দল্লর—  
মেঘ? নদীয়াতে ঢল)। প্রবল বর্ষণ, প্রঃ—  
তিন দলকে জ্যেষ্ঠ কামাই—জ্যেষ্ঠমানে  
তিনবার ডুয়িবর্ষণ হয়।  
দল-দল...ব্য. (সং দল ধাতু)। শিথিলতার  
প্রঃ—কাঁচা মাটির উপর চলিলে মাটি দল-  
দল করে (ভূ° সং দলাচ্য—দল-দলা কান্দা)।  
দল-দলা, দল-দণিয়া...ব্য. (আ, ইরা)। দল-  
দল করে বাহা।  
দল-মল...ব্য. (সং মল, মল ধাতু)। দলিত  
মলিত ভাবে, প্রঃ—দলমল দোলে মুন্ডের

মাল (ভাঃ)—মালার ভাৱে দেহ দলিত ও  
মর্দিত হয়।  
দলিজ, দলুজ...ব্য. (ফা° দহলীজ। ভূ° সং  
দেহনী)। বৈঠকখানা-সরূপ ছোট মেলা।  
ইহার দুই পাশে দুই ঘর থাকে, প্রায়ই  
বাড়ীপ্রবেশপথে দলিজ বা দলুজ হয়।  
প্রঃ—দলিজ মসিদ নানা ছান্দে (কবিকঃ  
—বঙ্গবাসীর সংস্করণ)।  
দলীল...ব্য. (আ°)। লেখা প্রমাণ, নিদর্শন।  
দলীল-দস্তাবেজ...ব্য. (সহচর শব্দ)।  
লেখা প্রমাণাদি। দলীলী...ব্য. (দলীল+  
ঈ)। দলীলসম্বন্ধীয়, দলীল আছে বার।  
দলুয়া, দলো...ব্য. (সং দল—খন্ড+উয়া।  
হি° দলিয়া—মোট গুঁড়া)। গুড় হইতে  
মাং বরাইয়া লইলে যে পাশুরবর্ণ চিনী  
হয়। মাং বরাইতে নয়রা-শেখলা লাগে।  
দশ...ব্য. (সং দশন্। সং দহা, দশ।  
ফা° দহ)। দশ-সঙ্খ্যক, দশ সঙ্খ্যা; ১০।  
দশক...ব্য. (সং)। দশ—এই রাশি।  
দশকিয়া...ব্য. (দশক+ইয়া)। দশক-  
সম্বন্ধীয় গণিত। দশ-বিশ...দশ হইতে  
বিশ এই দুই সঙ্খ্যার মধ্যে এক সঙ্খ্যা,  
দশের ন্যূন নহে, বিশের অধিক নহে।  
দশকোবী...ব্য. (সং তাল দেখ)। গীত-  
বিশেষ, প্রায়ই কীর্তন-গীতবিশেষ। দশচক্রে  
ভগবান্ ভুত—এক ব্যক্তির নাম ভগবান্  
ছিল। দশজনে বলে, সে মাহুষ নহে,  
ভুত। এইরূপ শুনিতে শুনিতে ভগবান্  
শেষে নিজে ভুতযোনি বলিয়া বিশ্বাস  
করিয়াছিল। লক্ষণায়, দশজনের কুমন্ত্রণার  
সাধুও অসাধু প্রতিপন্ন হইতে পারে।  
দশ-পচিশ খেলা... (প্রায়ই) নারী জনের

খেলাবিশেষ। কতকটা পাশা খেলার মতন। চারি জনে ৭টা কড়ী লইয়া খেলে, ছই ছই জনে এক পক্ষে। এক একজন কড়ী হাতে করিয়া চালিতে থাকে। এক কড়া কড়ী চিং হইলে ১০, পাঁচ কড়া চিং হইলে ২৫, "দান" ধরা হয়। ইহা হইতে খেলার নাম। দশপুত্র বার...বালিকাদের ব্রতবিশেষ। পিঠলীর দশটা পুতুলা করিয়া পূজা করে। এই ব্রত বৈশাখ মাসে করা হয়। দশবাহুচণ্ডী, দশবাইচণ্ডী...যা. (গাছের বহু—শাখা দেখিয়া এই নাম)। পুষ্প-শাকবিশেষ—(The leopard flower. *Belamcanda chinensis*)। পুরাতন নাম *Pardanthus chinensis*)। উদ্যানে রোপিত হয়। পাতা তরবারির মতন; ছই গারি। ফুলের উপরে কুল, কুল বর্ষাকালে ফোটে, নির্গন্ধ। ফুলের বাহির-পিঠ হলুদা, ভিতর-পিঠ রক্ত-নারঞ্জ। ভিতর-পিঠে তিল-চিহ্ন আছে। দশমাহী...যা. (সং মাস। কাং মাহ)। দশম-মাস-সম্বন্ধীর আদ্যার, দশম মাসে দিতে হয় যে রাজকর (জমিদারী:)। (মহমাহী দেখ)। দশহুল...যা. (সং)। বেল শোণা গামার পায়ুল পনিয়ারি শাল পানি চাকুলা বৃহতী কণ্টকারী গোকুর—এই দশ গাছের মূল (পাচন নিমিত্ত)। দশর (গ্রাং)...যা. (সং দশহর)। দশহরা, জ্যৈষ্ঠ শুরদশমী, পাঁজীর কৃত্যবিশেষ। দশরা...যা. (সিং)। দুর্গাদেবী-পূজার বিজয়া-দশমী, দুর্গাপূজা। দশা...যা. (সং)। অবস্থা; হ্রবস্থা, প্রাঃ—আহা, কি দশা হইয়াছে; ভাব, ঠাকুরের ভর হইলে যে উদ্ভাদ জন্মে (লোকের দশা

হয়, লোকে দশা পায়); দশী। ব্য. অল্প-তাপে, প্রাঃ—আঃ দশা। দশী...যা. (সং দশা)। বজ্রের অন্তস্থিত বা ছিল, প্রাঃ—খড়েতে ছিঁড়িয়াছে পাট কাপড়ের দশী (কুস্তিঃ, অবাং)। দশী-কাপড়...যে কাপড়ের দশী আছে। দশী-স্থতা...মোট স্থতা, দশীর তুল্য স্থতা। দস্ত...যা. (ফাং)। হস্ত (তু° দস্তানা—দস্তানা)। দস্তক...যা. (ফাং)। অল্পমতি-পত্র, আদেশপত্র (জমিদারী:)। দস্তখৎ...যা. (ফাং)। স্বীকারসূচক স্বাক্ষর। দস্তখতী...গ. (ফাং)। স্বাক্ষরিত। দস্ত বে-দস্ত...যা. (ফাং)। এক হাতে হইতে অস্ত হাতে, হাতে হাতে (জমিদারী:)। দস্তা...যা. (সং বশদ। ৩° জস্তা, সং জস্ত, হিং দস্তা)। বাতুবিশেষ (zinc)। দস্তা...যা. (ফাং দস্তাহ)। খেলের খুবল, যেমন হামাম দস্তা। (দিস্তা দেখ)। দস্তানা...যা. (ফাং)। দস্ত দেখ)। হাতের মোজা। দস্তাবেজ...যা. (ফাং দস্তাবেজ)। ফাং দস্ত—সং হস্ত; হাতে বাহা লওয়া হয়, হাতে সাবধানে ধরা হয়)। লেখা প্রমাণ, দলীল। দলীল-দস্তাবেজ... (সহচর শব্দ)। দস্তী...যা. (ফাং)। হস্তসম্বন্ধীয়, হাত, প্রাঃ—চারি দস্তীর কাঠা। দস্তুর...যা. (ফাং)। নিয়ম, রীতি, চালি। দস্তুর-মাকিক... (ফাং মুয়াকিক)। রীতি...অল্পসারে। বে-দস্তুর...নিয়মবাহ। দস্তুরী... (ফাং)। রীতি অল্পসারে প্রাপ্য। দস্তি (গ্রাং)...যা. (সং দস্তা)। দস্তা, দুট, প্রাঃ—দস্তি ছেলে (প্রায়ই আদরে)।

দহ...ধাতু. (সং দহ ধাতু)। দহি—পুড়ি,  
প্রাঃ—পরাণ দহে বিরহে। দহা, দহন।  
(প্রায়ই পদ্যে)।

দহ, দ...য্য. (দ দেখ)। নদীগর্ভে 'অতল'  
গর্ত, প্রাঃ—কালী-দহ। দয়ে মজানা—নদীর  
দহে জলের ভ্রমি থাকে, এই হেতু দহের  
উপর দিয়া নৌকা-চালনায় বিপদের শঙ্কা  
করিতে হয়। ইহা হইতে, বিনাশে কেলা।  
দহরম-মহরম...য্য. (ফা° দহম-বহম—উলট-  
পালট)। মাখামাখি ভাব, আত্মীয়তা,  
বাধ্যবাধকতা।

দহলা...য্য. (দহ+লা)। তাসের দশ-কোটা  
তাস।

দা...য্য. (সং দাত্ব। ওংতে দা—কান্তিয়া, তু°  
শুং পুং দাইআ—কান্তিয়া দিয়া কাটিয়া)।  
কাটারী (দক্ষিণরাঢ়ে এই অর্থ অপ্রচলঃ)।  
দা-কাটা...কাটারী দিয়া কাটা, যেমন তামুক  
(টেকীতে কোটা নহে)। কাঠ-দা...কাঠ-  
কাটা কাটারী (কবিকঃ)।

দাঁ, দাঁও...য্য. (হি° দাঁও। সং দান)।  
জ্বালাপ। দাঁ মারা—জ্বালাপে লাভ করা।  
দাই...য্য. (সং ধাত্বী)। প্রসূতীর প্রসবকার্যে  
সাহায্য করিবার নারী; জ্বালাপে শিশুর  
পালিকা মাতা।

দাইদ, দাঁদ...য্য. (সং দন্তু। পূর্ববঙ্গে দাঁউদ।  
ওং জাহ্ন। হি° দাঁদ। বাংতে দাঁদ নহে)।  
দন্তু—চর্মরোগবিশেষ (ring worm)।  
দাঁদমারি...য্য. (সং দন্তু মর্দন। ওং জাহ্ন-  
থাই)। কাঞ্চনাদিবর্গের বহু ক্ষুপবিশেষ  
(Cassia alata)। পাতা বড়, পর্ণও  
বড়, দশ বার জোড়া। ফুল বড় বড়, নারঞ্জ-  
পীত, শরৎকালে ফোটে। শূঁটীর ছই পাশে

পাখনা থাকে। পাতায় দন্তু বিনষ্ট হয় বটে,  
কিন্তু অত্যন্ত জ্বালা করে। (২) বর্ষাযুঃ  
শাকবিশেষ (Ammania baccifera,  
or vesicatoria)। বর্ষাকালে ক্ষেতের  
ধারে জন্মে। বহুশাখ, পাতা অভিমুখী,  
মৎস্তাকার। ফুলে দল নাই। ফল প্রায়  
গোল, এককোষ। কাঁচা পাতা ছিঁচিয়া দেহে  
লাগাইলে ফোঁস উঠে।

দাইল...য্য. (সং দালি। ওং জালি, দ জানে  
জ। ডাইল দেখ)। জাঁতায় ভাজা  
কলাই; রীধা দাইল। (কবিকঃ—স্বপ)।  
দাইলপুরি...য্য. (সং পুরিকা)। কচুরী-  
বিশেষ; দাইল-পোরা লুচী। বিআলি দাইল  
...বিআলি দেখ।

দাঁউ-দাঁউ...বা. (সং দার-অগ্নি, তু° দাৰা-  
নল)। দীর্ঘ শিখা-সহ জ্বলনে, প্রাঃ—ঘরের  
চাল দাঁউ দাঁউ করিয়া জ্বলিতে লাগিল।

দাঁউনী...য্য. (ফা°)। গুল-দাঁউনী—চক্র-  
মল্লিকা দেখ।

দাঁও...দাঁ দেখ।

দাঁওয়া...য্য. (সং দাঁওট—মন্ত্রণাগৃহ)। দাঁও-  
শিঙ, ঘরের সম্মুখের শিঙ, প্রাঃ—(কবিকঃ)।

দাঁওয়া...য্য. (ফা° দাঁও)। প্রার্থনা, স্বপ্ন-  
প্রমাণ-প্রার্থনা। দাঁওয়া দাঁও...য্য. যে  
দাঁওয়া করে বা বার দাঁওয়া আছে। দাঁওয়া-  
দাঁবি . দাঁবি দেখ।

দাঁওয়াই...য্য. (আ° দহা)। ওঁবধ। দাঁওয়াই-  
খানা...ওঁবধালয় (বাংতে দাঁওয়াই তত  
প্রচলঃ নহে)।

দাঁওরা...দায়রা দেখ।

দাঁওলা...য্য. (সং দাত্ব+বা° লী)। ঘান  
উপড়াইবার ক্ষুদ্র কান্তিয়াবিশেষ।

দক্ষিণাত্য...ন. (সং)। দক্ষিণদেশীয়।...য.  
দক্ষিণাপথ (Deccan)।

দাখিল...ন. (আ\*)। প্রবিষ্ট, সন্নিবিষ্ট,  
উপস্থিত, প্রঃ—কর দাখিল করা। দাখিলী  
...ন. বাহা নিবিষ্ট করা হইয়াছে। দাখিল-  
খারিজ...সরকারী খাতায় জমির মালিকের  
নাম পরিবর্তন, এক নাম গিরা অল্প নাম বসা  
(আদাঃ)। দাখিলা...য. (ও° নাম পাউতি  
—সং প্রাপ্তি)। খাজনা-প্রাপ্তি-স্বীকারপত্র।  
দাখিলার পাঠ...দাখিলায় বাহা লিখিতে  
হয়। চেক-দাখিলা... (ই° check)। যে  
দাখিলার পাঠ ছাপা এবং বাহায় নকল  
থাকে।

দাগ...বাড়ু. (সং দাহঃ—সং প্রা° দাঘো—দাঘ  
—দাগ। ভূ° কা° দাগ—চিহ্ন)। দাগি—  
উভয় নৌহাতি দ্বারা দগ্ন করি, প্রঃ—  
গোবু দাগ, কামান দাগা; চিহ্নিত করি।  
দাগা। দাগ...চিহ্ন, কলঙ্ক, রেখা, অঙ্ক,  
প্রঃ—পাঁচের দাগ—পাঁচ অক্ষর চিহ্ন  
দেওয়া হইয়াছে বাহাতে। দাগনী...  
(দাগ বাড়ু অনী)। যে বোহ দাগ  
দাগা যায়। দাগা...সহন, চিহ্নকরণ,  
অঙ্কন; আদর্শ-চিহ্ন, প্রঃ—পাঠশালায়  
গুরুশায় দাগা দেন—আদর্শ অক্ষর  
উদ্দেশ্য করেন; মনে চুখের রেখা। দাগা  
বুলানা—গুরুশায়ের দাগার উপর বড়ী  
বুলানা—ভ্রমণ করনা; অভ্যাস করা। বড়ী  
দাগা—বড়ী দিয়া লেখা। দাগ-রাজি...য.  
(দাগ—চিহ্ন, রাজি—রাজের কাজ)।  
পাকা বাড়ীর দেওয়াল কিংবা ছাতের চিহ্ন  
ফট দাগি-কুন দিয়া সংস্কার। দাগবিলি  
ধতিয়ান...আমামীর তেরিফ, যে খাতায়

প্রত্যেক প্রকার নাম, জমার ও জমির  
পরিমাণ লেখা থাকে। অল্প নাম খোকা।  
দাগী...ন. (দাগ+ঈ)। চিহ্নবিশিষ্ট,  
কলঙ্কবিশিষ্ট। দাগি...বাড়ু. (দাগ বাড়ু  
আন্তে)। দাগানা। দাগা...য. (ফা°)।  
প্রবঞ্জন, প্রঃ—দাগা দেওয়া। দাগাবাজ...  
য. (ফা°)। শঠ। দাগাবাজি...য. শঠতা।  
দাগাদার...য. (ফা°)। কলঙ্ক করে যে,  
দাগাবাজ, ফেরখবাজ। দাগাদারি...কলঙ্ক  
কর কর্ম।

দাজ্জা...য. (হি° দজ্জা। ফা° জজা—যুদ্ধ  
হইতে জজা—দজ্জা)। মারামারি। দাজ্জা-  
হাজ্জামা (সহচর শব্দ)। দাজ্জাবাজ...  
ন. দাজ্জাতে নিপুণ, দাজ্জা প্রিয় ব্যক্তি।

দাড়...য. (সং দার। ও° দাড়)। অস্ত্র-  
শস্ত্রের ধারা।

দাড়...য. (সং দাড়)। কাঠি; বোড়া  
তুলিবার গায়ের কাঠি; চারি হাত পরিমাপের  
বীশ বা যষ্টি; নৌকার বহিষ্ক; পোষা  
পাখী বসিবার দণ্ড। দাড়-কাগ...কাগ  
দেখ, প্রঃ—হার বিবি পাকা আম দাড়-  
কাকে খায় (ভাঃ)—হার যে বোলা নয়,  
তার তা পাওয়া। দাড়ী...য. (দাড়+ঈ)।  
যে নৌকার দাড় টানে, প্রঃ—ঝড়ে ডিলা  
হয় কাতি দাড়িতে ধরিতে নায়ে দাড়  
(কবিকঃ); (দাড়+ঈ—হুস্বার্থে)।  
দাড়াকার রেখা, তুলার দণ্ড। (দাড়ী দেখ)।

দাড়ী, দাড়ী...য. (সং দাড়ী, দাড়ী)।  
কঁকড়া চিংড়ী পিপিড়া প্রভৃতির সন্দেশ।

দাঁড়া...য. (সং দাড়)। জমির অধারী আইল  
বা শির; ধারা, ব্যবহার; প্রঃ—নকল  
লেখিয়া দিব লাউসেনী দাঁড়া (মাঃ)। উলুটা

দাঁড়া...দ্বিপদী বা অসংজ্ঞিত বীতি। ..  
 দাঁড় (প্রাচীন দাঁড়া)। দাঁড়াই—দণ্ডবৎ  
 হই, যাইতে যাইতে থাকি। দাঁড়ানা ॥  
 দাঁড়াইয়া আসা—সঙ্গে যাওয়া, ভয় দূর  
 করিতে সঙ্গে যাওয়া। খাড়া দাঁড়ানা—  
 সোজা দণ্ডায়মান হওয়া। খাড়া-দম  
 দাঁড়ানা—বহুক্ষণ সোজা দাঁড়াইয়া থাকা।  
 দাঁড়ানিয়া...ণ. (দাঁড়ানা+ইয়া)। বাহা  
 দণ্ডবৎ থাকে, বাহা সোজা থাকে।

দাঁড়ি...যা. (সং দাঁড়িকা। ওং দাঁড়ি)। শিশু।  
 দাঁড়ি কামানো—শিশুর কৌরকর্ম। দাঁড়ি  
 ফেলা—দাঁড়ি কামানো, দাঁড়ি না রাখা।  
 চাপ-দাঁড়ি (চাপ মছে)...ঘন দাঁড়ি বেন  
 চাপ হইয়া আছে। দাঁড়িয়া, দেড়ো...ণ.  
 (দাঁড়ি+ইয়া)। দাঁড়ি-বিশিষ্ট। (খোসা,  
 মাকুল দেখ)। বৃকে বসিয়া দাঁড়ি উপড়ানা  
 —অত্যাচার করা।

দাঁড়িম...যা. (সং দাঁড়িম, দাঁড়িম)। ডালিম  
 দেখ।

দাঁড়ী...যা. (সং দণ্ড। দাঁড়ি দেখ)। লেখায়  
 ছেদস্থচক স্তম্ভ উর্ধ্বরেখা (কমি—তির্যক  
 রেখা)। দাঁড়ী দেওয়া—দণ্ডাকার রেখা  
 করিয়া শেষ করা। দাঁড়ী টানা—দীর্ঘ  
 উর্ধ্বরেখা করা। দাঁড়ীপান্না...যা. (সং  
 দণ্ডপান্না)। দণ্ড—দাঁড়+ঈ ক্রমার্থে=  
 দাঁড়ী, পান্না—পান্না—পান্না)। দাঁড়ীর ছই  
 পাশে পান্না খুলাইয়া অথবা ওজন করিবার  
 যন্ত্র, তরাদু।

দাঁড়ুক...যা. (সং দাঁড়িকা)। পানের নিমিত্ত  
 সোহাগ বেড়ী, প্রাঃ—দাঁড়ুক সহিত ভূবি  
 কাঠী বহি গেল (চৈঃচঃ)। (দাঁড়ুক  
 দেখ)।

দাঁড়া, দাঁড়া...যা. (সং দণ্ডা, সংপ্রাঃ দাঁড়া)।

দাঁড়া দেখ।

দাঁড়া...যা. (সং দণ্ড)। ছোট বটি। দাঁড়া-  
 গুলী...গুলী-দাঁড়া দেখ।

দাঁড়া...দাঁড়া-দাঁড়া দাঁড়া দেখ।

দাঁত...যা. (সং দন্ত)। মুখের কাটিবার,

ছিঁড়িবার, চিবাঁইবার দন্ত; দাঁতের তুল্য

উন্নতাবনত অংশ-পঙ্ক্তি, যেমন করাতের

দাঁত। ছধিরা, ছধো দাঁত...শিশুর ছধপোষা

অবস্থায় যে দাঁত বাহির হইয়া পরে খসিয়া

পড়ে (milk teeth)। সামান্য দাঁত

...মুখের সম্মুখস্থিত দন্ত। কষের, কোয়াবের

দাঁত... (মুখ কোষ—কোয়াব—কোয়াব)।

মুখের গালের দিকের চিবাঁইবার দাঁত।

চিরনী-দাঁত... (শিশুর) যে দাঁতের অগ্রভাগ

চিরনীর তুল্য কাটা-কাটা। ফকলা, ফোকলা

দাঁত...সম্মুখের ছই পাঁচটা দাঁত পড়িয়া

গেলে কণা কহিবার সময় ফক-ফক করে

অর্থাৎ কীক থাকে বলিয়া ফাফা-রব

(ফাক-লা—ফকলা; কিংবা ফোকলা দেখ)

বাহির হয়; যে দাঁতের পাটির সম্মুখের ছই

পাঁচটা নাই। আকোল দাঁত...মুখের কষের

শেষের দিকের দাঁত। এই দাঁত ১৭ হইতে

২৫ বৎসর বয়সের মধ্যে উঠে। এই হেতু

নাম (ইং wisdom teeth)। দাঁতুয়া,

দেঁতো...ণ. (দাঁত+উয়া)। দন্তসম্বন্ধীয়,

দীর্ঘদন্তবিশিষ্ট। দেঁতো হাসি...বে হাস্য

অস্তরের নহে, কেবল মুখের। দাঁত-কপাটি

গাণা—দন্তরূপ কপাট বসে হওয়া, হনুগ্রহ।

দাঁতের পাটি... (সং দন্তপঙ্ক্তি)। ওং পাটি

—দন্ত)। দন্তপঙ্ক্তি। বক্রিশ পাটি দাঁত

...মুখের ছই পাটি দাঁত (পূর্ববয়সে বাহির

৩২টা দাঁত থাকে। ছবিয়া দাঁত ২০টা)।  
 দাঁত-কড়মড়ি...ব্য. (সং দস্তকড়মড়ি)।  
 দাঁতে দাঁতে ঘর্ষণ দ্বারা কড়মড় শব্দ। দাঁত-  
 খোঁটা...খড়িকা, বাহা দ্বারা দাঁতে লম্ব  
 ত্র্যবাধি বাহির করিয়া ফেলিতে পারা যায়।  
 দাঁতে কুটা লওয়া, করা—দাঁতে তুণ ধরিয়া  
 অপরাধ স্বীকার করা (গোবু তুণ খায় ;  
 আপনাকে গোবু বলিয়া প্রচার করা)।  
 বিষদাঁত...বিষধর সর্পের যে দাঁত দিয়া পরল  
 ক্ষরিত হয়। ছই পাশের ছই বিষদাঁতের  
 নাম 'কাল', 'বিকাল'। বিষদাঁত বাতীত  
 যে অস্ত্র দাঁত, তাহার নাম আহার-দাঁত।  
 দাঁত...দাতু. (দাঁত হইতে দাতু দাঁত  
 হইবার ছিল)। দাঁতি—উদগত-দস্ত হই,  
 প্রঃ—গোবু দাঁতিয়াছে। দাঁত ॥ দাঁতন  
 ...ব্য. (সং দস্তধারন—দস্ত-আঅন=  
 দাঁতান হইবার ছিল। তুং ওং দাস্তু আনি  
 —সং দস্ত-ধারন। সং দস্তধারন ধরিলে  
 দস্ত-অঅন—দাঁতন আসিতে পারে)। দস্ত-  
 মার্জন ; দস্ত-মার্জন করি। (সং দস্তধারন  
 অর্থে দস্ত-মার্জন ও দস্তকর্ষ)।  
 দাঁতা...ব্য. (সং নাগদস্ত। তাঁসা, বান্কাঠ  
 দেখ)। দ্বারের ছই পাশের নাগদস্ত  
 অর্থাৎ ভিত্তিতে প্রোথিতমূল দণ্ড।  
 (ভিত্তির অস্ত্র স্থানে হইলে তাঁসা)।  
 দাদ...ব্য. (হিং দাদ)। দাদ দেখ।  
 দাদ...ব্য. (কাং। তুং সং দা দাতু হইতে দস্ত।  
 তুং দাদন)। বিচার, জায়বিচার (কোথাও  
 কোথাও, প্রতিশোধ অর্থ আছে, প্রঃ—  
 দাদ তোলা)। দাদ-জরিয়ার...ব্য. (ফাং)।  
 দাদ-বিচার প্রার্থনা। দাদ-বে-দাদ...দাদ-  
 বিচারের নিমিত্ত বেদ।

দাদন...ব্য. (ফাং। তুং সং দান)। দ্রব্য  
 কিংবা কার্যের মূল্যস্বরূপ অগ্রিম দান।  
 দাদনী...দাদনসম্বন্ধীয়।  
 দাদরা...ব্য. (সং। দর্দরঃ দ্বৈবৎতগতাজনে—  
 মেঃ। ওং দদরা হাঙি, দদরা না—নোক)।  
 জীর্ণ, প্রায়-ভগ্ন, কাঁকরা।  
 দাদরা...ব্য. (সং দহু র—ভেক)। বাঘো  
 তাল-বিশেষ, ভেকের স্তু তগতির তুল্য বাহার  
 গতি।  
 দাদা...ব্য. (সং তাত। ওং দদা, দদাই (বা  
 ককাই), আসাং দদাই—খুলতাত, ওং দাদি  
 (আসাং ককাই)—জোর্তাত। তুং হং  
 daddy। হিং ভাউ, মং ভাউ)। জোর্ত  
 তাত। (দাদার পত্নী—ভাইজ ; সম্বোধনে  
 বউ। দাদা শব্দের জ্বীলিজ্জা রূপ; দিদী)।  
 দাদাঠাকুর...ব্য. (সং তাত—দাদা)।  
 ব্রাহ্মণকে সম্বোধনে (শুভ্রাদি বলিয়া থাকে)।  
 ঠাকুরদাদা...ব্য. ঠাকুরের—পিতার—তাত  
 অর্থাৎ পিতামহ (ওং জেজে বাপা)। দাদা-  
 মশুর...মশুরের পিতা। দাদা-মশায়...দাদা-  
 মহাশয়)। পিতামহ মাতামহ (সম্বোধনে)।  
 দাদীড়, দাদাল...ব্য. (সং দর্দরঃ দ্বৈবৎ তগ-  
 তাজনে—মেঃ। অতএব দাদাড়া, দাদালা  
 দাতু হইবার কথা)। দাদাড়ি, দাদালি—  
 লম্পবাম্প দ্বারা অতিশয় মর্দিত করি, প্রঃ—  
 দাদাড়িয়া (কৃতিঃ কিং), নেঅটা ছেলে  
 কোলে পিঠে চাপিয়া শরীরটা দাদালিয়া  
 দেয়। দাদাড়া, দাদালা।  
 দাদু...ব্য. (সং দস্তু)। দাদ, প্রঃ—কবিকঃ।  
 দান...ব্য. (সং)। পুণ্যার্থে বিতরণ, বিতরণ ;  
 কড়ী ও পাশা খেলার বত অঙ্ক পড়ে।  
 দান-দ্যান...ব্য. (সং। সহচর শব্দ)। দান-

দক্ষিণা...যা. (সং। সহচর শব্দ)। দান  
যেমন দক্ষিণা তেমন—দানের পর দক্ষিণা  
দিতে হয় (নতুবা দানে পুণ্য হয় না।  
দানের মূল্য অনুসারে দক্ষিণার পরিমাণ  
হইয়া থাকে। দানী...যা. (দান দ্বি—  
বিশিষ্ট অর্থে)। যে দান বা বেতন বা  
শুক গ্রহণ করে, প্রাঃ—অগ্রদানী; উৎকলের  
দানী রাখে চন্দন দেখিয়া। তাহা  
এড়াইল রাজপত্র দেখাইয়া। (চৈঃ-চঃ);  
মহে এক বট নাহি ঘাটী দান দিতে  
(চৈঃ-চঃ)—ঘাটী পার হইবার শুক; বট—  
কড়া। বাহুরা, দেনো...গ. (দান+উয়া)।  
দানের যোগ্য, প্রাঃ—দেনো ঘড়া।

দান...যা. (ফাং। তুং সংধান)। আধার,  
প্রাঃ—শামা-দান। দানী...যা. (ফাং।  
তুং সংধান)। আধার, প্রাঃ—নস্যাদানী  
—নস্তাদানী।

দানকোনী...যা. (সং দণ্ডোৎপল। অস্ত্র সং  
নাম শব্দপুঞ্জী)। বর্ষায়ঃ বন্য শাকবিশেষ  
(Canscora decussata)। জলের ধারে  
ও ডিম্বা ফেতে জন্মে। ডাঁটা চারি-কোণা।  
(সং দণ্ড—দান, ডাঁটা কোণা বলিয়া  
কোণী)। পাতা অভিমুখী, জিলিরা। ফুল  
শাদা, চতুর্দল, বর্ষাকালে কোটে।

দানকুনি, ডানকুনি...যা. (সং দণ্ডিক)।  
শকলী মৎস্তবিশেষ (Perilampus  
laubuca)। চারি পাঁচ আঙ্গুল অপেক্ষা  
বড় হয় না। কাঁধের পাখনার উপরে একটা  
কাল চিহ্ন আছে।

দানা...যা. (ফাং)। শস্তবীজ; কলাই (হিং  
অর্থ), প্রাঃ—ঘোড়ার দানা; অন্ন, প্রাঃ—  
লোকের দানা মারা, দানাপানি—অন্নজল;

ধান কলাই প্রভৃতি শস্তের তুল্য আকার,  
এই আকারের দ্রব্য, প্রাঃ—গুড়ে দানা  
বাঁধে, মিছরির দানা; বয়স্ক নারীর সোনার  
কর্ঠ-ভূষণবিশেষ। ইহা শস্ত-বীজের আকারে  
নির্মিত হইয়া মালাকারে কর্ঠে পরা হয়।

দানা...যা. (সং দানব)। দানব। দানা  
পাওয়া—দানব-প্রাপিত—দানাতে পাওয়া  
(তুং ভূতে পাওয়া)—মরিয়া পুনর্বার জীবিত  
হওয়া যেন দানব আসিয়া যুৎসেহে প্রবেশ  
করে। ভাল খাওয়া-পরা পাইলেও কেহ  
কেহ শুখাইয়া যায়। তখন বলা হয়,  
তাহাকে দানায় পাইয়াছে, কারণ, দানায়  
পাইলে লোকে খায় না, খাইলেও দেহ পুষ্ট  
হয় না।

দানিশব্দ...গ. (ফাং দানিশব্দ)। বর্মশীপ  
(কবিকঃ)। (অপ্রচলঃ)।

দানী...যা. (দান দ্বেষ)। যে দান, শুক,  
কর গ্রহণ করে, প্রাঃ—দানী নাহি ছোড়য়ে  
বিক্রম-লোভ (জ্ঞানদাস); যে চোরাই মাল  
রাখে, প্রাঃ—দানী তাঁড়া যায় (ভাঃ)।

দাপ...যা. (সং দর্প)। দর্প, প্রতাপ।  
দাপট...যা. (সং দর্প, দৃষ্ট)। প্রতাপ,  
পরাক্রম, প্রাঃ—চরণের দাপটে পাবাণ হয়  
চুর (মাঃ)।

দাপনা...যা. (সং দর্শি হইতে? আস্যং দপনা  
—বৃহৎ একখণ্ড মাংস)। ভাঙ্গুর উপরে  
উরুর পেশী, প্রাঃ—অস্থলী মুড়িয়া যায়  
সাপিনী ফিরিয়া চায়, ছুঁয়ে যায় বাদিয়ার  
দাপনা (চণ্ডীঃ)।

দাব...যাতু. (সং দম যাতু। তুং সং দমন—  
গ্রাং দবন)। দাবি—শাসন করি, চাপি,  
প্রাঃ—পাঁচনি-বেত্র বাম ককে দাবই (জ্ঞান-

দাব)। দাবা। দাব...যা. দমন। দাবা...  
ধাতু (দমিত হইতে)। দাবাই—শাসিত  
করি। দাবানা।

দাবড়া...ধাতু (দাপট হইতে)। দাবড়াই—  
পীড়ন, তর্জন করি। দাবড়ানা।

দাবড়ি...যা. (দাপট হইতে)। দমন নিমিত্ত  
তর্জন। (দাবড়ি দেওয়া)।

দাবা সংরঞ্জ খেলা দেখ।

দাবি...যা. (ফা°)। অধিকার, স্বত্বপ্রার্থনা  
(demand)। দাবিদার...যা. অধিকার-  
প্রার্থী। দাবি-দাওয়া...যা. (সহচর শব্দ)।

দাবি। দাবিপত্র...যা. দাবি বে কাগজে  
লেখা হইয়াছে।

দাম...যা. (স° দ্রুত)। মূল্য। দামী...ন.  
(দাম+ঈ)। মূল্যবান।

দাম...যা. (স° দামন—রজ্জু)। জগজ্জ দল।

দামড়া...যা. (স° দমা—বৎসতর—হেমঃ)। দমা  
—দাম+ড়া। ও° দামড়ি)। ছিন্নসূত্র বৃষ।

দামড়ি...যা. (স° ছাম+ড়ি। হি° দমড়ী)।  
পরনার অষ্টমাংশ।

দামী...যা. (?)। শাখাপ্রসার-বর্গের পক্ষী-  
বিশেষ (The orange-headed ground-  
thrush: *Geocichla citrina*)।

১০।১২ আঙ্গুল। মাথা ও নীচের পাংশু  
নারঞ্জ-ধর, উপরের নীলাভ। পক্ষে শাদা  
শাদা ফোঁটা আছে। বর্ণে পুং স্ত্রী বিভিন্ন।

দামামা...যা. স° দামন—দস্তচক্কা—শব্দকল্পে।  
ফা° দামামা)। বড় নাগর। (অজ্ঞ নাম  
দামামা)।

দামাল...ন. (স° দস্ত+দা° আল=দস্তাল—  
দামাল)। ছরস্ত, প্রঃ—দামাল ছাবাল  
ছুটি (ভাঃ)।

দাম্পল...যা. (হি° দাম্পল—বোধ হয়, স°  
তমাস শব্দ হইতে তমাল—দাম্পাল। ও°  
নাম সত্যায়)। নাগকেশরাদিবর্গের স্তম্ভম  
শ্রাঙ্গল মধ্যমাকার তরুবিশেষ (*Garcinia  
xanthochymus*)। পাতা জ্বল, বড়  
বড়, নিবিড় শ্রাঙ্গল, চিকণ শাখা শ্রাঙ্গল;  
ফুল শাদা অগন্ধ, বসন্তকালে ফুটে। ফল  
পাতি-নেবুর মতন বড়, কুশের মতন চিকণ,  
কিন্তু অতি অন্ন। কেহ কেহ খায়।  
গোড়ার কাছ হইতেই বহু শাখা-প্রশাখা  
হয়। কেহ কেহ এই গাছকে তমাল  
বলিয়া ভুল করে। খাসিয়া পাহাড়ে, চট্ট-  
গ্রামে, ব্রহ্মদেশে ও দক্ষিণাপথে এই গাছ  
প্রচুর জন্মে। ওড়িশায় দুই একটা দেখিতে  
পাওয়া যায়।

দায়...যা. (স°—বৌতুকাদি দেয়)। নৈমিত্তিক  
ব্যাপার, নৈমিত্তিক ব্যাপারে ব্যয়; অতি-  
পূরণ; কর্তব্য, প্রাঃ—জল-পীড়ির দায়  
থাকুক সম্ভাবনা পায় (কবিকঃ)। দায়-  
প্রস্ত...ন. (স°)। নৈমিত্তিক কর্ম করিতে  
হইবে যাহাকে। কস্তাদায়...কন্যার বিবাহ-  
রূপ কর্মে ব্যয়। পিতৃ-মাতৃদায়...পিতামাতার  
শ্রাদ্ধাদি কর্মে ব্যয়। পেটের দায়...অন্ন-  
চিন্তা। দায়-দৈব...দায়কর্ম ও দৈবকর্ম  
(প্রায় সহচর শব্দ)। দায়-দফা . দায় এবং  
অজ্ঞ বিষয়, (দফা-দেখ)। দায় পড়া—  
কর্তব্য প্রতিপালনে বাধা হওয়া। দায়ী  
...ন. (স°)। যাহাকে দায়ে পড়িতে  
হইয়াছে।

দায়র, দায়ের...ন. (ফা° দায়র)। বাহার  
নিষ্পত্তি করিতে হইবে। দায়ের করা—  
সকলদায় রুজু করা (আদাঃ)। দায়রী,

দায়েরী...৭. বাহা বিচারনিসিত উপস্থিত করা হইয়াছে।

দায়রা...বা. (আং দৌরা—পরিভ্রমণ)। জজের দ্বারা ফৌজদারী বিচার। দায়রা সপত্র করা...জজের ফৌজদারী বিচারে ফেলা।

দার...প্রত্যয়. (ফাং। তুং সৎ ধর) যার আছে বা যে করে রাখে, প্রাঃ—জমিদার—যার জমি আছে, গড়ন-দার—যে গড়ন করে অর্থাৎ গড়ে, শিঞ্জাদার—শুঞ্জাধর, হিসূসাদার—অংশদার (গ্রাং অংশিদার)। দারি...প্রত্যয়. কর্ম অর্থে। দারী...প্রত্যয়. সম্বন্ধীয় অর্থে, প্রাঃ—জমিদারী সেরেস্তা।

দারা...বা. (সং দারঃ—পুংলিঙ্গ)। বহুবচনে দারঃ। এই বহুবচনে প্রয়োগ হইয়া থাকে। ভার্য্যা জায়াহথ পুং তুমি দাঃ মাং—অঃ)। পত্নী, প্রাঃ—দারা স্ত্রী—স্ত্রী ও কস্ত্রী।

দারী...বা. (সং দার—পত্নী+ঈ—বিশিষ্ট অর্থে। তুং ওং দারী—বেস্তা)। স্ত্রীবিশিষ্ট, প্রাঃ—দারী সন্ন্যাসী করি আমারে কহিবে (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)।

দারু...বা. (সং বিদারক)। বারুদ। (এই অর্থ ওংতে। বাংতে অপ্রচলঃ)।

দারু...বা. (ফাং)। মদা। (ইতর লোকের ভাষায়)।

দায়ুচিনী, দায়ুচিনী...বা. (সং দায়ু—কাষ্ঠ; কাষ্ঠ মিষ্ট বলিয়া চিনী)। সং নাম গুডাক্—ডক্—বকল মিষ্ট বলিয়া)। দক্ষিণভারতের স্বগন্ধ তরুবিধ (The Cinnamon tree. *Cinnamomum zeylanicum*)। পাতা পুর, উপর পিঠ চিকণ, ত্রি-শিরা। শুখনা ছাশ পানের ও রাঁপিবার মশলা।

তেজপাতের গাছও দেখিতে এই প্রকার।

তেজপাতের স্বক্কে লোকে দায়ুচিনী বলিয়া ভুল করে। তেজপাতের গাছ খাসিয়া পাহাড়, ত্রিপুরা, ব্রহ্মদেশে জন্মে। দায়ুব্রহ্ম...বা. (সং)। জগন্নাথ। দায়ুব্রহ্মা...বা. (সং)। বিশ্বকর্মা কবিকঃ)। দায়ু-হরিদ্রা বা. (সং)। হিমালয়ের কন্টকী স্কুপ-বিশেষ (*Berberis aristata*)। কাষ্ঠ হরিদ্রাবর্ণ, মূলও হরিদ্রাবর্ণ, তিক্ত। শুবধে লাগে।

দারোগা...বা. (ফাং)। ভ্রাতৃবধায়ক; পুলিশ চৌকীদার ও কনষ্টবলের নামক। দারোগা-গিরি...বা. দারোগার কর্ম।

দারোয়ান (গ্রাং)...দারোয়ান দেখ।

দাল...বা. (হিং দাল)। দাইল দেখ।

দালনা...বা. (সং দাল—দলন+না)। দলিত করিয়া রাঁধা তরকারি, বট।

দালান...বা. (ফাং। তুং সৎ অলিন্দ)। বৃহৎ কক্ষ; অট্টালিকা। দুর-দালান-কক্ষের অন্তর্গত কক্ষ, অট্টালিকার ঘেরা বারান্দা।

দালাল...বা. (আং দলাল)। কুয়বিকুয়ের মধ্যস্থ। দালালি...দালালের কর্ম, দালালের প্রাপ্য বেতন। ফৌপল-দালালি...(ফৌপল দেখ)। ফৌপল—ফীপা+নারিকেল—যে নারিকেলের অঙ্কুর উদ্গত হইতেছে, তৎ-তুল্য অসার দ্রব্যের বা কর্মের মধ্যস্থ, নিরর্থক মধ্যস্থ।

দালিম...ডালিম দেখ।

দাস...বা. (সং)। ভৃত্য; দীবর, কৈবর্ত; শূদ্র জাতি। দাস-খং...(পূর্বকালে, কোথাও কোথাও অদ্যাপি, দাস-দাসীর কুয়বিকুর হইত)। দাসবিকুয়পত্র, প্রাঃ—মাই পাঠাল

মোরে, দাসধৎ দেখাবার তরে (চণ্ডী:)।  
দাসী...ভৃত্য; ধীবরী; শূদ্র (শূদ্রা নারীর  
নামের পরে বসে)। (প্রকৃত দাসী—যে  
নারী কৃষ করা হইয়াছে। ইহা হইতে  
চাকরানী। ক্রীতদাসী অর্থ ওতে আছে)।  
অধুনা বাংতে দাসী শব্দ স্থানে বী, চাকরানী,  
প্রচল: হইয়াছে।

দাস্তা...ব্য. (সং দাসী শব্দের বঙ্গীয় রূপ দাস্তা:  
বোধ হয় দাস্তা: সদৃশী হইতে)। বিধবা  
শূদ্রার নামের পরে বসে। (সধবা কিংবা  
অবিবাহিতা শূদ্রা নারী—দাসী)।

দাস্ত...ব্য. (ফাং দস্ত)। মলতাগ, বাছে।  
দাস্ত ধোলা—মল নির্গত হওয়া।

দাহ...ব্য. (সং)। ভস্মীকরণ; শব-দাহ;  
জালা, শত্রু-দাহ।

দি...ধাতু. (সং দা ধাতু। বাং দেআ, দেওয়া;  
ও দেবা, হিং দেনা, সং দেণে। চারি  
ভাবতেই দি স্থানে দে হইয়াছে)। দি-ই  
—দান অর্পণ ঋপন রক্ষা নির্বাহ সম্পাদন  
করি। দেওয়া, দেআ ॥ (সং দা ধাতুর তুল্য  
বাং দি ধাতুর নানা অর্থ হয়)। ঋণ দেওয়া  
—অর্পণ; শোধ দেওয়া—ঋণ প্রত্যর্পণ;  
প্রাণ দেওয়া—ভ্যাগ; কান দেওয়া—  
শ্রবণ; চোখ দেওয়া—দর্শন; সমর দেওয়া  
—নির্দিষ্ট সময় বর্ধন; রোদে দেওয়া—  
ঋপন; মন দেওয়া—মনোযোগ; বাঁক্য,  
কথা দেওয়া—প্রতিজ্ঞা; কপাট দেওয়া—  
রোধ; পরীক্ষা দেওয়া—পরীক্ষার উপস্থিত  
হইয়া উত্তর দান; ইত্যাদি। অস্ত্র কিয়ার  
সহিত কর্ম-নিষ্পত্তি বুঝায়, প্রাঃ—করাইয়া  
দেওয়া, শোনাইয়া দেওয়া, বলিয়া দেওয়া,  
খুলিয়া দেওয়া, ইত্যাদি। দেআ-(দেওয়া)

খোআ—দান ও ঋপন, দেওয়া। ধাওয়া-  
দাওয়া—(ধাওয়া আছে বলিয়া দেওয়া না  
হইয়া দাওয়া)—বয়ং ভোজন ও অস্ত্রকে  
ভোজ্যমান। অমুক্তা পদে, দেও, দাও ছুই-ই  
হয়। (ব্যাকরণ দেখ)। দেআ...ধাতু.  
(দি ধাতু আছে)। দেআনা ॥ (দেওয়ানা  
রূপ দেওয়া রূপের তুল্য নিরর্থক)। (দিয়া,  
দেনা দেখ)।

দি, দিগ-বিত্ত্তি. (সং আদি, আদিক  
হইতে। ব্যাকরণ দেখ)। বহুবচনে, প্রাঃ  
—বালকদি-কে বালকদিগ-কে বলিবে।

দিক, দিগ...ব্য. (সং দিক্। সং দিশ্ হইতে।  
ও দিগ)। পূর্বাদি দিক্; পার্শ্ব, পক্ষ,  
প্রাঃ—বা দিক্—বাম পার্শ্ব, ছ দিক্ হারানা  
—ছুই পক্ষ, ছুই কর; দশ অঙ্কক। চৌদিক,  
চৌদিগ...চতুর্দিক। দিক্ বাধ ব্য. বস্তা  
হইতে গ্রামবন্ধার্থে গ্রাম সীমানায় বাঁধ।  
দিগ্-বিদিক্...ব্য. (সং। প্রায় সহচর শব্দ)।  
চারি দিক্ ও চারি বিদিক্—চারিদিকের  
মধ্যবর্তী প্রদেশ। দিগ্-বিদিক্জ্ঞানশূন্ড...ব্য.  
(সং)। দিশা-হার।

দিক...ব্য. (আং)। বিরক্ত, ক্লিষ্ট। দিক্দারি,  
দিগ্দারি...ব্য. বিরক্তি, ক্লেশ। দিক্-  
সিক...ব্য. (সিক—প্রচর শব্দ ?)। তান্ত্র-  
বিরক্ত।

দিগ্গজ...ব্য. (সং)। পুরাণে অষ্ট গজ ধারা  
অষ্টদিক্ দিক্ ও বিদিক্) রক্ষিত হইয়াছে।  
দিগ্গজ পৃষ্ঠিত...পাণ্ডিত্যে দিক্হস্তীতুল্য,  
সর্বশাস্ত্রের রক্ষক। দিগ্ দিগ্গজ...ব্য. (সং)।  
নানা দেশ। দিগ্ভুল...দিক্ভ্রম।  
দিগর...বিত্ত্তি. (ফাং)। এবং অন্যে, প্রাঃ—  
ফলমূল দিগর—ফলমূল প্রভৃতি।

দিগার, দিগের (গ্রা°) .. যা. ( দিক + আর—  
বে দিক—দেশ রক্ষা করে ) । চৌকীদার ।  
(প্রাচীনকালে দিগার নাম ছিল । কোটালের  
অধীনে দিগার থাকিত । অম্যাপি দিগার  
শব্দ প্রচলঃ আছে ) । প্রাঃ—দিগার  
কোটাল প্রজা সদ্ধার সকল ( মাঃ ) ।  
দিগারি.. যা. দিগারের কর্ম, প্রাঃ—পঞ্চাশ  
কাহ্নে চাই আমার দিগারি ( কবিকঃ ) ।  
দিগার-কোটাল .. ( সহচর শব্দ ) । চৌকী-  
দার ।

দিষ্টি .. যা. ( স° দৃষ্টি ) । দৃষ্টি, প্রাঃ—কি ভুল-  
ভঙ্গিমা দিষ্টি সুরঙ্গিমা যোগিজন মন হরে  
( পদ্যে ) ; থাক মোর দিষ্টি ( শূং পুঃ )—  
দৃষ্টিতে—নিকটে ; দ্বাদশ অঙ্গুলী করিয়া  
কাঠি সূর্য্যমণ্ডলে দিয়া দিষ্টি ( খনা )—  
শতকু ঘারা ছায়া পরিমাণ করিতে “সূর্য-  
মণ্ডলে দৃষ্টি দিয়া” অর্থ হয় না । অর্থ  
করিতে হইবে, সূর্যের দিকে রাখিয়া বা  
ধরয়া ।

দিচ্ (গ্রা°) .. যা. ( স° দৃচ্ ) । দৃচ্ ।

দিদী, দিদি .. যা. ( হি° জীজী । দ স্থানে জ  
হয় । ৩° রাজপরিবারে জেজে, অজ্ঞত অগ্না ।  
স° ছুহিতা—পালি বি হইতে দি-দি—  
দিদি ? বোধ হয় দাঁদা হইতে দাদী—দিদী )  
জ্যেষ্ঠা ভগিনী । দিদী-মা ঠাকুর-মা,  
গিতামহী মাতামহী (সম্বোধনে) । দিদী-  
খাশুড়ী .. খশুরের মাতা ।

দিন .. যা. ( স° ) । সূর্য্যোদয় হইতে অপর  
সূর্য্যোদয় ( দিবস ) ; সূর্য্যোদয় হইতে সূর্যাস্ত  
পর্যন্ত সময় ( দিবা ), প্রাঃ—দিনের বেলা,  
দিনমান—দিন পরিমাণ ; সমত, প্রাঃ—  
দিন থাকিতে টাকার জোগাড় করা ।

দিনক্ষণ .. ( স° ) । সহচর শব্দ ) । শূভ  
দিন । দিনকাল .. ( স° ) । সহচর শব্দ ) ।  
কাল, প্রাঃ—বে দিনকাল পড়িয়াছে ।  
দিনরাত, দিনরাত, রাতদিন, রাতদিন ..  
রাত্রিদিন, অহোরাত্র ; নিরন্তর । দিনে-  
ছুপরে .. দিনের বেলা, ছুপ্রহর সময়ে । বড়  
দিন .. খ্রিষ্ট-জন্ম উপলক্ষে খ্রিষ্টানদিগের শর্ব  
( উৎসব বলিয়া বিশেষণ, বড় ) । আজ  
মাসের ক দিন .. সৌর মাসের দিনসংখ্যা ।  
আজ পাঁচদিন বা পাঁচই, বারদিন বা  
বারই, ( দিন—ই ) । চিরদিন .. দীর্ঘকাল,  
প্রাঃ—চিরদিন পরে পাইয়াছি লাগ আর  
না দিব ছাড়িয়া ( জ্ঞানদাস ) ।

দিনায় .. যা. ( স° দৈনিক ) । দৈনিক, প্রাঃ—  
দিনায় রোজনামা—দৈনিক আয়বায় হিসাব  
( জমিঃ ) ।

দিনানার .. যা. ( ই° Denmark ) । ডেনমার্ক  
দেশীয় লোক, ভাষা ।

দিনিকা, দিনকা .. যা. ( স° দিনিকা ) । এক  
দিন কৃত কর্মের যেতন, একদিন নিমিত্ত  
ভৃত্য ।

দিবস .. যা. ( স° ) । অহোরাত্র । বাতে  
সূর্য্যোদয় হইতে পরসূর্য্যোদয় । এই হেতু  
সোমবার রাত্রি বলিলে সোমবার দিন ও  
সে দিনের রাত্রি বুঝিতে হয় ।

দিবা .. যা. ( স° ) । সূর্য্যোদয় হইতে অস্ত  
পর্যন্ত কাল, প্রাঃ—দিবামান । দিবানিপি ..  
( নিপি দ্বেষ ) । দিবারাত্রি ।

দিবি-দিবি .. যা. ( ৩ ই°তেও Divi-Divi ) ।  
কুম্ভচূড়াবিষণের ছোট তরু বিশেষ ( Caesal-  
pinia coriara. The American  
sumach ) । আমেরিকা হইতে আনীত ।

কূল ছোট ছোট কলুদা, শরৎকালে ফুটে।  
শুঁটী পাক-দেওয়া। কথায় রসের জন্ত  
প্রসিদ্ধ। বোম্বাই প্রদেশে গাছ জন্মিতোছে।  
দিবর (গ্রা°) ... ব্য. (সং অবা)। অবা।  
দিকির (গ্রা°) ... ব্য. (সং দিবা)। শপথ, (দিকির  
করা, গালা)। ... প. মনোহর, প্রঃ—দিকির  
ছেলেটি।

দিকাক...দেমাক দেখ।

দিয়ড়ি...ব্য. (সং দীপ্তি)। “অলঙ্কার দীপ্তি”—  
কৃত্তিঃ (অরং)। মশাল, প্রঃ—দিয়ড়ি ধরে  
দানাপ্রাণ (কবিকঃ)। (এখন কেবল  
উপমান দিয়ড়ি শব্দ চলিত আছে, প্রদীপ  
বর্ণন অত্যন্ত দীপ্ত হইয়া উঠে, তখন বলা  
যায়, যেন দিয়ড়ি জ্বলিতেছে। সং দীপিকা  
—মশাল)।

দিয়া...ব্য. (সং দ্বারা হইতে? ব্যাকরণ দেখ)।  
দ্বারা, প্রঃ—ছুরি দিয়া কাটা, কলম দিয়া  
লেখা। (দি যাতু বরিলে অর্থ হয় না।  
সং দ্বা-দ্বা যাতু হইতে পারে)।

দিয়ালী...দেআলা দেখ।

দিয়ালী...ব্য. (সং দীপালী, দিপালী)।  
কার্তিক অমাবস্তায় দীপালী-উৎসব।  
দিয়াশলাই...ব্য. (সং দীপশলাকা)। দীপ-  
শলাকা।

দিল...ব্য. (ফা°)। মন। দিল-খোষ...  
প্রফুল্লমন; যে যা বাহা মন প্রফুল্ল করে।  
দিল-ধরিতা...সমুদ্রতুল্য বদান্ত। দিলদার  
...প. মহাহতভব। বে-দিল...প. অনিচ্ছুক।

দিলাসা...ব্য. (ফা°—সান্দনা)। শপথ।

দিল্লীকা লাড্ডু...দিল্লী নগরে প্রস্তুত লাড্ডু—  
দেখিতে সন্দর, কিন্তু স্বাদে কদম্ব।

দিশ...ব্য. (সং)। দিক, প্রঃ—চৌদিশে

কত আছে আনে (জানদাস)। (অপ্রচলঃ)।  
দিশ-পাশ... (দিশ—দিক, পার্শ্ব—পাশ;  
অতএব সহচর শব্দ)। দিক; লেখা-জোখা,  
গণনা; রীতি (সং দিশ, দিক অর্থে রীতি  
আছে), প্রঃ—কাজের দিশপাশ নাই।

দিশা...ব্য. (সং)। দিক, রীতি, সুস্থান,  
প্রঃ—কাজের দিশা পাওয়া যায় না; প্রঃ—  
ফিরে যায় বাসা না যায় দিশা (ধনার  
বচন); ততঃ কথাদিশা (চৈতন্যমঙ্গল)—  
কথার সুর (ওংতে দিশা—গানের সুর)।  
দিশা-হারা...প. দিক্‌লাস্ত। দিশা জাগা—  
দিশাহারা হওয়া।

দিষ্ট (গ্রা°) ... প. (সং দৃষ্ট)। দৃষ্ট। দিষ্টান্ত  
(গ্রা°) ... ব্য. (সং দৃষ্টান্ত)। উপমান, দৃষ্টান্ত।  
দিষ্টি (গ্রা°) ... ব্য. (সং দৃষ্টি)। তু° দিষ্টি)। দৃষ্টি।  
দিসি...ব্য. (সং দিবস)। দিবস, প্রঃ—  
নিশি-দিসি কাঁদি (চণ্ডীঃ), নিশি-দিসি  
তুরা সেবি রচিত মুকুন্দ কবি (কবিকঃ);  
—দিবানিশি। (নিশি ইকান্ত হওয়াতে  
দিসি ইকারান্ত)।

দিস্তা...ব্য. (ফা° দস্তা)। ২৪ তা কাগজ;  
হানামের ডাঁটি (হানামদিস্তা—খল ও  
মুয়ল)।

দীঘল...প. (সং দীর্ঘ—দীঘর—দীঘল)।  
দীর্ঘ। দীঘলিয়া...প. (দীঘল+ইরা)।  
দীর্ঘ, দীর্ঘপ্রায়।

দীঘি...ব্য. (সং দীর্ঘিকা)। বৃহৎ সরোবর।

দীন...প. (সং)। দরিদ্র, দুঃখিত। দীন-দুঃখী,  
দীন-দরিদ্র। দীন-দীন...প. (সং)। সহচর  
শব্দ)। দুঃখী, দরিদ্র।

দীন...ব্য. (আ°)। ধর্ম, মুসলমান ধর্ম। বে-  
দীন...প. অধার্মিক।

দীয়া, দী...ব্য. (সং দীপ। ব্যাকরণ দেখ)।

জল বেষ্টিত ভূমি নূতন উৎপন্ন ভূমিখণ্ড।

ছ...ধাতু, ছহ ধাতু দেখ।

ছ...ছই দেখ। সমাসে ছই স্থানে ছ, দো হয়। প্রঃ—ছ-খানি, ছ-তলা, ছ-কাঠি।

ছঃখিত...ণ. (সং)। ছঃখী, দরিদ্র, প্রঃ—  
ছঃখিত কাছাড় আনি করায় ভোজন  
(চৈঃচঃ)। (ওংতে)।

ছন্স...ণ. (সং ছর্ভাগ)। ছর্ভাগ্য (ধিকারে)।

...ব্য. (সং ধৃত হইতে। ধুৎ দেখ)।

ভবসিত, নিরন্ত, নিলার, প্রঃ—ছন্স, হেরে

গেল।

ছন্স-ভাষা...ব্য. (সং দ্বিভাষা)। দ্বিমত,

সন্দেহ।

ছন্স-ভূআ...ব্য. (বোধ হয় দ্বিভাষা হইতে)।

সন্দেহ, প্রঃ—ছই এক মাসে রঞ্জা করে

ছন্স-ভূআ। তিন এক মাস হতে চিহ্ন গেল

পাওয়া। (মাঃ)—ছই এক মাসে গর্ভের

লক্ষণে সন্দেহ ছিল। (ছন্স-ভূআ বানানও

আছে। শব্দটি প্রায় অপ্ৰচলঃ)।

ছ-আওরি...ণ. (ছহার হইতে। তুং দোবারা)।

ছই বার করিয়া।

ছআনি...ব্য. টাকার অষ্টমাংশ মুদ্রা। টাকা

দেখ।

ছই...ণ. ব্য. (স্ ছৌ)। ছই সন্ধ্যাক, ছই

সন্ধ্যা, ২। (অত্র শব্দের সহিত সমাসে

পূর্বে বলিলে ছই স্থানে ছ, দো হয়। যথা,

ছ-গুণ, ছ-বার, ছ-তলা, দো-কর, দো-রসা)।

ছই এ ধাওয়া—মলত্যাগের অহুমতি পাই-

বার নিমিত্ত গুরুশায়কে পাঠশালা

পড়িয়া ছই অঙ্গুলী প্রদর্শন করে। ছই-এর

বাহির, ছই-এর বার...ইহা উহার বাহির,

অযোগ্য; কোন কাজের নহ। ছ-এক,

ছ-তিন, ছ-চারি...অভ্যাসস্বাক।

ছ-কাঠি...ব্য. (ছই+কাঠি)। ছইটা কাঠি,

প্রঃ—ছ-কাঠি বাজাইলে ঝগড়া হয়।

ছ-কুল...ব্য. (ছই+কুল)। ছই বংশ, মাতৃকুল

পিতৃকুল।

ছ-কুল...ব্য. (ছই+কুল)। নদীর ছই তট।

ছখ...ব্য. (সং ছঃখ)। ছঃখ, ক্লেশ। জ্বা...  
ণ. (সং ছঃখী)। ছঃখী; জ্বা...  
ছখ-স্বখ, স্বখ-ছখ...স্বখ-ছঃখ।

ছ-খান...ব্য. (ছই খানা)। ছই খণ্ড, ছই

স্থান, প্রঃ—ছটা ছখানে হইলেই মঙ্গল

—যেমন সন্তান-প্রসবকালে।

ছগ্গংখ (গ্রাং)...ণ. (সং ছগ্গংখ। পালি

ছগ্গংখ)। ছগ্গংখ।

ছগ্গাল...ণ. (সং ছগ্গ+বাং আল)। ছগ্গাল,

প্রঃ—ছগ্গাল দেখ (কৃত্তিঃ, অযো)।

ছচালা...চাল দেখ।

ছ-চোখুরা, ছ-চোখো...ণ. (ছই+চোখ+  
উয়া)। ছই দিকে—ভাল মন্দ—হিত

অহিত—দৃষ্টি বার।

ছটানা...ণ. ছই দিকে মনের টান বার।

ছড়-ছড়, ছব-ছব...ব্য. (দড়-দড়, ছব-ছব

দেখ)। সং জল ধাতুও আসে)। গর্ভনে,

প্রঃ—মেঘ ছড়-ছড় করে—যেন বিদীর্ণ

হইতে থাকে; ছড়-ছড় ছড়-ছড় করে

বিমুখিয়া ঝড় (কবিকঃ)—ঝড়ের গর্ভনে।

ছৎ...ব্য. ধুৎ দেখ।

ছতীয়া (গ্রাং)...ব্য. (সং দ্বিতীয়া। ওং ছতীয়া,

হিং ছতীয়া)। দ্বিতীয়া তিথি।

ছঁদিয়া, ছঁদো...ণ. (সং বন্দ+ইয়া)। কলহ-

কারী, একগুঁয়া।

দুধ...যা. (সং দুগ্ধ। ওং দুধ; প্রায়ই, নিত্যানি  
 —নিত্য যে পানি লাগে; হিং সং দুধ)।  
 স্তনদুগ্ধ, বুকের দ্বারা বা শাদা রস। দুধ  
 আঙটানা, ফুটানা, জাল দেওয়া—পাক করা।  
 দুধ হেঁড়া, কাটা—বিকৃত হওয়া। দুধের  
 বেগালি, দুধের কেঁড়ে...দেখ। দুধের  
 বলক তোলা—বলক দেখ। দুধ দেওয়া—  
 দুগ্ধদান, পানার্থে দান, দুধ খাইতে  
 দেওয়া। দুধ তোলা—বমন। দুধ নামা—  
 স্তনে দুধ আসা। কুনার শূঁষে দুধ ঝায়—  
 নবজাত শিশুকে কুলাতে শোখানা হইয়া  
 ঝাঁকে; উৎপ্রেক্ষায়, তৎতুল্য শিশু। কচি  
 ছেলে তুলায় দুধ ঝায়—উৎপ্রেক্ষায়, নব-  
 জাত শিশু যে কিছু বুঝে না, জানে না।  
 গলা টিপিলে দুধ বাহিরায়—এত শিশু যে  
 দুধ পান করিয়া জীবিত আছে। দুধের  
 ছেলে দুধপোষা শিশু। দুধে-আলতা  
 ...ন. দুধে অন্ন অলঙ্কট মিশাইলে যে রঞ্জ  
 হয়, পাটলবর্ণ। দুধ-কলমী...কলমী দেখ।  
 দুধ-কলল . প্রসবের পূর্বে গাভীর দুগ্ধ-  
 সঞ্চার হেতু স্তনের নিকটবর্তী স্থানের  
 ক্ষীতি। (কলল, তুং গলকলল)। দুধ-  
 কুহুম...যা. দুধ দিয়া ঘোটা সিদ্ধি,  
 প্রাঃ—দুধ কুহুমায় আন্নি হয়েছে বাসনা  
 (ভাঃ)—(কুহুম অর্থে সিদ্ধি নাই।  
 কুহুম—বোপ হয় সিদ্ধির কুহুম জটা।  
 পাকার সহিত ফুলও ঘোটা হয়)।  
 দুধ-ধড়ী...যা. (সং দুগ্ধপায়ণ)। শ্বেত-  
 বর্ণ পায়র, এমন ধড়ী যাহা দিয়া শাদা  
 লিখিতে পারা যায়, কিন্তু ফুলধড়ী নহে।  
 দুধিয়া...ন. (দুধ+ইয়া)। দুগ্ধযুক্ত,  
 দুধের তুল্য। দুধিয়া কেঁচো...কেঁচো

দেখ। দুধিয়া দাঁত . দাঁত দেখ। দুধিয়া-  
 লতা...যা. (সং নাম দুগ্ধিকা, তিক্ত-  
 দুগ্ধ)। অর্কামির্গের দীর্ঘায়ুঃ লতা-  
 বিশেষ (Oxystelma esculentum)  
 পাতা সবু, ফুল বড় বড় শাদা, ভিতরে  
 গোলাপী। গ্রীষ্মকালে পাতা ঝরিয়া পড়ে।  
 বীজে তুলা আছে। গাছ বেড়ার চড়ে,  
 জগল করিয়া থাকে। গাছের রস দুধের  
 মতন বলিয়া নাম।

দু-ধারী...ন. (দুই+ধার+ঈ)। দুই পার্শ্বে  
 অবস্থিত, প্রাঃ—দুধারী দোকান।

দুধাল...ন. (দুধ+আল)। যে (গাই) দুধ  
 দিতেছে, যে অধিক দুধ দেয়। (খাড়  
 গাই—যে গাই দুধ ছাড়াইয়াছে)।

দুহ...ন. (সং দ্বিগুণ)। তাল দেখ।

দুনা...ন. (সং দ্বিগুণ)। দ্বিগুণ, প্রাঃ—তলা  
 দান; দুনা বর্ষা উনা শীত—যে বৎসর  
 অধিক বর্ষা হয়, সে বৎসর শীত কম হয়।

দুনিয়া...যা. (আং)। জগৎ। দুনিয়া-দারি...  
 জগতের কাজ, সংসারধর্ম। দুনিয়া-দারি  
 মুসাকীরি সেরেক আনা জানা—মুসাকীর  
 যেমন কোথাও ঝারী হয় না, লোকও  
 তেমন সংসারে আসিতেছে যাইতেছে।

দুপ...বা. (সং স্তপ হইতে)। স্তপের পতন-  
 শব্দে (প্রায়ই দুপ)। দুপ-দাপ...বা. দাপ  
 —প্রচর শব্দ)। দুপ শব্দে।

দুপর...যা. (সং দ্বিপ্রহর)। দুই প্রহর বেলা,  
 মধ্যাহ্ন কাল। দু-পহরিয়া...যা. (হিং ওং  
 নাম)। বাধুলী দেখ। পুষ্পশাকবিশেষ।  
 দেড় আঁত উচা হয়। ফুল গাঢ় রক্তবর্ণ, সাত  
 র ত্রি ফুটে। মধ্যাহ্নে ফুল ফুটে বলিয়া নাম।  
 বহু গাছ, কিন্তু উদ্যানের শোভা।

- ছ-পাক...প. (সং দ্বিপক)। ছইবার পক; ছই-  
বার পাক দেওয়া হইয়াছে যে দোড়ী বা  
মুতা।
- ছ-ফাল...প. (ছই ফালি)। ছই ফালি বা খন্ড  
করা হইয়াছে বাহা, প্রাঃ—শরে বিদ্ধে ছফাল  
করিতে পারি নিলে (মাঃ)—শিলাকে।
- ছবল (প্রাঃ) ...ছবল।
- ছব্বা (প্রাঃ) ...দুর্বা দেখ।
- ছ-ভাপা...প. ছইবার ভাপানা, যেমন চাল।  
(ভাপা দেখ)।
- ছম-ছম...দম-দম দেখ।
- ছমড়া (প্রাঃ) ...ধাতু. (ছ-মুখ + ডা—ছমুহড়া।  
—ছমড়া। কলিকাতায়)। ছমড়াই—  
মুড়ি, ভাঁজ করি। ছমড়ানা।
- ছ-মনা...প. (সং ছিমনাঃ)। ছই দিকে মন  
সহিতভেদে বার, বার সংশয় যায় নাই।
- ছ-মালা...প. ভাঙ্গিলে ছইটা মালা হইতে পারে,  
এমন পাকা (নারিকেল)।
- ছমুখা, ছমুখো সাপ...বা. (সং ছিমুখ—রাজসর্পে  
বৈদ্যকঃ)। ছমুখ + আ; ছমুখ + উয়া—  
ছমুখয়া—ছমুখো)। মাটির রঞ্জের ছোট  
সর্পবিশেষ। মুখ ও পুচ্ছ-প্রান্ত দেখিতে  
এক প্রকার বলিয়া নাম।
- ছখা...যা. (ফাং ছম—পুচ্ছ। ছখক—বৈদ্যকঃ)।  
গাড়লবিশেষ। এই গাড়লের পুচ্ছ মেদল  
ও স্ফীত হয়।
- ছয়ন, দোয়েন...প. (ফাং ছয়ন)। দ্বিতীয়,  
দ্বিতীয় শ্রেণীর।
- ছয়া...প. (সং ছর্ভাগা)। ছর্ভাগা,—ছয়া রাণী  
আর স্নহা রাণী। প্রাঃ—জবের জননী হৈলা  
স্বামীতে ছর্ভাগা (চৈতন্যমঙ্গল)—ছয়া।
- ছয়াদশী (প্রাঃ) ...প. (সং ছাদশী)। ছাদশী তিথি।
- ছয়ার...যা. (সং ছার)। ছার, প্রাঃ—কুঠারি  
কোদালি লহ ছয়ার করিতে (চৈঃ চৈঃ);  
ছারপিণ্ডী, প্রাঃ—ছয়ারে বসিয়া ভ্যুত খাই।  
ঘর-ছয়ার...গৃহ ও ছার, গৃহ। ছয়ারী...যা.  
(সং ছারী)। ছারী, ছারপাল। ছয়ার-রৌদি,  
ছয়ার-রৌধি...যা. ছারের সাথার কাঁথ যে  
কাঠ বা বাঁশ পরিয়া রাখে; যাহা ছারের  
উর্ধ্বদেশ রোধ করে।
- ছব-ছব...যা. (সং দৃ বাতু ভয়ে)। ভয়ে বুক  
ছব-ছব করে, প্রাঃ—হিরা কাঁথে ছব-ছব  
পাছে যাই মরে হে (ভাঃ)। ছব-ছবানি।  
(দব-দব দেখ)।
- ছবদৃষ্ট (প্রাঃ ছবদৃষ্ট) ...যা. (সং ছবদৃষ্ট)।  
ছর্ভাগ্য।
- ছবস্ত...প. (সং। তু° ফাং দরিন্দা)। ছর্ভম,  
প্রাঃ—পিরীতি ছবস্ত কে বলে ভাল (চণ্ডীঃ)।  
ছবস্ত-পনা... (পনা প্রত্যয়)। ছর্ভামি।
- ছবস্ত...যা. (Lat. Duranta plumieri—  
হইতে)। আমেরিকার কাটা ফুপবিশেষ।  
বেড়ার নিমিত্ত আধুনিক বাগানে রোপিত  
হইতেছে। মাহুষ অপেক্ষা কিছু উঁচা হয়।  
ফুল নীলবর্ণ, থোঁবা থোঁবা হয়। ফল মটরের  
মতন, নারঞ্জবর্ণ।
- ছবমুশ...যা. (সং ছুম-শাখা ৭ হিং ছবমচ,  
ছবমট। পুরমুশ দেখ)। ভারী মুগুর বা  
পিটনা। ছবমুশ করা—ছবমুশ দিয়া পেটা।
- ছবস্ত...প. (ফাং)। ঠিক, বথার্থ। লোকাকা  
ছবস্ত...কাগজপত্রে ঠিক (কাছে নয়)।
- ছবালতা...যা. (সং। ছলভা। অস্ত্র সং নাম  
যহাসা)। বিহার ও উত্তর পশ্চিমাঞ্চলের কাটা  
ফুপবিশেষ (Alhagi maurorum)।
- ছবী...যা. (ছই হইতে)। ছই ফোঁটায়ুক্ত তাস।

|   |  |
|---|--|
| <p>ছর্গা (প্রা° ছর্গা) ...যা. (স°)। ছর্গাদেবী।<br/> ছর্গা বল—মিথ্যা কথনে বা অবশ্যে বে পাপ<br/> হয়, তাহা নষ্ট করিতে ছর্গা নাম উচ্চারণ।<br/> ছর্গা বলিয়া ব্যক্তির হওরা—বাড়ার পুবে<br/> ছর্গতিহারিণী ছর্গার শরণ-ভিক্ষা।<br/> ছর্গোর...প. (স°)। অতি ভয়ানক।<br/> ছর্গা ৭. (স°)। ছর্গ, প্রাঃ—ছর্গা<br/> প্রতাপ।<br/> ছর্গা...প. (স°)। ছর্গ।<br/> ছর্গোগ...যা. (স°)। ছর্গিন, বৃষ্টিবাদল।<br/> ছল...ধাতু. (স° ছল ধাতু)। ছলি—ঝুলি,<br/> দোল খাই। দোলা, ছলন। দোলা...ধাতু.<br/> ছল ধাতু আছে)। দোলানা। ছল...নারী-<br/> দিগের কানের স্বর্ণালঙ্কারবিশেষ। আকার<br/> নিমকলের মতন। দোলে বলিয়া নাম।<br/> ছলকি...যা. (ছল ধাতু)। ঘোড়ার চালিবিশেষ।<br/> ছল-ছল...যা. (স° ছল ধাতু)। দোলনে,<br/> প্রাঃ—বেগুন দোলে ছল-ছল (ছেলেদের<br/> ছড়ায়)।<br/> ছলাল...প. (ছল ধাতু হইতে)। ছল+আল—<br/> দোলে যে হি° ছলার—সেহ)। পিতা-<br/> মাতার আদরে কোলে যে দোল মায়, প্রাঃ—<br/> আলা ঘরের ছলার মত চলিতে চলিতে<br/> (প্রবোধচক্রিকা)। তাহে বাপের ছলাল নহ<br/> (চৈতন্যমঙ্গল)। (২) দোহনবিশিষ্ট, প্রাঃ—<br/> তরল ভাল, পতি ছলাল, মাচে নটিনী নটন-<br/> জর (জানদাস)। আলালের ঘরের ছলাল<br/> ...আলা—ধনবান ব্যক্তির আদরিয়া পুত্র।<br/> জী° ছলালী, প্রাঃ—বাপের ছলালী ছিলি<br/> তাহে ভিলাঞ্জলি ছিলি (রামপ্রসাদের বিদ্যা-<br/> সুন্দর)। ছলালচাঁপা... (আধুনিক নাম)।<br/> চাঁপা দেখ।</p> | <p>ছলিচা...যা. (দরী+চা—ছোট দরী?)<br/> কাপাস সূতার ছোট গালিচা।<br/> ছলিয়া, ছলো...যা. (স° দোলা+বা° ইয়া—<br/> দোলিয়া)। দোলাবাহী; দোলা-পালকী-<br/> বাহক হিন্দুজাতিবিশেষ। জী° ছলিয়ানী,<br/> ছলেনী।<br/> ছব...ধাতু. (স° ছব ধাতু)। ছবি—দোষী<br/> করি, দোষ দিই। দোয়া। দোষ...যা.<br/> (স°)। অপরাধ।<br/> ছব্ধ...যা. (স°)। ছব্ধ, প্রাঃ—অপার<br/> আনন্দে ছব্ধ জন্মাইলি চিত্তে (মাঃ)।<br/> (প্রায়ই ধা° প্রয়োগ)। ছব্ধী...প. (স°)।<br/> ছব্ধী। জী° ছব্ধিনী (পদ্যে)।<br/> ছষ্ট...প. (স°)। ছর্জন। ছষ্টমি...যা. (ছষ্ট+<br/> আমি)। ছষ্ট ব্যবহার। ছষ্টপনা...যা.<br/> (পনা প্রত্যয়)। ছষ্ট ব্যবহার। নষ্ট-ছষ্ট...প.<br/> (স°)। মহতর শব্দ)। দোষী, কুচরিত।<br/> ছপ্পাচা...প. (স° ছপ্পাচ)। বিলম্বে জীর্ষ হর<br/> বাহ্য, প্রাঃ—(প্রবোধচক্রিকা)।<br/> ছম্বন...যা. (ফা°। ভু° স° ছষ্টননা)। শতু।<br/> ছম্বনি...যা. শতুতা। ছম্বন চেহারা—<br/> শতুর আকার; দিকট আকারী<br/> ছসরা...দোসরা দেখ।<br/> ছ-স্বতী...প. (ছই+স্ব+ঈ)। ছই খাই<br/> স্বতায় নিমিত।<br/> ছহ, ছ...ধাতু. (স° ছহ ধাতু)। ছহি, ছই—<br/> দোহন করি। দোহা, দোহা। দোহাণ,<br/> দোআল...যে গাই দোহে। দোহা, দোআ<br/> ...ধাতু. (ছহ, ছ ধাতু আছে)। দোহাই,<br/> দোআই—দ্রব্য দোহন করাই; ভারবহনে<br/> শিফিত বা সমর্থ করাই। দোহানা,<br/> দোআনা। দোআনা বলদ...যে বলদকে</p> |
|---|--|

ভারবহন করিতে শেখানা হইয়াছে। দৃষ্টান্তে, ঐড়ো গোরু তো টেনে দো—এক ব্যক্তির ছুৎ দরকার। দোহাল বলিল, গোহালে সব ঐড়ো গোরু। তখন উত্তর হইল, তবে টানিয়া দোহ। অর্থাৎ পরজের তুল্য বালাই নাই। হাতদোহা করা—যে গাইর বাছুর নষ্ট হইয়াছে, তাহাকে বাছুর দারা না পানাইয়া দোহা।

ছ'লা, ছহা...যা. ( ছই হইতে। প্রাচীন বা° অস্ত্র রূপ, দোহা। ও° )। ছই জনা। ছ'হে .. ছই জনে। ছ'হার, ছ'হাকার ..ছজনের।

ছ'হাতিয়া, ছ'হেতো...ণ. ( ছই হাত + ইয়া )। ছই হাত পরিমিত; ছই হস্তে বৃত, প্রাঃ— ছহাতিয়া বাড়ি।

দুতী...যা. ( স° )। বার্তাবাহনী বা কুটনী; সখীসখাদ গানে বৃন্দা সখী।

দূর ( গ্রা° ধূর )...ণ. ( স° । কা° দূর ) নিকট নহে, প্রাঃ—দূর দেশ। যা. দূর দেশ, প্রাঃ—দূরের কথা। দূরান্তর...যা. অতি দূর দেশ। দূরাদূর...ণ. ( দূর + অদূর )। অতি দূরবর্তী। দূর হ—নিকট হইতে যা। দূর দূর করা—দূরে যা দূরে যা বলা। দূর ছি করা—অবজ্ঞা সূচক বাক্য করা। ( অপ্রিয় মানুষ ও প্রাণী মাত্রকেই 'দূর দূর' শব্দে ডাড়াইয়া হয়। ছিঃ, ছি ছি শব্দ আজকাল ইতর প্রাণীর প্রতি প্রযুক্ত হয় না। কিন্তু, তু° ছি ছি বলে ঠেলে ফেলে উঠে দিল রড় ( মাঃ ), তু° ও° ম° ছুঃ ছুঃ )।

দূরবীন...যা. ( স° দূরবীক্ষণ। ছি° )। দূরবর্তী বস্তু দেখিবার যন্ত্রবিশেষ ( telescope )।

দূর্বা ( গ্রা° ছুবা )...যা. ( স° )। দ্বাত্তাদিবর্গের প্রসিদ্ধ তৃণবিশেষ ( Cynodon dacty-

lon )। দীর্ঘায়ুঃ লতানিয়া ঘান। হাড়ে দুর্বা গজানা—খাইতে না পাইয়া মরিয়া হাড় মাটিতে পরিণত হইলে তাহাতে ঘাস গজানা—ভুংসনায়।

দৃষ্ট...যা. ( স° দৃষ্টি, ই লুপ্ত )। দৃষ্টি, প্রাঃ—খরতর দৃষ্টে ( কবিকঃ ), যার দৃষ্টে মৃত্যু হরে ( ভাঃ )। তদৃষ্টে ..তাহা দৃষ্টি করিয়া।

দে...যা. ( স° দেহ )। দেহ ( প্রাচীন পদে )।

দে...যা. ( স° দেহ হইতে। অন্যান্য ভাষায় দেও )। হিন্দুজাতির পদবীবিশেষ।

দেঅর...যা. ( স° দেবর )। স্বামীর কনিষ্ঠ ভ্রাতা। ( সঙ্ঘোধনে ঠাকুর-পো )।

দেআলা...যা. ( স° দেবালয়। দেহার দেখ )। চুঃপোয়া শিশুর স্বপ্নে হামা, যেন দেবালর দেখিয়া আনন্দপ্রকাশ। ( দেআলা দেখা )।

দেউটি...যা. ( স° দীপ্তি। দিয়ড়ি দেখ )। নশাল, প্রাঃ—সন্ধ্যাতে দেউটি সবে অলে ঘরে ঘরে ( চৈঃ চৈঃ ) ; ( কবিকঃ )।

দেউড়ি...যা. ( স° দেউলী। ও° দেউড়ি )।

বাটার মুখা দ্বার, প্রাঃ—বরাতি দেউটি নাহি ছাড়ে ( কবিকঃ ),—বরাতি—বরবাদী। ( আজকাল শহরে ফাটক বলে; ঐনে ফাটক অর্থে কারাগার )।

দেউল...যা. ( স° দেউকুল )। দেব-মন্দির।

দেউল দেওয়া—দেউল নির্মাণ করান।

দেউল-দেহার...যা. ( সহচর শব্দ )। দেউল।

দেউলা, দেউলিয়া...যা. ( স° দেউল—দেউল + আ, ইয়া )। দেব-প্রতিমা-পরিচায়ক। ( শূং পুঃ—দেউল্যা )। জ্বী° দেউলানী।

দেউলা...ণ. ( ছি° দিলালা। স° দীপ + আলা )। নিঃসম্বল। ( ব্যবসায়ী নিঃসম্বল হইলে সে অবস্থা জানাইবার অভিপ্রায়ে বাড়ীতে

দিবসে দীপ জালিয়া রাখে)। (Insolvent)।

দেওতাড়, দেতারী...য্য. (সং দেহতাড়, দেহদালী)। বাছাদিবর্গের প্রায় সোজা ঘাস-বিশেষ (Andropogon caricosus)। দেওয়া...দি খাতু দেখ।

দেওয়ান...য্য. (ফাং দৌরান)। রাজস্বমন্ত্রী। দেওয়ানি...দেওয়ানের কর্ম। দেওয়ানী...দেওয়ানের যোগ্য, অর্থ-অধিকারসম্বন্ধীয় (আদাঃ)। (দেওয়ান ফাং দৌরান—রাজসভা। ইহা হইতে, দেওয়ানী আম...রাজসভা, দেওয়ানী খাম...মন্ত্রীগণের বিচারালয়)। দেওয়ানজী...দেওয়ান-মহাশয় (জী দেখ)।

দেওয়াল...য্য. (ফাং দৌরার)। প্রাচীর, কাঁথ। (পাকা ঘরের দেওয়াল, কাঁচা ঘরের কাঁথ। তুং জৌয়ের দেওয়াল দিগ অতি মনোহর (কবিকঃ)—জৌ—জতুর দেওয়াল, কাঁথ নহে)। দেওয়াল-গীর...য্য. (ফাং)। দেওয়াল-দীপ। দেওয়াল-গীরী...য্য. (ফাং)। দেওয়ালে বন্দ দীপাধার।

দেওয়ালী, দেওয়ালী...য্য. (নং দীপারলী)। কার্তিক অমাবস্যা তিথির দীপোৎসব।

দে-কাঠি...য্য. (সং দীপকাঠি। তুং দেরখা)। দীপ জালিবার নিমিত্ত গন্ধক-লিপ্ত কাঠি বা শলা, দীপশলাকা।

দেখ...খাতু. (সং দৃশ খাতু। চারি ভাষাতেই দেখ খাতু আছে। দৃশ খাতুর শ স্বানে খ হইয়া, দেখ। হিংতে দিগ খাতুও আছে। ব স্বানে খ হয়, শ স্বানে প্রায় হয় না। বোধ হয়, দৃশ শকারের পূর্বে ষ থাকতে শ ঠিক উচ্চারিত হইত না। তুং সং ভ্রম্যতি,

অত্রাকীৎ, ভ্রষ্টা, দৃষ্ট)। দেখি—দর্শন, জ্ঞান, সাফাৎকার করি। দেখা... দেখা... খাতু. (দেখ খাতু আস্তে)। দেখানা। দেখ খাতুর আরও অনেক অর্থ আছে। দেখ, ভাবিয়া দেখা—ভাবিয়া ঠিক করা; করিয়া দেখা—করিয়া বোঝা; দেখ দেখি—তুমি বুঝিতে চেষ্টা কর,—আমি দেখি, তুমি পার কি না; তোকে দেখিব—তজ্জনে তব প্রদর্শন করা; দেখিস যেন হারায় না—সাদর্শন হইবে যেন; 'একবার চোখের দেখা দেখে আসি'—মনের মতন দেখা না হউক। (তুং রান্না রীথা, কান্না কান্দা, ঘর-কন্না করা)। দেখা করা—দর্শন। দেখা-শোনা করা—তদ্বাবধান। দেখা-সাফাৎ করা—(সহচর শব্দ)। দর্শন-পরিচয়াদি। দেখন-হাসি...বাকে দেখিলে আনন্দ হয়, এবং মুখে হাসি দেখা দেয়। দেখ দেখানা, দেখ-দেখানিয়া...গ. (দেখন+আ, ইয়া)। বাহা দেখাইতে হয়, দেখাইবার নিমিত্ত দেখা প্রীতির নিমিত্ত নহে, প্রাঃ—দেখ-দেখানা একখান কাপড় দিয়াছে—লোক দেখাইবার তরে, ইচ্ছাপূর্বক নহে। ...য্য. দর্শক, প্রাঃ—বিবাহ-বাড়ীতে দেখ-দেখানিয়া কত লোক জোটে—বিবাহ দেখিতে। দেখতা...গ. (দেখ+ইত—দেখিত হইতে)। দৃষ্ট, প্রাঃ—আমার দেখতা সে ধনী। (তুং জানিত)। দেখিনু...গ. (দেখিত হইতে)। দৃষ্ট, প্রাঃ—দেখিল চুরি তবু কবুল করিলনা। দেখা...খাতু. (সং দৃশ হইতে)। ওং মং দিশ খাতু। দেখ খাতু দেখ)। দেখাই—দৃষ্ট হই, প্রাঃ—কেমন জন্মের দেখাইতেছে, এমন কর্ম ভাল দেখাইবে না। দেখানা।

দেড়...প. (সং অধার্ব। ধ্যর্থ—চেড়—দেড়।  
কিংবা সার্থ—অর্থ—দেড়)। অর্থ অধিক  
এক। দেড়িয়া...যা. (দেড়+ইয়া)। দেড়  
স্বপ্নধীর গণিত, দেড়গুণ।

দেড়ি...যা. (দেড় হইতে?)। বাকের ছই  
পাশের কেবল এক পাশে ভার থাকিলে  
দেড়ি ভার হয়, প্রাঃ—এক ঘড়া অবশেষ  
দেখি মহাবীর, নিতে নারে দেড়ী ভার  
হইল অস্থির (কবিকঃ)। অল্পত্ন, কিছু  
কার্য আছে দেড়ী; লেখা জ্ঞেখা নাহি  
দেড়ি (কবিকঃ)—দেড়ি শব্দের প্রাচীন  
অর্থ এখন লুপ্ত হইয়াছে।

দেড়ো...প. (দাঁড়া ধাতু হইতে দাঁড়+উয়া)।  
দাঁড়াইয়া নিক্ষেপযোগ্য, প্রাঃ—দেড়ো  
ঝোদাল।

দেতো...প. (দাঁত+উয়া)। দাঁত দেখ।

দেহা...দেওভার গাছ দেখ।

দেদার...ন. (ফাং দিল-দার হইতে?)। প্রচুর,  
প্রাঃ—দেদার টাকা।

দেধান...যা. (সং দেহধান)। জোরার  
দেখ। ধাত্যাদিবর্গের শক্তবিশেষ (Broom  
corn. Sorghum saccharatum)।  
আখ গাছের মতন গাছ হয়। বজ্জা অত্যন্ত  
দেখা যায়। উত্তরভারতে কৃষি হয়। ডাঁটা  
মিষ্ট বলিয়া পোস্তর উৎকৃষ্ট খাদ্য।

দেন...যা. (দেনা দেখ)। ঋণ। দেনদার...  
ঋণী। দেন-মোহর...অর্গণ অঙ্গীকারপত্রে  
স্বাক্ষর।

দেনা...যা. (হিং দে. বাং দি ধাতু হইতে)।  
দিতে হইবে বাহা, দেয় টাকা, ঋণ। দেনা-  
পাওনা বাহা দেয় এবং বাহা প্রাপ্য।  
দেনা-দার...ঋণী। পত্র দেনা বালি-দেওয়ান

গঞ্জ—বালি-দেওয়ানগঞ্জ গ্রামে পত্র দিতে  
হইবে।

দেনো...দান দেখ।

দেব...যা. (সং দেব)। দেবতা; ব্রাহ্মণ;  
ব্রাহ্মণ জাতির পদবী ঃ স্ত্রী\* দেবী। দেব-  
শর্মা... (সং শর্মণ)। ব্রাহ্মণজাতিবাক্য  
উপাধি, প্রাঃ—ঈশ্বরচক্র দেবশর্মা। দেব-  
গিরি...রাগরাগিনী দেখ। দেব-দ্বিজ...যা.  
(সং। সহচর শব্দ)। দেবতা ও ব্রাহ্মণ।  
দেবা...যা. (দেব+আ—অনাদরে)।  
অনাদরে দেবতা, প্রাঃ—যেমন দেবা, তেমন  
দেবী—স্বামী যেমন, স্ত্রী তেমন (ছষ্ট)।  
তু° যেমন হাঁড়ী, তেমন শরা। দেবা...যা.  
(দেবী শব্দের বহীর রূপ দেবাঃ। দেবাঃ  
সদৃশী হইতে)। বিধবা ব্রাহ্মণীর উপাধি।  
(তু° দাস্যা, স্ত্রীমত্যা)।

দেবতা...যা. (সং দেবতা)। দেব-দেবী;  
ব্রাহ্মণ (প্রায়ই সম্বোধনে); মেঘ, প্রাঃ—  
দেবতার পতিক—মেঘের অবস্থা, দেবতা  
ঢালিবে—প্রচুর বর্ষণ হইবে।

দেবতার...যা. (সং দেবতা)। দেব-সেবার্থে  
ভূমি। জমি দেখ।

দেবদার...যা. (সং দেবদার)। হিং দেবদার)।  
উত্তর পশ্চিম হিমালয়ের দীর্ঘ তরুবিশেষ  
(The Himalayan cedar. Cedrus  
deodara)। এক এক গাছ ১৫০-১৮০  
হাত উচা হয়। কাঠ আপীতরক্ত, স্বপ্ন-ধ,  
শক্ত। শাখাগুলি মুইয়া পড়ে। (২) (হিং  
নাম দেবদারী)। আতৃপ্যাদিবর্গের উচ্চ  
তরুবিশেষ (Polyalthia longifolia,  
or, Guatteria longifolia)। পাতা  
দীর্ঘ মৎস্তাকার, যার তরঙ্গিত। ফুল ত্রিভুজ,

এক ফুল হইতে অনেক ফল হয়। সৎ  
দেবদারু গাছের তুল্য উচ্চ হয় বলিয়া এই  
গাছের নাম দেবদারু হইয়াছে। প্রাঃ—  
(কৃষ্টিঃ লং, কবিকঃ)।

দেবোত্তর...দেবত্তর দেখ।

দেমাক...ব্য. (আ° দমাগ, দিমাগ)। গর্ব,  
দর্প। দেমাকী...৭. (দেমাক+ঈ)।  
গর্বিত। দেমাকিয়া, দেমাকো...৭.  
(দেমাক+ইয়া)। গর্বি, অভিমানী।

দেয়ান...দেওয়ান দেখ।

দেয়াল...দেওয়াল দেখ।

দেয়ালী...দেয়ালী দেখ।

দেয়ালিনী...দেউলিয়ানী (জানদাস)। দেউল  
দেখ।

দেয়ালিনী...ব্য. (সৎ দেবরাসিনী। ভূ° ও°  
ভূআসিনী—সৎ ভূরাসিনী। দেবকল্পা;  
মিহেশিনী (চণ্ডীঃ)।

দেয়ালী...ব্য. (সৎ দীপরক্ষা। ও° দীপ-রক্ষা)।  
দীপ রাশ্বিবার কাষ্ঠনির্মিত আধার।

দেয়াল...ব্য. (ই° drawers)। কাঠের  
টেকিল আগলারী প্রকৃতির যে বাক্স টানিয়া  
আনিতে ও ভিতরে ঢুকাইতে পারা যায়।

দেয়াল...ব্য. (ফা° দেয়)। কালবিলাস।

দেশ...ব্য. (সৎ)। পৃথিবীর অংশবিশেষ;  
স্বগ্রাম। স্বদেশ...নিজের জন্মদেশ, মাতৃ-  
ভূমি। বিদেশ...অন্ত দেশ। প্রদেশ...  
দেশের অন্তর্গত অংশবিশেষ, যেমন

ভারতবর্ষ দেশের এক প্রদেশ বঙ্গ।

দেশী...৭. (সৎ দেশিন্)। স্বদেশ-জাত।

দেশ-বিদেশ...সর্বদেশ। দেশ-বিদেশে রাষ্ট্র  
...সর্বদেশে প্রচারিত। দেশ-যুদ্ধ...ব্য.  
(সৎ দেশযুদ্ধা)। মঙ্গল। দেশান্তর...

ব্য. (সৎ)। অন্ত দেশ, দূরবর্তী দেশ।  
দেশান্তরী...৭. (সৎ)। অন্তদেশগত, দূর-  
দেশবাগী, প্রাঃ—“করিয়া লগ্ন্যাস হইবেন  
দেশান্তরী”; (কবিকঃ)। দেশ-নাগা...  
গ্রামের জলনির্গমনালী, কুলি। দেশাম...  
ব্য. (দেশ-নিমন্ত্রণ)। দেশের—স্বগ্রামের

নিকটস্থ গ্রামের সকলকে জোজনের নিমিত্ত  
নিমন্ত্রণ। দেশোদাল...ব্য. (হি° দেশদাল)।  
স্বদেশী। দেশ...ব্য. (সৎ)। রাগরাগিণী  
দেখ।

দেহুড়ী, দেহলী...দেউড়ি দেখ।

দেহারী...ব্য. (সৎ দেহালয়—দেআলা—  
দেহারী)। দেউল, প্রাঃ—দেহারী দেউল  
নহি পরবত সকল (শুঃ পুঃ), (কবিকঃ)।  
(অপ্রচলঃ)।

দৈ...দই দেখ।

দৈবাৎ...ব্য. (সৎ)। কারণ ব্যতিরেকে, দৈব  
কারণে। দৈবি (গ্রা°)...দৈবাৎ। দৈবি-  
সৈবি...(সৈবি—প্রচর শব্দ)। দৈবাৎ।

দৈবৎ...ব্য. (আ° দহৎ)। আশঙ্কা।

দো...দুই হইতে। সমাসে দুই, দুই স্থানে ধো  
হয়। যেমন, দো-ফলা আম—যে আম বৎসরে  
দুইবার ফলে। দো, দো-জমি...দে জমিতে  
বৎসরে দুইবার ফল হয়, দোজাশ জমি।

দোআ, দোয়া...দুই দাতু দেখ।

দোআ...ব্য. (আ° দুআ)। আশীর্বাদ, ঈশ্বরের  
নিকট প্রার্থনা।

দো-আশ...৭. (দুই অংশ)। যে মাটিতে মৃত্তিকা  
ও বালুকা প্রায় সমপরিমাণে আছে (loam)।  
মাটি দেখ। দো-আশলা...৭. (দো আশ+  
লা)। বাহাতে দুই জাতির অংশ আছে,  
সঙ্কর (hybrid)।

দোকতা...য্য. ( ছই+কাটা )। শূখনা তামুক-  
পাতা।

দোকর...ণ. ( ছই+করা )। ছইবার করা,  
প্রঃ—কাজ দোকর করা।

দোকলা...ণ. ( ছু° একলা )। দ্বিতীয় ব্যক্তি।

দোকান...য্য. ( ফা° দুকান )। পণ্যখালা।

দোকান করা—দোকান খোলা। দোকানী,

দোকানি-দার...য্য. দোকানের স্বামী।

দোকানী-পসারী...পসারী দেখ। সহচর

শব্দ)। দোকানী। দোকান দারি...

দোকানদারের কর্ম। দোকানদারী...

দোকানদারের যোগ্য, দোকানদার সম্বন্ধীয়,

প্রঃ—দোকানদারী বৃষ্টি। দোকান-পাট...

য্য. ( পাট দেখ )। দোকানে বেচা-কেনা।

দো-বেঁচড়া...ণ. ( ছই+বেঁচা+ড়া ) ছইদিকে

গেঁচা—টানা—আছে যাহা। দো-বেঁচড়া

কাজ—এ দিকে কিছু ও দিকেও কিছু

কাজ। তু° আধা-বেঁচড়া।

দোঘা-শালা ( গ্রা° দোঘাশাল )...য্য. ( স°

দোহশালা—বেখানে গাই দোহা হয় )।

গোরু থাকিবার ফাঁকা চালা। (পাণা দেখ)।

দোছোট...য্য. ( দ্বিতীয়+ছোট দেখ )। উত্ত-

রীয় ( গ্রা° )।

দো-ছোটি...ণ. ( ছই+কাছোটি দেখ )। ছই

কাছা বার, প্রঃ—দোছোটি করিয়া পরে

বার হাথ শাড়ী ( কবিকঃ )।

দোজ...ণ. ( স° দ্বিতীয়ঃ স°প্রা° দোজো। হি°

দুজা )। দ্বিতীয়। দোজবর...দ্বিতীয় বার

ধর। দোজ-বরিয়া...ণ. দ্বিতীয়বার বিবাহিত

বরের। দোজপক্ষ...দ্বিতীয় পক্ষ, প্রঃ—

দোজ পক্ষের জী—দ্বিতীয়বার বিবাহের জী।

দো-জমি...য্য. ( ছই+জমি )। যে জমির মাটিতে

বালি ও ঘৃত্তিকা ছই আছে; যে জমিতে  
বৎসরে ছইবার ফসল হয়।

দোড়ী, দড়ী...য্য. ( স° দোরিক, ডোর, ডোরক

—শব্দকরে )। বজু। ( ডোর দেখ )। দড়া

—যোজী দোড়ী। দোড়ী ডাঙা—দোড়ী

পাঁক দিয়া থিলানা। গলায় দোড়ী...উদ্-

বংগনে প্রাণভ্যাগ কর (ভৎসনার)। দোড়ী-

কলসী ছোটা—গলায় দোড়ী দিয়া কলসী

বাধিয়া জলে ডুবিয়া মরিবার আয়োজন,

আত্মহত্যা, প্রঃ—না মিলিয়া দড়ী না মিলিয়া

কড়ী কলসী কিনিতে তোরে (ভাঃ)।

দোড়ী-বাজ (গ্রা° ধড়ীবাজ)...ণ. (বাজ দেখ)।

দোড়ীর উপরে বাজি করে বে, আত্মত

শঠ।

দো-তরকা...ণ. ( ছই+তরফ+আ )। ছই

পক্ষ সম্বন্ধীয়, প্রঃ—দো-তরকা ডিগ্রি।

দো-তার...ণ. ( ছই+তার+আ )। ছই তার

—কাটি—বাহাতে একত্র আছে, প্রঃ—

দোতার শপ। দো-তারিয়া, দো-তেয়ো...ণ.

ছই কাটিবিশিষ্ট।

দো-নর...ণ. ( নর দেখ )। ছই গারি আছে

যাকে, প্রঃ—দোনার হার।

দো-নলা...ণ. ( ছই+নলা+আ )। ছই নলা বা

চোঙা আছে বে বন্ধুরে।

দোন, দোনী, ডুনী...য্য. ( স° জোণ )। জল

তুলিবার ছোট ডোঙা বা পাত-বিশেষ।

দোনা...য্য. ( স° জোণ )। গাছের পাতার

গড়া পাত, চোঙা, প্রঃ—দোনা ব্যঙ্গনে

ভরি করেন প্রার্থনা (চৈঃ চঃ)—কলাগাছের

শোলের দোনা।

দোনী...য্য. ( দোন দেখ )। জল-সেচনের

ডোঙা এমন স্থাপিত যে ঢেঁকির নতন

উষ্ণিতে নামিতে পারে। ডোজা জল-পূর্ণ  
হইয়া উপরে জল চলে।  
দোপুটা, দোমুটা, দোপাটা...যা. (সং দ্বিপুট।  
প আনে ম হইয়া হুমুটা, দোমুটা। ও° নাম  
হরগোরা। শৃংগুঃ—হই বটা)। বর্ষায়ুঃ পুষ্প-  
শাকবিশেষ (Balsam. Impatiens  
balsamina)। ফুলদল অসমান, বিচিত্র-  
বর্ণ। ছপ (দলের বাহিরের পুট) দলের  
মতন রঞ্জিন বলিয়া নাম দ্বিপুট পাঁকা ফল  
ফাটিয়া বীজ ছড়াইয়া পড়ে।  
দো-পাটা...যা (ছই+পাটা—সং পট। ম°  
ছপেটা। ও° দো-পটা)। দোটা কাপড়ের  
ছই খণ্ড মাঝে লম্বা সেলাই করিলে যে  
চওড়া চাদর হয়। ছই পটীতে নির্মিত বলিয়া  
নাম।  
দো-পিয়াজ...যা. (ছই+পিয়াজ+আ)।  
মাংসের ব্যঞ্জন-বিশেষ। মাংসের দ্বিগুণ  
পিয়াজ দেওয়া হয় বলিয়া নাম। নিজের  
রসেই মাংস সিদ্ধ হয়।  
দো-ফলা...যা. (ছই+ফলা+আ)। বৎসরে  
ছইবার ফলে দে গাছ।  
দোবজা...যা. (প)। দো-পাটা, সোটা চাদর।  
দো-বারা...যা. (ছই+বার+আ)। ছইবার  
নির্মল করা হইয়াছে বাহা, যে চিনী।  
দোবে...যা. (সং দ্বিবেদী)। পশ্চিমাঞ্চলের  
ভ্রাক্ষণের উপাধিবিশেষ।  
দো-ভাবী...যা. (ছই+ভাবা+ঈ)। ছই ভাবা  
জানে যে।  
দোমুটা...দোপুটা দেখ।  
দোয়জ...যা. (দোজ দেখ)। দ্বিতীয় পক্ষের,  
প্রাঃ—দোয়জ বনিতা (কবিকঃ)।  
(অপ্ৰচলঃ)।

দোয়া...যা. (আ° দআ। দোআ দেখ)।  
ঈশ্বরের আশীর্বাদ প্রার্থনা (কবিকঃ)। দোয়া-  
দবা...যা. (দরআ—ঔষধ)। ঈশ্বরের আশী-  
র্বাদ ও ঔষধ—এই দুই রোগপ্রতিকারক।  
তু° ঔষধ-শাস্তি।  
দোয়া...ছহ ধাতু দেখ।  
দোয়াৎ, দোৎ...যা. (আ° দরাৎ)। ও°তে  
ছআত, ম°তে দউৎ, দোৎ। ও° দেশী নাম  
কাঠীঘটা কাঠী ঘড়া; তেলুগু শিরা-বুড়ি,  
—শিরা—কালী। মদীপাড়া দোয়াৎ-ফলম  
...দোয়াৎ ও লিখিতে কলম। দোয়াৎ...  
কালীর দোয়াতের আকারের দীপ, প্রাঃ—  
কেরোসীনের দোয়াৎ।  
দোয়ার, দোহার...যা. (ধৃ, ব=ধুআ; ধুআ—  
দোহা+আর)। গানে বাহারা ধুয়া ধরিয়া  
রাখে। দোয়ারি, দোহারি...যা. দোয়ারের  
কর্ম।  
দোয়েম...দোয়ম দেখ।  
দোয়েল...দয়াল পাখী দেখ।  
দোর (প্রা°)...ছয়ার দেখ।  
দো-রসা...যা. (ছই+রসা+আ) দোআশ,  
প্রাঃ—দোবসা মাটি; অন্ন রসযুক্ত।  
দোরস্ত...ছরস্ত দেখ।  
দোরী...দরী দেখ।  
দো-রোখা...যা. (ফা° দোরুখা)। যাহার  
(শাল ইত্যাদির) ছই পিঠই সমান।  
দোল...যা. (সং)। ত্রীকৃষ্ণের কুলন। দোলমঞ্চ  
...যা. (সং)। ত্রীকৃষ্ণের দোলন নিমিত্ত  
জম্বোপরি নিমিত্ত মন্দির। দোলযাত্রা...যা.  
(সং যাত্রা—উৎসব)। ত্রীকৃষ্ণের দোলন-  
উৎসব। দৃষ্টান্তে, সাজ করিতে দোল ছুগায়  
দোলযাত্রা দেখিতে বেশভূষায় সময় ফেপ

করা, অভিপ্রেত ছাড়িয়া আরোজনই সার  
করার ভুল্য। দোল-ভ্রগৌৎসব...যা. দোল  
উৎসব ও ছুর্গা উৎসব (সহচর শব্দ)।  
দোলা...যা. (সং)। শিশুর দোলন-শয়ন  
নিমিত্ত খোলা। দোলনা...যা. (সং দোলা  
+ বা° না—ভ্রস্বার্থে)। ছোট দোলা। দোল,  
দোল-দোল...যা. দোলন, প্রঃ—দোলায়  
শিশু ঘেলে খায়। চউদোল, চৌদল...যা.  
(সং চতুর্দোল)। ঠাকুর-প্রতিমা ও বিবাহাধী  
বরের নিমিত্ত চারি বাহকের দোলা।  
চৌদোলা করা—চারি বাহক দ্বারা ফুলাইয়া  
বহন। দোলা...শব্দবহনের খাট, প্রঃ—  
“বাণেশের দোলায় চড়ে কে হে বট যাচ্ছ চলে  
শশানঘাটে”। দোলিয়া...হুলিয়া দেখ।  
দোলা...ভূমী দেখ।  
দোলনা...যা. (ফা°)। আলু বেগুন প্রভৃতির  
ভিতরে মশলা পুরিয়া পক্ক ব্যঞ্জন।  
দোল-মাল...যা. (দল-মল হইতে)। দল-মল  
ভাবে, প্রঃ—উড়ি পড়ে ঘর গোলা করে  
দোলমাল (কবিকঃ)। (অপ্রচলঃ)।  
দোলাই...যা. (হি° ম° ছলাই)। যে শীতবস্ত্র  
কাঁধ হইতে ফুলিতে থাকে।  
দো-শালা...যা. (ছুই + শাল + আ)। এক জোড়া  
শাল। শাল-দোশালা...সহচর শব্দ)। শাল।  
দো-শালা...দোদা-শালা দেখ।  
দোসর...যা. (দোসরা দেখ)। দ্বিতীয় ব্যক্তি,  
সঙ্গী, প্রঃ—একা রাম রক্ষা নাই দোসর  
লক্ষণ; প্রাণের দোসর ভাই গেল পরলোক  
(কবিকঃ), রাইয়ের দোসর (জানদান)।  
দোসরা...প. (সং দ্বিতীয়। হি° ম° ও° দ্বসরা।  
ব্যাকরণ দেখ)। দ্বিতীয়, দ্বিতীয় দিন,  
প্রঃ—আজ মাসের দোসরা।

দোস্ত...যা. (ফা°)। মিত্র, বন্ধু। দোস্তি...  
যা. (ফা°)। মিত্রতা।  
দোহরা, দোহারা...প. (ছুই + হরা। ব্যাকরণ  
দেখ)। দ্বিগুণ; নাতিশূল, প্রঃ—দোহরা  
শরীর।  
দোহা...ছুই বাতু দেখ।  
দোহা, দোহা...যা. (হি°। সং দ্বিপদা)।  
শ্লোক-বিশেষ, ছন্দ-বিশেষ।  
দোহা...ছুই দেখ।  
দোহাই...যা. (আ° দোহা ? হি° ছুইহি)।  
সুবিচার, দয়া। রাজার দোহাই দেওয়া—  
রাজার নিকট সুবিচার প্রার্থনা করা।  
দোহাল, দোহাল...যা. (দোহ + আল)। যে  
গাই দোহে (ছুই বাতু দেখ)। দোহালি...  
দোহালের কর্ম।  
দৌড়...যা. (সং দ্রু, বাতু পলায়নে)। তু°  
অভিহুদ্রাভি—অভিমুখ্যে অধারৎ)। দৌড়ি  
—বেগে ধাবিত হই। দৌড়ন, দৌড়না,  
দৌড়নি, দৌড়া। দৌড়...যা. ধাবন,  
বিস্তার, প্রঃ—লক্ষ্য দৌড়। দৌড় ধাপ...যা.  
(সং ধাবন—ধাপ। সহচর শব্দ)। দৌড়ন।  
দৌড়া-দৌড়ি...একের পশ্চাতে অন্যের  
ধাবন। দৌড়া...যা. (দৌড় বাতু আস্তে)।  
দৌড়ানা।  
দৌলৎ...যা. (আ°)। ধন, ঐশ্বর্য। ধন-দৌলৎ  
...যা. (সহচর শব্দ)। ঐশ্বর্য। দৌলৎখানা  
...যা. ধনীর অট্টালিকা, (বিপঃ—গরীব-  
খানা)। দৌলৎমস্ত প. (ফা° দৌলৎ-  
মস্ত)। ধনবান্দ।  
দৌল...আজুর দেখ।  
দৌণ...যা. (সং)। দাঁড়াই পরিমাপবিশেষ,  
পর্শরি। দৌণালী...ঘলঘবা দেখ।

দ্বন্দ্ব (প্রাঃ) ... বা. (সং দ্বন্দ্ব+যুগ্ম)। কলহ।  
 ঘার... য. (সং)। গৃহপ্রবেশপথ, ছয়ার।  
 ঘারী, ছয়ারী ... য. (ঘার+ঈ)। ঘাররক্ষক;  
 ঘারবিশিষ্ট, প্রাঃ—দক্ষিণঘারী ঘরের রাজা,  
 পূর্বঘারী তার প্রজা। পশ্চিমঘারীর মুখে  
 ছাই, উত্তরঘারীর কাছেও না যাই।—  
 অর্থাৎ দক্ষিণঘারী ঘর উৎকৃষ্ট; পূর্বঘারী  
 কিছু ভাল; পশ্চিমঘারী নিকৃষ্ট, কারণ,  
 অপরাজে রৌদ্র আসে, এবং রাঢ়ে (ও  
 ওড়িশায়) পশ্চিম দিক হইতে প্রবল ঝুটি  
 হয়; উত্তরঘারী—সকল বিষয়ে নিকৃষ্ট।  
 অন্যান্যূপ, পশ্চিম ঘারী ঘরের তাপ, উত্তরঘারী  
 ঘরের শাপ। ঘার... য. (সং)। ভিকার  
 নিমিত্ত অস্ত্রের দ্বারে উপস্থিত।

ঘারী... বা. (সং ঘার শব্দের তৃতীয়ার রূপ। সং  
 ঘার—উপায়, সম্মুখ, ছয়ার। প্রাচীন সংস্কৃতে  
 করণ করকে ঘারা পাওয়া যায় না। গত  
 তিন চারি শত বৎসরের সংস্কৃতে পাওয়া  
 যায়। করণে, উপারে। (ব্যাকরণ দেখ)।  
 ঘিমা... বা. (সং ঘিমা—ছই খণ্ডে, প্রাঃ—  
 পৃথিবী ঘিমা হও; ছই প্রকারে)। বাংতে  
 অস্ত্র অর্থাৎ, সন্দেহ, দ্বৈধতা, প্রাঃ—কনা  
 তোরে দিব ঘিমা না করিছ চিন্তে (চৈঃ চঃ)।  
 ঘিভাব... য. (সং ঘিভাব—ছই ভাবযুক্ত)।  
 বাংতে, ছই প্রকার ভাব, দ্বৈধীভাব।

ধ।

ধ... য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, -অক্ষর-বিশেষ।  
 ধ... য. (সং ধর। ওং ধ)। হরীতক্যাদি বর্গের  
 আরণ্য তরু-বিশেষ (Anogeissus lati-

folia)। কাঠ শাব্দ বলিয়া সং নাম  
 ধব। কাঠ দৃঢ়, কিন্তু ভিজিলে পচিয়া যায়।  
 গাছ হইতে ধ আঠা পাওয়া যায়।

ধক্-ধক ... বা. (সং ধুক্ ধাতু সন্দীপনে,  
 ক্রেশনে)। সন্দীপনে, প্রাঃ—ধক্ ধক্ ধক  
 ভালে অনল (ভাঃ); ক্রেশনে, প্রাঃ—ফোড়া  
 ধক্-বণ করে। ধক্-ধকানি। ধিক্-ধিক ...  
 বা. মুছ সন্দীপনে। ধিক্-ধিকি ... আরও  
 মুছ জ্বলনে। ধুক্-ধুক ... বা. দীপ্তিতে,  
 প্রাঃ—ধুক্-ধুকি—গলার অলঙ্কার, বাহা  
 বিক্-বিক করে, প্রাঃ—গলে দোলে ধুক্-  
 ধুকী করে ধক্-ধক (ভাঃ)—ধক্-ধক হইতে  
 ঝক্-ঝক (দেখ)। ক্রেশনে, প্রাঃ—প্রাণ  
 ধুক্-ধুক করে।

ধকল ... বা. (ধাক্কা+ল। হিঃ ধকেল—ধাক্কা)।  
 ধাক্কা, পীড়ন, প্রাঃ—পাতলা কাপড় ধকল  
 সহে না।

ধইঞ্জা ... ধনিচা দেখ।

ধড়... য. (সং ধট—দাঁড়ীপালার দাঁড়ী। ইহার  
 সাদৃশ্যে)। মাথা ছাড়া সমস্ত দেহ, প্রাঃ—  
 তাহা দেখি গোণ নোর নাছি রহে ধড়ে  
 (চৈঃ চঃ)।

ধড়্-ধড় ... বা. (সং দৃ ধাতু বিদারণে। সং  
 দর্দর)। জীর্ণ কাষ্ঠাদির বিদারণে। (অস্ত্র  
 রূপ, চর-চর)। ধড়্-ধড়ানি। ধড়্-ধড়িয়া,  
 ধড়্-ধড়া ... য. এত জর্জর যে অংশ শিথিল  
 ও পৃথকপ্রায় হইয়াছে।

ধড়্-পড়, ধড়্-ফড় ... বা. (ধারণ ও পতন।  
 বোধ হয়, য আ. ছ বলিয়া পরে প স্থানে  
 ক)। উত্থান ও পতনে, প্রাঃ—বাণবিদ্ধ  
 ভগ্নপদ করে ধড়্-ফড় (চৈঃ চঃ)—মৃগ; মন  
 করে ধড়্-ফড় (ভাঃ), বুক ধড়্-পড় করে—

চাঁকুলো। ধড়-পড়া, ধড়-ফড়া...ধাতু।  
ধড়-পড়াই, ধড়-ফড়াই—ব্যাকুল হইয়া  
এটা ওটা ধরি এবং তৎক্ষণাৎ পড়িয়া যাই,  
ব্যাকুল হই। ধড়-পড়ানি, ধড়-ফড়ানি ॥  
ধড়-পড়িয়া, ধড়-ফড়িয়া...৭. অল্প কারণে  
অতিচঞ্চল, ব্যাকুল।

ধড়া...ব্য. (সং ধটা—চীরবজ্র)। কটিবজ্র,  
প্রাঃ—শ্রীকৃষ্ণের ধড়া-চূড়া—কটিবেষ্টন-বজ্র  
ও মস্তকের চূড়া; পৌষাক।

ধড়ান...ব্য. (সং ধট—দাঁড়ী। বিংবা দড়াম  
হইতে)। লম্বা সোজা হইয়া পতনশব্দে।

ধড়াশ...ব্য. (ধড়+আশ—শব্দে) ধড়শব্দে,  
স্থূল বস্তুর পতনশব্দে।

ধড়ী বাজ...দোড়ী বাজ দেখ।

ধন...ব্য. (সং)। বিত্ত, সম্পত্তি, গো-ঘাছাদি;  
প্রিয় বস্তু; যোগচিহ্ন (+)। ধন-কড়ি,  
ধন-দৌলৎ, ধন-সম্পত্তি, ধন-ঘাছ, ধন-জন,  
ধন-প্রাণ, ধন-মান...সহচর ও প্রায় সহচর  
শব্দে ধন—বিত্ত, অর্থ। ধন-প্রাণে মরা—ধন  
ও প্রাণ—ছুই-ই বিনষ্ট। ধন-প্রাণে মজা—  
ধন ও প্রাণ ডোবা, ছুই নষ্ট। যুল-ধন...  
ব্যবসয়ে লগ্ন টাকা, ব্যবসায়বিত্ত। বর্বরস্ত  
ধনক্ষয়ঃ...সং)। বর্বর অস্ত্রের বাসনহেতু  
ধনক্ষর। ধন...প্রিয় বস্তু, মেহপাত্র,  
প্রাঃ—বাছা-ধন, দাপ-ধন; আদরে শিশু;  
শিশুর শিশু। ধনঞ্জয়... (প্রহারেণ ধনঞ্জয়ঃ—  
হইতে)। প্রহার। ধনঞ্জয়ের পালা...  
প্রহার দ্বারা তাড়ানা। ধনি...ব্য. (সং  
ধনিকা)। ধনবতী নারী, জমিনী (গানে)।  
ধনী...৭. (সং ধনিন্)। ধনবান্...ব্য.  
স্থানী, মহাজন।

ধন-ধন...ব্য. (সং ধন, ধন, ধন, ধন ধাতু

শব্দে)। শকসহ নৃত্যে। ধিন্-ধিন্...ব্য.  
বাদ্যের ও নটনতর্নের শব্দে।

ধনশ্রী...রাগরাগিনী দেখ।

ধনিচা...ব্য. (সং জয়ন্তী হইতে?)। শিখাদি-  
বর্গের দীর্ঘ শীর্ণ দ্বুপবিশেষ (Sesbania  
cannabina)। গাছ জয়ন্তী-তুল্য, কিন্তু  
ছোট ও বর্ষায়ুঃ, শূঁটা সোজা। পানের  
বরজে ডাঁটা লাগে, ছালে গোটা তামুক-  
পাতা বেঁধা হয়। আজকাল জমিতে গাছ-  
সার সন্মুগ চাষ হইবেছে।

ধনু...ব্য. (সং)। ধনুক; চারি হাত পরিমাপের  
দাঁড়। ধনুইজকার...ব্য. (সং)। রোগবিশেষ  
(tetanus), হাঁহাতে দেহ পৃষ্ঠদিকে ধনুকের  
মতন বাকিয়া পড়ে।

ধনুক...ব্য. (সং ধনু+ক স্বার্থে)। বাণ ও  
বাঁটুল নিষ্ফেপের ধনু। -তীর-ধনুক...তীর  
ও ধনুক। ধনুকের খাড়া বা কাঁড়—কামুক,  
ছিলা—বৃক্ষছল্লিনির্মিত গুণ, স্থূল-অলাকার  
অগ্র বা কোটি। প্রাঃ—ধনুকের হলে বাকি  
রাখে (কবিকঃ)। ধনুক-ধারী...ব্য. ধনুধর  
(রামচন্দ্র)। ধনুধর (প্রাঃ ধনুধর)...  
বীর পুরুষ। ধনুক-ভাঞ্জা পণ... (সীতার  
বিবাহের পণ হইতে)। অসাধ্য বা ছুঃসাধ্য  
পণ।

ধনেশ...ব্য. (সং ঘনেশ? হিং ঘনেশ)।  
শাখাশ্রয়ীবর্গের প্রায় ছুই হাত দীর্ঘ পক্ষী-  
বিশেষ (Hornbill. Anthracoceros  
coronatus)। কালাতে সবুজ রং।  
চঞ্চু বকু, বৃহৎ; চঞ্চু মূলে বকু শৃঙ্গ থাকে।  
পাখী বনে থাকে, গাছে কাঁদা দিয়া বাসা  
করে। পাটিরাল ধনেশ...প্রায় ১।০ হাত  
দীর্ঘ পক্ষী (Lophoceros birostris)।

পাশ্চাত্যবর্ণ। চক্ৰ, বকু, শৃঙ্খা ছোট, সম্মুখে  
বহির্গত।

ধন্দ, ধন্দা...যা. (সং ধনদ—ধনদাতা। ওং  
ধন্দা, কাম-ধন্দা—কর্ম ও ধন্দা)। অর্থো-  
পার্জন চেষ্টা, অর্থোপায়, প্রাঃ—নিজের  
ধন্দে ঘোরা। ...যা. (সং ধন্দ। ধাঁদা  
দেখ)। রহস্ত, প্রাঃ—এ বড় লাগল ধন্দ  
(চঙাঃ); জগতে লাগিত ধন্দ (ভাঃ);  
সুখদুঃখ, রাগদেব ইত্যাদি বিরুদ্ধ যুগ্ম;  
সংসার-সংগ্রাম।

ধন্দা...যা. (সং ধরণ, ধরণা—ধনী—ধন্দা)।  
চালের অবলম্বন বাঁশ বা কাঠ। টেকি-  
শালের ধন্দা...যে বাঁশ ধরিয়া পাদ-দিঅনী  
পাদ দেয়। ধন্দা...যা. অনশনে উপবেশন।  
ধন্দা দেওয়া—দ্বারে অনশনে বসিয়া প্রাণা-  
লাভ-চেষ্টা।

ধন্ত (গ্রাঃ ধন্নি)...প. (সং)। প্লাঘা, সৌভাগ্য-  
বান্ধ। ধন্ত-ধন্ত-রব...মহৎ কর্মের প্রশংসার  
কৃতীকে ধন্ত ধন্ত বলা। ধন্তবাদ...যা. ধন্ত—  
এই বচন। ধন্তবাদ করা—ধন্ত বলা।  
আপনাকে ধন্তবাদ... (ইংরেজীর অল্প-  
করণে) আপনি ধন্ত—ইহা বলিতেছি।

ধন্তা, ধনিয়া...যা. (সং ধন্তা, ধন্তাক)।  
তাম্বুল ও রুধনের প্রসিদ্ধ গোলপ্রায়  
উপকরণবিশেষ (Coriander)। ইহার গাছ  
(Coriandrum sativum) বর্ষাযুগে, বহু-  
শাখ শাক। ভারতের বিভিন্ন প্রদেশে  
বিভিন্ন সময়ে কৃষি হয়। ফুল শাদা বা স্বেত  
রক্ত। ধনিয়ার চৌল... (ধনাত্তুল)। ধনিয়া  
ফলের বীজ, এই বীজ পুষ্টি গোল, উদরে  
খোল। (টঃঃঃ—ধনিয়া)।

ধপ...যা. (সং ধাপ হইতে)। বিস্তৃত শিথিল

বস্তুর পতনশব্দে। ধপাশ...যা. ধপশব্দে  
পতনে। ধপাৎ...যা. ধপভাবে, স্থাপনে,  
প্রাঃ—ধপাৎ করিয়া বসা।

ধব...ধ দেখ।

ধব-ধব, ধপ-ধপ...যা. (সং ধাব ধাতু। সৎ  
ধবল)। ধবল বর্ণে, প্রাঃ—শাদা ধব-ধব  
করে। ধবুয়া, ধবো...প. (ধব+উয়া)।  
শুক্লবর্ণ। ধব-ধবিয়া, ধব-ধবো...প. (ধব-  
ধব+ইয়া)। ধব-ধব করে যাঁহ।

ধবলা...যা (সং)। শুক্লবর্ণ; ধেতকুষ্ঠ নামক  
রোগবিশেষ (Leucoderma)। (সং  
আয়ুর্বেদে নানাবিধ চর্মরোগের সামান্ত্র নাম  
কুষ্ঠ)। ধবলা, ধলা...প. (ধবল+আ)।  
শুক্লবর্ণ। ধবলী...যা. (সং)। শুক্লা-গাই।  
ধবলী স্ত্রীমণী...শুক্লবর্ণ গাই ও কৃষ্ণবর্ণ  
গাই (কৃষ্ণবাতাগানে)।

ধম-ধম...যা. (সং ধা, ধা ধাতু শব্দে) গন্তীর  
ধঁ ধঁ শব্দে। ধম-ধম করিয়া পেটা—প্রহারে  
ধঁ-ধঁ শব্দ হয়। ধমাধম...পরে পরে ধম-ধম  
আঘাত। ধুম-ধুম...যা. ক্ষুদ্র বস্তুর আঘাতে,  
ধুঁ-ধুঁ শব্দে।

ধমক...যা. (সং ধা, ধা ধাতু শব্দে। ধম-  
করা—ধমকা, ধমক)। ভৎসনা, এমন  
তর্জন বাহাতে মনে পীড়া জন্মিতে পারে;  
চর্মব্যাধিদির ধা ধা শব্দে, প্রাঃ—ধাও ধাও  
ধামান্য ধমকে কাঁপে ধরা (মা)। (২) কাহার  
ভাষায়, উচ্চ হইতে অবরোধন (চড়ির  
বিপরীত)। ধমকা ধাতু, ধমকাই—তর্জন  
করি। ধমকান্য, ধমকানি।

ধম্ম...ধর্ম দেখ। ধম্ম-কম্ম...ধর্ম ও কর্ম (ওং  
কাম-ধাম)। ধম্ম-ঘট...স্বীয় জাতি বা বাব-  
সায় রক্ষার্থে ঘটস্থাপনাপূর্বক প্রতিজ্ঞা।

ধম্ম-পত্ত...ধর্মপত্ত। ধম্মপুত্ত...ধর্মপুত্ত।  
ধম্মিষ্ঠ...ধর্মিষ্ঠ। অধম্মো...অধর্মিষ্ঠা, অধা-  
র্মিক।

ধর·ধাতু. (স° ধৃ ধাতু। স° ধৃ ধাতু সকর্মক  
অকর্মক ছই রূপ আছে। বাংতেও ধর  
ধাতু সকর্মক অকর্মক ছই-ই হয়। ধাতু  
সকর্মক; কিন্তু, ভিন্ন ভিন্ন শব্দ সহযোগে  
অকর্মক ও নানার্থ ছইয়াছে। তু° কর, লাগ  
ধাতু)। (১—অকর্মক) ধরি—হই, উৎপন্ন  
হই, প্রঃ—গাছে ফুল ধরিয়াছে; থাকি,  
প্রঃ—পাঁচ দিন ধরিয়া বর্ষা; প্রভাব বিস্তার  
করি, প্রঃ—ঔষধ ধরিয়াছে; স্থান পাই,  
প্রঃ—ঘটীতে জল ধরে না, মুখে হাসি ধরে  
না; মনোনীত হই, প্রিয় হই, প্রঃ—  
কপড়খানা মনে ধরে না; পীড়িত হই,  
ভারী হই, প্রঃ—মাথা ধরা, পা কোণর  
গলা ধরা, মুখ ধরা (কঙ্কুয়ন); শেষ হই,  
বর্ষণ শেষ করি, প্রঃ—বৃষ্টি ধরিয়াছে,  
আকাশ ধরিয়াছে। (২—সকর্মক) ধরি—  
ধারণ করি, রাখি, প্রঃ—ছাতা ধরিয়া দাঁড়া,  
প্রাণ ধরিয়া আছি; গ্রহণ করি, প্রঃ—দোষ  
ধরা; পরিধান করি, প্রঃ—ভেখ ধরা;  
আশ্রয় করি, প্রঃ—ঠাকুরের চরণ ধরা,  
পামে ধরা; আরম্ভ করি, প্রঃ—গান ধর,  
আগুন ধরিয়াছে; আক্রমণ করি, প্রঃ—  
চোর ধরা; সংগ্রহ করি, বধ করি, প্রঃ—  
মাছ ধরা; পালন করি, প্রঃ—নিয়ম ধরা;  
শাসনে রাখি, প্রঃ—মাল সাপ ধরিয়াছে,  
হৃদয় ছেলেকে ধরিয়া রাখে সাধ্য কি ?  
কর কিংবা মূল্য দিয়া ভোগ করি, প্রঃ—  
রাম আমার জমি ধরে; হলাকর্ষণ করি,  
প্রঃ—দিন ছই বিঘা জমি ধরা সোজা নয়;

অবধারণ করি, প্রঃ—গণিয়া চোর ধরিতে  
জানে, ধরা কথা (অবধারিত); দৃষ্টান্ত গ্রহণ  
করি, প্রঃ—ধর রানের পিতৃভক্তি তিনি  
পিতার সত্যপালনের জন্তে বনে গেলেন;  
পরিমাণ করি, প্রঃ—দাঁড়ী ধরা, দোড়ী  
ধরা। ধরা, ধরণ, ধরণা। ধরণ...য.  
(স°)। অবলম্বন, রীতি, ভঙ্গি; অবর্ষণ।  
আকাট ধরণ...কাঠবৎ শুক্ততা, অবর্ষণ।  
ধরণ-ধারণ...য. রীতি-নীতি, চালি-চলন।  
ধরণা, ধরা...ধরা দেখ। ধরতি...য. (ধর  
ধাতু তি)। পূরণ। (ধরা-কাট...য. ধরা—  
সংঘন, কাট—সংঘম)। অবধারিত নিয়ম  
বা সংঘন ধরাট...য. (ধরা+কাট হইতে  
ক লুপ্ত)। পানাহারে সংঘন, কঠিন নিয়ম,  
প্রঃ—ধরাটে না থাকিলে কেবল ঔষধে  
কি হইবে। ধরাটি...য. (ধরা+বৃষ্টি)।  
কুরবিকুরে অবধারিত বৃষ্টি বা ছাড়ি। ধরা-  
পাগড়া, ধর-পাগড়া...য. (স° প্রগ্রহ হইতে  
হি° পাগড়া, পাকড়া)। শাসন, আক্রমণ।  
ধরা-বীরা...য. (প্রায় সহচর শব্দ)।  
অবধারিত ও নিয়মবল্য। ধরা-ধরি...য.  
পরস্পার ধারণ, বহু জনে ধারণ। ছেলে-ধরা  
...য. যে ছোট ছোট ছেলেকে চুরি করে।  
ধরা...ধাতু. (ধর ধাতু আন্তে)। ধরানা।  
ধর...য. (স° ধারণকর্তা)। হিন্দুর পদবী-  
বিশেষ।  
ধরা...য. (স°)। পৃথিবী, ধরিত্রী। দৃষ্টান্তে,  
ধরাকে শরা জ্ঞান করা—দস্তে পৃথিবীকে  
শরা তুল্য মনে করিয়া কাজ করা।  
ধরাট, ধরাটি...ধর ধাতু দেখ।  
ধর্তব্য (প্রা° ধন্তব্য)...প. (স°)। গ্রহণযোগ্য,  
বিচারযোগ্য।

ধর্ম ( গ্রা° ধর্ম )...ব্য. ( সং ধর্ম। পালি, সংপ্রা° ধর্ম )। শাস্ত্রানুযায়ী আচার, প্রাঃ—মহুর ধর্মশাস্ত্র, হিন্দু-ধর্মে গোহিংসা নিষিদ্ধ; সৎ কর্ম, কর্তব্য, প্রাঃ—ধর্ম করা, দান-ধর্ম, ধর্ম-কর্ম, পুণ্য-ধর্ম করা, চোরা না শুনে ধর্মের কাহিনী; পুণ্য, প্রাঃ—দরিদ্রকে দান করিলে ধর্ম হয়; স্বভাব, গুণ, প্রাঃ—কলির ধর্ম কলহ, ভাণের ধর্ম দাহিকা, মানবধর্ম, পশুধর্ম; যম, প্রাঃ—ধর্ম জানেন, আমি জানি না (যম—মাল্লবের যাবতীয় কর্ম লক্ষ্য করিতেছেন); ঈশ্বর ও পরলোক সম্বন্ধীয় বিশ্বাস, প্রাঃ—তিনি ব্রাহ্মধর্মে দীক্ষিত; সাম্প্রদায়িক বিশ্বাস বা মত, প্রাঃ—খ্রীষ্টান ধর্ম। (এই অর্থ আধুনিক, ইং religion শব্দের অর্থ হইতে আসিয়াছে। এইরূপে, এ দেশে হিন্দু মুসলমান খ্রীষ্টান ব্রাহ্ম আর্ষ জৈন বৌদ্ধ প্রভৃতি ধর্ম নাম হইয়াছে। এই অর্থ আধুনিক বলিয়া—তোমার ধর্ম কি? —জিজ্ঞাসিলে দেশের সাধারণ লোক প্রশ্ন বুঝিতে পারে না। ধর্ম শব্দের মূল অর্থ—বাহ্য ধরিয়া রাখে, জ্বিত্তি করায়, দেহ মন আত্মার কল্যাণ করে। এই হেতু, মহাভারতে ধর্মস্যা তত্ত্বং নিহিতং গুহ্যায়ং। অমরকোষে ধর্মের নাম পুণ্য শ্রেয়ঃ স্কৃত (পাপের বিপরীত); ইহা হইতে, হিন্দুর পক্ষে, বেদবিহিত কর্মের নাম ধর্ম; এবং ধর্ম অর্থে পুণ্য যম (শরীর আত্মার সাধনাপেক্ষ কর্ম; কাজেই, জায়, আচার স্বভাব—অমরকোষ)। ধর্ম-কর্ম, ধর্ম-কার্য...ধর্মাহুষ্ঠান, পুণ্যকর্ম। ধর্ম-ঘট... (সং—বৈশাখ নামে ব্রাহ্মণকে দাতব্য জল-পূর্ণ ঘট)। ধর্মরক্ষার্থে, ব্যবসায় বা জ্ঞাতির শ্রেয়ঃ-রক্ষার্থে, ধর্মরূপ ঘট স্থাপন পূর্বক

প্রতিজ্ঞা। ধর্ম নাশ, ধর্ম নষ্ট করা—পাতি-ব্রতা-ধর্ম হানি করা। ধর্ম-পত্নী...শাস্ত্রানুসারে বিবাহিতা পত্নী। ধর্ম-পুত্র...শাস্ত্রানুসারে উৎপাদিত পুত্র; পুত্রকর্মার্থে গৃহীত পুত্র; যুধিষ্ঠির। ধর্মপুত্র যুধিষ্ঠির...যে যুধিষ্ঠির ধর্মের পুত্র ছিলেন তত্ত্ব, সত্যবাদী। ধর্ম-পিতা, ধর্ম-বাপ...ধর্মীহুসারে যিনি পিতা; পিতৃধর্মপালনার্থে যিনি পিতা হইয়াছেন। ধর্ম-মা... ধর্মপালনার্থে যিনি মাতা হইয়া-ছেন। ধর্ম-ভাই...গুরু-ভাই। ধর্ম-শালা... ধর্মার্থে যে শালা—বাটা—সাধারণকে ভোগ করিতে দেওয়া হইয়াছে, অধিতিশালা। ধর্মের ঢাক বাজা—জায় গুপ্ত থাকে না। ধর্মিয়া...ণ. (ধর্ম+ইয়া)। ধর্মিক, ধর্ম নীল। (বিপঃ—অধর্মিয়া)। ধর্ম-ঠাকুর...নিরঞ্জন ঠাকুর, প্রাঃ—তুমি ধর্ম নিরাকার তুমি সংসারের সার (কবিকঃ, শিবের প্রতি ব্রহ্মার স্তব)। ন দেবায় ন ধর্মায়—এই কথায় বোধ হয়, দেব হইতে ধর্মের প্রভেদ করা হইয়াছে। ধর্মমঙ্গল নামে বহু গ্রন্থে ধর্ম-ঠাকুরের মাহাত্ম্য বর্ণিত আছে। ধর্ম-পুরাণ নামে এক পুরাণ (বাজালা ভাবায়) আছে। শৃঙ্গ-পুরাণের প্রথমে ধর্ম কিরূপে এই পৃথিবী সৃষ্টি করিয়াছিলেন, তাহা বর্ণিত আছে। উত্তরবঙ্গ হইতে রাত্ৰি বিয়া ওড়িশা পর্যন্ত ধর্ম-সেবক আছে। যোগী জাতি নিরঞ্জনধর্মী। নিরাকার হইলেও ধর্ম-ঠাকুরের প্রায়ই পাথরের কচ্ছপমূর্তিতে পূজা হইয়া থাকে। পাশে, (প্রায়ই এক) 'কামিষ্ঠা' থাকেন। নাম এইরূপ, পঞ্চানন্দ, জগৎ-রায়, যাজ্ঞা-সিন্ধি, দল-মাদল, কুদি-রায়, কালু-রায়, বাকুড়া-রায়, খেলারাম, স্বরূপ-

নারায়ণ, ইত্যাদি। জালিয়া, চন্ডাল, ডোম প্রভৃতি জাতি পূজক। পূজক 'পন্ডিত', 'ধর্মপন্ডিত' নামে খ্যাত, এবং চিত্রস্বরূপ ডানি হাতে 'তামা'—(তাম্রবলয়) পরেন। এক এক ধর্মঠাকুরকে শ্রোত্রিয় ব্রাহ্মণেও পূজা করেন। সেখানে ধর্মঠাকুর শিবঠাকুর হইয়াছেন। সময়ে সময়ে নানা স্থানের বিগ্রহ একত্র করিয়া পূজা হয় (গ্রহাহরণ দেখ)। কোন কোন ধর্মঠাকুরকে মদ্য অর্পণ করা হয়, ছাগবলিও হয়। পূজার মন্ত্র, বাজালা ও অপভ্রষ্ট সংস্কৃতের মিশ্রণ। পূজার মন্ত্র, পূজকের জাতি, ঠাকুরের রূপ প্রভৃতি ধরিলে ধর্মঠাকুরের মূলে বৌদ্ধধর্ম বুঝিতে পারা যায়। (গাজন দেখ)।

ধবা ..ধবল দেখ।

ধষ ..ধাতু. (সং ধ্বষ ধাতু হিংসার, ধ্বষণ)। ধষি—দন্তপ্রকাশে বিপর্যস্ত করি, প্রাঃ—পাঞ্জর ধসিয়া গেল (চণ্ডীঃ)। ধষা ॥ ধষ-মষ .. ধাতু. (সং ধ্বষ হিংসার, সং মৃশ ধাতু আক্রমণে)। ধষি-মষি—বিপর্যস্ত, নষ্ট করি, পরাভূত করি, প্রাঃ—ছরস্ত ছেলে বিছানা ধসিয়া-মসিয়া দেয়, প্রাঃ—ধুসে মুসে সকল লইবে ধরা ধন (মাঃ)। ধষা-মষা ॥

ধস ..ধাতু. (সং ধ্বনস ধাতু ধ্বংসে, অধঃপতনে, অবসংসনে)। ধসি—অলিত হই, নীচে পড়ি, প্রাঃ—নদীর বাধ ধসিয়া গিয়াছে। ধসা ॥ ধস ..যা. স্বলন, চ্যুতি, প্রাঃ—নদীর ধস, নদী ধস যায় (গ্রাঃ ধাস)। ধসা-রোগ .. প্রোঃ আলুর রোগ-বিশেষ (Potato-rot. Phytophthora infestans)। ইহাতে আলু পচিয়া যায়। ধসা ..ধাতু (ধস ধাতু আস্তে)। ধসানা ॥ (চুমা ধাতু দেখ)।

ধস্তা ..ধাতু. (সং ধ্বস্ত হইতে)। ধস্তাই—বিদ্বস্ত করি। ধস্তানা ॥ ধস্তা-ধস্তি...পরস্পর আক্রমণ, পরাভব।

ধা ..ধাতু. (সং ধার ধাতু গতি, বেগে)। ধাই—বেগে চলি (পশ্চাতে কিংবা সম্মুখে), প্রাঃ—ধেয়ে (ধাইয়া) এল (আইল) বরের বাপ। ধাওয়া ॥ ধাওয়া...পশ্চাদ্ধাবন। ধাওয়া-ধাই...পরস্পর অনুধাবন, ব্যস্তভাবে গমনাগমন, প্রাঃ—চারিদিকে ধাওয়া ধাই রাজার আগাসে (কৃতিঃ)—আগাসে—আরাসে। ধাওয়া ..ধাতু. (ধা ধাতু আস্তে। ধাকা ধাতুও মনে করা যাইতে পারে)। ধাওয়ানা ॥ (বাং চেউ—এই ধার হইতে পু জল চেআইয়া কলশী ভরা—জল ধাওয়াইয়া নহে কি ?)

ধা ..যা. (সং ধৈরত)। গীতের সপ্ত সুরের ষষ্ঠ সুর।

ধাঁ, ধাঁ-ধাঁ ..ব্য. (সং ধ্যা ধাতু শব্দে)। ধোদ হয় গতি অর্থ সং ধার ধাতু হইতে)। ধাঁ-ধাঁ শব্দে (অল্প রূপ ধাঁ); শীতগতিতে, প্রাঃ—ধাঁ করিয়া যাও (ধাঁ শব্দে ?)। ধাঁ ধাঁ কাজ শেষ কর—শীঘ্র শীঘ্র।

ধাই, দাই ..যা. (সং ধাত্রী)। শিশুপালিকা; যে নারী সন্তানপ্রসব করায়।

ধাই ..যা. (সং ধাতকী)। পুষ্পকুপবিশেষ (Woodfordia floribunda)। তাম্বর্ণ পুষ্পের নিমিত্ত উদ্যানে প্রায়ই রোপিত হইয়া থাকে। পুষ্প বসন্তকালে ফোটে। পুষ্প ষট্দল, ছাদশকেশর। ফুলে কষায় রস আছে বলিয়া কাপড় রং করিতে ও ঔষধে লাগে।

ধাউড়িয়া, ধাউড়া ..ণ. (সং ধারক—জাতি-

বিশেষ)। লিপিরাহক জাতিবিশেষ (এখন দেখা যায় না)। ...ণ. (সং ধারিত হইতে)।  
বিকীর্ণ, প্রঃ—তালপাতার চালা এমন  
ধাউড়া, করিয়াছ যে অন্ন ঝড়েই পড়িয়া  
নাইবে।

ধাউল ...ম্য. (প)। কাগজের বৃহৎ বুড়ী।

ধাওয়া ...ম্য. ধাতু দেখ। (হিং ধারা)।

ধাক ...ম্য. (তাগা দেখ। হিং মং ধাগা)।

ছুই তিন খাই পাক-দেওয়া স্ত।

ধাক্ক ...ম্য. (সং ধক্ক ধাতু নাশনে; সং ধক্ক—  
স্তম্ভ। ওং হিং ধক্ক। সং ধুক্ক ধাতুও হইতে  
পারে। বেগে আঘাত, হঠাৎ আঘাত,

প্রঃ—নফরে হুকুম দিবে মারে তারে ধাক্ক  
(কবিকঃ)। (কবিকঃ ও ভাঃ-তে ঢেকা

শব্দও আছে, প্রঃ—ঢেকা দিয়া কোটালের

ভাই লয়ে যায় (ভাঃ)। অধুনা ঢেকা

প্রার অপ্ৰচলঃ)। ধাক্ক ধাওয়া—নিজে;

ধাক্ক দেওয়া, মারা—অন্তকে।

ধাগড় ...ম্য. (প)। সীওতাল জাতিবিশেষ।

(ইহার গোধা—গোমাপ ধরিয়া যায়।

পুং ধাড়িয়া), প্রঃ—বুড়া বয়সে ষেড়ো  
রোগ—বুড়া বয়সে ধাড়ীর যোগ্য কর্ম,  
পুত্রোৎপাদন ইচ্ছা।

ধাড়িয়া, ষেড়ে ...ম্য. (সং উদ্ভ হইতে)। উদ্-  
বিড়াল।

ধাড়ী ...ম্য. (সং ধাড়ী)। যে ছাগীর (ও এই-  
রূপ পশুর) বৎস হইয়াছে, প্রঃ—ধাড়ী

ছাগল; বালকদের খেলার প্রধান বা

নায়ক, প্রঃ—যম যদি ধাড়ি সাজে আছে  
প্রতিকার (কুন্তিঃ, কিং)। বুড়া ধাড়ী...

বৃদ্ধ-ধাড়ী, বৃদ্ধ অথচ বাল-নায়ক।

ধাতু, ধাত ...ম্য. (সং)। কফ পিত্ত বায়ু শরীরের

তিন ধাতু; রস রক্ত মেদঃ নক্ষা শুক্ক মাংস

অঙ্গি শরীরের সপ্ত ধাতু; কব-নাড়ী, প্রঃ—  
আর ধাত পাওয়া যাইতেছে না; সোনা

বুণা ইত্যাদি পার্থিব বিকার; শব্দের  
মূল; প্রকৃতি। ধাতু-ক্ষর ...বীর্ঘ-ক্ষর। ধাত  
চালা, ধাতের ব্যারাম ...প্রমেহ রোগবিশেষ  
(gonorrhoea); ইহাতে শুক্কধাতু ক্ষয়  
হয়। সপ্তধাতু, যবা, —স্বর্ণ রৌপ্য তাম্র রজ্জ

বিরহে চিত্তচাঞ্চল্য, চিন্তা, প্রাণ—নিদের  
 আলসে, ধীরে ধীরে তাহারে করিহু কোরে  
 (চন্দ্রীঃ)—কোরে—কোলে; প্রেমাবেশ,  
 প্রাণ—(জ্ঞানদাস)।  
 ধান...য (সং ধাতু)। ধাতু শব্দের মূলার্থ  
 যাহা পোষণ করে। তুং অন্ন। পূর্বকালে  
 ধাতু ও ত্রীহি এক ছিল। অমরে ধাতুং  
 ত্রীহিঃ; স্যেদিনীতে ধাতুং ত্রীহিঃ; হেমচন্দ্রে  
 ধান্যন্তু, শস্যং; অর্থাৎ যে সকল শস্য দ্বারা  
 দেহপোষণ হয়। কেহ ধাতুপঞ্চ গণনা  
 করিতেন, যথা, শালি ত্রীহি শুক শিথি কুজ;  
 কেহ রাঃ সপ্তদশ গণিতেন। শুকধাতু যেমন  
 যব, কুজধাতু অন্ন নাম তৃণধাতু যেমন  
 কজু, শিথি বা শমীধাতু যেমন কলাই,  
 ত্রীহিধাতু যেমন তিল, শালি ধাতুই ধান  
 নামে ধাত। কিন্তু, সং-তে ধান জিবিধ,  
 যথা, শালি—হৈমন্তিক, ষষ্টিক (বাটিনা)—  
 গ্ৰৈনিক, আশু (আউশ)—বারিক; অর্থাৎ  
 গ্রীষ্মকালে বর্ষাকালে হেমন্তে যে তিন  
 প্রধান জাত পাকে। যখন ক্ষেত্রে থাকে,  
 তখন ভুব থাকিলে ধাতু, নিতুয় করিলে  
 তুঙ্গ, সিক করিলে অন্ন)। প্রসিদ্ধ শব্দ  
 (rice, unhusked rice, paddy);  
 ধান গাছ, প্রাঃ—ধান কাটা; (গাছ ধানও  
 বলা যায়); রতির চতুর্থাংশ ভার ("grain"  
 পাক) রতি মরিলে প্রায় ১ গ্রেণ হয়। বীজ  
 ধান গাছ করিবার নিমিত্ত যে ধান রক্ষিত  
 হইয়াছে (ও বিহন—সং বীজন ?)। বীচ ...  
 (সং বীজ) ধানের চারা। ধানের খোড়  
 হওয়া ... (সং শুষ্ককরি—তন্তু—গোছা বাড়  
 হব বলিয়া ? খোড় দেখ)। শীঘ্র হইবার  
 পূর্বে গাছের জুলস্ব (হিং খোল। সং

জুল ?)। গর্ভখোড়...ধান গাছের মধ্য  
 ভাগের জুলস্ব। ফলা...জুলস্ব। খোড়ামুখা  
 ...গঃ শীঘ্রের খোড়ার মুখের তুল্য বস্তুতা  
 বিশিষ্ট। ডাকের কথায়, খোড় তিরিশে ফলা  
 বিশে খোড়ামুখা তের দিন—খোড় হবার  
 ত্রিশ দিন, ফল হবার বিশ দিন, আর খোড়া  
 মুখা হবার তের দিন পরে ধান পাকে। ক্ষীর-  
 মুখী ...গঃ শীঘ্রে ধানের ক্ষীর অর্থাৎ চাউলের  
 দ্রব অবস্থা হইলে। শীঘ্র ...বা. (সং শীঘ্রক)।  
 ধাতুমঞ্জরী। শীঘ্রের ডালী ... (ডাল+ঈ)।  
 শীঘ্রের শাধা। ধানের শূঙ্গ, শূঙ্গা ... (সং  
 ধাতুশুক)। ধানের শূঙ্গ (awn)। ধানের  
 চিটা ...অন্ন নাম আগড়া। ধান গাছ কাটা  
 হইলে—খড়; ক্ষেত্রে যে গোড়া থাকে—  
 নাড়া (কোথাও কোথাও ধানের খড় অর্থে  
 নাড়া শব্দ চলিত আছে)। খড়ে পত্র—  
 পালা। পত্র যাড়া হইলে—পল, পোয়াল।  
 গাছের গোড়ার দিকের যে পাতার খড় থাকে  
 না—মাড়হুয়া পালা (সং মাংস+উয়।  
 ওংতেও এই উচ্চারণ)। ধান কাড়ান—  
 বোনা। ধানের ক্ষেত্রে লাঙ্গল দ্বারা তৃণাদি  
 মারা। ডাকের কথায়, আবাচে কাড়ান  
 নামকে (নাম নিমিত্ত, অর্থাৎ কাড়ান  
 হইয়াছে বলিতে)। প্রাচীনে কাড়ান ধানকে।  
 ভারতের কাড়ান শীঘ্রকে। আশ্বিনে কাড়ান  
 কিসকে (যুধা)। নিড়ান—নিতুয়ীকরণ।  
 ধান বোনা—ছড়াইয়া বীজ বপন। ধান  
 রোআ—বীজতলায় চারা করিয়া রোপণ।  
 ধান কাটা—গাছ কাটা (সংতে ধাতুচ্ছেদ-  
 নম্, পরে ধাতুকটনম্)। ধান বাড়া—  
 কাঠের পাতায় কিংবা বাঁশের আগড়ে গাছ  
 বরিয়া শীঘ্রসহিত আছাড়িয়া খড় হইতে ধান

পৃথক করা। ধান মাড়া—ধানের শীঘ্র মর্দন ;  
 প্রায়ই গোরুর পা দিয়া। যাকে খুঁটা (সং  
 মেধী ; কোথাও কোথাও মেইকাঠ বলে)  
 রাখিয়া দোড়ী দিয়া বাঁধা এক সারি গোরুর  
 গাছের উপরে ঘুরিয়া ঘুরিয়া চলিতে চলিতে  
 ধান মাড়া হয়। ধান সারান—আগড়া বা  
 চিটা, খড়-কুট হইতে ভাল ধান পৃথক করা  
 (প্রায়ই বাতাসে ধরিয়া)। ধানের জাত—  
 ধানের কত জাত আছে, তাহা বলা দুঃসাধ্য।  
 কারণ, ভূমি কৃষি গ্রীষ্মবর্ষাদি ক্ষুভেদে ধানের  
 আকার-প্রকার পরিবর্তিত হয়। কাজেই  
 জানভেদে বহু নাম হইয়াছে। মোটা-মুটি,  
 ধান এক বলা বাইতে পারে (*Oryza*  
*sativa*)। সং গ্রীষ্ম, ফাং বিরঞ্জিত হইতে  
*Oryza, rice* শব্দ)। ধান পাকার কাল  
 হইতে নাম, (১) আউশ—(সং আশু)।  
 দীর্ঘ পাকে বলিয়া, প্রঃ—আউশ ধানের  
 চাষ লাগে তিন মাস। (২) কেলেশ ধান—  
 (বালশ হইতে)। কৃষ্ণবর্ণ ধান, আউশের  
 ১০:৫ দিন পরে পাকে। (৩) বাটিয়া—(সং  
 যষ্টিক ধাত)। বাটি দিনে পাকে বলিয়া নাম।  
 বজ্রের ইহা তেমন প্রচলিত নহে। (৪) লঘু-  
 ধান—লঘু অল্পকালে পাকে বলিয়া নাম।  
 এই ধান কার্তিকের শেষে পাকে। (৫)  
 হৈমন্তিক (প্রাং হৈমন্ত) ... হৈমন্তে পাকে।  
 এই ধানই শ্রেষ্ঠ। ইহার দুই ভাগ আছে।  
 (ক) লাল (সং রক্তশালি), (খ) শাদা বা  
 শালি (সং শালি)। (৬) বোরো—(সং  
 বোরর—বৈদ্যকে। বেশি হয় দেশীয় নামের  
 সংস্কৃত-করা নাম। ধান বড় বড় বলিয়া  
 বড়ো—বোরো নহে কি ?)। ইহাকে গ্রীষ্মের  
 আউশ বলা বাইতে পারে। জগতে বোরো

ধান হয়। আউশ-বীজ হইতে বোরোর চাষ  
 হয়। উড়ী-ধান—(সং নীহার)। বহু ধান,  
 অল্প নাম ঝড়া। যে ধান পাকিয়া গাছে  
 লাগিয়া থাকে, তাহারই চাষ হইতে পারে।  
 কারণ কাটা, বহা, ইত্যাদি না হইলে শক্ত  
 গৃহগত হইতে পারে না। ঝড়া ধান পাকি-  
 লেই ঝরিয়া পড়ে, সুতরাং গৃহগত করা  
 কঠিন। পূর্বকালে উড়ীধান সংগ্রহ করার  
 নাম উল্লবৃত্ত ছিল। এই লক্ষণ হইতে জানা  
 যায়, উড়ীধান বহু। বোধ হয় এই ধান  
 হইতে বাবতীয় ধানের উৎপত্তি হইয়াছে।  
 আশ্চর্য এই, কৃষকের ক্ষেতে ঝড়া ও কৃষির  
 ধান-গাছ চারা-অবস্থাতেই চিনিতে পারে।  
 ধানের অভ্যাপাত (সং—বিষ)। (১)  
 কেদো মারা... (কাছুরা—কেদো)। কাছুর  
 পচিয়া গাছের গোড়ার রোগবিশেষ। এক  
 স্তম্ভ উদ্ভিদ ইহার কারণ। (২) গামি-  
 পোকা... (সং গাম্বিক)। দুর্গন্ধ পোকা  
 দ্বারা ধানের রোগ। (৩) ভেঁপো... বীট-  
 বিশেষ। (৪) শাঁখা... (শঙ্খ হইতে)। কীট-  
 বিশেষ। (৫) ধানের গু... (হিং নাম কাগুজা)।  
 ধানের রোগবিশেষ। ধানের চালের পরিবর্ত  
 কাল ধূলা দেথা যায়। এক জাত স্তম্ভ  
 উদ্ভিদ (*Tilletia foetans*) এই রোগের  
 কারণ। ধানুরা, খেনো... (ধান+উরা)।  
 ধান সঙ্ঘর্ষীয়, প্রঃ—খেনো ব্যাপারী; ধানে  
 জাত, প্রঃ—খেনো মদ—(এই মদা কিন্তু  
 ধান হইতে না করিয়া আতপ চাল হইতে  
 করা হয়। চুলের সঙ্গে ধান থাকে বলিয়া  
 নিন্দায় খেনো নাম হইয়াছে। সং পৈষ্টিক)।  
 ধান-দুর্বা... বর ও মাল্য ব্যক্তির আশীর্বাদ  
 করিতে ধাত ও দুর্বা। দুর্ভাস্তে, ধান ভাণ্ডিতে

শিবের গীত—অসংলগ্ন বাক্য (‘শিবের গীত’ স্থানে ‘মহীপালের গীত’ও বলে)।  
 কত ধানে কত চাল মাপে কিংবা ওজনে  
 কত ধান হইতে কত চাল পাওয়া যায়।  
 চাল ধানের হিসাব জানা গৃহস্থনারের  
 কর্তব্য। ধানবাড়ি...য্য. (সং ধানবাড়ি)।  
 ধান ঋণ দিয়া ধানে বুলি লভ্য। বাড়ি ধান  
 ...যে ধান বুলি নিমিত্ত দেওয়া হইয়াছে  
 কিংবা হইবে।  
 ধানী (গ্রাং)...য্য. (সং ধনী)। মূলধন ধার,  
 ব্যবসায়ে ধনী।  
 ধানুকী...য্য. (সং ধানুক)। ধনুর্ধর, যে ধনুর্ধর  
 লইয়া যুদ্ধ করে (কবিকঃ)।  
 ধানোন্দরী...য্য. (সং শব্দ রচিত)। ধেনো মদ  
 (মাভাল ভাষায়)।  
 ধাপ...য্য. (সং ধাপন। মং ধান)। শিঁড়ীতে  
 পদধাপন-স্থান, পইঠা।  
 ধাপ-ধাড়া গোবিন্দপুর...য্য. (কোন গ্রামের  
 নাম)। বহু দূরবর্তী অগম্য স্থান।  
 ধাপা...য্য. (হিং ধাপা—আবাত, ক্ষতি। বোধ  
 হয় ধাপা ও ধাপড় ধাপড় মূলে এক)।  
 প্রভারণা। ধাপা দেওয়া—হবে হবে বলিয়া  
 বৃথা আশ্বাস দেওয়া। ধাপা মারা (অশিষ্ট)।  
 ধাব...ধাতু. (সং ধাব ধাতু গমনে)। ধাবি—  
 দ্রুত গমন করি। (পদ্যে)। ধাবমান...গ.  
 (সং-তে ধাবমান পদ হয় না)। ধাবিত,  
 প্রাঃ—(প্রবোধচক্রিকায়)।  
 ধাবকা...য্য. (সং ধাবন—আকমণ, পশ্চাৎ-  
 ধাবন)। অভ্যাস, প্রাঃ—প্রতিদিন সংখ্যা  
 হইলে গা সিড়-সিড় করে, এই ধাবকা না  
 গেলে শরীর ভাল হবে না; হেপা, প্রাঃ—  
 আটন আদালতে ধাবকার ইংরাজীর চর্চ

বাড়িয়া উঠিল (টেকটাদ)—এই অর্থে  
 অপ্ৰচলঃ (হেপা দেখ)।  
 ধাবড়া...য্য. (বোধ হয় খাপড়া হইতে)।  
 খাপড়া, বিস্তৃত কদাকার মূর্তি, প্রাঃ—কালী-  
 ধাবড়া লেখা। ধাবড়া...ধাতু. ধাবড়াই—  
 বিস্তৃত কদাকার হই, প্রাঃ—কালী পড়িয়া  
 লেখা ধাবড়ায়। ধাবড়ানা।  
 ধাম...য্য. (সং ধামন্। যথা, ধাম দেখে  
 গৃহে রক্ষা স্থানে জন্মপ্রভারহোঃ—মেঃ)।  
 জ্বিত্তি বা নিবাস, প্রাঃ—লোকের নাম-ধাম;  
 দেবদেবী ও বৈষ্ণবের স্থান, প্রাঃ—  
 মথুরায় চারি ধাম—পবিত্র স্থান।  
 ধামন, ধামনা...য্য. (সং ধমন্—কাঠে ধনু  
 হয় বলিয়া। ওং চামন, হিং ডেনগান)।  
 বহুবাহু-সদৃশ তরুবিশেষ (Cordia mac-  
 leodii)। মধ্যভারত ছোটনাগপুর  
 ওড়িশার অরণ্যে আছে। মাঝের কাঠ  
 (সার) লালচিয়া, স্তম্বর চিত্রবিচিত্র।  
 কাঠের আঁশ লম্বা লম্বা বলিয়া ধনুক ও  
 বাজীর কাঠ হয়। বঙ্গদেশে দেখা যায় না।  
 ধামা...য্য. (সং ধামক—পরিমাপবিশেষ।  
 যথা, মাঝকো হেমধামকো—ভাবপ্রকাশে।  
 হিং ধামা)। ধান-চাল রাখিবার বেতের  
 গভীর পাত্রবিশেষ। ধামী...য্য. (ধানা+ঈ)।  
 ছোট ধামা। ধামা-ঘরা . ধান-চাল মাপি-  
 বার সময় যে ধামা ধরিয়া থাকে, এবং  
 মাপকের ইজ্জিতে এ দিকে ও দিকে ধরে।  
 ইহা হইতে, যে অস্ত্রঃ অমুবর্তী হয়।  
 ধামানা...য্য. (সং ধা ধাতু শব্দে। ধা-ধা  
 শব্দ করে বলিয়া ধামানা)। দামানা বাঁদ্য।  
 ধামালী...য্য. (সং ধত্ত+আলী। তুং  
 চতুরালী, নাগালী। তুং ওং চগটনালি।

বাং দামাল দেখ। বাণকের কৌতুকে  
দস্তপ্রকাশ, প্রাঃ—যদি সে ধামালী করে  
আইসে মোর স্থানে (বলভক্তজন)—  
করে—করিয়া।

ধার...যা (সং—ধাণ—মেঃ। উল্কার অঃ) ;  
পরে আর এক অর্থ—প্রান্ত। (১) ধাণ।  
(কর্জার শূদ্র দিতে হয়, ধারের শূদ্র দিতে  
হয় না)। ধার-উধার... (সং ধার, উল্কার  
সহচর শব্দ)। ধাণ। ধার-কর্জ... (সহচর  
শব্দ)। ধার। ধারে কেনা—মূল্য পরে  
দিব অঞ্জীকার করিয়া কেনা (ও° কালি,  
সং কালিকা—কুমদেয়ে বস্তু মূল্যে। তু°  
বা° কাল-কাল করা—কালি দিব কালি  
দিব বলা)। ধারে বেচা—ক্রেতার ধাণ  
হইল জানাইয়া বা জানিয়া বেচা (ধারে  
বেচা—বাক্য অসঙ্গত বটে, কিন্তু চলিত  
আছে)। ধার-করা... ধাণস্বরূপ গৃহীত।  
ধারী... ধা (ধার+জি)। ধনী। ধারুয়া,  
ধেরো... ধা (ধার+উয়া)। ধারস্বামী,  
প্রাঃ—ধেরো টাকা; ধনী। ধার-ধোর...  
(ধোর উপচর শব্দ)। ধার-টার। (২)  
প্রান্ত, পার্শ্ব; অক্ষরাদির ধারা; ভ্রুবাতির  
ধার। ধারিয়া, ধেরো... ধা (ধার+ইয়া)।  
প্রান্তে-গত, প্রাঃ—নদীর ধেরো—নদীর  
তটস্থিত শাশানগত (গালিতে)। ধার...  
ধাতু. (সং ধার, ধৃ-ধাতু)। ধারি—ধনী  
হই, প্রাঃ—কারো ধার ধারে না, দশ টাকা  
ধারে। ধার।

ধারক... যা. (সং)। ধারণকর্তা, প্রাঃ—তত্ত্ব-  
ধারক; রেচকের বিপরীত ঔষধ।  
ধারণা... যা. (সং—চিত্তের স্থির বন্ধন—হেমঃ)  
চিত্তের স্থিরতা; অনুভব, বোধ।

ধার... যা. (সং)। জলাধার, প্রাঃ—শ্রাবণের  
ধারা; জলস্রোত; রীতি, প্রাঃ—সে দেশের  
ধারা এমন; শ্রেণী, ক্রম, বিধি, প্রাঃ—  
আইনের ২১১ ধারা—আইনের ২১১ সখ্যক  
বিধি।

ধারাটি... যা. (ধার—প্রান্ত+মাটি)। ধার-  
পিণ্ডাদির প্রান্তমাটি, প্রান্ত, প্রাঃ—ইট দিয়া  
ধারাটি বীধা।

ধারানি... যা. (ধারা+পানি)। বৃষ্টিজল, বৃষ্টির  
গড়ানিয়া জল।

ধারা-পাত... যা. (ধারা—কুম, পাতা; পাত—  
পত্র)। পাতা-গণিত পত্র, যে পত্রে—  
পুস্তকে—সামান্য গণিতকুম লিখিত থাকে।

ধারাল, ধারাল... ধা. (ধারা+ল, ধার+  
আলা)। তীক্ষ্ণ।

ধার্ব (প্রাঃ ধাজ্জ)... ধা. (সং)। ধারণযোগ্য,  
প্রাঃ—শিরোধার্ব—মস্তকে ধারণীয়, পাল-  
নীয়; স্থিরীকৃত, নির্দিষ্ট, প্রাঃ—কথা ধার্ব,  
বিবাহ ধার্ব, ধার্ব দিনে উপস্থিত।

ধার্মি (প্রাঃ)... ধা. (সং)। দেখ।

ধাশ... যা. (সং হুতাশ হইতে)। অগ্নির  
উত্তাপ।

ধিক্-ধিক, ধিকি-ধিকি... ধক্-ধক্ দেখ।

ধিজ্জী... যা. (সং ধনিকা হইতে)। নং  
শিজ্জী)। যৌবনগর্বিতা, প্রাঃ—এই  
সহচরীগণ এক দিলী এক জন উদ্দেশ্যেতে  
করি নমস্কার (ভাঃ)—এক ধিজ্জী এক জন  
—কেহবা ধিজ্জী, কেহবা এক এক জন—  
পুরুষ অর্গাৎ পুরুষতাবিশিষ্ট।

ধিক্কার (প্রাঃ)... যা. (সং দিক্কার)। দিক্কার,  
নিন্দাবোধ।

ধিন্-ধিন... যা. ধন-ধন দেখ।

ধিমা ..ণ. ( চিমা দেখ । স° মধ্যম হইতে )  
মধ্যম, নাতিজুত, প্রাঃ—ধিমা জাঁচ, ধিমা  
চৌল, ধিমা তেতালা ।

ধীট, চীট ..ণ. (স° ধুট । ম° ধীট ) । প্রগলভ,  
নির্লজ্জ ।

ধীর ..ণ. (স°) । ধৈর্যশালী ; গস্তীর ; নম্র,  
বিনীত । ধীরে ধীরে ..বা. মন্দ মন্দ,  
অল্পে অল্পে । ধীরে-সুখে (সহচর শব্দ) ।  
অল্পে অল্পে বেগে নয়, রহিয়া-বসিয়া ।

ধূ ..ধাতু. (স° ধার ধাতু হইতে ? ধার ধাতু  
মার্জন, শুল্কীভাবে, শুল্কীকরণে । ধার  
হইতে ধূ—বহু পরিবর্তন । কিন্তু, ও° হি°  
ম°তেও ধূ ধাতু । বোধ হয় ধূপ ধাতু  
দীপ্তিতে হইতে । কিংবা স° ধৌত  
হইতে ধূ আনিয়া থাকিবে) । ধূই—জলে  
মার্জিত শুল্ক শুল্ক করি । ধূঅন, ধোআ,  
ধোয়া ॥ ধোআ কাপড় ধৌত বস্ত্র, শুল্কীকৃত  
বস্ত্র । পা ধোয়া জল—যে জলে পদ ধৌত  
করা হইরাছে । (ধূইবা জানে ধোবা হইয়া  
পা-ধোবার জল—যে জলে পা ধূইতে  
হইবে) । ধোআ, ধোয়া ..ধাতু. ( ধূ ধাতু  
আস্তে) । ধোআন, ধোয়ানা ॥

ধূ ..ধাতু (স° ধূ, ধূ ধাতু কল্পনে হইতে ? বা°  
ধূআ ধাতুও প্রয়োগ-বাহুল্যে ধূ হইয়া  
থাকিবে) । ধূই—ধূম নির্গত হই, প্রাঃ—  
কাঠ ধূইয়া ধূইয়া পুড়িতেছে । ধৌআ ॥  
(ধৌআ দেখ) ।

ধূআ, ধূয়া...যা. (সৎ গ্রন্থক, গ্রন্থপদ) ।  
নীতের বিশেষতঃ কীর্তন-গীতের যে পদের  
পরিবর্তন হয় না, এবং যে পদ প্রধান  
গায়কের সঙ্গীরা (দোহার) গায়, যেমন,  
অন্ন রাধা-গোবিন্দ বল । ধূআ ধরা—ধূআ

গান করা ; একই কথা গ্রহণ করা, একই  
প্রার্থনা করা ।

ধূআ, ধূয়া ..যা. (স° ধূম । চাঁকার ধূমা) ।  
ধূম । ধূআ টিয়া, ধূআটো ..ণ. (ধূম+তা  
—ধূআটা+ইয়া) । ধূম, ধূমসদৃশ, প্রাঃ—  
ছধে ধূআটো গন্ধ । ধূআ ..ধাতু. ধূআই—  
ধূমনির্গমন করি, প্রাঃ—ভিজা কাঠ ধূআইয়া  
ধূআইয়া জলে । ধূআনা ॥ (ধোআ, ধূ  
দেখ) ।

ধূক...ধাতু. (স° ধুক, ধিক—সন্দীপনে,  
ক্লেশনে, জীবন । ধক্-ধক্ ধুক-ধুক দেখ) ।  
ধূকি—ক্লেশে ঘন ঘন শ্বাস গ্রহণ করি ।  
ধৌকা ॥ ধৌকা ..সন্দেহ, বিতর্ক । ধৌকা  
...ধাতু. (ধূক ধাতু আস্তে) । ধৌকানা ।  
ধুকড়ী ..যা. (হি° । ধোকড়া দেখ) । চৌটি  
ধোকড়া, ধনী ।

ধুক-ধুক...ধক্-ধক দেখ ।

ধূচনী ..যা. (বা° ধূ ধাতু হইতে ধূঅন, ধূঅনী ।  
ধূঅনী—ধূচনী । বা°-তে ধূঅনী—যে নারী  
চৌল ধোয় । এই হেতু পৃথক করিতে ধূচনী  
—চ আগম । ও° চৌচ-ধোআ—যদ্বারা চৌল  
ধোআ হয়) । চৌল ধূইবার—ক্ষণিত করি-  
বার—বংশপাত্র ।

ধূৎ...যা. (স° ধূত—ভাক্ত, ধূত—নিরত,  
ভৎসিত । স°প্রা° ধূ । গ্রা° ছৎ । হি° ছৎ) ।  
নিদায়, নিরতবাক্যে, প্রাঃ—ধূৎ সে কথা  
নয় ; ধূৎ তোর—তোর বাক্য ধূৎ ।

ধূতলিয়া ..ণ. (ধূতুরা+ইয়া) । যে ধূতুরা  
ফল খাওয়াইয়া মারে (চৈতন্যমঙ্গলে) ।  
(অপ্রচলঃ) ।

ধূতি...যা. (স° ধৌতি । ও° ধৌতি, তেলুগু  
ধৌতি, হি° ধৌতী, স° ধৌতর, ধোত্র ।

বাংতে ধৌতি না হইয়া ধুতি হইবার কারণ,  
ধৌ পড়ে তি—ই। শূন্যপুরাণে ধৌতি,  
যথা, কেমন বরন আপুনি কেমন পরিচ্ছ  
ধৌতি। যে বস্ত্র ধৌত করিতে পারা যায়,  
কিংবা করিতে হয়, তাহা ধৌতি; পট্টবস্ত্র  
ধৌত না করিলেও শূন্য)। পুরুষের  
পরিধেয় বস্ত্র। (পূর্বকালে ধুতি নারীবস্ত্রও  
হইতে পারিত; যথা, পার্বতী রূপবতী  
হরিদ্রায়ুত ধুতি পরিয়া বসিল আমনে  
(কবিকঃ); পরিয়া বোহিত ধুতি বান  
দিকে শিবদূতী (কবিকঃ)। পূর্বকালে ধুতি  
চুলভ ছিল। এখনও ভারতের বহু স্থানে  
লম্বা ধুতি প্রায় অজ্ঞাত। কাপড় দেখ।  
এ কারণ ধুতি অর্থে উৎকোচ ছিল, অর্থাৎ  
ধুতি-রূপ গুরুত্ব হইতে সামান্য উৎকোচ  
অর্থ ছিল। যথা, বিনা উপকারে যায় ধুতি  
(কবিকঃ)—উপকার না করিয়া গুরুত্ব  
বা উৎকোচ লয়; টাকা সিকা নিত্য যায়  
ধুতি (কবিকঃ)। ভারতেও, ধুতী ধোয়ে  
ছেড়ে দিল মালিনী পলায়। তুং পালি লঙ্ক,  
ওং লঙ্ক—উৎকোচ। বোধ হয় সং লঙ্কা  
হইতে। লঙ্কানিবারক বস্ত্র? কিংবা তুং  
ওং লুগা, বাং হিং লাজাটি, লেজ, লজাড।  
ধুতি-চামর...কটিতে পরিধেয় ধুতি ও উর্ধ্ব-  
দেহ আবরণের উত্তরীয়।

ধুতুরা, ধুতুরা...যা. (সং ধুতুর। উদ্ভাস্ত কিতব  
ধূত প্রভৃতি ধুতুরের সং সংজ্ঞার মূল ধুতুরার  
বীজের মাদকতা-শক্তি)। বজ্রনাভি বর্গের  
বস্ত্র শাকবিশেষ। ফুল শাদা ও কাল ভেদে  
দুই জাতি সর্বদা দেখা যায়। শাদা ধুতুরার  
(*Datura alba*) ফুল শাদা; কাল ধুতুরার  
(*Datura fastuosa*) ফুল নীচে শাদা,

উপরে বেগুনা। ছোটনাগপুরে ও কখন-  
কখন উদ্ভাস্তে আর এক জাতি কাল  
(বেগুনা) ধুতুরা দেখা যায়।

ধুঁধুল...যা. (সং ধুঁধুলী? দীপারলী?)।  
কার্তিক অমাবস্যায় শ্রীমাপূজার প্রাচীন  
পিতৃলোকের তৃপ্তার্থে পিষ্টক (পুরণিষ্ঠা) ও  
দীপদান।

ধুন...যাতু. (সং ধূ, ধূ যাতু কম্পানে। ধুনৌতি  
পদ হয়। ইহা হইতে বাংতে ধুন যাতু।  
ওংতে ভিণ যাতু। বোধ হয় বস্থানে ভ  
মাত্র)। ধুনি—আঘাত দ্বারা কম্পিত করি,  
ধনু দ্বারা তুলার হোয়া ভিন্ন ভিন্ন করি।  
ধোনাঃ মাহুযকে তুলি-ধোনা করা—অতি-  
শয় প্রহার দ্বারা সর্বাঙ্গ শিথিল করিয়া  
দেওয়া। ধোনান...যাতু. (ধুন যাতু আন্তে)  
ধোনান। ধুনারী, ধুনারু...যা. (ধুনা+  
আরী, আরু)। যে তুলা গেনে। (ধনুকের  
নাম আছাড়)।

ধুনা...যা. (সং ধুনক, ধূপন। ওং ধুনা।  
ধ স্থানে ক)। শালবৃক্ষের সুগন্ধ নির্ধাস  
(resin)। ধুনা-চুর...যা. (ধুনকচূর্ণ?  
কিন্তু আধার অর্থ আসে না। যাহাতে  
ধুনকচূর্ণ নিষ্কণ্ড হয়? কলিকাতায় ধুনচি;  
কিন্তু আধার অর্থে বাংতে চি প্রত্যয়  
নাই। বোধ হয় ধুনাচুর শব্দের অপভ্রংশে।  
ওংতে উল্লেখ—অগ্নিধান)। ধুনা গোড়াই-  
বার অগ্নিধান, প্রাঃ—গন্ধাজল দিআ ছল  
কৈল ধুনাচুর (শং পুঃ); দপ দপ সম্মুখে  
জলিছে ধুনাচুর (মাঃ), ছর ছর করিয়া জলে  
ধুনাচুর দণ্ড (মাঃ)। ধুনা সেবা...শিবের  
গাঙ্কনে অধোমুখ সন্ন্যাসীর অগ্নি-সেবা।  
আগুনে ধুনা দেওয়া হয় বলিয়া ধুনা সেবা।

ধুনী...যা. (হি° ধুনী। স° ধূম)। সাধু সন্ন্যাসীর  
ধূমসেবন। কাঠ পোড়াইয়া রাখিয়া ধূম করা  
হয়।

ধূন্দিয়া...যা. ( ? )। জৈনসম্প্রদায়বিশেষ।

ধূন্ডুল...যা. (স° নাম ধানার্গর; অন্য নাম  
দীর্ঘপটোলিকা)। পান্নুল দেখ। কেহ  
কেহ তরই বলে।

ধূপ্-ধাপ...ধূপ্-দাপ দেখ।

ধূম্-ধাম...ধূম দেখ।

ধূম্-ধুম...ধূম্-ধুম দেখ।

ধূম্-ধড়াক্কা...ধূম দেখ।

ধূরপদ (প্রা°)...ধূপদ দেখ।

ধূরমুশ...যা. (ছুরমুশ দেখ। স° ধূলি—ধূর ?  
মুশ ধাতু বধে হইতে মুশ ?)। কাঠ কিংবা  
লোহার ভারী মগুর। ধূরমুশ করা—ধূরমুশ  
দ্বারা পিটির সমান করা।

ধূরা...যা. (স° ধূর)। গাড়ীর অক্ষ। (সংতে  
ধূর অর্থে শকটের রথের যুগ, যুগের যে অংশ  
বাহনের স্পর্শ থাকে। ইহা হইতে ধূরধর)।

ধূলা...যা. (স° ধূলি। ধূলা মূলা তুলা  
প্রভৃতি শব্দের উকার দীর্ঘ লিখিবার কারণ  
নাই। স° শব্দের বা° রূপান্তরে স°  
বানান সব ঝলে রাখা চলে না)। ধূলি।

ধূলা-খেলা...যা. ধূলা লইয়া বাগক  
বালিকার খেলা। ধূলা গুঁড়া...যা. (সহচর  
শব্দ)। ধূলি বা গুঁড়া। ধূলা-ঘর...যা.

ধূলা-খেলাঘর, প্রাঃ—ধূলাঘরে দিতেছিছ  
পুতুলের বিরা (ভাঃ)। ধূলা-পারে...

পঞ্চক্রমণে পাদলয় ধূলি সহিত, ভ্রমণের  
পর পা ধুইতে না ধুইতে। ধূলা-পারে  
লয়—বিবাহের পর কস্তার দিবাগমন-  
কাল নিমিত্ত অপেক্ষা না করিয়া বিবাহের

পরেই কস্তাকে স্বশুভালয়ে প্রেরণস্থপ লয়—

কাল। ধূলা-বালি...যা. (সহচর শব্দ)।

ধূলা ও বালি। ধূলা-চটা...যা. (স° ধূলি-  
চটক)। শাখাশরী বর্গের ছোট পক্ষী-

বিশেষ (Finch lark. Pyrrhulaua  
grisea)। ভরতপক্ষীর সদৃশ। পুং-

পক্ষীর বুক কৃষ্ণবর্ণ, জ্বী-পক্ষীর খেত।  
মাঠে চরে, হঠাৎ উঠে নামে। খেলা-ধূলা...

খেলা-দোলা। (দোলা অপভ্রংশে ধূলা)।

ধূসা...যা. (হি° ধূস। স° দ্বিশাট ?)।

লোমশ শীতবস্ত্রবিশেষ। যে লোমে শাল  
হয়, সেই লোমের মোটা লোমে ধূসা হয়।

ধূসা...ধূসা দেখ।

ধূ-ধূ...যা. (স° ধূ ধাতু কল্পনে)। অগ্নি-

শিখার কল্পনে, উত্তপ্ত বায়ু কল্পনে, প্রাঃ—  
জ্যৈষ্ঠ মাসে মধ্যাহ্নের সময় নদীর বালি

ধূ ধূ করিতে থাকে—বালির উপরে উত্তপ্ত  
বায়ু কাঁপিতে থাকে; আগুন ধূ ধূ করিয়া

জলে—তখন আগুনের শিখা উচ্চ হইয়া  
কাঁপিতে থাকে।

ধূনা, ধূনী...ধূনা, ধূনী দেখ।

ধূপ...যা. (স°)। গন্ধধূমবর্তি। পাঁচ,

ছয়, আট, বোল, গন্ধদ্রব্যবোধে পঞ্চাঙ্গ,  
ষড়ঙ্গ, অষ্টাঙ্গ, বোড়শাঙ্গ ধূপ হয়।

মুখা গুগ্গুল চন্দন তেজপত্র কুষ্ঠ অণু  
যালা ধূনা জটামাংসী সরল কাঠ প্রভৃতি

স্বগন্ধ দ্রব্যে ধূপ হয়। ধূপ-ধূনা...যা.  
(সহচর শব্দ)। ধূপ ও ধূনা, প্রাঃ—পুরে বৈসে

গন্ধবেস্তা গন্ধ বেচে ধূপ ধূনা (কবিকঃ)।  
ধূপ-দীপ...যা. (সহচর শব্দ)। ধূপ ও দীপ

(পূজার)। ধূপ...যা. (ও° অর্থে)।  
দেবতার পূজা ও পূজাস্তে ভোগ।

ধূপচাঁচা...যা রঞ্জিন বস্ত্রবিশেষ। ইহার টানা  
লাল, পাড়ান নীল।

ধূম...যা (সং ধ্বন ধাতু শব্দে হইতে ধূম—  
ধূম। ধূপ শব্দের অর্থও মিশিরা থাকিবে।  
ধূপ—যেমন স্ত্রীমন্দিরে ধূপ)। কোলাহল-  
শব্দ, ঘটা, জাঁক। ধূম-ধাম...যা (ধাম—  
উপচর শব্দ)। ধূম। ধূম-ধড়াকা...যা  
(ধর-ধর হইতে ধড়াকা)। তু° কা° তুম-  
তরাক)। কোলাহল শব্দ ও ধর-ধর  
শব্দ।

ধূমড়ী...যা (সং ধূম+ডী)। ধূমসী।

ধূমনচিত্তি...চিত্তী দেখ।

ধূমপান...যা (সং)। তাম্বকের ধূম-সেবন।  
(তাম্বকুট-ধূম সেবন অর্থে ধূমপান শব্দ  
আধুনিক)।

ধূমসা...যা (সং ধূম+সা সাদৃশ্য)। ধূম-  
সদৃশ কদাকার ও ক্রকবর্ণ; স্মূল কুৎসিৎ,  
প্রঃ—ধূমসা মাগী, ধূমসা ইছুর। জ্যো°  
ধূমসী। ধূমনা—ধাতু। ধূমসাই—প্রহার  
দ্বারা কুৎসিৎ কদাকার করি, প্রঃ—  
পিট্রিয়া ধূমসাইয়া দেওয়া। ধূমসানা।  
(ধ্বংস হইতে পৃ)

ধূমা...যা (সং ধূমা—ধূমসমূহ ও ধূমা।  
তু° সং ধূমারতী)। কদাকার স্মূল।

ধূর (গ্রো°) ...ধূর।

ধূর্ত (গ্রো° ধূর্ত) ...যা (সং ধূর্ত)। শঠ। ধূর্ত-  
পনা...যা (পনা দেখ)। ধূর্ত ব্যবহার।  
ধূর্তাসি...যা (ধূর্ত+আসি)। ধূর্তপনা।

ধূল...যা (সং ধূলি)। গণিতে কড়ার  
ভাগবিশেষ (তু° ধেণু); ক্ষেত্রপরিমাপ-  
বিশেষ, প্রঃ—কাঠার কাঠার ধূল পরিমাপ  
(শুভঙ্করী)—কাঠা-পরিমাপ লইয়া ধূল

করা—কালী করা। (ধূলিতে, মাটিতলে  
গণিত করা হয় বলিয়া পৃ)। ধূল ধাপড়...  
যা (সং ধূলি হইতে ধূল। কিন্তু ধাপড় পৃ  
সং ধাপন পৃ)। ধূলা জাঁশ ইত্যাদি,  
প্রঃ—কাপড় ছিঁড়িয়া ধূলধাপড় উড়িয়া  
গিয়াছে; এষ্টরূপ, প্রহার দ্বারা ধূলধাপড়  
উড়ানা। ধূলট...যা (ধূলি+মাটি—ধূলাটি  
—ধূলট)। হরিসংকীতনের পর ভাবাবেশে  
ধূল ও মাটিতে গড়ানা। ধূলট করা—ধূলায়  
দেহ ধূসর করা।

ধূলা...যা (সং ধূলি)। ধূলা দেখ।

ধূষ্টামি, ধূষ্টাম্ (গ্রো° ধূষ্টামি)...যা (সং ধূষ্ট+  
বা° আমি)। ধূষ্টতা, নির্লজ্জতা।

ধেআ...ধাতু (সং ধৈ ধাতু ধানে)। ধে-  
আই—ধান করি, প্রঃ—যে বারে ধেআয়,  
সে তারে পায়। ধেআনা। ধেআন...  
ধান (শুং পৃ)। (ধেয়া ধাতু দেখ)।

ধেই-ধেই...যা (সং ধার ধাতু বেগে)। নৃত্য-  
চাক্ষুণ্য। ধেই-ধেই করিয়া নাচা—  
ধাবন-সহ নৃত্য। (ধেই-ধেই—ধিরভাব)।

ধেঁড়শ...টেঁড়শ দেখ।

ধেড়ে, ধেড়ে...ধাড়ী দেখ।

ধেনো...ধান দেখ।

ধেয়া...ধেআ ধাতু দেখ। ধেয়ান...ধান।

ধৈরজ, ধৈরয...যা (সং ধৈর্য)। ধৈর্য,  
প্রঃ—ধৈরজ না মানে। (পদে)।

ধৈর্য, ধৈর্য...যা (সং)। ধীরতা, সহিষ্ণুতা,  
প্রঃ—ধৈর্য ধরা। (বাংতে গ্রো° ভাবায়  
বিশেষণও হয়, প্রঃ—ধৈর্য হয়ে যা)।

ধোআ, ধোয়া...ধু ধাতু দেখ।

ধোআনি...যা (ধোআ+পানি)। যে জলে  
ধোআ হইয়াছে, যে জল ধুইয়া গড়াইয়া

আসিয়াছে। ধোআট...যা. (ধোআ+  
নাট)। যে মাটি ধুইয়া আসিয়াছে।  
ধোকড়...ণ. (ছি°—বলবান)। বলবান,  
প্রাঃ—মাকড় মারিলে ধোকড় হয়—মাছব  
বলবান্ হয় (?)।  
ধোকড়া...যা. (ধাক—মৃত হইতে)। মোটা  
মৃত্যুর বস্ত্র, থলী। ধুকড়া... (ছি°—থলী)।  
ছোট থলী।  
ধৌকা...ধুক্ ধাতু দেখ। (ছি° ধোখা)।  
ধোপ...যা. (স° ধারন হইতে আসা কঠিন)।  
স° ধূপ ধাতু দীপ্তি হইতে বা° ধূপ ধাতু—  
ধোপ)। ধাবন, শুল্কীভাব, প্রাঃ—কাপড়  
খান পাঁচ ধোপ পাঁছিয়াছে। ধোপা,  
ধোবা...যা. (স° ধূপ ধাতু হইতে ধূপক—  
ধূপা—ধোপা—ধোবা)। ত্রীহটে মেদিনীপুরে  
ধূপা। ছি° ম° ধোবা। ও° ধোবা। স°  
ধূপ—গন্ধবর্তি। ধোপার কর্ম বলের  
কেবল দীপ্তিসাধন শুল্কীকরণ নহে, ধূপনও  
ছিল। বাসী করা দেখ। রজক—যে বস্ত্র  
(যৌত করিয়া) রঞ্জিত করে। ওড়িশার  
ধোবার ছই কর্ম, বস্ত্রধাবন ও কাঠচ্ছেদন।  
ইংলন নিমিত্ত কাঠচ্ছেদন-কর্ম স° ধূপ ধাতু  
সস্তাপন হইতে আসিয়া থাকিবে)। বস্ত্র-  
ধাবক; জাতিবিশেষ। জী° ধোপানী,  
ধোবানী। ধোপার ভাঙ্গি... (স° ভাঙ  
হইতে)। যে সচ্ছিন্ন বড় হাঁড়ীতে  
কাপড় ভাপানো হয়। ধোপার পাট...যে  
কাঠপটে বস্ত্র আঘাত করা হয়। ধোপা-  
নাপিত...ধোপা ও নাপিত। ধোপা-নাপিত  
বন্ধ—এক-বস্ত্রিয়া করিতে। ধোপা—বস্ত্র  
সুন্দর করে, নাপিত (নরসুন্দর) দেহ সুন্দর  
করে। এই হেতু ধোপা-নাপিত বন্ধ হইলে

মাল্যকে অসুন্দর অশুচি থাকিতে হয়।  
ইহাই সামাজিক শাসন। চাষা-ধোবা...যে  
ধোপা জাতি এখন চাষী হইয়াছে; জাতি-  
বিশেষ।

ধোয়া...ধু ধাতু, ধোআ দেখ।

ধোয়াট, ধোয়ানি...ধোআট, ধোআনি দেখ।

ধোলাই...যা. (ছি°। বা° ধোআই। ল আগম  
হিন্দীতে। তু° চোলাই, সেলাই)। ধোআ  
কর্ম, ধোআর বেতন।

ধোলা...ধুলা দেখ।

ধ্যান...যা. (স°)। চিন্তা, এক বিষয়কজ্ঞান-  
ধারা। ধ্যান-ধারণা...যা. (স°। সহচর শব্দ)।  
একাগ্রচিন্তা।

ধ্রুং, ধ্রুবং...যা. (স° ধ্রুবক শব্দের সংক্ষেপে)।  
ধ্রুআ।

ধ্রুপদ...যা. (স° ধ্রুপদ)। গুরু প্রকৃতি গীত-  
বিশেষ, (গান দেখ)। তাগবাদ্যবিশেষ।  
ধ্রুপদী...যা. (ধ্রুপদ+ঈ)। ধ্রুপদ গানে  
দক যে।

ধ্বজা...যা. (স° ধ্বজ)। পতাকা। ধ্বজা-  
পতাকা... (সহচর শব্দ)। পতাকা।

ধ্বস...ধস দেখ। ধ্বসা...যা. (স° ধ্বংস  
হইতে)। ধসা দেখ।

ধ্বস্তা-ধ্বস্তি...যা. (স° ধ্বস্ত—নষ্ট, পতিত)।  
পরস্পর পাতিত পরাভূত করার চেষ্টা।

ন।

ন...যা. (স°)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষর-বিশেষ।  
ত-বর্ণের অনুনাসিক বর্ণ। স্বানভেদে লোক-  
মুখে ন স্থানে ল, ল্ স্থানে ন হয়।  
শব্দের আদ্য ন-ল-কারের এইরূপ পরি-

বর্তন হয়। যেমন, নুন—নুন, সাত-দশ হার  
—সাত-দশ হার, লা-চার—না-চার, না  
(নৌকা)—লা, নথ (ঘুড়ী উড়াইবার  
ডোর)—লথ, লুকমান—লোকমান। ছই  
চারি মলে ন-লকারের পরিবর্তনে অর্থাঙ্কর  
হইয়াছে। যেমন, লোহা (ধাতু), নো নোআ  
(সধবার আয়তি লৌহ); লড়, নড় ধাতু।  
ন...য্য. ৭. (সং নর)। নয় সন্ধ্যা, নয়  
সন্ধ্যাক, ৫ঃ—ন-দশ ঘর, ন জন। (২)  
(নর—নূতন হইতে)। চতুর্থ, বড় মেজ্র সেজ্র  
পরে যে, ৫ঃ—ন দানী, ন বউ, ন কাঁকা।  
ন...ধাতু. (সং ন হি হইতে)। নহ ধাতু দেখ।  
নহিলে—নহিলে দেখ।  
নং...য্য. (ইং number)। নম্বর শব্দের  
সংক্ষেপে নং, ৫ঃ—২১০ নং বাড়ীতে—  
যে বাড়ীর নম্বর—অঙ্ক ২১০।  
নই...য্য. ৭. (সং নহতি)। নকই।  
নই...য্য. (সং নদী ও নই)। নদী।  
নগবৎ...নহবৎ, নৌবৎ দেখ।  
নকড়া-ছকড়া...৭. (কড়ি খেলার দান  
হইতে?)। অবজ্ঞাত, ভূগবৎ গণ্য; ভূ  
স্থির্য্য দান মুলুক নিল নকড়া করিয়া  
(চৈঃ চৈঃ)। (ছকড়া-নকড়া দেখ)।  
নকতা...য্য. (ছিং। ৫° নকি-হাস)। হংসাদি-  
বর্গের বৃহৎ পক্ষীবিশেষ (The comb  
duck. *Sarcidioris melanotus*)।  
মাধা শাদা, তাহাতে কাল কাল ফুটকী  
থাকে। পুংপক্ষীর মাথায় চর্মের চুড়া থাকে।  
বড় বড় জলাতে দুই দশটা একত্র চরে।  
নকর...য্য. (ফা° নৌকর)। ভূতা, চাকর।  
নকরি...য্য. চাকরি।

ভা°)। অক্ষর, প্রতিলেখ;

পরিহাস। নকল-নবিস...য্য. (নবিস দেখ)।  
লিপি-কর, লেখক। নকল-নবিস...নকল-  
নবিসের কর্ম। নকলী...৭° কৃত্রিম; আসল  
নহে; অক্ষরশব্দক, ভাঁড় (আ° নকাল)।  
সাত মকলে আসুল ভেত্তা—একের পর  
এক অক্ষর করিতে করিতে শেষে মুলের  
সহিত বিভিন্ন হইয়া পড়ে।  
নকাশি...য্য. (আ° নকাষী)। সোনা-সুপায়  
খুঁদিয়া কাজ।  
নকিব...য্য. (আ° নকীব)। রাজ্যের সংবাদ-  
বাহক; বাদশাহের নিকট পরিচয়দাতা।  
নকুটি...য্য. (?)। শাখাশ্রয়ীবর্গের পাঁচ ছয়  
আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (*A martin.*  
*Cotyle sinensis*)। পক্ষ খয়রা। নদীর  
ধারে দলে দলে বাসা করে।  
নকুল...য্য. (সং নকুলী—কুলকুম—হেমঃ)।  
সিদ্ধিপানের পর ভোজ্য (ভাঃ)। (অগ্রচলঃ।  
ছধ-কুলমা দেখ)।  
নক্শা...য্য. (আ° নক্শ)। চিত্র, রেখাচিত্র  
(drawing); অক্ষর, ভাসায়া।  
নথ...য্য. (সং)। অঙ্গুলির অগ্রস্থ উপাধি।  
নথর...য্য. (সং)। পশুপক্ষাদির দীর্ঘ বকু  
নথ। নথ-কোণি...য্য. নথকোণ-বৃক্ষ।  
নথ-শূলী...য্য. নথের পাঁশের চর্মের ছেদনে  
শূলবেদনা। (বোধ হয় নথ-চুলী—চুলের  
আকারে যে চর্ম উঠে)। নথী...৭. (সং)।  
নথরবিশিষ্ট।...য্য. (সং)। সমুদ্রের শঙ্খ-  
বিশেষের (*Fasciolaria*) মুথের খোলা।  
উদ্ভাপে স্তম্ভ বহির হয় এবং তৈলে  
ভাজিয়া কবিরাজী তৈল স্তম্ভ করা হয়  
(*Lat. Unguis odoratus. Greek*  
*onyx*)।

নথ, লথ...ব্য. (ফা° নথ)। ঘুটী উড়াইবার  
ডোর।

নথানি...ব্য. (নথ+পানি)। নথের জল, যে  
জলে নথ ডুবিয়েছে।

নথতা...ব্য. (স° নথত)। নথত, প্রাঃ—মাস  
নথতা তিথিবুতা (খনা)। (অশ্রুচলঃ)।

নগদ...ব্য. (আ° নগদ)। সজেগ সজেগ দন্ত,  
উপস্থিত টাকা, প্রাঃ—নগদ দশ টাকা—  
দিবার বা চাহিবার সময়ে দেওয়া হইল দশ  
টাকা; অন্ন আয়াসে কিংবা বিনা ব্যয়ে  
লব্ধ, প্রাঃ—বিদ্যা নগদ হবে (অশিষ্ট)।  
নগদী...ব্য. (নগদ+আ)। নগদ বেতন  
লইয়া কাজ করে যে, দিনিকা। নগদী...ব্য.  
(নগদ+ঈ)। নগদ খাজনা আদায় করে  
যে থাইক (জমিদারীঃ)।

নগর...ব্য. (স°—নগ ইহা রাজতে—নগরঃ  
—পূর্বতের গ্রাম স্তূত্রঃ ও বৃহৎ। নগরে  
দেবমন্দির প্রাসাদ আপণ শোভন-রাজমার্গ  
থাকে—অঃ টাঃ)। শহর। নগরিয়া...ব্য.  
(নগর+ইয়া)। নগরস্বর্ষীয়, নগরবাণী,  
প্রাঃ—নগরিয়া ভাই (কবিকঃ)। (অজ  
কীল, শহরিয়া)। নগর-কীর্তন...নগরে  
চলিয়া চলিয়া হরিনাম-কীর্তন।

নগর...ব্য. (ফা° নগরীক)। নিকট।

নগর...ব্য. (স° লাজল হইতে। লাজল  
—পালি লজ্জল। ও° লজ্জল, হি° লজ্জর,  
স° লাজর, পালি লজ্জর)। নৌবা বন্দ  
করিবার লৌহ লাজল। (কবিকঙ্কণে  
কিন্তু শব্দটি নাই)।

নগর...ব্য. (হি°। স° নয়)। উল্লেখ, খোলা,  
প্রাঃ—নগরী ভলোয়ার।

নচ...ব্য. (স° নত ষড় নতনে। ও° নচ-

নক, চ ছানে ক)। দীর্ঘ বস্তুর নমনীয়তা,  
শিথিলতা।

নচেৎ...ব্য. (স° ন চেৎ)। নইলে, না হইলে।  
নছার...ব্য. (স° নিঃসার)। অসার, হেয়,  
লজ্জাহীন (গালিতে)।

নজর...ব্য. (আ°)। দৃষ্টি; উপচৌকন বা  
ফেট। বড়, উচা নজর—উদার দৃষ্টি। ছোট  
নজর—অসুদার দৃষ্টি। রাজাকে নজর দেওয়া  
—ভেট নিমিত্ত অর্থাৎ। ছেলেকে নজর  
দেওয়া—কু-দৃষ্টি, কু-নজর। নজর লাগা—  
কু-দৃষ্টির আকুশল। উপর-নজর—উপরদিকে  
দৃষ্টি। উপর-নজরিয়া...ব্য. পর-নারীর মুখের  
দিকে যে পুরুষ, এবং পর-পুরুষের মুখের  
দিকে যে নারী দৃষ্টি করে। ইহা দোষাবহ  
এবং শিষ্টাচারবিরুদ্ধ। নজরানা...ব্য.  
(আ°)। দর্শনী অর্থাৎ, উপচৌকন।  
নজরবন্দি রাখা—দৃষ্টির মধ্যে রাখা, আটক  
রাখা।

নজির...ব্য. (আ° নজীর)। দৃষ্টান্ত (আধার)।

নট...ব্য. (স°)। নতক; নাট্যকার  
অভিনেতা; জাতিবিশেষ। জী° নটী,  
নটিনী (পদ্য)। নটী...ব্য. (স°)।  
বেশ্য; অভিনয়কারিণী। নটবর...ব্য.  
(স°)। নতকশ্রেষ্ঠ। নটন...ব্য. (স°—  
অঃ)। নতন, প্রাঃ—নাচে নটিনী নটন  
সুর (জ্ঞানদাস)। নটুয়া...ব্য. (নট+উয়া)  
নটতুল্য। নট...ব্য. (স°)। রাগিণী-  
বিশেষ। রাগরাগিণী দেখ। নট-নারায়ণ...  
ব্য. (স°)। রাগবিশেষ। রাগরাগিণী দেখ।

নট...ব্য. (স° নটী)। নট, নটচরিত্র, লম্পট।

নট-ঘট...ব্য. নটের—নটের সহিত ঘটনা—

মিলন; অবৈধ প্রণয়।